ভার্সিটি 'ক'

প্রিপারেশন বুক

উচ্চতর গণিত ১ম পত্র

২০২৩ সংস্করণ



উদ্ভাস
একাডেমিক এন্ড এডমিশন কেয়ার

উৎসর্গ

উন্মুক্ত সুতার প্রান্তে তীক্ষ্ণ চোখের পাহারা। কাপড়ে কাপড়ে জোড়া দেওয়ার মতোই বিশ্বের সঙ্গে বাংলাদেশকে জুড়ে দিচ্ছে তারা। শৈল্পিক হাতের ছোঁয়ায় বিচ্ছিন্ন কাপড়গুলো ক্রমেই হয়ে ওঠে আমাদের আব্রু। কখনো কলেজ পড়ুয়া ছাত্রের গায়ের উদ্যমী গেঞ্জি, আবার কখনো ছোট্ট শিশুর তুলতুলে সোয়েটার-এ চলছে সেই সেলাইযুদ্ধ। অন্নহীন হয়ে বাইরে বের হওয়া সম্ভব, কিন্তু বস্ত্রহীনভাবে নয়।

বস্ত্রের কারিগর সকল গার্মেন্টস শ্রমিকের প্রতি পরম শ্রদ্ধা...

ভার্সিটি 'ক' ভর্তিচ্ছু শিক্ষার্থী বন্ধুরা,

ভার্সিটি 'ক' ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র মূলত কনসেপ্টভিত্তিক, তথ্যমূলক এবং গাণিতিক সমস্যা সংক্রান্ত। এক্ষেত্রে মূল বইয়ের গুরুত্বপূর্ণ তথ্যসমূহ মনে রাখার পাশাপাশি বুঝে পড়া অত্যন্ত জরুরি। উদ্ভাস-এর প্রতিটি লেকচার ক্লাস-এ বিভিন্ন অধ্যায়ের গুরুত্বপূর্ণ টপিকসমূহের কনসেপ্টচুয়াল আলোচনাসহ প্রয়োজনীয় গাণিতিক সমস্যা সমাধানের উপর জোর দেওয়া হয়। ভার্সিটি 'ক' ভর্তি প্রস্তুতির জন্য লেকচার ক্লাস এবং মূল বইয়ের পাশাপাশি সহায়ক ভূমিকা পালন করবে উদ্ভাস-এর **"প্রিপারেশন বুক"** যেখানে ভর্তি পরীক্ষার জন্য মূল বইয়ের গুরুত্বপূর্ণ টপিকগুলোকে সহজবোধ্য উপায়ে উপস্থাপন করা হয়েছে। বইটি মূলত একাধিক পাঠ্যবইয়ের সমন্বয়ে টাইপ আকারে সাজানো। প্রতিটি টাইপের প্রয়োজনীয় কনসেপ্ট আলোচনার পর পৃথকভাবে সংযোজন করা হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলোর বিগত ভর্তি পরীক্ষাসমূহের নির্বাচিত গুরুত্বপূর্ণ প্রশ্ন ও সমাধান। একনজরে দেখে নেওয়ার জন্য অধ্যায়ভিত্তিক সব গুরুত্বপূর্ণ সূত্র একত্রে উপস্থাপন করা হয়েছে। যেহেতু ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় MCQ ও Written উভয় ধরনের প্রশ্ন আসে। তাই সবশেষে রয়েছে MCQ ও Written প্র্যাক্টিস প্রবলেম। এছাড়া সম্পূর্ণ বইয়ের উপর বেশকিছু মডেল টেস্ট রয়েছে যা তোমরা সময় ধরে প্র্যাক্টিস করতে পারবে।

উদ্ভাসের প্রতিটি লেকচার ক্লাসের সাথে বইটি সমন্বয় করে পড়লে তোমরা যথাযথভাবে প্রস্তুতি সম্পন্ন করতে পারবে। যেহেতু বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার করা যায় না সেজন্য এই বইটিতে রয়েছে গাণিতিক সমস্যা সহজে সমাধানের গুরুত্বপূর্ণ টিপস এবং শর্টকাট টেকনিক যা তোমাদের দক্ষতা অর্জনে সহায়ক হবে। বিগত বছরের প্রশ্নগুলো তোমাদের প্রশ্নের ধরন এবং অতি গুরুত্বপূর্ণ টাইপগুলোর ব্যাপারে ধারণা দিবে। সবশেষে MCQ ও Written প্র্যাক্টিস প্রবলেমগুলো নিজেকে আরো ঝালাই করে নিতে সাহায্য করবে।

তোমাদের ভর্তি প্রস্তুতিতে বইটি দারুণ কাজে আসবে বলে আমাদের দৃঢ় বিশ্বাস। তোমাদের সবার জন্য শুভকামনা।

ভার্সিটি ‘ক’ প্রিপারেশন বুক

উচ্চতর গণিত ১ম পত্র

“**উচ্চতর গণিত ১ম পত্র প্রিপারেশন বুক**” তৈরিতে যেসব লেখকের মূল বইয়ের সাহায্য নেওয়া হয়েছে-

১। মোঃ কেতাব উদ্দীন স্যার
২। এস ইউ আহাম্মদ স্যার
৩। অসীম কুমার সাহা স্যার

সূচিপত্র

শর্ট সিলেবাস ২০২৩



পারস্পরিক সহযোগিতা-ই পারে পৃথিবীকে আরও সুন্দর করতে...

সুপ্রিয় শিক্ষার্থী,
আশা করি এবারের ভার্সিটি প্রিপারেশন বুকটি তোমাদের কাছে অতীতের চেয়ে আরো বেশি উপকারী হিসেবে বিবেচিত হবে ইনশাআল্লাহ্। বইটি সম্পূর্ণ ক্রটিমুক্ত রাখতে আমরা চেষ্টার কোনো ক্রটি করি নাই। তবুও কারো দৃষ্টিতে কোন ভুল ধরা পড়লে নিম্নে উল্লেখিত ই-মেইল এ অবহিত করলে কৃতজ্ঞ থাকবো এবং আমরা তা পরবর্তী সংস্করণে সংশোধন করে নিব ইনশাআল্লাহ্।

Email : solution.udvash@gmail.com

Email-এ নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ করতে হবে:

(i) প্রিপারেশন বুক এর বিষয়ের নাম, (ii) ভার্সন (বাংলা/ইংলিশ), (iii) অধ্যায়ের নাম (iv) পৃষ্ঠা নম্বর, (v) প্রশ্ন নম্বর/লাইন নম্বর/টপিকের নাম (vi) ভুলটা কী, (vii) কী হওয়া উচিৎ বলে তোমার মনে হয়।

উদাহরণ : Varsity Preparation Book, Higher Math 1st paper, Bangla Version, Chapter-01 (ম্যাট্রিক্স), Page-08, Question-14, দেওয়া আছে, (46) কিন্তু হবে (–46).

ভুল ছাড়াও মান উন্নয়নে যে কোন পরামর্শ আন্তরিকভাবে গ্রহণ করা হবে। পরিশেষে মহান আলাহর নিকট তোমাদের সাফল্য কামনা করছি।

শুভ কামনায়
উদ্ভাস ম্যাথ টিম

অধ্যায় ০১

ম্যাট্রিক্স ও নির্ণায়ক

গুরুত্বপূর্ণ প্রাথমিক আলোচনা

ম্যাট্রিক্স

- ঐতিহাসিক নোট: 1850 সালে J. J. Sylvester ম্যাট্রিক্স শব্দটি ব্যবহার করেন। এর পর 1858 সালে Arthur Cayley সুনির্ধারিত নিয়মে ম্যাট্রিক্সের তত্ত্বসমূহকে দৃঢ়ভাবে প্রতিষ্ঠা করেন।
- সারি ও কলাম:

ম্যাট্রিক্স: কোনো রাশিকে যদি সারি ও কলামে সুবিন্যস্ত করা হয় তখন ঐ সুষম রাশিকে ম্যাট্রিক্স বলে।

$A = \begin{bmatrix} 0 & 1 & 2 & 3 \\ 4 & 5 & 6 & 7 \\ 8 & 9 & 10 & 11 \end{bmatrix}$ একটি 3 × 4 ক্রমের ম্যাট্রিক্স কেননা এতে 3 টি সারি ও 4 টি কলাম আছে।

অনেক ক্ষেত্রে $A = \begin{pmatrix} 0 & 1 & 2 & 3 \\ 4 & 5 & 6 & 7 \\ 8 & 9 & 10 & 11 \end{pmatrix}$ আকারেও প্রকাশ করা যায়। সংক্ষেপে $A_{m,n} = [a_{ij}]_{\substack{1 \le i \le m \\ 1 \le j \le n \\ i,j,m,n \in N}}$ আকারেও প্রকাশ করা যায়; যেখানে, a_{ij} ম্যাট্রিক্সটির উপাদান প্রকাশ করে এবং m ম্যাট্রিক্সটির সারি সংখ্যা ও n কলাম সংখ্যা নির্দেশ করে।

ম্যাট্রিক্সের শ্রেণিবিভাগ

(i) সারি ম্যাট্রিক্স (Row Matrix):

যে ম্যাট্রিক্সের একটি মাত্র সারি বিদ্যমান তাকে বলা হয় সারি ম্যাট্রিক্স। যেমন: $[1 \quad 2 \quad 3]$ একটি সারি ম্যাট্রিক্স।

Note: সারি ম্যাট্রিক্সের কলাম সংখ্যা অনির্দিষ্ট।

(ii) কলাম ম্যাট্রিক্স (Column Matrix):

যে ম্যাট্রিক্সের একটি মাত্র কলাম বিদ্যমান তাকে বলা হয় কলাম ম্যাট্রিক্স। যেমন: $\begin{bmatrix} 1 \\ 2 \\ 3 \end{bmatrix}$ একটি কলাম ম্যাট্রিক্স।

Note: কলাম ম্যাট্রিক্সের সারির সংখ্যা অনির্দিষ্ট।

(iii) আয়তাকার ম্যাট্রিক্স (Rectangular Matrix):

যে ম্যাট্রিক্সের সারি ও কলাম সংখ্যা অসমান তাকে আয়তাকার ম্যাট্রিক্স বলে। যেমন: $\begin{bmatrix} 1 & 2 & 3 & 5 \\ 2 & -2 & 5 & -7 \end{bmatrix}$ একটি আয়তাকার ম্যাট্রিক্স। কারণ এর মাত্রা 2 × 4।

(iv) বর্গ ম্যাট্রিক্স (Square Matrix):

যে ম্যাট্রিক্সের সারি ও কলাম সংখ্যা সমান তাকে বর্গ ম্যাট্রিক্স বলে। যেমন: $\begin{bmatrix} a & b & c \\ x & y & z \\ p & q & r \end{bmatrix}$ একটি বর্গ ম্যাট্রিক্স, এর মাত্রা 3×3।

কোন বর্গ ম্যাট্রিক্সে n সংখ্যক row ও n সংখ্যক column থাকলে তার আকার $n \times n$ যাকে শুধু n বলা হয় অর্থাৎ এরূপ ম্যাট্রিক্সের order বা ক্রম হল- n.

◆ কোন বর্গ ম্যাট্রিক্স এর যে কর্ণ, তার যেকোন ভুক্তি a_{ij} এর জন্য $i = j$ হয়, তখন তাকে ঐ ম্যাট্রিক্সের মুখ্য কর্ণ বলে।



◆ **ট্রেস (Trace):**

কোন বর্গ ম্যাট্রিক্সের মুখ্যকর্ণের ভুক্তিসমূহের বীজগাণিতিক সমষ্টিকে ট্রেস (Trace) বলে। যেমন,

$A = \begin{bmatrix} 1 & 2 & 3 \\ 4 & 0 & 6 \\ 2 & 3 & 5 \end{bmatrix}$ এখানে মুখ্য কর্ণের ভুক্তিগুলো 1, 0, 5 $\therefore$ Trace $(A) = \text{Tr}(A) = 1 + 0 + 5 = 6$ ।

$A = \begin{bmatrix} a_{11} & a_{12} & a_{13} & \cdots & a_{1n} \\ a_{21} & a_{22} & a_{23} & \cdots & a_{2n} \\ a_{31} & a_{32} & a_{33} & \cdots & a_{3n} \\ & & \vdots & \cdots & \\ a_{n1} & a_{n2} & a_{n3} & \cdots & a_{nn} \end{bmatrix}$ এর মুখ্যকর্ণ বরাবর যোগফল $\left(a_{11} + a_{22} + a_{33} + \cdots + a_{nn} = \sum_{i=1}^{n} a_{ii}\right)$ হচ্ছে এর ট্রেস (Trace),

$\therefore \text{tr}(A) = \sum_{i=1}^{n} a_{ii}$

(v) শূন্য বা বিদেহী ম্যাট্রিক্স (Null Matrix):

যে ম্যাট্রিক্সের প্রত্যেকটি ভুক্তি শূন্য, তাকে শূন্য ম্যাট্রিক্স বলে। যেমনঃ $0_{3,3} = \begin{bmatrix} 0 & 0 & 0 \\ 0 & 0 & 0 \\ 0 & 0 & 0 \end{bmatrix}, 0_{2,3} = \begin{bmatrix} 0 & 0 & 0 \\ 0 & 0 & 0 \end{bmatrix}, 0_{3,1} = \begin{bmatrix} 0 \\ 0 \\ 0 \end{bmatrix}$ হলো শূন্য ম্যাট্রিক্স।

(vi) শূন্য এক ম্যাট্রিক্স:

শুধু 0 ও 1 ভুক্তিবিশিষ্ট ম্যাট্রিক্সকে বলা হয় শূন্য-এক ম্যাট্রিক্স। যেমন: $\begin{bmatrix} 1 & 0 & 0 \\ 1 & 1 & 1 \\ 1 & 0 & 1 \end{bmatrix}$ একটি শূন্য-এক ম্যাট্রিক্স।

(vii) বিম্ব ম্যাট্রিক্স (Transpose of a Matrix):

কোন ম্যাট্রিক্সের সারিগুলোকে কলামে ও কলামগুলোকে সারিতে পরিণত করলে যে নতুন ম্যাট্রিক্স পাওয়া যায় তাকে বিম্ব ম্যাট্রিক্স বলে।

যেমন: $A = \begin{bmatrix} a & b & c \\ x & y & z \\ p & q & r \end{bmatrix}$ হলে বিম্ব ম্যাট্রিক্স $A' = \begin{bmatrix} a & x & p \\ b & y & q \\ c & z & r \end{bmatrix}$ ম্যাট্রিক্স A এর বিম্বকে A^T বা A^t বা A' প্রতীক দ্বারা লেখা হয় এবং $(A^T)^T = A$ কোন $m \times n$ ক্রমের ম্যাট্রিক্সের বিম্ব ম্যাট্রিক্সের ক্রম হবে $n \times m$.

বৈশিষ্ট্য: (i) $(A^T)^T = A$, (ii) $(A \pm B)^T = A^T \pm B^T$, (iii) $(AB)^T = B^T A^T$, (iv) $(kA)^T = kA^T$

(viii) কর্ণ ম্যাট্রিক্স (Diagonal Matrix):

যে বর্গ ম্যাট্রিক্সের প্রধান/মুখ্য কর্ণের উপাদানগুলো শূন্য নয় কিন্তু অন্য সকল উপাদান শূন্য তাকে কর্ণ ম্যাট্রিক্স বলে।

যেমন: $\begin{bmatrix} a & 0 \\ 0 & b \end{bmatrix}$ একটি 2×2 কর্ণ ম্যাট্রিক্স। $\begin{bmatrix} a & 0 & 0 \\ 0 & b & 0 \\ 0 & 0 & c \end{bmatrix}, \begin{bmatrix} 0 & 0 & 0 \\ 0 & 0 & 0 \\ 0 & 0 & 0 \end{bmatrix}$ এটি 3×3 কর্ণ ম্যাট্রিক্স। [বর্গ ম্যাট্রিক্স এ $i \neq j$ অবস্থানে ভুক্তি গুলো 0 হলে তা কর্ণ ম্যাট্রিক্স]

(ix) **স্কেলার ম্যাট্রিক্স (Scalar Matrix):** যে বর্গ ম্যাট্রিক্সের মুখ্য কর্ণের ভুক্তিগুলো সমান তাকে স্কেলার ম্যাট্রিক্স বলে। যেমন:

$$\begin{bmatrix} a & 0 & 0 \\ 0 & a & 0 \\ 0 & 0 & a \end{bmatrix}, \begin{bmatrix} 0 & 0 & 0 \\ 0 & 0 & 0 \\ 0 & 0 & 0 \end{bmatrix}, \begin{bmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{bmatrix}$$ এরা প্রত্যেকে একটি স্কেলার ম্যাট্রিক্স।

(x) **অভেদক ম্যাট্রিক্স (Identity/Unit Matrix):**

যে বর্গ ম্যাট্রিক্সের প্রধান/মুখ্য কর্ণের সকল ভুক্তি 1 এবং অবশিষ্ট সকল ভুক্তি শূন্য, তাকে অভেদক ম্যাট্রিক্স বলে। এই ম্যাট্রিক্সকে সাধারণত I দ্বারা প্রকাশ করা হয়। অথবা, যে বর্গ ম্যাট্রিক্সের মুখ্য কর্ণের সকল ভুক্তি 1 তাকে অভেদক/একক ম্যাট্রিক্স বলে।

যেমন, $I = \begin{bmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{bmatrix}$ একটি 3 × 3 অভেদক ম্যাট্রিক্স যাকে I_3 বলা হয়।

$$I = I_n = \begin{bmatrix} 1 & 0 & 0 & \cdots & 0 \\ 0 & 1 & 0 & \cdots & 0 \\ 0 & 0 & 1 & \cdots & 0 \\ & & \vdots & \cdots & \\ 0 & 0 & 0 & \cdots & 1 \end{bmatrix}$$ $(n \times n)$ আকারের একক অভেদক (Identity) ম্যাট্রিক্স যেন, $IA = AI = A$.

$I_1 = [1]$, $I_2 = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$, $I_3 = \begin{bmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{bmatrix}$ ইত্যাদি।

(xi) **উর্ধ্ব ত্রিভুজাকার ম্যাট্রিক্স (Upper triangle Matrix):**

কোনো বর্গাকার ম্যাট্রিক্সের মুখ্য কর্ণের নিচের সবগুলি ভুক্তি 0 হলে প্রদত্ত matrix টি হবে উর্ধ্ব ত্রিভুজাকার matrix.

যেমন: $A = \begin{bmatrix} 1 & 2 & 3 \\ 0 & 4 & 5 \\ 0 & 0 & 7 \end{bmatrix}$ [বর্গ ম্যাট্রিক্সের $i > j$ অবস্থানে ভুক্তি গুলো 0 হলে, তা উর্ধ্ব ত্রিভুজাকার ম্যাট্রিক্স]

(xii) **নিম্ন ত্রিভুজাকার ম্যাট্রিক্স (Lower triangle matrix):**

কোনো বর্গাকার ম্যাট্রিক্সের মুখ্যকর্ণের উপরের সবগুলি ভুক্তি 0- হলে প্রদত্ত matrix হবে নিম্ন ত্রিভুজাকার matrix।

যেমন, $A = \begin{bmatrix} 1 & 0 & 0 \\ 2 & 3 & 0 \\ 4 & 5 & 6 \end{bmatrix}$ [বর্গ ম্যাট্রিক্সের $i < j$ অবস্থানে ভুক্তি গুলো 0 হলে, তা নিম্ন ত্রিভুজাকার ম্যাট্রিক্স]

(xiii) **প্রতিসম ম্যাট্রিক্স (Symmetric matrix):**

একটি ম্যাট্রিক্স A প্রতিসম ম্যাট্রিক্স হবে যদি $A = A^T$ হয়। যেমনঃ $A = \begin{bmatrix} 1 & 2 & 4 \\ 2 & 3 & -5 \\ 4 & -5 & 6 \end{bmatrix}$ একটি প্রতিসম ম্যাট্রিক্স।

(xiv) **বক্র প্রতিসম ম্যাট্রিক্স (Skew Symmetric matrix):**

একটি ম্যাট্রিক্স A বক্র প্রতিসম ম্যাট্রিক্স হবে যদি $A = -A^T$ হয়। যেমনঃ $A = \begin{bmatrix} 0 & 2 & 4 \\ -2 & 0 & -5 \\ -4 & 5 & 0 \end{bmatrix}$ একটি বক্র প্রতিসম ম্যাট্রিক্স।

Note: বক্র প্রতিসম ম্যাট্রিক্সের মুখ্য কর্ণের প্রতিটি ভুক্তির মান শূন্য (0).

(xv) **লম্ব (Orthogonal) ম্যাট্রিক্সঃ** একটি বর্গ ম্যাট্রিক্স A লম্ব ম্যাট্রিক্স হবে যদি $A \cdot A^T = A^T \cdot A = I$ হয়। অর্থাৎ, যদি $A^T = A^{-1}$ হয়।

যেমন: $A = \begin{bmatrix} \frac{3}{5} & \frac{4}{5} \\ \frac{4}{5} & -\frac{3}{5} \end{bmatrix}$ একটি লম্ব ম্যাট্রিক্স।

(xvi) **একক্ষম/সমঘাতী ম্যাট্রিক্স (Idempotent Matrix):**

কোন একটি বর্গ ম্যাট্রিক্সকে বর্গ করলে যদি ম্যাট্রিক্সটির কোন পরিবর্তন না হয় তবে ঐ ম্যাট্রিক্সকে বলা হয় সমঘাতী ম্যাট্রিক্স। অর্থাৎ A একটি বর্গ ম্যাট্রিক্স হলে, A কে সমঘাতী ম্যাট্রিক্স বলা হবে যদি $A^2 = A$ হয়।

যেমন: $A = \begin{bmatrix} 2 & -2 & -4 \\ -1 & 3 & 4 \\ 1 & -2 & -3 \end{bmatrix}$ একটি সমঘাতী ম্যাট্রিক্স।

(xvii) অক্ষম/বিনাশক/শূন্যঘাতী ম্যাট্রিক্স (Nilpotent Matrix):

k একটি ধনাত্মক পূর্ণসংখ্যা হলে এবং $A^k = 0$ এবং $A^{k-1} \neq 0$ হলে A কে বলা হয় শূন্যঘাতী ম্যাট্রিক্স।

যেমন $A = \begin{bmatrix} 2 & 0 & -4 \\ 3 & 0 & 0 \\ 1 & 0 & -2 \end{bmatrix}$ একটি শূন্যঘাতী ম্যাট্রিক্স। এখানে $k = 3$ এর জন্য $A^k = 0$ [অর্থাৎ $A^3 = 0$] [কিন্তু $A^2 \neq 0$], এটি একটি 3 ক্রমের শূন্যঘাতী ম্যাট্রিক্স।

(xviii) উদঘাতিক ম্যাট্রিক্স (Involutary Matrix):

কোন বর্গ ম্যাট্রিক্সকে বর্গ করলে যদি অভেদক ম্যাট্রিক্স পাওয়া যায় তবে প্রদত্ত ম্যাট্রিক্সকে বলা হয় উদঘাতিক ম্যাট্রিক্স।

অর্থাৎ A একটি বর্গ ম্যাট্রিক্স হলে, A কে উদঘাতিক ম্যাট্রিক্স বলা হবে যদি $A^2 = I$ হয়।

যেমন: $A = \begin{bmatrix} -5 & -8 & 0 \\ 3 & 5 & 0 \\ 1 & 2 & -1 \end{bmatrix}$ একটি উদঘাতিক ম্যাট্রিক্স। কারণ, $A^2 = \begin{bmatrix} -5 & -8 & 0 \\ 3 & 5 & 0 \\ 1 & 2 & -1 \end{bmatrix} \begin{bmatrix} -5 & -8 & 0 \\ 3 & 5 & 0 \\ 1 & 2 & -1 \end{bmatrix}$

$$= \begin{bmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{bmatrix} = I_3$$

(xix) ব্যতিক্রমী ম্যাট্রিক্স (Singular Matrix):

যে বর্গ ম্যাট্রিক্স-এর নির্ণায়কের মান শূন্য (0), তাকে ব্যতিক্রমী ম্যাট্রিক্স (Singular Matrix) বলে।

$A = \begin{bmatrix} 5 & 6 \\ 10 & 12 \end{bmatrix}$ হলে, A কে নির্ণায়ক আকারে লিখা যায়- $\begin{vmatrix} 5 & 6 \\ 10 & 12 \end{vmatrix} = (5 \times 12) - (10 \times 6) = 0$

$\therefore$ A একটি ব্যতিক্রমী ম্যাট্রিক্স। ব্যতিক্রমী ম্যাট্রিক্স-এর বিপরীত ম্যাট্রিক্স হয় না।

(xx) অব্যতিক্রমী ম্যাট্রিক্স (Non-Singular Matrix):

যে বর্গ ম্যাট্রিক্স-এর নির্ণায়কের মান শূন্য (0) নয়, তাকে অব্যতিক্রমী ম্যাট্রিক্স (Non-Singular Matrix) বলে।

$A = \begin{bmatrix} 5 & 6 \\ 10 & 5 \end{bmatrix}$ হলে, A কে নির্ণায়ক আকারে লিখা যায়- $\begin{vmatrix} 5 & 6 \\ 10 & 5 \end{vmatrix} = (5 \times 5) - (10 \times 6) = -35$

$\therefore$ A একটি অব্যতিক্রমী ম্যাট্রিক্স। শুধু মাত্র অব্যতিক্রমী বর্গ ম্যাট্রিক্স-এর বিপরীত ম্যাট্রিক্স হয়।

(xxi) Adjoint ম্যাট্রিক্স:

কোন বর্গ ম্যাট্রিক্স A দ্বারা গঠিত নির্ণায়ক |A| এর সহগুণকসমূহ দ্বারা গঠিত ম্যাট্রিক্সের ট্রান্সপোজ ম্যাট্রিক্সকে প্রদত্ত ম্যাট্রিক্স A এর Adjoint Matrix বলা হয় এবং এ ম্যাট্রিক্সকে Adj (A) দ্বারা প্রকাশ করা হয়। $\text{Adj}(A) = A_{co}^T$ যেখানে A_{co} হলো A এর সহগুণক ম্যাট্রিক্স।

যেমন: $A = \begin{bmatrix} a & b \\ c & d \end{bmatrix}$; $|A| = \begin{vmatrix} a & b \\ c & d \end{vmatrix}$ সহগুণক ম্যাট্রিক্স, $A_{co} = \begin{bmatrix} d & -c \\ -b & a \end{bmatrix}$ $\therefore \text{Adj}(A) = A_{co}^T = \begin{bmatrix} d & -b \\ -c & a \end{bmatrix}$

(xxii) বিপরীত ম্যাট্রিক্স (Inverse of a Matrix):

কোনো ম্যাট্রিক্সের সাথে যে ম্যাট্রিক্স গুণ করলে অভেদক ম্যাট্রিক্স পাওয়া যায় তাকে বিপরীত ম্যাট্রিক্স বলে।

অর্থাৎ, $A.A^{-1} = I$ হলে, A^{-1} হলো A এর বিপরীত ম্যাট্রিক্স এবং A হলো A^{-1} এর বিপরীত ম্যাট্রিক্স।

সকল ম্যাট্রিক্সের Adjoint ও বিপরীত ম্যাট্রিক্স থাকে না। কেবল বর্গাকার ম্যাট্রিক্সের Adjoint এবং বর্গাকার Non-singular (অব্যতিক্রমী) (অশূন্য মান বিশিষ্ট) ম্যাট্রিক্সের বিপরীত ম্যাট্রিক্স থাকে। A এর বিপরীত ম্যাট্রিক্সকে A^{-1} দ্বারা প্রকাশ করা হয়। ম্যাট্রিক্স A এর Inverse অর্থাৎ $A^{-1} = \frac{\text{Adj}|A|}{|A|}$।

(xxiii) জটিল ম্যাট্রিক্স (Complex Matrix):

জটিল উপাদানবিশিষ্ট ম্যাট্রিক্সকে জটিল ম্যাট্রিক্স বলে। যেমনঃ $A = \begin{bmatrix} 2i & 4 & i \\ 6 & i & 0 \\ 7 & -i & -1 \end{bmatrix}$ একটি জটিল ম্যাট্রিক্স।

(xxiv) অনুবন্ধী ম্যাট্রিক্স (Conjugate Matrix):

কোন জটিল ম্যাট্রিক্স-এর জটিল ভুক্তিগুলোর অনুবন্ধী ভুক্তি দ্বারা গঠিত ম্যাট্রিক্সকে বলা হয় ঐ ম্যাট্রিক্স-এর অনুবন্ধী ম্যাট্রিক্স।

যেমন: $A = \begin{bmatrix} 5-2i & 4 & i \\ 6 & 3+i & 0 \\ 7 & 2-i & -1 \end{bmatrix}$ এর অনুবন্ধী জটিল সংখ্যা, $\overline{A} = \begin{bmatrix} 5+2i & 4 & -i \\ 6 & 3-i & 0 \\ 7 & 2+i & -1 \end{bmatrix}$

(xxv) হারমিশিয়ান ম্যাট্রিক্স (Hermitian Matrix):

কোন বর্গ জটিল ম্যাট্রিক্স-এর অনুবন্ধী ম্যাট্রিক্স-এর ট্রান্সপোজ যদি প্রদত্ত ম্যাট্রিক্স-এর সমান হয় তবে প্রদত্ত ম্যাট্রিক্সকে বলা হয় হারমিশিয়ান ম্যাট্রিক্স। অর্থাৎ, $A = \left(\overline{A}\right)^T$

যেমন: $A = \begin{bmatrix} 5 & 2+i & i \\ 2-i & 3 & 5+i \\ -i & 5-i & -1 \end{bmatrix}$ হলে, $\overline{A} = \begin{bmatrix} 5 & 2-i & -i \\ 2+i & 3 & 5-i \\ i & 5+i & -1 \end{bmatrix}$

$\therefore \left(\overline{A}\right)^T = \begin{bmatrix} 5 & 2+i & i \\ 2-i & 3 & 5+i \\ -i & 5-i & -1 \end{bmatrix} \therefore A = \begin{bmatrix} 5 & 2+i & i \\ 2-i & 3 & 5+i \\ -i & 5-i & -1 \end{bmatrix}$ একটি হারমিশিয়ান ম্যাট্রিক্স।

Note: হারমিশিয়ান ম্যাট্রিক্সের মুখ্য কর্ণের প্রতিটি ভুক্তিই বাস্তব সংখ্যা।

(xxvi) বক্র হারমিশিয়ান ম্যাট্রিক্স: কোন বর্গ জটিল ম্যাট্রিক্সের অনুবন্ধী ম্যাট্রিক্স এর ট্রান্সপোজ যদি প্রদত্ত ম্যাট্রিক্সের ঋণাত্মক এর সমান হয়। অর্থাৎ $(\overline{A})^T = -A$ হয়।

যেমন: $A = \begin{bmatrix} 0 & 1+2i & 3+i \\ -1+2i & 2i & 1-i \\ -3+i & -1-i & -3i \end{bmatrix}$ তাহলে, $\overline{A} = \begin{bmatrix} 0 & 1-2i & 3-i \\ -1-2i & -2i & 1+i \\ -3-i & -1+i & 3i \end{bmatrix}$

$\therefore (\overline{A})^T = \begin{bmatrix} 0 & -1-2i & -3-i \\ 1-2i & -2i & -1+i \\ 3-i & 1+i & 3i \end{bmatrix}$ আবার, $-A = \begin{bmatrix} 0 & -1-2i & -3-i \\ 1-2i & -2i & -1+i \\ 3-i & 1+i & 3i \end{bmatrix}$

$\therefore (\overline{A})^T = -A$; অর্থাৎ A একটি বক্র হারমিশিয়ান ম্যাট্রিক্স

নির্ণায়ক

- কোন নির্ণায়কের সারিগুলো এদের অনুরূপ কলামসমূহে পরিবর্তিত হলে এবং কলামগুলো ইহাদের অনুরূপ সারিসমূহে পরিবর্তিত হলে নির্ণায়কের মানের কোনো পরিবর্তন হয় না। অর্থাৎ, $\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix} = \begin{vmatrix} a_1 & a_2 & a_3 \\ b_1 & b_2 & b_3 \\ c_1 & c_2 & c_3 \end{vmatrix}$
- কোন নির্ণায়কের একটি সারি বা কলামের সবগুলো ভুক্তি শূন্য হইলে নির্ণায়কটির মান শূন্য হবে। যেমন: $\begin{vmatrix} a_1 & b_1 & 0 \\ a_2 & b_2 & 0 \\ a_3 & b_3 & 0 \end{vmatrix} = 0$
- কোন নির্ণায়কে যে কোন দুইটি সারি বা কলাম পরস্পর স্থান বিনিময় করলে নির্ণায়কটির চিহ্ন শুধু বদলে যায়। কিন্তু মানের কোন পরিবর্তন হয় না। যেমন, $\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix} = -\begin{vmatrix} a_3 & b_3 & c_3 \\ a_2 & b_2 & c_2 \\ a_1 & b_1 & c_1 \end{vmatrix}$ $[r_1 \Leftrightarrow r_3]$
- কোন নির্ণায়কের দুটি সারি বা কলামের অনুরূপ ভুক্তিগুলো অভিন্ন হলে, এর মান শূন্য হবে। অর্থাৎ $\begin{vmatrix} a_1 & a_1 & c_1 \\ a_2 & a_2 & c_2 \\ a_1 & a_1 & c_1 \end{vmatrix} = 0$
- কোন নির্ণায়কের যে কোন সারি বা কলামের প্রত্যেক ভুক্তিকে একই রাশি দ্বারা গুণ করলে নির্ণায়কটির মানও ঐ রাশি দ্বারা গুণ হয়।

  অর্থাৎ, $\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ ka_2 & kb_2 & kc_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix} = k\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix}$
- কোন নির্ণায়কের পাশাপাশি 2 টি সারি/কলাম এর ভুক্তিগুলো যদি সমান্তর প্রগমনে থাকে এবং অপর 2 টি সারি/কলাম এর ভুক্তিগুলোও যদি সমান্তর প্রগমনে থাকে, তাহলে উক্ত নির্ণায়কের মান 0 হবে।

  যেমন: $\begin{vmatrix} 1 & 5 & 10 \\ -1 & 3 & 8 \\ 2 & 6 & 11 \end{vmatrix}$ নির্ণায়কটি লক্ষ কর।

  c_2 এবং c_1 এর অনুরূপ সারির ভুক্তিগুলোর সাধারণ অন্তর 4.

c_3 এবং c_2 এর অনুরূপ সারির ভুক্তিগুলোর সাধারণ অন্তর 5.

$$\begin{vmatrix} 1 \xrightarrow{+4} & 5 \xrightarrow{+5} & 10 \\ -1 \xrightarrow{+4} & 3 \xrightarrow{+5} & 8 \\ 2 \xrightarrow{+4} & 6 \xrightarrow{+5} & 11 \end{vmatrix} = \begin{vmatrix} 1 & 4 & 5 \\ -1 & 4 & 5 \\ 2 & 4 & 5 \end{vmatrix} [c_2' = c_2 - c_1; c_3' = c_3 - c_2]$$

$= 4 \times 5 \begin{vmatrix} 1 & 1 & 1 \\ -1 & 1 & 1 \\ 2 & 1 & 1 \end{vmatrix} [c_2' = \frac{c_2}{4}, c_3' = \frac{c_3}{5}] = 4 \times 5 \times 0 = 0$ [∵ নির্ণায়কটির 2 টি কলাম একই, তাই এর মান 0]

➢ কোন নির্ণায়কের পাশাপাশি 2 টি সারি/কলামের ভুক্তিগুলো যদি গুণোত্তর প্রগমনে থাকে, তাহলে উক্ত নির্ণায়কের মান 0 হবে।

যেমন: $\begin{vmatrix} 2 & 6 & 7 \\ -1 & -3 & 8 \\ 3 & 9 & 9 \end{vmatrix}$ নির্ণায়কটি লক্ষ কর।

c_2 এবং c_1 এর অনুরূপ সারির ভুক্তিগুলোর সাধারণ অনুপাত 3.

$$\begin{vmatrix} 2 \xrightarrow{\times 3} & 6 & 7 \\ -1 \xrightarrow{\times 3} & -3 & 8 \\ 3 \xrightarrow{\times 3} & 9 & 9 \end{vmatrix} = 3 \begin{vmatrix} 2 & 2 & 7 \\ -1 & -1 & 8 \\ 3 & 3 & 9 \end{vmatrix} \left[c_2' = \frac{c_2}{3}\right] = 3 \times 0 = 0$$

[∵ নির্ণায়কটির 2টি কলাম একই তাই এর মান 0]

অনুরাশি ও সহগুণক

একটি নির্ণায়কে কোন ভুক্তি যে সারি ও কলামে অবস্থিত, সেই সারি ও কলামকে বাদ দিলে যে নির্ণায়কটি পাওয়া যায়, তাকে ঐ ভুক্তির অনুরাশি বলে। যেমন, $\begin{vmatrix} 1 & 4 & 7 \\ 2 & 8 & 9 \\ 5 & 3 & 4 \end{vmatrix}$ নির্ণায়কটিতে '8'-এর অনুরাশি $\begin{vmatrix} 1 & 7 \\ 5 & 4 \end{vmatrix}$ '7'-এর অনুরাশি $\begin{vmatrix} 2 & 8 \\ 5 & 3 \end{vmatrix}$

অনুরাশির আগে 'অবস্থান-সূচক চিহ্ন' বসালে যা পাওয়া যায়, তাই উক্ত ভুক্তির সহগুণক। চিহ্ন নির্ণয়ের নিম্নলিখিত উপায় অবলম্বন করা যেতে পারে। $(-1)^{r+c}$; $r =$ ভুক্তিটির সারি নম্বর, $c =$ ভুক্তিটির কলাম নম্বর বা, $(r+c)$ জোড় সংখ্যা হলে, চিহ্ন (+) বা, $(r+c)$ বিজোড় সংখ্যা হলে, চিহ্ন (−)।

সুতরাং, 8 এর সহগুণক $\begin{vmatrix} 1 & 7 \\ 5 & 4 \end{vmatrix}$ [∵ 8 এর জন্য, $r = 2; c = 2 \therefore r + c = 4$; যা জোড় সংখ্যা]

আবার, 2 এর সহগুণক $= -\begin{vmatrix} 4 & 7 \\ 3 & 4 \end{vmatrix}$ [∵ 2 এর জন্য, $r = 2; c = 1 \therefore r + c = 3$; যা বিজোড় সংখ্যা]

Shortcut

$$A = \begin{vmatrix} \overset{+}{a_{11}} & \overset{-}{a_{12}} & \overset{+}{a_{13}} \\ \overset{-}{a_{21}} & \overset{+}{a_{22}} & \overset{-}{a_{23}} \\ \overset{+}{a_{31}} & \overset{-}{a_{31}} & \overset{+}{a_{33}} \end{vmatrix} = \begin{vmatrix} + & - & + \\ - & + & - \\ + & - & + \end{vmatrix}$$

টাইপভিত্তিক সমস্যা ও সমাধান

Type–01: ম্যাট্রিক্সের গঠন সংক্রান্ত

Concept

$A = \begin{bmatrix} 0 & 2 & 4 & 6 \\ 8 & 9 & 1 & 3 \\ 6 & 0 & 10 & 14 \end{bmatrix}$ একটি 3×4 ক্রমের ম্যাট্রিক্স কেননা এতে 3 টি সারি ও 4 টি কলাম আছে।

সংক্ষেপে $A_{m,n} = [a_{ij}]_{\substack{1 \le i \le m \\ 1 \le j \le n \\ i,j,m,n \in N}}$ আকারে প্রকাশ করা যায়। যেখানে, a_{ij} ম্যাট্রিক্সটির উপাদান প্রকাশ করে এবং m ম্যাটিক্সটির সারি সংখ্যা ও n কলাম সংখ্যা নির্দেশ করে।

Problems

Example-01: $A = [a_{ij}]_{2\times2}$ ম্যাট্রিক্সটি গঠন কর যখন, $a_{ij} = \frac{i}{j}$

Solⁿ: $A = \begin{bmatrix} a_{11} & a_{12} \\ a_{21} & a_{22} \end{bmatrix}_{2\times2} = \begin{bmatrix} \frac{1}{1} & \frac{1}{2} \\ \frac{2}{1} & \frac{2}{2} \end{bmatrix}_{2\times2} = \begin{bmatrix} 1 & \frac{1}{2} \\ 2 & 1 \end{bmatrix}_{2\times2}$ **(Ans.)**

Example-02: $A = [a_{ij}]_{3\times2}$ ম্যাট্রিক্সটি গঠন কর যখন, $a_{ij} = \frac{(i+2j)^2}{2}$

Solⁿ: $A = \begin{bmatrix} a_{11} & a_{12} \\ a_{21} & a_{22} \\ a_{31} & a_{32} \end{bmatrix}_{3\times2} = \begin{bmatrix} \frac{(1+2\cdot1)^2}{2} & \frac{(1+2(2))^2}{2} \\ \frac{(2+2(1))^2}{2} & \frac{(2+2(2))^2}{2} \\ \frac{(3+2(1))^2}{2} & \frac{(3+2(2))^2}{2} \end{bmatrix}_{3\times2} = \begin{bmatrix} \frac{9}{2} & \frac{25}{2} \\ 8 & 18 \\ \frac{25}{2} & \frac{49}{2} \end{bmatrix}_{3\times2}$ **(Ans.)**

Example-03: $A = [a_{ij}]_{2\times2}$ যেখানে, $\left\{a_{ij} = \begin{matrix} 1, i \neq j \\ 0, i = j \end{matrix}\right.$ তাহলে, $A^2 = ?$

(a) $\begin{bmatrix} 1 & 0 \\ 1 & 0 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} 1 & 1 \\ 0 & 0 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} 1 & 1 \\ 1 & 0 \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$

Solⁿ: (d); $A = [a_{ij}]_{2\times2} = \begin{bmatrix} a_{11} & a_{12} \\ a_{21} & a_{22} \end{bmatrix} = \begin{bmatrix} 0 & 1 \\ 1 & 0 \end{bmatrix} \therefore A^2 = \begin{bmatrix} 0 & 1 \\ 1 & 0 \end{bmatrix}\begin{bmatrix} 0 & 1 \\ 1 & 0 \end{bmatrix} = \begin{bmatrix} 0+1 & 0+0 \\ 0+0 & 1+0 \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$ **(Ans.)**

Example-04: $A = [a_{ij}]_{2\times2}$ যেখানে $\begin{cases} \frac{i-j}{2}; i > j \\ 2i - j; i = j \\ \frac{i+2j}{2}; i < j \end{cases}$ হলে, A ম্যাটিক্সটি নির্ণয় কর।

Solⁿ: শর্তমতে, $A = \begin{bmatrix} a_{11} & a_{12} \\ a_{21} & a_{22} \end{bmatrix}_{2\times2}$ হলে, ……… (i) $\therefore a_{11}$ এর জন্য, $i = j \therefore 2i - j = (2 \times 1 - 1) = 1$

a_{12} এর জন্য, $i < j \therefore \frac{i+2j}{2} = \frac{1+2\times2}{2} = \frac{5}{2}$; a_{21} এর জন্য, $i > j \therefore \frac{i-j}{2} = \frac{2-1}{2} = \frac{1}{2}$

a_{22} এর জন্য, $i = j \therefore 2i - j = 2 \times 2 - 2 = 2 \therefore$ নির্ণেয় ম্যাট্রিক্স হবে, $A = \begin{bmatrix} 1 & \frac{5}{2} \\ \frac{1}{2} & 2 \end{bmatrix}_{2\times2}$ **(Ans.)**

Type–02: ম্যাট্রিক্সের প্রকারভেদ সংক্রান্ত

Concept

এখানে 'গুরুত্বপূর্ণ প্রাথমিক আলোচনা'র ম্যাট্রিক্সের প্রকারভেদে থাকা সংজ্ঞাগুলো ব্যবহার করতে হবে।

Problems

Example-05: যে কর্ণ ম্যাট্রিক্সের অশূন্য ভুক্তিগুলি সমান হয়, তাকে____বলে। **[JU'18-19]**

Solⁿ: স্কেলার ম্যাট্রিক্স

Example-06: Idempotent ম্যাট্রিক্সের শর্ত হল – **[CU'22-23]**

(a) $A^2 = 1$ (b) $A \times 1 = 1$ (c) $A^2 = B$ (d) $A^2 = A$

Solⁿ: (d); Idempotent বা সমঘাতী Matrix এ, $A^n = A\ [n \in \mathbb{N}] \therefore$ এক্ষেত্রে, $A^2 = A$ হবে $[\because 2 \in \mathbb{N}]$

Example-07: $\begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$ একটি- **[KU'18-19] [Ans: d]**

(i) কর্ণ ম্যাট্রিক্স (ii) স্কেলার ম্যাট্রিক্স (iii) অভেদক ম্যাট্রিক্স

নিচের কোনটি সত্য?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

Example-08: নিচের কোনটি প্রতিসম ম্যাট্রিক্স? **[RU'17-18] [Ans: b]**

(a) $\begin{bmatrix} 0 & b \\ -b & 0 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} b & 0 \\ 0 & -b \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} b & 0 \\ -b & 0 \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} 0 & -b \\ 0 & b \end{bmatrix}$

Example-09: নিচের কোনটি বিপ্রতিসম ম্যাট্রিক্স? **[RU'20-21] [Ans: c]**

(a) $\begin{bmatrix} 0 & -2 & 3 \\ 2 & 0 & 4 \\ 3 & -4 & 0 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} 0 & -2 & 3 \\ 2 & 1 & 4 \\ 3 & -4 & 0 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} 0 & -2 & -3 \\ 2 & 0 & 4 \\ 3 & -4 & 0 \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} 0 & -2 & -3 \\ 2 & 0 & -4 \\ 3 & -4 & 0 \end{bmatrix}$

Example-10: $A = \begin{bmatrix} a & 2 & 5 \\ -2 & b & -3 \\ -5 & 3 & c \end{bmatrix}$ একটি বক্র প্রতিসম ম্যাট্রিক্স হলে, a, b, c এর মানগুলো- **[DU'17-18]**

Sol^n: বক্র প্রতিসম ম্যাট্রিক্সের জন্য, $A^T = -A$ এবং এক্ষেত্রে মুখ্য কর্ণের প্রতিটি ভুক্তির মানই শূন্য। $\therefore a = b = c = 0$ **(Ans.)**

Example-11: নিচের কোনটি সমঘাতি ম্যাট্রিক্স? **[RU'20-21] [Ans: b]**

(a) $\begin{bmatrix} -2 & 1 \\ -2 & -1 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} 2 & 1 \\ -2 & -1 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} 2 & 1 \\ -2 & 1 \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} -2 & -1 \\ -2 & -1 \end{bmatrix}$

Sol^n: A একটি সমঘাতি ম্যাট্রিক্স হলে, $A^2 = A$, শুধুমাত্র (b) এর জন্য $\begin{bmatrix} 2 & 1 \\ -2 & -1 \end{bmatrix}\begin{bmatrix} 2 & 1 \\ -2 & -1 \end{bmatrix} = \begin{bmatrix} 4-2 & 2-1 \\ -4+2 & -2+1 \end{bmatrix} = \begin{bmatrix} 2 & 1 \\ -2 & -1 \end{bmatrix}$

Type–03: ম্যাট্রিক্সের ট্রেস সংক্রান্ত

Concept

ম্যাট্রিক্সের ট্রেস (Trace of a matrix): কোন বর্গ ম্যাট্রিক্সের মুখ্য কর্ণের ভুক্তিগুলোর যোগফলকে ট্রেস বলে।

যেমন,

$$A = \begin{bmatrix} a & b & c \\ d & e & f \\ g & h & i \end{bmatrix}_{3\times 3}$$

মুখ্য কর্ণ

A একটি ম্যাট্রিক্স হলে, A ম্যাট্রিক্সের ট্রেস; Trace (A) = a + e + i, $\therefore$ tr (A) =$\therefore \sum_{i=1}^{n} a_{ii}$

Problems

Example-12: $\begin{bmatrix} 1 & 3 & 1 \\ 4 & 4 & 4 \\ 3 & 1 & 3 \end{bmatrix}$ ম্যাট্রিক্সটির ট্রেস (Trace) কোনটি? **[JU'19-20]**

Sol^n: Trace = 1 + 4 + 3 = 8

Example-13: $A = \begin{bmatrix} 3 & 5 & 7 \\ 5 & 2k+1 & 7 \\ 8 & 3 & -9 \end{bmatrix}$ এবং Trace (A) = 15 হলে k এর মান কত?

Sol^n: দেওয়া আছে, Trace $(A) = 15 \Rightarrow 3 + 2k + 1 + (-9) = 15 \Rightarrow 2k = 20 \therefore k = 10$ **(Ans.)**

Example-14: $A = \begin{bmatrix} 1 & 4 & 3 \\ 4 & 2 & -5 \\ 3 & -5 & 0 \end{bmatrix}, B = \begin{bmatrix} 2 & 4 & 6 \\ -4 & 0 & 9 \\ -2 & 3 & 1 \end{bmatrix}$ হলে, tr (AB) =?

(a) 0 (b) 46 (c) −46 (d) −44

Sol^n: (c); $AB = \begin{bmatrix} 1 & 4 & 3 \\ 4 & 2 & -5 \\ 3 & -5 & 0 \end{bmatrix}\begin{bmatrix} 2 & 4 & 6 \\ -4 & 0 & 9 \\ -2 & 3 & 1 \end{bmatrix} = \begin{bmatrix} 2-16-6 & 4+0+9 & 6+36+3 \\ 8-8+10 & 16+0-15 & 24+18-5 \\ 6+20+0 & 12+0+0 & 18-45+0 \end{bmatrix}$

$= \begin{bmatrix} -20 & 13 & 45 \\ 10 & 1 & 37 \\ 26 & 12 & -27 \end{bmatrix} \therefore \text{tr}(AB) = -20 + 1 - 27 = -46$ **(Ans.)**

Shortcut: $AB = \begin{bmatrix} 1 & 4 & 3 \\ 4 & 2 & -5 \\ 3 & -5 & 0 \end{bmatrix}\begin{bmatrix} 2 & 4 & 6 \\ -4 & 0 & 9 \\ -2 & 3 & 1 \end{bmatrix} = \begin{bmatrix} 2-16-6 & \times & \times \\ \times & 16+0-15 & \times \\ \times & \times & 18-45+0 \end{bmatrix}$

$= \begin{bmatrix} -20 & \times & \times \\ \times & 1 & \times \\ \times & \times & -27 \end{bmatrix} \therefore \text{tr}(AB) = -20 + 1 - 27 = -46$ **(Ans.)**

Example-15: A ও B দুইটি বর্গ এবং সম-মাত্রার ম্যাট্রিক্স হলে, tr (λA + μB) =?

(a) λ tr (A) + μ tr (B) (b) (λ + μ)tr (A + B) (c) λμ tr (A + B) (d) (λ + μ)tr (AB)

Sol^n: (a) tr (λA + μB) = tr (λA) + tr(μB)[∵ (A + B) = tr(A) + tr(B)][∵ tr(KA) = k tr (A)]

Type–04: ম্যাট্রিক্সের সমতা সংক্রান্ত

Concept

দুইটি ম্যাট্রিক্স তখনই সমান হবে যখন তাদের ক্রম সমান হবে এবং অনুরূপ ভুক্তিগুলো সমান হবে। উল্টাভাবে বলা যায় দুইটি ম্যাট্রিক্স সমান হলে তাদের অনুরূপ ভুক্তিগুলো পরস্পর সমান হবে।

Problems

Example-16: $\begin{bmatrix} x+2y & 5 \\ 2 & -3 \end{bmatrix} = \begin{bmatrix} 8 & x+y \\ a & -b \end{bmatrix}$ হলে, $x+2y-a+b$ এর মান কত?

Sol

Sol^n: $x+2y=8, x+y=5 \therefore a=2,\ b=3 \therefore x+2y-a+b = 8-2+3 = 9$ **(Ans.)**

Example-17: x ও y এর কোন মানের জন্য নিচের ম্যাট্রিক্সদ্বয় সমান হবে? $A = \begin{bmatrix} 3x+7 & 5 \\ y+1 & 2-3x \end{bmatrix}, B = \begin{bmatrix} 0 & y-2 \\ 8 & 4 \end{bmatrix}$

(a) $x=-\frac{1}{3}, y=7$ (b) $y=7, x=-\frac{2}{3}$ (c) $x=-\frac{1}{3}, y=-\frac{2}{3}$ (d) নির্ণয়যোগ্য নয়

Sol^n: (d); $\begin{bmatrix} 3x+7 & 5 \\ y+1 & 2-3x \end{bmatrix} = \begin{bmatrix} 0 & y-2 \\ 8 & 4 \end{bmatrix}$

$\therefore 3x+7=0 \ldots\ldots\ldots (i) \therefore x = -\frac{7}{3}$ এবং $y-2=5 \therefore y=7$

আবার পাই, $y+1=8 \therefore y=7$ এবং $2-3x=4; 3x=2-4=-2 \therefore x=-\frac{2}{3}$

এখন, $x=-\frac{7}{3}$ হলে, $a_{11}=b_{11}$ হয় কিন্তু $a_{22} \neq b_{22}$ হয়। আবার, $x=-\frac{2}{3}$ হলে, $a_{11} \neq b_{11}$ হয় কিন্তু $a_{22}=b_{22}$ হয়, কিন্তু দুইটি ম্যাট্রিক্স তখনই সমান হবে যখন তাদের ক্রম সমান হবে এবং অনুরূপ ভুক্তিগুলো সমান হবে। ∴Option (d) is correct.

Example-18: যদি $A = \begin{bmatrix} \cos\alpha & -\sin\alpha \\ \sin\alpha & \cos\alpha \end{bmatrix}$ হয়, তাহলে α এর মান কত হলে $A + A^T = I$ হবে? **[RU'19-20]**

Sol^n: $A + A^T = I \Rightarrow \begin{bmatrix} \cos\alpha & -\sin\alpha \\ \sin\alpha & \cos\alpha \end{bmatrix} + \begin{bmatrix} \cos\alpha & \sin\alpha \\ -\sin\alpha & \cos\alpha \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$

$\Rightarrow \begin{bmatrix} 2\cos\alpha & 0 \\ 0 & 2\cos\alpha \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix} \therefore 2\cos\alpha = 1 \therefore \cos\alpha = \frac{1}{2} = \cos\frac{\pi}{3} \therefore \alpha = 2n\pi \pm \frac{\pi}{3}\ [n \in \mathbb{Z}]$

Example-19: এককের কাল্পনিক ঘনমূল ω হলে এবং $\begin{bmatrix} -1 & \omega & \omega^2 \\ \omega^2 & -1 & \omega \\ \omega & \omega^2 & -1 \end{bmatrix} \begin{bmatrix} \omega \\ \omega^2 \\ 1 \end{bmatrix} = \begin{bmatrix} x \\ y \\ z \end{bmatrix}$ হলে, xyz =?

Sol^n: $\begin{bmatrix} -1 & \omega & \omega^2 \\ \omega^2 & -1 & \omega \\ \omega & \omega^2 & -1 \end{bmatrix} \begin{bmatrix} \omega \\ \omega^2 \\ 1 \end{bmatrix} = \begin{bmatrix} x \\ y \\ z \end{bmatrix} \Rightarrow \begin{bmatrix} -\omega+\omega^3+\omega^2 \\ \omega^3-\omega^2+\omega \\ \omega^2+\omega^4-1 \end{bmatrix} = \begin{bmatrix} x \\ y \\ z \end{bmatrix}$

$\Rightarrow \begin{bmatrix} -2\omega \\ -2\omega^2 \\ -2 \end{bmatrix} = \begin{bmatrix} x \\ y \\ z \end{bmatrix}$ [এখানে, $1+\omega+\omega^2=0, \omega^3=1$]

$\therefore x=-2\omega,\ y=-2\omega^2,\ z=-2\ ; xyz = (-2\omega)(-2\omega^2)(-2) = -8$ **(Ans.)**

Type–05: ম্যাট্রিক্সের যোগ, বিয়োগ ও গুণ সংক্রান্ত

Concept

- দুইটি ম্যাট্রিক্স যোগ-বিয়োগ করা যাবে যদি ম্যাট্রিক্স দুটির ক্রম (order) সমান থাকে। দুটি ম্যাট্রিক্সের একই স্থানের ভুক্তিগুলো যোগ বা বিয়োগ করে যেই ম্যাট্রিক্স পাওয়া যায় তাই যোগফল বা বিয়োগফল।
- একটি ম্যাট্রিক্সের সাথে কোনো সংখ্যা গুণ করা হলে, ম্যাট্রিক্সের সবগুলো ভুক্তির সাথে সংখ্যাটি গুণ হয়ে যাবে।

$$k\begin{bmatrix} a & b & c \\ d & e & f \\ g & h & i \end{bmatrix} = \begin{bmatrix} ka & kb & kc \\ kd & ke & kf \\ kg & kh & ki \end{bmatrix}$$

- দুটি ম্যাট্রিক্স গুণ করা যাবে যদি প্রথমটির কলাম সংখ্যা দ্বিতীয়টির সারি সংখ্যার সমান হয়। A এর ক্রম $m \times n$ এবং B এর ক্রম $n \times p$ হলে, AB নির্ণয়যোগ্য কিন্তু BA নির্ণয়যোগ্য নয়। AB গুণফল ম্যাট্রিক্সটির ক্রম হবে $= m \times p$

$$A \times B = C$$

$$m \times \boxed{n \quad n} \times p \longrightarrow \text{A এর Column সংখ্যা} = \text{B এর Row এর সংখ্যা}$$

$$m \times p \ (\text{C এর ক্রম})$$

Problems

Example-20: P ও Q ম্যাট্রিক্সের মাত্রা যথাক্রমে $2 \times 3, m \times n$ হলে কোন শর্তে $P + Q, P - Q, PQ, QP$ নির্ণয়যোগ্য হবে এবং এদের মাত্রা কী হবে?

Solⁿ: $P + Q, P - Q$ নির্ণয়যোগ্য হবে যদি $m = 2, n = 3$ হয়। PQ নির্ণয়যোগ্য হবে যদি $m = 3$ হয় এবং মাত্রা হবে $2 \times n$, QP নির্ণয়যোগ্য হবে যদি $n = 2$ হয় এবং মাত্রা হবে $m \times 3$ **(Ans.)**

❖ **Shortcut:** যে সকল University তে calculator ব্যবহার করা যায় সেখানে Matrix এর গুণ, বর্গ, ঘন করার ক্ষেত্রে calculator ব্যবহার করতে পারো।

Example-21: তিনটি ম্যাট্রিক্স A, B ও C এর order যথাক্রমে $2 \times 3,\ 4 \times 2,\ 5 \times 4$ হলে, CBA ম্যাট্রিক্সটির order কত হবে?

Solⁿ: A এর ক্রম 2×3, B এর ক্রম 4×2, C এর ক্রম 5×4 **[RU'17-18]**

$\therefore$ BA এর ক্রম $= 4 \times 3$; CBA এর ক্রম 5×3 **(Ans.)**

Example-22: যদি A, B, C ম্যাট্রিক্স তিনটির আকার যথাক্রমে $4 \times 5, 5 \times 4$ এবং 4×2 হয়, তবে $(A^T + B)C$ ম্যাট্রিক্সটির আকার কী?

Solⁿ: $(A^T_{5\times4} + B_{5\times4})C_{4\times2} = P_{5\times2}$ **[DU'20-21]**

Example-23: $A = \begin{bmatrix} 1 & i \\ -i & 1 \end{bmatrix}, B = \begin{bmatrix} i & -1 \\ -1 & -i \end{bmatrix}$ এবং $i = \sqrt{-1}$ হলে AB এর মান কত? **[DU'12-13, CU' 18-19, RU'17-18]**

Solⁿ: $AB = \begin{bmatrix} 1 & i \\ -i & 1 \end{bmatrix}\begin{bmatrix} i & -1 \\ -1 & -i \end{bmatrix} = \begin{bmatrix} i - i & -1 + 1 \\ 1 - 1 & i - i \end{bmatrix} = \begin{bmatrix} 0 & 0 \\ 0 & 0 \end{bmatrix}$ **(Ans.)**

Example-24: $P + Q = \begin{bmatrix} 1 & 2 \\ 3 & 4 \end{bmatrix}$ এবং $P - Q = \begin{bmatrix} 5 & 6 \\ 7 & 8 \end{bmatrix}$ হলে, P= কত? **[RU'22-23]**

(a) $\begin{bmatrix} -4 & 2 \\ -6 & 4 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} 3 & 4 \\ 5 & 6 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} 1 & -2 \\ 5 & 6 \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} 5 & -6 \\ 5 & -8 \end{bmatrix}$

Solⁿ: (b); $P + Q + P - Q = 2P = \begin{bmatrix} 1+5 & 2+6 \\ 3+7 & 4+8 \end{bmatrix} = \begin{bmatrix} 6 & 8 \\ 10 & 12 \end{bmatrix} \therefore P = \begin{bmatrix} 3 & 4 \\ 5 & 6 \end{bmatrix}$

Example-25: $A = \begin{bmatrix} 1 & 2 & 3 \\ 4 & 5 & 6 \end{bmatrix}, B = \begin{bmatrix} 0 & 2 \\ 1 & 2 \\ 0 & -1 \end{bmatrix}$ হলে AB এবং BA নির্ণয় কর। **[JU' 16-17]**

Solⁿ: $A = \begin{bmatrix} 1 & 2 & 3 \\ 4 & 5 & 6 \end{bmatrix}, B = \begin{bmatrix} 0 & 2 \\ 1 & 2 \\ 0 & -1 \end{bmatrix}$

$$AB = \begin{bmatrix} 1 & 2 & 3 \\ 4 & 5 & 6 \end{bmatrix}\begin{bmatrix} 0 & 2 \\ 1 & 2 \\ 0 & -1 \end{bmatrix} = \begin{bmatrix} 0+2+0 & 2+4-3 \\ 0+5+0 & 8+10-6 \end{bmatrix} \Rightarrow AB = \begin{bmatrix} 2 & 3 \\ 5 & 12 \end{bmatrix} \textbf{ (Ans.)}$$

$$BA = \begin{bmatrix} 0 & 2 \\ 1 & 2 \\ 0 & -1 \end{bmatrix}\begin{bmatrix} 1 & 2 & 3 \\ 4 & 5 & 6 \end{bmatrix} = \begin{bmatrix} 0+8 & 0+10 & 0+12 \\ 1+8 & 2+10 & 3+12 \\ 0-4 & 0-5 & 0-6 \end{bmatrix} \Rightarrow BA = \begin{bmatrix} 8 & 10 & 12 \\ 9 & 12 & 15 \\ -4 & -5 & -6 \end{bmatrix} \textbf{ (Ans.)}$$

Example-26: ম্যাট্রিক্স $A = \begin{bmatrix} 2 & -2 & -4 \\ -1 & 3 & 4 \\ 1 & -2 & -3 \end{bmatrix}$ হলে A^2 এর মান কত? **[RU'17-18, CU'18-19]**

Solⁿ: $A^2 = \begin{bmatrix} 2 & -2 & -4 \\ -1 & 3 & 4 \\ 1 & -2 & -3 \end{bmatrix}\begin{bmatrix} 2 & -2 & -4 \\ -1 & 3 & 4 \\ 1 & -2 & -3 \end{bmatrix} = \begin{bmatrix} 4+2-4 & -4-6+8 & -8-8+12 \\ -2-3+4 & 2+9-8 & 4+12-12 \\ 2+2-3 & -2-6+6 & -4-8+9 \end{bmatrix}$

$= \begin{bmatrix} 2 & -2 & -4 \\ -1 & 3 & 4 \\ 1 & -2 & -3 \end{bmatrix} = A$

Note: কোন ম্যাট্রিক্স A হলে যদি $A^2 = A$ হয় তাহলে A ম্যাট্রিক্সকে সমঘাতি বা একক্ষম (Idempotent) ম্যাট্রিক্স বলে।

Example-27: $A = \begin{pmatrix} 1 & 2 \\ 4 & -3 \end{pmatrix}$ এবং $A^2 + 2A - 11x = 0$ হলে x এর মান কত? **[KU'19-20]**

Sol^n: $A = \begin{pmatrix} 1 & 2 \\ 4 & -3 \end{pmatrix} \therefore 2A = \begin{pmatrix} 2 & 4 \\ 8 & -6 \end{pmatrix} \therefore 2A + A^2 = \begin{pmatrix} 2 & 4 \\ 8 & -6 \end{pmatrix} + \begin{pmatrix} 1 & 2 \\ 4 & -3 \end{pmatrix}\begin{pmatrix} 1 & 2 \\ 4 & -3 \end{pmatrix} = \begin{pmatrix} 11 & 0 \\ 0 & 11 \end{pmatrix}$

$\therefore \begin{pmatrix} 11 & 0 \\ 0 & 11 \end{pmatrix} - 11x = 0 \Rightarrow 11x = 11\begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix} \therefore x = \begin{pmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{pmatrix}$

Example-28: A ও B দুইটি প্রতিসম ম্যাট্রিক্স হলে AB − BA কোন ধরনের ম্যাট্রিক্স? **[RU'19-20]**

Sol^n: Let, $A = \begin{bmatrix} a & b \\ b & c \end{bmatrix}$, $B = \begin{bmatrix} p & q \\ q & r \end{bmatrix} \therefore AB = \begin{bmatrix} a & b \\ b & c \end{bmatrix}\begin{bmatrix} p & q \\ q & r \end{bmatrix} = \begin{bmatrix} ap + bq & aq + br \\ bp + cq & bq + cr \end{bmatrix}$

$\therefore BA = \begin{bmatrix} p & q \\ q & r \end{bmatrix}\begin{bmatrix} a & b \\ b & c \end{bmatrix} = \begin{bmatrix} ap + qb & bp + cq \\ aq + br & bq + cr \end{bmatrix}$

$\therefore AB - BA = \begin{bmatrix} 0 & aq + br - bp - cq \\ bp + cq - aq - br & 0 \end{bmatrix} = \begin{bmatrix} 0 & aq + br - bp - cq \\ -(aq + br - bp - cq) & 0 \end{bmatrix}$

∴ AB − BA একটি বিপ্রতিসম/বক্র প্রতিসম ম্যাট্রিক্স।

বিকল্প: যেহেতু A ও B প্রতিসম ম্যাট্রিক্স $\therefore A' = A$ ……… (i) এবং $B' = B$ ……… (ii)

এখন, (AB − BA) একটি বিপ্রতিসম ম্যাট্রিক্স হতে হলে $(AB - BA)' = -(AB - BA)$ প্রমাণ করাই যথেষ্ট হবে,

$\therefore (AB - BA)' = (AB)' - (BA)'$ $[\because (A \pm B)' = A' \pm B']$

$= B'A' - A'B'$ $[\because (AB)' = B'A'$ বা $(ABC)' = C'B'A'$ হয়।$]$

$= BA - AB$ [(i) ও (ii) হতে] $= -(AB - BA)$ হল। (প্রমাণিত)

Type–06: ম্যাট্রিক্স এর ভুক্তি নির্ণয় সংক্রান্ত

Concept

যদি অজানা ম্যাট্রিক্সের মাত্রা দেয়া না থাকে তাহলে প্রথমে মাত্রা বের করে নিতে হবে। এরপর x, y, z ইত্যাদি বসিয়ে ঐ মাত্রার অজানা ম্যাট্রিক্স গঠন করতে হবে। এরপর প্রশ্নে উল্লিখিত শর্ত অনুসারে সমাধান করে x, y, z ইত্যাদির মান বের করে ম্যাট্রিক্সটি নির্ণয় করতে হবে।

Problems

Example-29. যদি $\begin{bmatrix} 4 \\ 1 \\ 3 \end{bmatrix} \times A = \begin{bmatrix} -4 & 8 & 4 \\ -1 & 2 & 1 \\ -3 & 6 & 3 \end{bmatrix}$ হয়, তাহলে A ম্যাট্রিক্সটি নির্ণয় কর।

Sol^n: ধরি, $B = \begin{bmatrix} 4 \\ 1 \\ 3 \end{bmatrix}$; $C = \begin{bmatrix} -4 & 8 & 4 \\ -1 & 2 & 1 \\ -3 & 6 & 3 \end{bmatrix}$ সুতরাং, $B \times A = C$

এখন B এর ক্রম $= 3 \times 1$ এবং C এর ক্রম $= 3 \times 3$ সুতরাং A এর ক্রম $= 1 \times 3$; $[\because B_{(3\times1)} \times A_{(1\times3)} = C_{(3\times3)}]$

ধরি, $A = [x \quad y \quad z]$ সুতরাং, $\begin{bmatrix} 4 \\ 1 \\ 3 \end{bmatrix} \times [x \quad y \quad z] = \begin{bmatrix} -4 & 8 & 4 \\ -1 & 2 & 1 \\ -3 & 6 & 3 \end{bmatrix} \Rightarrow \begin{bmatrix} 4x & 4y & 4z \\ x & y & z \\ 3x & 3y & 3z \end{bmatrix} = \begin{bmatrix} -4 & 8 & 4 \\ -1 & 2 & 1 \\ -3 & 6 & 3 \end{bmatrix}$ ……… (i)

(i) নং সমীকরণ থেকে পাই, $4x = -4 \Rightarrow x = -1; 4y = 8 \Rightarrow y = 2; 4z = 4 \Rightarrow z = 1$

সুতরাং, নির্ণেয় $A = [x \quad y \quad z] = [-1 \quad 2 \quad 1]$

Example-30. $A = [1 \quad 2 \quad 3], BA = \begin{bmatrix} 2 & 4 & 6 \\ 3 & 6 & 9 \\ 1 & 2 & 3 \end{bmatrix}$ হলে B ম্যাট্রিক্সটি নির্ণয় কর। **[DU'21-22]**

Sol^n: $A = [1 \quad 2 \quad 3]_{1\times3}$

$BA = \begin{bmatrix} 2 & 4 & 6 \\ 3 & 6 & 9 \\ 1 & 2 & 3 \end{bmatrix}_{3\times3}$ ∴ B একটি 3 × 1 ম্যাট্রিক্স

ধরি, $B = \begin{bmatrix} x \\ y \\ z \end{bmatrix}_{3\times1} \therefore BA = \begin{bmatrix} x \\ y \\ z \end{bmatrix}[1 \quad 2 \quad 3] = \begin{bmatrix} x & 2x & 3x \\ y & 2y & 3y \\ z & 2z & 3z \end{bmatrix} = \begin{bmatrix} 2 & 4 & 6 \\ 3 & 6 & 9 \\ 1 & 2 & 3 \end{bmatrix} \therefore x = 2, y = 3, z = 1 \therefore B = \begin{bmatrix} 2 \\ 3 \\ 1 \end{bmatrix}$ **(Ans.)**

Example-31. যদি $A = \begin{bmatrix} 4 & 3 \\ 2 & 1 \end{bmatrix}$ এবং $AB = \begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix}$ হয় তবে B ম্যাট্রিক্স এর উপাদানসমূহ বের কর।

Sol^n: ধরি, $B = \begin{bmatrix} a & b \\ c & d \end{bmatrix}$

এখন, $AB = \begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix} \Rightarrow \begin{bmatrix} 4 & 3 \\ 2 & 1 \end{bmatrix}\begin{bmatrix} a & b \\ c & d \end{bmatrix} = \begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix} \Rightarrow \begin{bmatrix} 4a+3c & 4b+3d \\ 2a+c & 2b+d \end{bmatrix} = \begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix}$

$\therefore \begin{matrix} 4a+3c=10 & 4b+3d=17 \\ 2a+c=4 & 2b+d=7 \end{matrix}$

সমাধান করে পাই, $\begin{matrix} a=1 & b=2 \\ c=2 & d=3 \end{matrix}$ $\therefore B = \begin{bmatrix} 1 & 2 \\ 2 & 3 \end{bmatrix}$

বিকল্প: $A = \begin{bmatrix} 4 & 3 \\ 2 & 1 \end{bmatrix}$ $\therefore A^{-1} = \begin{bmatrix} -\frac{1}{2} & \frac{3}{2} \\ 1 & -2 \end{bmatrix}$ এখন, $AB = \begin{bmatrix} 10 & 17 \\ 4 & 17 \end{bmatrix} \Rightarrow A^{-1}.AB = A^{-1}.\begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix}$

$\Rightarrow I.B = B = A^{-1}.\begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix}; \left[\because \begin{matrix} A^{-1}.A = I \\ I.B = B \end{matrix}\right]$

$= \begin{bmatrix} -\frac{1}{2} & \frac{3}{2} \\ 1 & -2 \end{bmatrix}.\begin{bmatrix} 10 & 17 \\ 4 & 7 \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 2 \\ 2 & 3 \end{bmatrix}$

Type–07: নির্ণায়কের অনুরাশি ও সহগুণক সংক্রান্ত সমস্যা

Concept

মনে করি, $D = \begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix}$

- a_1 এর অনুরাশি নির্ণয়ের জন্য a_1 এর সারি এবং কলাম বাদ দিতে হবে এভাবে $\begin{vmatrix} \cancel{a_1} & \cancel{b_1} & \cancel{c_1} \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix}$

  এরপর $\begin{vmatrix} b_2 & c_2 \\ b_3 & c_3 \end{vmatrix}$ নির্ণায়কের মান $b_2c_3 - b_3c_2$ -ই a_1 এর অনুরাশি।

অর্থাৎ, একটি নির্ণায়কে কোন ভুক্তি যে সারি ও কলামে অবস্থিত, সেই সারি ও কলামকে বাদ দিয়ে যে নির্ণায়কটি পাওয়া যায়, তাকে ঐ ভুক্তির অনুরাশি (Minor) বলে।

- কোনো ভুক্তির সহগুণক $= (-1)^{r+c} \times$ অনুরাশি
- $a_1, b_1, c_1, a_2 \ldots\ldots$ এর সহগুণককে সাধারণত $A_1, B_1, C_1, A_2 \ldots\ldots$ দ্বারা প্রকাশ করা হয়।
- a_1 এর সহগুণক, $A_1 = (-1)^{1+1} \times \begin{vmatrix} b_2 & c_2 \\ b_3 & c_3 \end{vmatrix} = b_2c_3 - c_2b_3$ এভাবে প্রত্যেকটির জন্য নির্ণয় করা যাবে।

Problems

Example-32: $\begin{vmatrix} 1 & 4 & -1 \\ 2 & -3 & 5 \\ 3 & -4 & -7 \end{vmatrix}$ নির্ণায়কটির 1, −3 ও 5 এর অনুরাশি এবং সহগুণক নির্ণয় কর।

Sol^n: 1 এর অনুরাশি $= \begin{vmatrix} -3 & 5 \\ -4 & -7 \end{vmatrix} = 21 + 20 = 41$ $\therefore$ 1 এর সহগুণক $= (-1)^{1+1}\begin{vmatrix} -3 & 5 \\ -4 & -7 \end{vmatrix} = 41$

−3 এর অনুরাশি $= \begin{vmatrix} 1 & -1 \\ 3 & -7 \end{vmatrix} = -7 + 3 = -4$ $\therefore$ −3 এর সহগুণক $= (-1)^{2+2}\begin{vmatrix} 1 & -1 \\ 3 & -7 \end{vmatrix} = -7 + 3 = -4$

5 এর অনুরাশি $= \begin{vmatrix} 1 & 4 \\ 3 & -4 \end{vmatrix} = -4 - 12 = -16$

$\therefore$ 5 এর সহগুণক $= (-1)^{2+3}\begin{vmatrix} 1 & 4 \\ 3 & -4 \end{vmatrix} = -\begin{vmatrix} 1 & 4 \\ 3 & -4 \end{vmatrix}$

$= -\{1 \times (-4) - 3 \times 4\} = -(-16) = 16$ **(Ans.)**

Example-33. $\begin{bmatrix} a_{11} & a_{12} & a_{13} \\ a_{21} & a_{22} & a_{23} \\ a_{31} & a_{32} & a_{33} \end{bmatrix}$ ম্যাট্রিক্সে a_{ij} এর সহগুণকA_{ij} হলে, $a_{21}A_{11} + a_{22}A_{12} + a_{23}A_{13}$ এর মান কত?

Sol^n: a_{11} এর সহগুণক, $A_{11} = (-1)^{1+1}(a_{22}a_{33} - a_{23}a_{32}) = a_{22}a_{33} - a_{23}a_{32}$

a_{12} এর সহগুণক, $A_{12} = (-1)^{1+2}(a_{21}a_{33} - a_{23}a_{31}) = a_{23}a_{31} - a_{21}a_{33}$

a_{13} এর সহগুণক, $A_{13} = (-1)^{1+3}(a_{21}a_{32} - a_{22}a_{31}) = a_{21}a_{32} - a_{22}a_{31}$

এখন, $a_{21}A_{11} + a_{22}A_{12} + a_{23}A_{13} = a_{21}(a_{22}a_{33} - a_{23}a_{32}) + a_{22}(a_{23}a_{31} - a_{21}a_{33}) + a_{23}(a_{21}a_{32} - a_{22}a_{31})$

$= a_{21}a_{22}a_{33} - a_{21}a_{23}a_{32} + a_{22}a_{23}a_{31} - a_{21}a_{22}a_{33} + a_{21}a_{23}a_{32} - a_{22}a_{23}a_{31} = 0$

Type–08: ব্যতিক্রমী, অব্যতিক্রমী এবং ইনভার্স/ বিপরীত ম্যাট্রিক্স সংক্রান্ত

Concept

কোনো বর্গ ম্যাট্রিক্সের নির্ণায়কের মান Non-Zero [$|A| \neq 0$; Non-singular (অব্যতিক্রমী) Matrix] হলেই বিপরীত ম্যাট্রিক্স নির্ণয় করা যাবে। $A.\text{Adj}(A) = |A|I \Rightarrow A.\text{Adj}(A) = |A|\,A.A^{-1} \therefore A^{-1} = \frac{\text{Adj}(A)}{|A|}$

Shortcut

2 × 2 ম্যাট্রিক্সের জন্য বিপরীত ম্যাট্রিক্স সহজে নির্ণয় করা যায়। 2 × 2 ম্যাট্রিক্সের Adjoint নির্ণয়ের জন্য একটি ছন্দ মনে রাখবে- মুখ্য কর্ণ বরাবর উপাদান Change এবং গৌণ কর্ণ বরাবর চিহ্ন Change. এরপর এই Adjoint matrix কে নির্ণায়কের মান দ্বারা ভাগ করবে।

যেমন: $A = \begin{bmatrix} a & b \\ c & d \end{bmatrix}$; Adj A নির্ণয় করতে হলে $\begin{pmatrix} d & -b \\ -c & a \end{pmatrix}$ অর্থাৎ, a ও d স্থান বিনিময় করবে এবং b ও c এর আগে (–) চিহ্ন বসবে। একে ম্যাট্রিক্সটির নির্ণায়কের মান (ad – bc) দ্বারা ভাগ করতে হবে বিপরীত ম্যাট্রিক্স বের করার জন্য।

$\therefore A^{-1} = \frac{1}{(ad-bc)}\begin{bmatrix} d & -b \\ -c & a \end{bmatrix}$ উদাহরণ: $A = \begin{bmatrix} 1 & 4 \\ 2 & 6 \end{bmatrix}$; $A^{-1} = \frac{1}{-2}\begin{bmatrix} 6 & -4 \\ -2 & 1 \end{bmatrix}$ (Ans.)

Problems

Example-34. নিচের কোনটি ব্যতিক্রমী (singular) ম্যাট্রিক্স? **[CU'20-21] [Ans: d]**

(a) $\begin{pmatrix} 1 & -2 \\ 3 & 4 \end{pmatrix}$ (b) $\begin{pmatrix} 2 & -3 \\ 1 & 2 \end{pmatrix}$ (c) $\begin{pmatrix} -2 & 3 \\ 2 & 1 \end{pmatrix}$ (d) $\begin{pmatrix} 2 & 3 \\ 4 & 6 \end{pmatrix}$

Sol^n: $\begin{pmatrix} 2 & 3 \\ 4 & 6 \end{pmatrix}$ একটি ব্যতিক্রমী ম্যাট্রিক্স কারণ $\begin{vmatrix} 2 & 3 \\ 4 & 6 \end{vmatrix} = 12 - (3 \times 4) = 12 - 12 = 0$

Example-35: $\beta = 3, -5$ হলে, দেখাও যে $A = \begin{bmatrix} \beta+2 & 3 \\ 5 & \beta \end{bmatrix}$ ম্যাট্রিক্সটি একটি ব্যতিক্রমী ম্যাট্রিক্স। **[JU'19-20]**

Sol^n: $\beta = 3$ এর জন্য $A = \begin{bmatrix} \beta+2 & 3 \\ 5 & \beta \end{bmatrix} = \begin{bmatrix} 3+2 & 3 \\ 5 & 3 \end{bmatrix} = \begin{bmatrix} 5 & 3 \\ 5 & 3 \end{bmatrix} \therefore |A| = 5 \times 3 - 3 \times 5 = 0$

$\beta = -5$ এর জন্য $A = \begin{bmatrix} \beta+2 & 3 \\ 5 & \beta \end{bmatrix} = \begin{bmatrix} -5+2 & 3 \\ 5 & -5 \end{bmatrix} = \begin{bmatrix} -3 & 3 \\ 5 & -5 \end{bmatrix} \therefore |A| = (-3) \times (-5) - 3 \times 5 = 0$

$\therefore \beta = 3, -5$ হলে, $A = \begin{bmatrix} \beta+2 & 3 \\ 5 & \beta \end{bmatrix}$ একটি ব্যতিক্রমী ম্যাট্রিক্স হবে।

Example-36: $A = \begin{bmatrix} a+3 & 6 \\ 4 & a-2 \end{bmatrix}$ একটি ব্যতিক্রমী ম্যাট্রিক্স এবং $f(x) = (x+1)^2$ ও $a > 0$ হলে, f(a) এর মান কত? **[RU'18-19]**

Sol^n: $(a+3)(a-2) - 4 \times 6 = 0 \Rightarrow a^2 + a - 30 = 0$

$\Rightarrow a = 5, -6 \therefore a = 5\ [\because a > 0]$

$f(a) = f(5) = (5+1)^2 = 36\ \ [a > 0]$

Example-37: $A = \begin{bmatrix} 5 & 2 \\ -3 & 1 \end{bmatrix}$ হলে Adj (A), A এর বিপরীত ম্যাট্রিক্স নির্ণয় কর। [JnU' 07-08]

Sol^n: $\text{Adj}(A) = \begin{bmatrix} 1 & -2 \\ 3 & 5 \end{bmatrix}$; $A^{-1} = \frac{\text{Adj}(A)}{|A|} = \frac{\begin{bmatrix} 1 & -2 \\ 3 & 5 \end{bmatrix}}{5+6} = \frac{1}{11}\begin{bmatrix} 1 & -2 \\ 3 & 5 \end{bmatrix}$ **(Ans.)**

Example-38: যদি $A = \begin{bmatrix} 2x & 0 \\ x & x \end{bmatrix}$ এবং $A^{-1} = \begin{bmatrix} 1 & 0 \\ -1 & 2 \end{bmatrix}$ হয়, তাহলে x এর মান কত? [RU'20-21]

Sol^n: $A^{-1} = \begin{bmatrix} x & 0 \\ -x & 2x \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 0 \\ -1 & 2 \end{bmatrix} \therefore x = 1$ **(Ans.)**

Example-39: $\begin{pmatrix} 5 & 6 \\ 2 & 4 \end{pmatrix}$ ম্যাট্রিক্সটির বিপরীত ম্যাট্রিক্স এর ট্রেস (Trace) কোনটি? [JU'20-21]

Sol^n: $\begin{pmatrix} 5 & 6 \\ 2 & 4 \end{pmatrix}$ এর বিপরীত ম্যাট্রিক্স $= \frac{1}{20-12}\begin{pmatrix} 4 & -6 \\ -2 & 5 \end{pmatrix} = \begin{pmatrix} \frac{4}{8} & -\frac{6}{8} \\ -\frac{2}{8} & \frac{5}{8} \end{pmatrix} = \begin{pmatrix} \frac{1}{2} & -\frac{3}{4} \\ -\frac{1}{4} & \frac{5}{8} \end{pmatrix}$

$\therefore$ বিপরীত ম্যাট্রিক্স এর ট্রেস $= \frac{1}{2} + \frac{5}{8} = \frac{4+5}{8} = \frac{9}{8}$ **(Ans.)**

Example-40: $A = \begin{pmatrix} 1 & 2 \\ 2 & 5 \end{pmatrix}$ হলে $\det(AA^{-1})$ -এর মান কত? [DU'21-22]

Sol^n: $AA^{-1} = I \therefore \det(AA^{-1}) = \det(I) = \begin{vmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{vmatrix} = 1^2 - 0 = 1$ **(Ans.)**

Example-41.: $A = \begin{bmatrix} 1 & 2 & 3 \\ -1 & 2 & -3 \\ 4 & 1 & 5 \end{bmatrix}$ হলে, $A \times \text{Adj}(A) =$?

Sol^n: $A^{-1} = \frac{1}{|A|}\text{Adj}(A) \Rightarrow \text{Adj}(A) = A^{-1}|A| \Rightarrow A \times \text{Adj}(A) = AA^{-1}|A| = I|A| = |A|I \ldots\ldots\ldots (i)$

এখন, $|A| = \begin{vmatrix} 1 & 2 & 3 \\ -1 & 2 & -3 \\ 4 & 1 & 5 \end{vmatrix} = 1(10+3) - 2(-5+12) + 3(-1-8) = 13 - 14 - 27 = -28$

$\therefore$ (i) হতে পাই, $A \times \text{Adj}(A) = |A|I = -28 \times \begin{bmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{bmatrix} = \begin{bmatrix} -28 & 0 & 0 \\ 0 & -28 & 0 \\ 0 & 0 & -28 \end{bmatrix}$ **(Ans.)**

Example-42: $A = \begin{bmatrix} 3 & 4 & -1 \\ 1 & 0 & 3 \\ 2 & 5 & -4 \end{bmatrix}$ হলে, $A^{-1} =$?

Sol^n: $A = \begin{bmatrix} 3 & 4 & -1 \\ 1 & 0 & 3 \\ 2 & 5 & -4 \end{bmatrix} \quad \therefore A^T = \begin{bmatrix} 3 & 1 & 2 \\ 4 & 0 & 5 \\ -1 & 3 & -4 \end{bmatrix}$

$A_{11} = \begin{vmatrix} 0 & 5 \\ 3 & -4 \end{vmatrix} = -15 \qquad A_{12} = -\begin{vmatrix} 4 & 5 \\ -1 & -4 \end{vmatrix} = 11 \qquad A_{13} = \begin{vmatrix} 4 & 0 \\ -1 & 3 \end{vmatrix} = 12$

$A_{21} = -\begin{vmatrix} 1 & 2 \\ 3 & -4 \end{vmatrix} = 10 \qquad A_{22} = \begin{vmatrix} 3 & 2 \\ -1 & -4 \end{vmatrix} = -10 \qquad A_{23} = -\begin{vmatrix} 3 & 1 \\ -1 & 3 \end{vmatrix} = -10$

$A_{31} = \begin{vmatrix} 1 & 2 \\ 0 & 5 \end{vmatrix} = 5 \qquad A_{32} = -\begin{vmatrix} 3 & 2 \\ 4 & 5 \end{vmatrix} = -7 \qquad A_{33} = \begin{vmatrix} 3 & 1 \\ 4 & 0 \end{vmatrix} = -4$

$\therefore \text{adj}(A) = \begin{bmatrix} -15 & 11 & 12 \\ 10 & -10 & -10 \\ 5 & -7 & -4 \end{bmatrix}, |A| = 3\begin{vmatrix} 0 & 3 \\ 5 & -4 \end{vmatrix} - 4\begin{vmatrix} 1 & 3 \\ 2 & -4 \end{vmatrix} - 1\begin{vmatrix} 1 & 0 \\ 2 & 5 \end{vmatrix} = -45 + 40 - 5 = -10$

$\therefore A^{-1} = \frac{\begin{bmatrix} -15 & 11 & 12 \\ 10 & -10 & -10 \\ 5 & -7 & -4 \end{bmatrix}}{-10} = \begin{bmatrix} \frac{3}{2} & \frac{-11}{10} & -\frac{6}{5} \\ -1 & 1 & 1 \\ -\frac{1}{2} & \frac{7}{10} & \frac{2}{5} \end{bmatrix}$. **(Ans.)**

বিকল্প:

(i) Matrix এর নির্ণায়কের মান নির্ণয় (ii) Matrix এর সহগুণক matrix নির্ণয়

(iii) সহগুণক matrix এর transpose Matrix নির্ণয় (Adjoint Matrix)

(iv) Adjoint Matrix কে নির্ণায়কের মান দ্বারা ভাগ করা।

❖ **Shortcut:** $A = \begin{bmatrix} 3 & 4 & -1 \\ 1 & 0 & 3 \\ 2 & 5 & -4 \end{bmatrix}$ $\therefore |A| = -10$ [as previous]



$\therefore \text{Adj}(A) = \begin{bmatrix} -15 & 11 & 12 \\ 10 & -10 & -10 \\ 5 & -7 & -4 \end{bmatrix}$

(1) ১ম কলাম পুনরায় লিখ [ডানে]

(2) ২য় কলাম পুনরায় লিখ [ডানে]

(3) ১ম সারি পুনরায় লিখ (নতুন কলাম সহ) [নিচে]

(4) ২য় সারি পুনরায় লিখ (নতুন কলাম সহ) [নিচে]

(5) সারি বরাবর 2×2 নির্ণায়ক নিয়ে সহগুণক বের করে adjoint matrix এর কলাম বরাবর বসাও

যেমন:

3 এর সহগুণক $= 0 \times (-4) - 3 \times 5 = -15$ 	4 এর সহগুণক $= 3 \times 2 - 1(-4) = 10$ 	(-1) এর সহগুণক $= 1 \times 5 - 0 \times 2 = 5$ 

প্রধান matrix -এ $\begin{bmatrix} 3 & 4 & -1 \\ . & . & . \\ . & . & . \end{bmatrix}$ এভাবে প্রথম 'সারিতে' ছিলো তাদের সহগুণকগুলো যথাক্রমে $-15, 10, 5$ এরা adjoint matrix এর প্রথম 'কলামে' এভাবে $\begin{bmatrix} -15 & . & . \\ 10 & . & . \\ 5 & . & . \end{bmatrix}$ বসবে। এভাবে বাকিগুলোও করতে হবে।

[Note: এভাবে বের করলে সরাসরি সহগুণক পাওয়া যায় তাই চিহ্ন নিয়ে চিন্তা করার দরকার নেই]

Type–09: অব্যতিক্রমী ম্যাট্রিক্সের নির্ণায়কের মান সংক্রান্ত

Concept

যদি A একটি $n \times n$ ক্রমের বর্গ matrix হয় যেখানে $|A| \neq 0$

তাহলে, (i) $|(pA)| = p^n|A|$ (ii) $|(pA)^{-1}| = \frac{1}{p^n|A|}$ (iii) $|(pA^{-1})| = \frac{p^n}{|A|}$ (iv) $|(pA^{-1})^{-1}| = \frac{|A|}{p^n}$ **[Note:** $|A^{-1}| = \frac{1}{|A|}$]

জেনে রাখো

অনেকে চিন্তা করছো যে যদি Matrix $n \times n$ ক্রমের না হয়ে $m \times n$ ক্রমের হয় $(m \neq n)$ তাহলে $|(PA)| =$ কত হবে।
উত্তর হলো: যদি Matrix $m \times n$ ক্রমের হয় $(m \neq n)$ তাহলে ঐ Matrix এর নির্ণায়কের মান নির্ণয় করা সম্ভব নয় কারণ শুধুমাত্র বর্গ Matrix এরই নির্ণায়ক বের করা সম্ভব।

Problems

Example-43: ধরি A হচ্ছে 3×3 ম্যাট্রিক্স এবং $|A| = -7$ তাহলে $|(2A)^{-1}|$ এর মান কত?

Sol^n: ধরি, A হচ্ছে একটি 3×3 ম্যাট্রিক্স, তাহলে, $A = \begin{bmatrix} a & b & c \\ d & e & f \\ g & h & i \end{bmatrix}$ $\therefore |A| = \begin{vmatrix} a & b & c \\ d & e & f \\ g & h & i \end{vmatrix} = -7 \ldots\ldots\ldots (i)$

এখন, $2A = \begin{bmatrix} 2a & 2b & 2c \\ 2d & 2e & 2f \\ 2g & 2h & 2i \end{bmatrix} \Rightarrow |2A| = \begin{vmatrix} 2a & 2b & 2c \\ 2d & 2e & 2f \\ 2g & 2h & 2i \end{vmatrix}$

$= 2 \times 2 \times 2 \begin{vmatrix} a & b & c \\ d & e & f \\ g & h & i \end{vmatrix} = 2^3(-7)$[(i)হতে] $= -56 \ldots\ldots\ldots (ii)$

আবার আমরা জানি, $|A^{-1}| = \frac{1}{|A|} \Rightarrow |(2A)^{-1}| = \frac{1}{|2A|}$ লেখা যায় $= \frac{1}{-56}$ [(ii) হতে] **(Ans.)**

Shortcut: $n \times n$ ক্রমের A ম্যাট্রিক্সের জন্য $|(PA)^{-1}| = \frac{1}{P^n|A|}$

$\therefore 3 \times 3$ ক্রমের A ম্যাট্রিক্সের জন্য $|(2A)^{-1}| = \frac{1}{2^3|A|} = \frac{1}{8(-7)} = \frac{1}{-56}$

Example-44: $A = \begin{pmatrix} 3 & -4 \\ 2 & -3 \end{pmatrix}$ হলে, $\det(2A^{-1})$ এর মান কত? [DU'19-20]

Sol

Sol^n: $|A| = -9 + 8 = -1 \ \therefore A^{-1} = \frac{1}{-1}\begin{bmatrix} -3 & 4 \\ -2 & 3 \end{bmatrix} = \begin{bmatrix} 3 & -4 \\ 2 & -3 \end{bmatrix}$

$\therefore 2A^{-1} = \begin{bmatrix} 6 & -8 \\ 4 & -6 \end{bmatrix} \ \therefore |2A^{-1}| \Rightarrow \det(2A^{-1}) = -36 + 32 = -4$

❖ **Shortcut:** $n \times n$ ক্রমের A ম্যাট্রিক্সের জন্য $|pA^{-1}| = \frac{P^n}{|A|}$; 2×2 ক্রমের A ম্যাট্রিক্সের জন্য $|2A^{-1}| = \frac{2^2}{|A|} = \frac{4}{-1} = -4$

Type–10: নির্ণায়কের মান নির্ণয় সংক্রান্ত সমস্যা

Concept

ধরি, $D = \begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix}$ নির্ণায়কের বিস্তৃতি যেকোনো একটি কলাম বা সারি বরাবর করতে হবে।

$D = a_1A_1 + b_1B_1 + c_1C_1$ [১ম সারি বরাবর করলে]

$D = a_1A_1 + a_2A_2 + a_3A_3$ [১ম কলাম বরাবর করলে]

এভাবে যেকোনো সারি বা কলাম বরাবর বিস্তৃতি করা যায়।

Problems

Example-45: $A = \begin{vmatrix} 5 & 0 & 0 \\ 0 & 5 & 0 \\ 0 & 0 & 5 \end{vmatrix}$ হলে, A এর মান কোনটি? [JU'19-20]

Sol^n: $\begin{vmatrix} 5 & 0 & 0 \\ 0 & 5 & 0 \\ 0 & 0 & 5 \end{vmatrix} = 5^3\begin{vmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{vmatrix}\left[c_1' = \frac{c_1}{5}, c_2' = \frac{c_2}{5}, c_3' = \frac{c_3}{5}\right] = 5^3[1(1-0) - 0 + 0] = 5^3 = 125$ **(Ans.)**

Example-46: $P = \begin{vmatrix} 16 & 5 & 9 \\ 12 & 4 & 7 \\ 17 & 6 & 10 \end{vmatrix}$ এর মান নির্ণয় কর। [RU' 12-13]

Sol^n: $|P| = 16(4 \times 10 - 6 \times 7) - 5(12 \times 10 - 17 \times 7) + 9(12 \times 6 - 17 \times 4) = -1$ **(Ans.)**

Example-47: $\begin{vmatrix} \beta - 2 & 1 \\ -5 & \beta + 4 \end{vmatrix} = 0$ হলে, β এর মান কোনটি? [JU'19-20]

Sol^n: $(\beta - 2)(\beta + 4) + 5 = 0 \Rightarrow \beta^2 + 2\beta - 3 = 0 \ \therefore \beta = 1, -3$

Example-48: $i^2 = -1$ হলে, $\begin{vmatrix} i & i^3 & i + i^3 \\ i^3 & i^5 & i^3 + i^5 \\ i^5 & i^7 & i^5 + i^7 \end{vmatrix} = ?$ [GST'20-21]

Sol^n: $i^2 = -1, i^3 = -i, i^4 = 1, i^5 = i, i^7 = -i; \begin{vmatrix} i & i^3 & i + i^3 \\ i^3 & i^5 & i^3 + i^5 \\ i^5 & i^7 & i^5 + i^7 \end{vmatrix} = \begin{vmatrix} i & -i & 0 \\ -i & i & 0 \\ i & -i & 0 \end{vmatrix} = 0$

বিকল্প: $\begin{vmatrix} i & i^3 & i + i^3 \\ i^3 & i^5 & i^3 + i^5 \\ i^5 & i^7 & i^5 + i^7 \end{vmatrix} = \begin{vmatrix} i + i^3 & i^3 & i + i^3 \\ i^3 + i^5 & i^5 & i^3 + i^5 \\ i^5 + i^7 & i^7 & i^5 + i^7 \end{vmatrix} = 0$ [∵ দুইটি কলাম একই]

Example-49: $A = \begin{vmatrix} 1 & -\omega & \omega^2 \\ \omega & \omega^2 & 1 \\ \omega^2 & 1 & -\omega \end{vmatrix} =$ কত? [RU' 18-19]

Sol^n: $|A| = 1(-\omega^3 - 1) + \omega(-\omega^2 - \omega^2) + \omega^2(\omega - \omega^4)$ [প্রথম সারি সাপেক্ষে বিস্তৃতি করে]

$= -2 - 2\omega^3 + \omega^2 \times (\omega - \omega)$ [∵ $\omega^4 = \omega^3.\omega = 1.\omega = \omega$] $= -2 - 2.1 + 0 = -4$ **(Ans.)**

Example-50: $A = \begin{bmatrix} 1 & -4 \\ 1 & 2 \end{bmatrix}$ ও $B = \begin{bmatrix} x & 0 & 0 \\ 3 & 4 & 1 \\ 2 & -2 & 1 \end{bmatrix}$ হলে, x-এর কোন মানের জন্য $|A| = |B|$ হবে? **[RU'22-23]**

(a) 1 (b) −1 (c) 0 (d) 2

Sol^n: (a); $|A| = \begin{vmatrix} 1 & -4 \\ 1 & 2 \end{vmatrix} = 2 + 4 = 6$ এবং $|B| = \begin{vmatrix} x & 0 & 0 \\ 3 & 4 & 1 \\ 2 & -2 & 1 \end{vmatrix} = x(4+2) = 6x$

প্রশ্নমতে, $|A| = |B| \Rightarrow 6x = 6 \therefore x = 1$

Example-51: (বিস্তার না করে) নির্ণায়কটির মান নির্ণয় কর: $\begin{vmatrix} bc & ca & ab \\ \frac{1}{a} & \frac{1}{b} & \frac{1}{c} \\ \frac{1}{a} + b & \frac{1}{b} + c & \frac{1}{c} + a \end{vmatrix}$

Sol^n: $\begin{vmatrix} bc & ca & ab \\ \frac{1}{a} & \frac{1}{b} & \frac{1}{c} \\ \frac{1}{a} + b & \frac{1}{b} + c & \frac{1}{c} + a \end{vmatrix} = \frac{1}{abc} \begin{vmatrix} abc & abc & abc \\ 1 & 1 & 1 \\ 1 + ab & 1 + bc & 1 + ca \end{vmatrix} = \frac{abc}{abc} \begin{vmatrix} 1 & 1 & 1 \\ 1 & 1 & 1 \\ 1 + ab & 1 + bc & 1 + ca \end{vmatrix} = 0$ **(Ans.)**

Type–11: সমাধান ও মান নির্ণয় সংক্রান্ত সমস্যা

Concept

কোন 3×3 নির্ণায়কের ১ম বা ৩য় সারি বা কলামে 0, 0, 1 থাকলে 1 সংখ্যাটি যে সারি ও কলামে আছে তা বাদ হয়ে যায়, নির্ণায়কের মান অপরিবর্তিত থাকে।

$$\begin{vmatrix} \cancel{0} & \cancel{0} & \cancel{\textcircled{1}} \\ a_1 & b_1 & \cancel{c_1} \\ a_2 & b_2 & \cancel{c_2} \end{vmatrix} = \begin{vmatrix} a_1 & b_1 \\ a_2 & b_2 \end{vmatrix} = a_1b_2 - a_2b_1$$

Shortcut

MCQ-এ নির্ণায়কের সকল বা কিছু ভুক্তি যদি চলক (x, y, z) এর মাধ্যমে দেওয়া থাকে তাহলে, চলকগুলোর কিছু সাংখ্যিক মান ধরে নিতে হবে। [যেমন $x = 2, y = 3, z = 4$ এরকম]। এরপর প্রাপ্ত সাংখ্যমানবিশিষ্ট নির্ণায়কের মান নির্ণয় করতে হবে। তারপর Option-এ ও x, y, z এর উক্ত মান গুলো বসিয়ে সেটির মান প্রাপ্ত নির্ণায়কের যে মানের সাথে মিলে যাবে সেটিই উত্তর হিসেবে গ্রহণ করতে হবে।

জেনে রাখো

প্রাপ্ত নির্ণায়কটির মানের সাথে Option এ x, y, z এর মান বসানোর পর প্রাপ্ত মানগুলোর একাধিক উত্তর মিলে গেলে যেকোন একটি চলকের অন্য একটি মান ধরে উক্ত Process- এ আরেকবার option test করতে হবে।

Example: $\begin{vmatrix} 1 + x & x_2 & x_3 \\ x_1 & 1 + x_2 & x_3 \\ x_1 & x_2 & 1 + x_3 \end{vmatrix} = ?$

(a) $x_1 + x_2 + x_3$ (b) $1 + x_1 + x_2 + x_3$ (c) $x_1x_2x_3$ (d) $x_1^2 + x_2^2 + x_3^2$

Sol^n: ধরি, $x_1 = 2, x_2 = 3, x_3 = 4 \therefore$ নির্ণায়কটি $= \begin{vmatrix} 1 + 2 & 3 & 4 \\ 2 & 1 + 3 & 4 \\ 2 & 3 & 1 + 4 \end{vmatrix} = \begin{vmatrix} 3 & 3 & 4 \\ 2 & 4 & 4 \\ 2 & 3 & 5 \end{vmatrix}$

$= 3(4 \times 5 - 4 \times 3) - 3(2 \times 5 - 4 \times 2) + 4(3 \times 2 - 4 \times 2) = 3 \times 8 - 3 \times 2 + 4 \times (-2) = 24 - 6 - 8 = 10$

এখন,

(a) $x_1 + x_2 + x_3 = 2 + 3 + 4 = 9 [\neq 10]$ (b) $1 + x_1 + x_2 + x_3 = 1 + 2 + 3 + 4 = 10$ [সঠিক উত্তর]

(c) $x_1x_2x_3 = 2 \times 3 \times 4 = 24 [\neq 10]$ (d) $x_1^2 + x_2^2 + x_3^2 = 2^2 + 3^2 + 4^2 = 29 [\neq 10]$

$\therefore$ Ans:(b) $1 + x_1 + x_2 + x_3$

Problems

Example-52: $\begin{vmatrix} 0 & 3 & 2x+7 \\ 2 & 7x & 9+5x \\ 0 & 0 & 2x+5 \end{vmatrix} = 0$ হলে, x এর মান? **[DU'13-14]**

Sol^n: তৃতীয় Row দুইটি 0 থাকায় এর বরাবর বিস্তার করে $(2x+5)\begin{vmatrix} 0 & 3 \\ 2 & 7x \end{vmatrix} = 0 \Rightarrow -6(2x+5) = 0 \Rightarrow x = -\frac{5}{2}$ **(Ans.)**

Example-53: নির্ণায়ক $\begin{vmatrix} 1 & a & b+c \\ 1 & b & c+a \\ 1 & c & a+b \end{vmatrix}$ এর মান কত? **[JU'18-19]**

Sol^n: $\begin{vmatrix} 1 & a & b+c \\ 1 & b & c+a \\ 1 & c & a+b \end{vmatrix} = \begin{vmatrix} 1 & a & a+b+c \\ 1 & b & a+b+c \\ 1 & c & a+b+c \end{vmatrix} = (a+b+c) \times \begin{vmatrix} 1 & a & 1 \\ 1 & b & 1 \\ 1 & c & 1 \end{vmatrix} = (a+b+c) \times 0 = 0$ $[c_1, c_3$ অভিন্ন$]$

Example-54: $\begin{vmatrix} \log x & \log y & \log z \\ \log 2x & \log 2y & \log 2z \\ \log 3x & \log 3y & \log 3z \end{vmatrix} = ?$

Sol^n: $\begin{vmatrix} \log x - \log y & \log y - \log z & \log z \\ \log 2x - \log 2y & \log 2y - \log 2z & \log 2z \\ \log 3x - \log 3y & \log 3y - \log 3z & \log 3z \end{vmatrix} = \begin{vmatrix} \log\frac{x}{y} & \log\frac{y}{z} & \log z \\ \log\frac{x}{y} & \log\frac{y}{z} & \log 2z \\ \log\frac{x}{y} & \log\frac{y}{z} & \log 3z \end{vmatrix} = \log\frac{x}{y}.\log\frac{y}{z}\begin{vmatrix} 1 & 1 & \log z \\ 1 & 1 & \log 2z \\ 1 & 1 & \log 3z \end{vmatrix} = 0$

Type–12: নির্ণায়কের প্রমাণ সংক্রান্ত সমস্যা

Concept

এক্ষেত্রে নির্ণায়কের বিভিন্ন ধর্মাবলী ব্যবহার করে প্রমাণ করতে হবে।

Problems

Example-55: প্রমাণ কর যে, $\begin{vmatrix} 1+a^2-b^2 & 2ab & 2b \\ 2ab & 1-a^2+b^2 & -2a \\ -2b & 2a & 1-a^2-b^2 \end{vmatrix} = (1+a^2+b^2)^3$

Sol^n: $\begin{vmatrix} 1+a^2-b^2 & 2ab & 2b \\ 2ab & 1-a^2+b^2 & -2a \\ -2b & 2a & 1-a^2-b^2 \end{vmatrix}$

$= (1+a^2+b^2)\begin{vmatrix} 1 & 0 & 2b \\ 0 & 1+a^2+b^2 & -2a \\ -b & a(1+a^2+b^2) & 1-a^2-b^2 \end{vmatrix} \begin{bmatrix} c_1' = c_1 + bc_3 \\ c_2' = c_2 - ac_3 \end{bmatrix}$

$= (1+a^2+b^2)^2\begin{vmatrix} 1 & 0 & 2b \\ 0 & 1 & -2a \\ -b & a & 1-a^2-b^2 \end{vmatrix}$

$= (1+a^2+b^2)^2[1-a^2-b^2+2a^2+2b^2] = (1+a^2+b^2)^3$ **(Proved)**

Example-56: দেখাও যে, $\begin{vmatrix} x & y & z \\ x^2 & y^2 & z^2 \\ x^3 & y^3 & z^3 \end{vmatrix} = xyz(x-y)(y-z)(z-x).$

Sol^n: L.S.$=\begin{vmatrix} x & y & z \\ x^2 & y^2 & z^2 \\ x^3 & y^3 & z^3 \end{vmatrix} = xyz\begin{vmatrix} 1 & 1 & 1 \\ x & y & z \\ x^2 & y^2 & z^2 \end{vmatrix} \left[c_1' = \frac{c_1}{x}, c_2' = \frac{c_2}{y}, c_3' = \frac{c_3}{z}\right]$

$= xyz\begin{vmatrix} 0 & 0 & 1 \\ x-y & y-z & z \\ x^2-y^2 & y^2-z^2 & z^2 \end{vmatrix} [c_1' = c_1 - c_2;\ c_2' = c_2 - c_3]$

$= xyz\,(x-y)(y-z)\begin{vmatrix} 0 & 0 & 1 \\ 1 & 1 & z \\ x+y & y+z & z^2 \end{vmatrix} \left[c_1' = \frac{c_1}{x-y}, c_2' = \frac{c_2}{y-z}\right]$

$= xyz\,(x-y)(y-z)[0-0+1(y+z-x-y)]$ $[r_1$ বরাবর বিস্তৃতি করে$]$

$= xyz(x-y)(y-z)(z-x) =$ R.S. **[Showed]**

Example-57: দেখাও যে, $\begin{vmatrix}1 & 1 & 1\\ 1 & k & k^2\\ 1 & k^2 & k^4\end{vmatrix} = k\,(k-1)^3(k+1)$

Sol^n: $L.S = \begin{vmatrix}1 & 1 & 1\\ 1 & k & k^2\\ 1 & k^2 & k^4\end{vmatrix} = \begin{vmatrix}1 & 0 & 0\\ 1 & k-1 & k^2-k\\ 1 & k^2-1 & k^4-k^2\end{vmatrix}$ $[c_2' = c_2 - c_1,\ c_3' = c_3 - c_2]$

$= \begin{vmatrix}1 & 0 & 0\\ 1 & k-1 & k(k-1)\\ 1 & (k+1)(k-1) & k^2(k+1)(k-1)\end{vmatrix} = (k-1)k(k-1)\begin{vmatrix}1 & 0 & 0\\ 1 & 1 & 1\\ 1 & k+1 & k(k+1)\end{vmatrix}\left[c_2' = \frac{c_2}{k-1}, c_3' = \frac{c_3}{k(k-1)}\right]$

$= k(k-1)^2\,[1\{k(k+1) - (k+1)\} - 0 + 0] = k(k-1)^2\,(k+1)(k-1)$

$= k(k-1)^3(k+1) = R.S$ **[Showed]**

Example-58: প্রমাণ কর যে, $\begin{vmatrix}x & y & z\\ x^2 & y^2 & z^2\\ x^3-1 & y^3-1 & z^3-1\end{vmatrix} = (xyz-1)(x-y)(y-z)(z-x)$

Sol^n: $L.S = \begin{vmatrix}x & y & z\\ x^2 & y^2 & z^2\\ x^3-1 & y^3-1 & z^3-1\end{vmatrix} = \begin{vmatrix}x & y & z\\ x^2 & y^2 & z^2\\ x^3 & y^3 & z^3\end{vmatrix} - \begin{vmatrix}x & y & z\\ x^2 & y^2 & z^2\\ 1 & 1 & 1\end{vmatrix}$

$= xyz\begin{vmatrix}1 & 1 & 1\\ x & y & z\\ x^2 & y^2 & z^2\end{vmatrix} + \begin{vmatrix}x & y & z\\ 1 & 1 & 1\\ x^2 & y^2 & z^2\end{vmatrix}$ [প্রথম নির্ণায়কে $c_1' = \frac{c_1}{x}, c_2' = \frac{c_2}{y}, c_3' = \frac{c_3}{z}$, ২য় নির্ণায়কে $r_2 \leftrightarrow r_3$]

$= xyz\begin{vmatrix}1 & 1 & 1\\ x & y & z\\ x^2 & y^2 & z^2\end{vmatrix} - \begin{vmatrix}1 & 1 & 1\\ x & y & z\\ x^2 & y^2 & z^2\end{vmatrix}$ [২য় নির্ণায়কে $r_1 \leftrightarrow r_2$]

$= (xyz-1)\begin{vmatrix}1 & 1 & 1\\ x & y & z\\ x^2 & y^2 & z^2\end{vmatrix}$ $\left[\begin{vmatrix}1 & 1 & 1\\ x & y & z\\ x^2 & y^2 & z^2\end{vmatrix}\right.$ common নিয়ে$\left.\right]$

$= (xyz-1)\begin{vmatrix}0 & 0 & 1\\ x-y & y-z & z\\ x^2-y^2 & y^2-z^2 & z^2\end{vmatrix}$ $[c_1' = c_1 - c_2,\ c_2' = c_2 - c_3]$

$= (xyz-1)(x-y)(y-z)\begin{vmatrix}0 & 0 & 1\\ 1 & 1 & z\\ x+y & y+z & z^2\end{vmatrix}\left[c_1' = \frac{c_1}{x-y},\ c_2' = \frac{c_2}{y-z}\right]$

$= (xyz-1)(x-y)(y-z)[0 - 0 + 1\{(y+z) - (x+y)\}]$ [r_1 বরাবর বিস্তৃতি করে]

$= (xyz-1)(x-y)(y-z)(z-x) = R.S$ [প্রমাণিত]

Type–13: বহুচলকবিশিষ্ট সমীকরণজোটের সমাধান

Concept

Process-1: ক্রেমারের (Cramer) সূত্রের সাহায্যে:

$a_1x + b_1y + c_1z = d_1, a_2x + b_2y + c_2z = d_2, a_3x + b_3y + c_3z = d_3$(ক্রেমারের সূত্রানুসারে উপরোক্ত সমীকরণগুলো সমাধান করার জন্য নিম্ন লিখিত নির্ণায়ক গুলো তৈরি করতে হবে।)

এখানে, $D \neq 0$ হতে হবে। D এর মান 0 হলে সমীকরণ জোটের কোনো সমাধান থাকবে না, অন্যথায় অসংখ্য সমাধান থাকবে যা সূত্রের সাহায্যে পাওয়া যায় না।

$D = \begin{vmatrix}a_1 & b_1 & c_1\\ a_2 & b_2 & c_2\\ a_3 & b_3 & c_3\end{vmatrix}, D_x = \begin{vmatrix}d_1 & b_1 & c_1\\ d_2 & b_2 & c_2\\ d_3 & b_3 & c_3\end{vmatrix}, D_y = \begin{vmatrix}a_1 & d_1 & c_1\\ a_2 & d_2 & c_2\\ a_3 & d_3 & c_3\end{vmatrix}$

$D_z = \begin{vmatrix}a_1 & b_1 & d_1\\ a_2 & b_2 & d_2\\ a_3 & b_3 & d_3\end{vmatrix}$ $\therefore x = \frac{D_x}{D}, y = \frac{D_y}{D}$ এবং $z = \frac{D_z}{D}$

Process-2: Inverse ম্যাট্রিক্সের ধারণা ব্যবহার করে:

$$\begin{aligned} a_1x + b_1y + c_1z &= d_1 \\ a_2x + b_2y + c_2z &= d_2 \\ a_3x + b_3y + c_3z &= d_3 \end{aligned} \quad \text{ধরি, } A = \begin{bmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{bmatrix}; X = \begin{bmatrix} x \\ y \\ z \end{bmatrix}; B = \begin{bmatrix} d_1 \\ d_2 \\ d_3 \end{bmatrix}$$

এখানে, $\boxed{AX = B} \Rightarrow A^{-1}(AX) = A^{-1}B \Rightarrow (A^{-1}A)X = A^{-1}B \Rightarrow IX = A^{-1}B \Rightarrow \boxed{X = A^{-1}B}$

Problems

Example-59: $2x + y = 4$; $3x + y = 5$ সমীকরণ দুটিকে ম্যাট্রিক্সের মাধ্যমে সমাধান কর।

Sol^n: Process-01: ক্রেমারের **(Cramer)** সূত্রের সাহায্যে:

$D = \begin{vmatrix} 2 & 1 \\ 3 & 1 \end{vmatrix} = 2 \times 1 - 3 \times 1 = -1$

$D_x = \begin{vmatrix} 4 & 1 \\ 5 & 1 \end{vmatrix} = 4 \times 1 - 5 \times 1 = -1$

$D_y = \begin{vmatrix} 2 & 4 \\ 3 & 5 \end{vmatrix} = 2 \times 5 - 4 \times 3 = -2$

$\therefore x = \frac{D_x}{D} = \frac{-1}{-1} = 1$ এবং $y = \frac{D_y}{D} = \frac{-2}{-1} = 2$

$\therefore$ নির্ণেয় সমাধান, $(x, y) = (1, 2)$ **(Ans.)**

Process-02: Inverse ম্যাট্রিক্সের ধারণা ব্যবহার করে:

$\begin{bmatrix} 2 & 1 \\ 3 & 1 \end{bmatrix} \begin{bmatrix} x \\ y \end{bmatrix} = \begin{bmatrix} 4 \\ 5 \end{bmatrix} \Rightarrow \begin{bmatrix} x \\ y \end{bmatrix} = \begin{bmatrix} 2 & 1 \\ 3 & 1 \end{bmatrix}^{-1} \times \begin{bmatrix} 4 \\ 5 \end{bmatrix} = \frac{1}{2 \cdot 1 - 3 \cdot 1} \begin{bmatrix} 1 & -1 \\ -3 & 2 \end{bmatrix} \times \begin{bmatrix} 4 \\ 5 \end{bmatrix}$

$\Rightarrow \begin{bmatrix} x \\ y \end{bmatrix} = \frac{1}{-1} \begin{bmatrix} 4 - 5 \\ -12 + 10 \end{bmatrix} \Rightarrow \begin{bmatrix} x \\ y \end{bmatrix} = \begin{bmatrix} 1 \\ 2 \end{bmatrix} \therefore x = 1; y = 2$ **(Ans.)**

একত্রে সব গুরুত্বপূর্ণ সূত্র

- $A^{-1} = \frac{adj(A)}{|A|}, |A| \neq 0$
- $(A^T)^T = A$
- $(AB)^T = B^TA^T$ যেখানে A ও B এর মাত্রা যথাক্রমে $(m \times n)$ ও $(n \times p)$
- $IA = AI$
- $AA^{-1} = A^{-1}A = I$
- $(AB)^{-1} = B^{-1}A^{-1}$ যেখানে, A ও B উভয়ই বর্গ ম্যাট্রিক্স এবং $|A|, |B|, |AB| \neq 0$.
- $A(B + C) = AB + AC, \ (B + C)A = BA + CA$
- সাধারণত $AB \neq BA$; [ম্যাট্রিক্স বিনিময় বিধি মেনে চলে না]
- $A(BC) = (AB)C$; [এক্ষেত্রে ম্যাট্রিক্স তিনটির মাত্রা (order) অবশ্যই ম্যাট্রিক্স গুণের শর্ত মেনে চলবে]
- $AX = B$ হলে, $X = A^{-1}B$ হবে, $X = BA^{-1}$ সঠিক নয়।
- A এবং B দুটি বর্গ ম্যাট্রিক্স হলে,
  (i) $tr\,(AB) = tr(BA)$
  (ii) $tr\,(KA) = k\,tr\,(A)$
  (iii) $tr\,(A \pm B) = tr\,(A) \pm tr\,(B)$
  (iv) $tr\,(A) = tr\,(A^T)$
  (v) $tr\,(ABC) = tr\,(BCA) = tr(CAB)$ [Cyclic Property এবং A, B, C বর্গ ম্যাট্রিক্স]
  (vi) $|adjA| = |A|^{n-1}$

গুরুত্বপূর্ণ প্র্যাক্টিস প্রবলেম

MCQ

01. যদি AB = A এবং BA = B হলে-

(a) $B = I$　(b) $A = B = I$　(c) $B^2 = I$　(d) $A^2 = A$

02. $\begin{vmatrix} a & 1 & b+c \\ b & 1 & c+a \\ c & 1 & a+b \end{vmatrix}$ এর মান হবে-

(a) 0　(b) $abc(a+b)(b+c)(c+a)$

(c) abc　(d) $(a+b)(b+c)(c+a)$

03. নির্ণায়ক $\begin{vmatrix} 1 & bc & bc(b+c) \\ 1 & ca & ca(c+a) \\ 1 & ab & ab(a+b) \end{vmatrix}$ এর মান কত?

(a) $abc(a+b)(b+c)(c+a)$　(b) $abc(a+b+c)$

(c) 1　(d) 0

04. ω যদি এককের একটি জটিল ঘনমূল হয়, তবে প্রদত্ত নির্ণায়কটির মান: $\begin{vmatrix} 1 & \omega & \omega^2 \\ \omega & \omega^2 & 1 \\ \omega^2 & 1 & \omega \end{vmatrix} =?$

(a) 0　(b) 1　(c) ω　(d) ω^2

05. $\begin{pmatrix} p+4 & 8 \\ 2 & p-2 \end{pmatrix}$ ম্যাট্রিক্সটি ব্যতিক্রমী হবে যদি p এর মান-

(a) −6, 4　(b) −4, 6　(c) −4, 2　(d) −2, 4

06. $A = \begin{pmatrix} 7 & 6 \\ 8 & 7 \end{pmatrix}$ হলে $A^{-1} =?$

(a) $\begin{pmatrix} -7 & 6 \\ 8 & -7 \end{pmatrix}$　(b) $\begin{pmatrix} 7 & -8 \\ -6 & 7 \end{pmatrix}$　(c) $\begin{pmatrix} 7 & -6 \\ -8 & 7 \end{pmatrix}$　(d) $\begin{pmatrix} -7 & 8 \\ 6 & -7 \end{pmatrix}$

07. নির্ণায়ক $\begin{vmatrix} x+y & x & y \\ x & x+z & z \\ y & z & y+z \end{vmatrix}$ এর মান-

(a) 4xyz　(b) 3xyz　(c) 2xyz　(d) xyz

08. $\begin{vmatrix} \alpha & \alpha & x \\ \beta & \beta & \beta \\ \theta & x & \theta \end{vmatrix} = 0, x =?$

(a) α, β, θ　(b) α, θ　(c) β, θ　(d) α, β

09. $\begin{vmatrix} 10 & 13 & 16 \\ 11 & 14 & 17 \\ 12 & 15 & 18 \end{vmatrix}$ নির্ণায়কের মান-

(a) 0　(b) 1　(c) 10　(d) 5

10. যদি $A = \begin{pmatrix} 3 & 0 \\ 5 & 1 \end{pmatrix}, B = \begin{pmatrix} 2 & 0 \\ 0 & -3 \end{pmatrix}$ হয় তবে AB সমান-

(a) $\begin{pmatrix} 6 & 0 \\ 15 & -3 \end{pmatrix}$　(b) $\begin{pmatrix} 3 & -1 \\ 2 & -5 \end{pmatrix}$　(c) $\begin{pmatrix} 6 & 0 \\ 10 & -3 \end{pmatrix}$　(d) $\begin{pmatrix} 6 & 0 \\ 10 & 3 \end{pmatrix}$

11. $\begin{vmatrix} 50 & 60 & 70 \\ 10 & 20 & 30 \\ 30 & 60 & 90 \end{vmatrix}$ নির্ণায়কটির মান-

(a) 1　(b) 2　(c) 3　(d) 0

12. ম্যাট্রিক্স A এর মাত্রা 2 × 4 এবং ম্যাট্রিক্স B এর মাত্রা 4 × 3 হলে, AB -এর মাত্রা-

(a) 2 × 3　(b) 4 × 2　(c) 3 × 2　(d) 3 × 4

13. ম্যাট্রিক্স A এর মাত্রা 3 × 4 এবং ম্যাট্রিক্স B এর মাত্রা 4 × 3 হলে AB এর মাত্রা-

(a) 3 × 3　(b) 4 × 2　(c) 3 × 2　(d) কোনটিই নয়

14. যদি A একটি $m \times n$ আকারের ম্যাট্রিক্স এবং B একটি $n \times p$ আকারের ম্যাট্রিক্স হয় তাহলে তাদের গুণফল AB এর আকার হবে-

(a) $n \times n$ (b) $n \times p$ (c) $m \times p$ (d) $m \times m$

15. $3\begin{vmatrix} 1 & 1 & y+z \\ 1 & 1 & z+x \\ 1 & 1 & x+y \end{vmatrix}$ নির্ণায়কটির মান কত?

(a) $3+x+y+z$ (b) $3(x+y+z)$ (c) 3 (d) কোনটিই নয়

16. $\begin{vmatrix} 1 & 2 & 3 \\ 5 & 9 & 7 \\ 2 & 4 & 6 \end{vmatrix} = ?$

(a) 1 (b) 15 (c) −1 (d) কোনটিই নয়

17. $\begin{vmatrix} 3 & 1 & 9 \\ 3 & 2 & 9 \\ 3 & 6 & 9 \end{vmatrix} = ?$

(a) 27 (b) 0 (c) 54 (d) 12

18. একটি 2×3 আকারের ম্যাট্রিক্স A এবং একটি 5×3 আকারের ম্যাট্রিক্স B গুণ করা হলে গুণফল AB ম্যাট্রিক্সের আকার কত হবে?

(a) 2×5 (b) 3×3 (c) অসম্ভব (d) 3×5

19. $A = [2 \quad 1]$ এবং $B = \begin{bmatrix} 1 & -2 & 0 \\ 4 & 5 & -3 \end{bmatrix}$ হলে AB=?

(a) $[6 \quad 1 \quad -3]$ (b) $[2 \quad 1 \quad -3]$ (c) $[6 \quad 4 \quad -3]$ (d) $[1 \quad 1 \quad -2]$

20. $\begin{vmatrix} 28 & 29 & 30 \\ 31 & 33 & 35 \\ 34 & 37 & 40 \end{vmatrix} = ?$

(a) 0 (b) 1 (c) 5 (d) 9

21. $A = \begin{bmatrix} 1 \\ 6 \end{bmatrix}, B = [3 \quad 2]$ ম্যাট্রিক্স দুটির গুণফল হবে-

(a) $\begin{bmatrix} 18 & 12 \\ 3 & 2 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} 3 & 2 \\ 18 & 12 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} 3 & 6 \\ 9 & 12 \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} 9 & 6 \\ 3 & 6 \end{bmatrix}$

22. $A = \begin{bmatrix} 0 & 1 \\ 1 & 0 \end{bmatrix}$ হলে A^2 এর মান কত?

(a) −1 (b) +2 (c) $\begin{bmatrix} 0 & 1 \\ 1 & 0 \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$

23. $\begin{vmatrix} 2 & a & b+c \\ 2 & b & c+a \\ 2 & c & a+b \end{vmatrix}$ এর মান কত?

(a) 2 (b) 1 (c) 0 (d) $a+b+c$

24. $A = \begin{bmatrix} 1 & 2 \\ 4 & -3 \end{bmatrix}$ হলে $A^2 + 2A - 11I$ এর মান কত?

(a) $\begin{bmatrix} 0 & 0 \\ 0 & 0 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} 0 & 1 \\ 1 & 0 \end{bmatrix}$ (d) কোনটিই নয়

25. $A = \begin{bmatrix} 2 & -3 & -5 \\ -1 & 4 & 5 \\ 1 & -3 & -4 \end{bmatrix}$ এবং $B = \begin{bmatrix} -1 & 3 & 5 \\ 1 & -3 & -5 \\ -1 & 3 & 5 \end{bmatrix}$ হলে, BA =?

(a) $\begin{bmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} -1 & 0 & 0 \\ 0 & -1 & 0 \\ 0 & 0 & 1 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} 0 & 0 & 0 \\ 0 & 0 & 0 \\ 0 & 0 & 0 \end{bmatrix}$ (d) A

26. $\begin{vmatrix} 0 & b-a & c-a \\ a-b & 0 & c-b \\ a-c & b-c & 0 \end{vmatrix}^2$ এর মান কত?

(a) $(a+b+c)^3$ (b) $(a-b)^3$ (c) $(a-b)(b-c)(c-a)$ (d) 0

27. $A=\begin{bmatrix}2 & -1\\ 4 & 3\end{bmatrix}$ হলে 2A − 3I এর মান হয়—

(a) $\begin{bmatrix}2 & -1\\ 8 & 3\end{bmatrix}$ (b) $\begin{bmatrix}1 & -2\\ -8 & 3\end{bmatrix}$ (c) $\begin{bmatrix}1 & -2\\ 8 & 3\end{bmatrix}$ (d) $\begin{bmatrix}-2 & 1\\ 8 & 3\end{bmatrix}$

28. নির্ণায়ক $\begin{vmatrix}1 & 7 & 8\\ 2 & 9 & 11\\ 3 & 4 & 7\end{vmatrix}$ এর মান কত?

(a) 0 (b) 296 (c) 90 (d) 7

29. যদি $A=\begin{bmatrix}1 & 0\\ 3 & 4\end{bmatrix}$ হয় তবে $A^2=$?

(a) $\begin{bmatrix}1 & 0\\ 15 & 16\end{bmatrix}$ (b) $\begin{bmatrix}1 & 15\\ 0 & 16\end{bmatrix}$ (c) $\begin{bmatrix}15 & 16\\ 1 & 0\end{bmatrix}$ (d) $\begin{bmatrix}0 & 1\\ 16 & 12\end{bmatrix}$

30. $A=\begin{bmatrix}1 & 2\\ 4 & -3\end{bmatrix}$ এবং $B=[-2\ \ 3]$ হলে, তাদের যোগফল কত?

(a) $\begin{bmatrix}-1 & 5\\ 4 & -3\end{bmatrix}$ (b) $\begin{bmatrix}1 & 2\\ 2 & 0\end{bmatrix}$ (c) $\begin{bmatrix}-1 & 5\\ 2 & 0\end{bmatrix}$ (d) যোগ করা যাবে না

31. $A=\begin{bmatrix}1 & -2 & 2\\ 4 & 5 & 6\end{bmatrix}, B=\begin{bmatrix}3 & 0 & 2\\ -7 & 1 & 8\end{bmatrix}, A+B=$?

(a) $\begin{bmatrix}-4 & 2 & 4\\ 3 & 6 & 12\end{bmatrix}$ (b) $\begin{bmatrix}4 & -2 & -4\\ -3 & 6 & 14\end{bmatrix}$ (c) $\begin{bmatrix}4 & -2 & 4\\ 3 & 6 & 14\end{bmatrix}$ (d) $\begin{bmatrix}4 & -2 & 4\\ -3 & 6 & 14\end{bmatrix}$

32. $G=\begin{vmatrix}1 & 2 & 3\\ -1 & -2 & -3\\ 4 & 5 & 6\end{vmatrix}$ হলে G এর মান হচ্ছে–

(a) −15 (b) −30 (c) −25 (d) 0

33. $a\begin{pmatrix}1 & 2 & 3\\ 4 & 5 & 6\\ 7 & 8 & 9\end{pmatrix}=\begin{pmatrix}-1 & -2 & -3\\ -4 & -5 & -6\\ -7 & -8 & -9\end{pmatrix}$ হলে a এর মান হচ্ছে–

(a) 1 (b) −1 (c) ±1 (d) 0

34. যদি একটি বর্গ ম্যাট্রিক্স A এমন হয় যে, $3A^3-2A^2+5AI+I=0$ হয়, তবে $A^{-1}=$?

(a) $3A^2+2A+5I$ (b) $2A-3A^2-5I$ (c) $3A^2-2A-I$ (d) $3A^2-2A+5I$

35. $\begin{vmatrix}1 & 5 & 7\\ 2 & 3 & 9\\ 4 & 6 & 8\end{vmatrix}$ নির্ণায়কের 3- এর সহগুণক-

(a) 20 (b) − 20 (c) − 5 (d) 5

36. $\begin{bmatrix}1 & 2\\ 3 & 4\end{bmatrix}$ –এর ইনভার্স ম্যাট্রিক্স কোনটি?

(a) $\begin{bmatrix}4 & 2\\ 3 & 1\end{bmatrix}$ (b) $\begin{bmatrix}\frac{4}{-2} & \frac{3}{-2}\\ 2 & \frac{1}{-2}\end{bmatrix}$ (c) $\begin{bmatrix}-2 & 1\\ \frac{3}{2} & \frac{1}{-2}\end{bmatrix}$ (d) কোনটিই নয়

37. $\begin{vmatrix}1 & 3 & 7\\ 4 & 5 & 8\\ 2 & 9 & 6\end{vmatrix}$ নির্ণায়কে 8 এর অনুরাশি কত?

(a) −3 (b) 3 (c) −26 (d) 26

38. $\begin{vmatrix}7 & 8 & 9\\ 10 & 11 & 12\\ 13 & 14 & 15\end{vmatrix}$ ম্যাট্রিক্সের ট্রেস কত?

(a) 33 (b) 24 (c) 42 (d) 32

39. A Matrix এর মাত্রা 2 × 3 হলে A^t এর মাত্রা হবে-

(a) 5 × 3 (b) 3 × 2 (c) 2 × 3 (d) 3 × 3

40. $\begin{vmatrix}x+4 & 3 & 3\\ 3 & x+4 & 5\\ 5 & 5 & x+4\end{vmatrix}=0$ হলে x =?

(a) 1,2,3 (b) 1, −1, −12 (c) − 1,1,12 (d) 0,1,0

41. নির্ণায়কের ক্ষেত্রে কোনটি সঠিক?

(a) $\begin{vmatrix} 0 & a_1 & b_1 \\ 0 & a_2 & b_2 \\ 0 & a_3 & b_3 \end{vmatrix} \neq 0$

(b) $\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix} = -\begin{vmatrix} a_1 & a_2 & a_3 \\ b_1 & b_2 & b_3 \\ c_1 & c_2 & c_3 \end{vmatrix}$

(c) $\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix} = -\begin{vmatrix} b_1 & a_1 & c_1 \\ b_2 & a_2 & c_2 \\ b_3 & a_3 & c_3 \end{vmatrix}$

(d) কোনটিই নয়।

42. কোন ম্যাট্রিক্সটি ব্যতিক্রমী?

(a) $\begin{bmatrix} 1 & 2 \\ 3 & 4 \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} 1 & 2 \\ 6 & 3 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} 2 & 3 \\ 4 & 6 \end{bmatrix}$ (d) কোনটিই নয়

43. কোনটি ভুল?

(a) $(A^T)^T = A$ (b) $IA = AI$ (c) $(AB)^T = A^T.B^T$ (d) $A(BC) = (AB)C$

44. $A = \begin{bmatrix} a & 7 & -3 \\ -7 & b & -3 \\ 3 & 3 & c \end{bmatrix}$ একটি Skew symmetric matrix তাহলে এর ট্রেস-

(a) $(a + b + c)$ (b) 0 (c) নির্ণয়যোগ্য নয় (d) a ও b উভয়ই

45. A একটি বর্গ ম্যাট্রিক্স যেখানে, $A^2 = A$; তাহলে, $(I + A)^3 - 7A = ?$

(a) A (b) $I - A$ (c) I (d) 3A

46. $A = [a_{ij}]_{m\times n}$ একটি বর্গ ম্যাট্রিক্স হলে কোনটি সত্য?

(a) $m \geq n$ (b) $m \leq n$ (c) $m = n$ (d) None

47. $x + y = \begin{bmatrix} 5 & 2 \\ 0 & 4 \end{bmatrix}$ এবং $x - y = \begin{bmatrix} 3 & 6 \\ 0 & -1 \end{bmatrix}$ হলে, x =?

(a) $\begin{bmatrix} 4 & 4 \\ 0 & \frac{3}{2} \end{bmatrix}$ (b) $\begin{bmatrix} 4 & 0 \\ 4 & 0 \end{bmatrix}$ (c) $\begin{bmatrix} 4 & 4 \\ 0 & -\frac{3}{2} \end{bmatrix}$ (d) $\begin{bmatrix} -4 & 4 \\ 0 & \frac{3}{2} \end{bmatrix}$

48. যদি X, Y, W, P ম্যাট্রিক্সগুলোর আকার যথাক্রমে $2 \times n, 3 \times k, n \times 3, z \times k$ হয় তবে PY + WY নির্ণয় সম্ভব হবে যখন?

(a) $k = 3, z = n$ (b) $k = 2, z = 3$ (c) $k = 3, z = 1$ (d) $k = 1, z = 3$

49. $\begin{vmatrix} 2 & a & 6-a \\ 3 & b & 9-b \\ 9 & c & 27-c \end{vmatrix} = ?$

(a) 0 (b) 2 (c) 1 (d) 4

50. A ম্যাট্রিক্সটি প্রতিসম ও বিপ্রতিসম হলে নিচের কোনটি সত্য?

(a) A হবে একটি বর্গ ম্যাট্রিক্স (b) A হবে শূন্য ম্যাট্রিক্স

(c) A হবে কর্ণ ম্যাট্রিক্স (d) কোনটিই নয়

Written

51. $A = \begin{bmatrix} 3 & -4 & 2 \\ -2 & 1 & 0 \\ -1 & -1 & 1 \end{bmatrix}$ এর বিপরীত ম্যাট্রিক্স নির্ণয় কর।

52. A ও B যদি বর্গ ম্যাট্রিক্স হয়, তাহলে দেখাও যে, $(AB)^{-1} = B^{-1}A^{-1}$ । [ধরে নাও, ইনভার্সগুলোর অস্তিত্ব আছে]

53. সমাধান কর: $\begin{vmatrix} x+3 & 4 & 2 \\ 4 & x+2 & 3 \\ 2 & 3 & x+4 \end{vmatrix} = 0$

54. ক্রেমারের (Cramer) সূত্রের সাহায্যে সমীকরণটির জোট সমাধান নির্ণয় কর: $\begin{aligned} 2x + y + 3z &= 13 \\ x - y + 6z &= 17 \\ 5x + 10y - 6z &= 7 \end{aligned}$

55. $\begin{vmatrix}1 & a & b+c\\1 & b & c+a\\1 & c & a+b\end{vmatrix} = ?$

56. সমাধান কর: $\begin{vmatrix}1 & 4 & x\\2 & 5 & 8\\3 & 6 & 9\end{vmatrix} = \begin{vmatrix}22 & 4 & x\\26 & 5 & 8\\30 & 6 & 9\end{vmatrix}$

57. যদি $A = \begin{pmatrix}-2 & 1\\\frac{3}{2} & -\frac{1}{2}\end{pmatrix}$ হয়, তবে A^{-1} এর মান নির্ণয় কর।

58. $A = \begin{bmatrix}3 & -2\\4 & -2\end{bmatrix}$ এবং $A^2 = kA - 2I_2$ হলে, $k = ?$

59. সমাধান কর: $\begin{vmatrix}x+a & b & c\\c & x+b & a\\a & b & x+c\end{vmatrix} = 0$

60. সমাধান কর: $\begin{vmatrix}x^4 & x^4 & 1\\3 & 1 & 1\\0 & 0 & 1\end{vmatrix} = 0$

61. $A = \begin{pmatrix}1 & 0 & 0\\0 & \cos t & \sin t\\0 & -\sin t & \cos t\end{pmatrix}$ ম্যাট্রিক্সের ট্রেস $= \sqrt{2} + 1$ হলে, $t = ?$ যখন $-\pi \leq t < \pi$

62. $A = \begin{bmatrix}d_1 & 0\\0 & d_2\end{bmatrix}$ একটি সমঘাতী ম্যাট্রিক্স হলে, d_1 ও d_2 এর মান নির্ণয় কর।

প্র্যাক্টিস প্রবলেমের সমাধান

MCQ

01. **Sol^n: (b);** $AB = A \Rightarrow A^{-1}(AB) = A^{-1}A$
$\Rightarrow (A^{-1}A)B = A^{-1}A$; [Associativity]$\Rightarrow IB = I\ [\because X^{-1}X = I] \Rightarrow B = I$; $[\because IX = X]$ একইভাবে, $A = I \therefore A = B = I$.

02. **Sol^n: (a);** $\begin{vmatrix}a & 1 & b+c\\b & 1 & c+a\\c & 1 & a+b\end{vmatrix}\ [c_1' = c_1 + c_3]$
$= \begin{vmatrix}a+b+c & 1 & b+c\\a+b+c & 1 & c+a\\a+b+c & 1 & a+b\end{vmatrix} = (a+b+c)\begin{vmatrix}1 & 1 & b+c\\1 & 1 & c+a\\1 & 1 & a+b\end{vmatrix} = 0$ [c_1 ও c_2 অভিন্ন]

03. **Sol^n: (d);** $\begin{vmatrix}1 & bc & bc(b+c)\\1 & ca & ca(c+a)\\1 & ab & ab(a+b)\end{vmatrix} = \frac{1}{abc}\begin{vmatrix}a & abc & abc(b+c)\\b & abc & abc(c+a)\\c & abc & abc(a+b)\end{vmatrix} = \frac{1}{abc}.abc.abc.\begin{vmatrix}a & 1 & b+c\\b & 1 & c+a\\c & 1 & a+b\end{vmatrix}$
$= abc\begin{vmatrix}a+b+c & 1 & b+c\\a+b+c & 1 & c+a\\a+b+c & 1 & a+b\end{vmatrix} = abc(a+b+c)\begin{vmatrix}1 & 1 & b+c\\1 & 1 & c+a\\1 & 1 & a+b\end{vmatrix} = 0$ [c_1ও c_2 অভিন্ন]

04. **Sol^n: (a);** $\begin{vmatrix}1 & \omega & \omega^2\\\omega & \omega^2 & 1\\\omega^2 & 1 & \omega\end{vmatrix} = \begin{vmatrix}1+\omega+\omega^2 & \omega & \omega^2\\1+\omega+\omega^2 & \omega^2 & 1\\1+\omega+\omega^2 & 1 & \omega\end{vmatrix} = 0\ [\because 1+\omega+\omega^2 = 0]$

05. **Sol^n: (a);** ম্যাট্রিক্সটি ব্যতিক্রমী তাই এর নির্ণায়কের মান শূন্য। $\therefore \begin{vmatrix}p+4 & 8\\2 & p-2\end{vmatrix} = 0 \Rightarrow (p+4)(p-2) - 16 = 0$
$\Rightarrow P^2 + 2p - 8 - 16 = 0 \Rightarrow p^2 + 2P - 24 = 0 \Rightarrow p^2 + 6p - 4p - 24 = 0 \Rightarrow p(p+6) - 4(p+6) = 0$
$\Rightarrow (p+6)(p-4) = 0 \therefore p = -6, 4$

06. **Sol^n: (c);** $A = \begin{bmatrix}7 & 6\\8 & 7\end{bmatrix} \therefore$ A এর Adjoint Matrix $= \begin{bmatrix}7 & -6\\-8 & 7\end{bmatrix}$; $|A| = 1 \therefore A^{-1} = \frac{adj(A)}{|A|} = \begin{bmatrix}7 & -6\\-8 & 7\end{bmatrix}$

07. **Sol^n: (a);** $(x,y,z) \equiv (1,1,1)$ হলে, $\begin{vmatrix}x+y & x & y\\x & x+z & z\\y & z & y+z\end{vmatrix} = \begin{vmatrix}2 & 1 & 1\\1 & 2 & 1\\1 & 1 & 2\end{vmatrix} = 4$
$= 4.1.1.1 = 4xyz$ যেহেতু এটি একটি অভেদ, সেহেতু x, y, z -এর সকল মানের জন্য ইহা সত্য হবে।

08. **Sol^n: (b);** যদি, $x = \alpha$; $\begin{vmatrix} \alpha & \alpha & \alpha \\ \beta & \beta & \beta \\ \theta & \alpha & \theta \end{vmatrix} = \alpha\beta \begin{vmatrix} 1 & 1 & 1 \\ 1 & 1 & 1 \\ \theta & \alpha & \theta \end{vmatrix} = 0$

যদি, $x = \theta$; $\begin{vmatrix} \alpha & \alpha & \theta \\ \beta & \beta & \beta \\ \theta & \theta & \theta \end{vmatrix} = \beta\theta \begin{vmatrix} \alpha & \alpha & \theta \\ 1 & 1 & 1 \\ 1 & 1 & 1 \end{vmatrix} = 0$; যদি,$x = \beta$; $\begin{vmatrix} \alpha & \alpha & \beta \\ \beta & \beta & \beta \\ \theta & \beta & \theta \end{vmatrix} \neq 0$ or, $\begin{vmatrix} \alpha & \alpha & x \\ \beta & \beta & \beta \\ \theta & x & \theta \end{vmatrix} \neq 0$

বিকল্প: $\beta[\alpha(\theta - x) - \alpha(\theta - \theta) + x(x - \theta)] = 0 \Rightarrow \beta(\alpha - x)(\theta - x) = 0 \therefore x = \theta, \alpha$

09. **Sol^n: (a);** $\begin{bmatrix} 10 & 13 & 16 \\ 1 & 1 & 1 \\ 1 & 1 & 1 \end{bmatrix} = 0 \begin{bmatrix} r_2' = r_2 - r_1 \\ r_3' = r_3 - r_2 \end{bmatrix}$

10. **Ans:** (c) $\begin{pmatrix} 6 & 0 \\ 10 & -3 \end{pmatrix}$

11. **Sol^n: (d);** $[c_3' = c_3 - c_2, c_2' = c_2 - c_1]$

12. **Ans:** (a) 2×3

13. **Ans:** (a) 3×3

14. **Ans:** (c) $m \times p$

15. **Sol^n: (d);** আমরা জানি, কোন নির্ণায়কের দুটি সারি বা কলাম একই হলে এর মান 0 হয়।

16. **Sol^n: (d);** $\begin{vmatrix} 1 & 2 & 3 \\ 5 & 9 & 7 \\ 2 & 4 & 6 \end{vmatrix} = 1(54 - 28) + 2 \times (14 - 30) + 3(20 - 18) = 26 - 32 + 6 = 0$

17. **Sol^n: (b);** দুইটি সারি বা কলাম একই হলে এদের নির্ণায়ক শূন্য হবে।

18. **Ans:** (c) অসম্ভব

19. **Ans:** (a) $[6 \quad 1 \quad -3]$

20. **Ans:** (a); সমান্তর প্রগমনে আছে

21. **Ans:** (b) $\begin{bmatrix} 3 & 2 \\ 18 & 12 \end{bmatrix}$

22. **Ans:** (d) $\begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$

23. **Ans:** (c) 0

24. **Ans:** (a) $\begin{bmatrix} 0 & 0 \\ 0 & 0 \end{bmatrix}$

25. **Ans:** (c) $\begin{bmatrix} 0 & 0 & 0 \\ 0 & 0 & 0 \\ 0 & 0 & 0 \end{bmatrix}$

26. **Ans:** (d) 0

27. **Sol^n: (c);** $I = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix}$; $2A - 3I = \begin{bmatrix} 1 & -2 \\ 8 & 3 \end{bmatrix}$

28. **Ans:** (a) 0

29. **Ans:** (a) $\begin{bmatrix} 1 & 0 \\ 15 & 16 \end{bmatrix}$

30. **Sol^n: (d);** Matrix দুটি সম-মাত্রার নয়।

31. **Ans:** (d) $\begin{bmatrix} 4 & -2 & 4 \\ -3 & 6 & 14 \end{bmatrix}$

32. **Ans:** (d) 0

33. **Ans:** (b) -1

34. **Sol^n: (b);** $I = -(3A^3 - 2A^2 + 5AI) = 2A^2 - 3A^3 - 5AI$

$\Rightarrow A^{-1} = 2A - 3A^2 - 5I \; [\because A^{-1}A = I, IA = A]$

35. **Ans: (b);** $(-1)^{2+2} \begin{vmatrix} 1 & 7 \\ 4 & 8 \end{vmatrix} = 8 - 28 = -20$

36. **Sol^n: (c);** $A = \begin{bmatrix} 1 & 2 \\ 3 & 4 \end{bmatrix} \therefore A^{-1} = \frac{1}{4-6} \begin{bmatrix} 4 & -2 \\ -3 & 1 \end{bmatrix} = \begin{bmatrix} -2 & 1 \\ \frac{3}{2} & -\frac{1}{2} \end{bmatrix}$

37. **Sol^n: (a);** 8 এর অনুরাশি $= \begin{vmatrix} 1 & 3 \\ 2 & 9 \end{vmatrix} = 9 - 6 = 3$

38. **Sol^n: (a);** ট্রেস $= 7 + 11 + 15 = 33$

39. **Ans:** (b) 3×2

40. **Ans:** (b) $1, -1, -12$

41. **Ans:** (c) $\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix} = -\begin{vmatrix} b_1 & a_1 & c_1 \\ b_2 & a_2 & c_2 \\ b_3 & a_3 & c_3 \end{vmatrix}$

42. **Ans:** (c) $\begin{bmatrix} 2 & 3 \\ 4 & 6 \end{bmatrix}$

43. **Ans:** (c) $(AB)^T = A^T.B^T$

44. **Ans:** (d) a ও b উভয়ই

45. **Sol^n: (c);** $A^2 = A \ldots\ldots\ldots (i)$ এবং $(I + A)^3 - 7A = I^3 + A^3 + 3I^2A + 3IA^2 - 7A$
$= I + A^2 \cdot A + 3A + 3A - 7A = I + A^2 - A = I + A - A = I$ **(Ans.)**

46. **Ans:** (c) $m = n$

47. **Ans:** (a) $\begin{bmatrix} 4 & 4 \\ 0 & \frac{3}{2} \end{bmatrix}$

48. **Sol^n:** (a) $k = 3, z = n$

$$\overline{P_{z\times k}\ Y_{3\times k}} + \underbrace{W_{n\times 3}\ Y_{3\times k}} = \boxed{}_{z\times k} + \boxed{}_{n\times k}$$ হবে

$\therefore k = 3$ হবে।

যেহেতু যোগ অতএব order same হতে হবে

$\therefore z = n$ এবং $k = 3$ হবে। **(Ans.)**

49. **Ans:** (a) 0

50. **Sol^n: (b);** দেওয়া আছে, $A' = A \ldots\ldots\ldots (i)$ এবং $A' = -A \ldots\ldots\ldots (ii)$
$\therefore$ (i) ও (ii) হতে: $A' + A' = 0; 2A' = 0 \Rightarrow A' = 0$
যেহেতু, $A' = 0$ বা Null Matrix so, $A = 0$ হবে। $\therefore$ শূন্য ম্যাট্রিক্সের transpose matrix এ কোনো পরিবর্তন হবে না।

Written

51. **Sol^n:** A এর অনুবন্ধী ম্যাট্রিক্স, Adj (A) $= \begin{bmatrix} 1+0 & -(-2+0) & 2+1 \\ -(-4+2) & 3+2 & -(-3-4) \\ 0-2 & -(0+4) & 3-8 \end{bmatrix}^T$

$= \begin{bmatrix} 1 & 2 & 3 \\ 2 & 5 & 7 \\ -2 & -4 & -5 \end{bmatrix}^T = \begin{bmatrix} 1 & 2 & -2 \\ 2 & 5 & -4 \\ 3 & 7 & -5 \end{bmatrix} \therefore A^{-1} = \frac{1}{|A|}\text{Adj}(A) = \frac{1}{1}\begin{bmatrix} 1 & 2 & -2 \\ 2 & 5 & -4 \\ 3 & 7 & -5 \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 2 & -2 \\ 2 & 5 & -4 \\ 3 & 7 & -5 \end{bmatrix}$

52. **Sol^n:** $(AB)^{-1}$ হল সেই অনন্য ম্যাট্রিক্স যা নিচের সমীকরণকে সিদ্ধ করে $(AB)(AB)^{-1} = (AB)^{-1}(AB) = I \ldots\ldots (i)$
এখন খেয়াল করি, $(AB)(B^{-1}A^{-1}) = A(B.B^{-1})A^{-1}$
$= A.IA^{-1} = A.A^{-1} = I$ এবং $(B^{-1}A^{-1})(AB) = B^{-1}(A^{-1}.A)B = B^{-1}.I.$
$B = B^{-1}.B = I \therefore (AB)(B^{-1}A^{-1}) = (B^{-1}A^{-1})(AB) = I \ldots\ldots (ii)$
যেহেতু, বর্গ ম্যাট্রিক্স ইনভার্স অনন্য, তাই (i) ও (ii) তুলনা করে পাই $(AB)^{-1} = B^{-1}A^{-1}$.

53. **Sol^n:** $(x+9)\begin{vmatrix} 1 & 4 & 2 \\ 1 & x+2 & 3 \\ 1 & 3 & x+4 \end{vmatrix} = 0\ [c_1' = c_1 + c_2 + c_3]$

$\Rightarrow (x+9)\begin{vmatrix} 0 & 2-x & -1 \\ 0 & x-1 & -(x+1) \\ 1 & 3 & x+4 \end{vmatrix} = 0\ \ [r_1' = r_1 - r_2,\ r_2' = r_2 - r_3]$

$\Rightarrow (x+9)\begin{vmatrix} 2-x & -1 \\ x-1 & -(x+1) \end{vmatrix} = 0 \Rightarrow (x+9)\{-(2-x)(x+1) + (x-1)\} = 0$

$\Rightarrow (x+9)(x^2-3) = 0 \therefore x = -9, \pm\sqrt{3}$

54. **Sol^n:** $D = \begin{vmatrix} 2 & 1 & 3 \\ 1 & -1 & 6 \\ 5 & 10 & -6 \end{vmatrix} = 2(6-60) - 1(-6-30) + 3(10+5) = -27$

$x = \frac{D_x}{D} = \frac{\begin{vmatrix} 13 & 1 & 3 \\ 17 & -1 & 6 \\ 7 & 10 & -6 \end{vmatrix}}{-27} = \frac{13(6-60)-1(-102-42)+3(170+7)}{-27} = 1$

$y = \frac{D_y}{D} = \frac{\begin{vmatrix} 2 & 13 & 3 \\ 1 & 17 & 6 \\ 5 & 7 & -6 \end{vmatrix}}{-27} = \frac{-54}{-27} = 2,\ z = \frac{D_z}{D} = \frac{\begin{vmatrix} 2 & 1 & 13 \\ 1 & -1 & 17 \\ 5 & 10 & 7 \end{vmatrix}}{-27} = \frac{-81}{-27} = 3.$

55. **Sol^n:** $\begin{vmatrix} 1 & a & b+c \\ 1 & b & c+a \\ 1 & c & a+b \end{vmatrix} = \begin{vmatrix} 1 & a & a+b+c \\ 1 & b & a+b+c \\ 1 & c & a+b+c \end{vmatrix} [c_3' = c_3 + c_2] = (a+b+c) \begin{vmatrix} 1 & a & 1 \\ 1 & b & 1 \\ 1 & c & 1 \end{vmatrix} = 0$ [c_1 ও c_3 অভিন্ন]

56. **Sol^n:** $\begin{vmatrix} 22-1 & 4 & x \\ 26-2 & 5 & 8 \\ 30-3 & 6 & 9 \end{vmatrix} = 0 \Rightarrow \begin{vmatrix} 21 & 4 & x \\ 24 & 5 & 8 \\ 27 & 6 & 9 \end{vmatrix} = 0 \therefore x = 7$

57. **Sol^n: (d);** $|A| = \begin{bmatrix} -2 & 1 \\ \frac{3}{2} & -\frac{1}{2} \end{bmatrix} = 1 - \frac{3}{2} = -\frac{1}{2}$

A^T এর Adjoint matrix $= \begin{bmatrix} -\frac{1}{2} & -1 \\ -\frac{3}{2} & -2 \end{bmatrix} \therefore A^{-1} = \frac{Adj(A^T)}{|A|} = \frac{\begin{bmatrix} -\frac{1}{2} & -1 \\ -\frac{3}{2} & -2 \end{bmatrix}}{-\frac{1}{2}} = -2 \begin{bmatrix} -\frac{1}{2} & -1 \\ -\frac{3}{2} & -2 \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 2 \\ 3 & 4 \end{bmatrix}$

58. **Sol^n:** $A^2 = A \cdot A = \begin{bmatrix} 3 & -2 \\ 4 & -2 \end{bmatrix} \begin{bmatrix} 3 & -2 \\ 4 & -2 \end{bmatrix}$

এখন, $A^2 = kA - 2I_2 \Rightarrow A^2 + 2I_2 = kA \Rightarrow kA = \begin{bmatrix} 1 & -2 \\ 4 & -4 \end{bmatrix} + 2 \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix} = \begin{bmatrix} 1 & -2 \\ 4 & -4 \end{bmatrix} + \begin{bmatrix} 2 & 0 \\ 0 & 2 \end{bmatrix} = \begin{bmatrix} 3 & 2 \\ 4 & -2 \end{bmatrix}$

$\Rightarrow kA = A \Rightarrow kA \cdot A^{-1} = A \cdot A^{-1} \left(A = \begin{bmatrix} 3 & -2 \\ 4 & -2 \end{bmatrix} \right) \therefore k = I_2 = 1$

59. **Sol^n:** $\begin{vmatrix} x+a & b & c \\ c & x+b & a \\ a & b & x+c \end{vmatrix} = 0 \Rightarrow \begin{vmatrix} x+a+b+c & b & c \\ x+a+b+c & x+b & a \\ x+a+b+c & b & x+c \end{vmatrix} = 0\ [c_1' = c_1 + c_2 + c_3]$

$\Rightarrow \begin{vmatrix} x+a+b+c & b & c \\ 0 & x & 0 \\ 0 & 0 & x \end{vmatrix} = 0 \begin{bmatrix} R_3' = R_3 - R_1 \\ R_2' = R_2 - R_1 \end{bmatrix}$

$\Rightarrow (x+a+b+c)(x \cdot x - 0) = 0 \Rightarrow (x+a+b+c)x^2 = 0$

$x+a+b+c = 0 \therefore x = -(a+b+c)$ অথবা, $x^2 = 0 \therefore x = 0$

60. **Sol^n:** $\begin{vmatrix} x^4 & x^2 & 1 \\ 3 & 1 & 1 \\ 0 & 0 & 1 \end{vmatrix} = 0 \Rightarrow x^4 - 3x^2 = 0 \Rightarrow x^2(x^2-3) = 0; x^2 = 0 \therefore x = 0$

অথবা, $x^2 - 3 = 0 \therefore x = \pm\sqrt{3} \therefore$ নির্ণেয় সমাধান $x = 0, \pm\sqrt{3}$

61. **Sol^n:** $\sqrt{2} + 1 = 1 + \cos t + \cos t \Rightarrow 2\cos t = \sqrt{2} \Rightarrow \cos t = \frac{1}{\sqrt{2}} = \cos\frac{\pi}{4} \Rightarrow t = 2n\pi \pm \frac{\pi}{4} [n \in z]$

$\therefore n = 0$ হলে, $t = \pm\frac{\pi}{4}$ **(Ans.)**

62. **Sol^n:** $A^2 = A \Rightarrow \begin{bmatrix} d_1 & 0 \\ 0 & d_2 \end{bmatrix} \cdot \begin{bmatrix} d_1 & 0 \\ 0 & d_2 \end{bmatrix} = \begin{bmatrix} d_1 & 0 \\ 0 & d_2 \end{bmatrix}$

$\Rightarrow \begin{bmatrix} d_1^2 & 0 \\ 0 & d_2^2 \end{bmatrix}_{2\times2} = \begin{bmatrix} d_1 & 0 \\ 0 & d_2 \end{bmatrix}_{2\times2}$ ∴ ম্যাট্রিক্স সমতা হতে: $d_1^2 = d_1 \Rightarrow d_1(d_1 - 1) = 0 \therefore d_1 = 0, 1$

এবং $d_2^2 = d_2 \Rightarrow d_2(d_2 - 1) = 0 \therefore d_2 = 0, 1$

> তোমার জীবনে কিছু মানুষ আর্শীবাদ হিসেবে আসবে, কেউ কেউ আসবে শিক্ষা হিসেবে!
>
> মাদার তেরেসা

অধ্যায় ০৩

সরলরেখা

গুরুত্বপূর্ণ প্রাথমিক আলোচনা

১ **কার্তেসীয় স্থানাঙ্ক এবং পোলার স্থানাঙ্কের মধ্যে সম্পর্ক: (Relation between Cartesian and Polar Coordinates):**



চিত্রটি থেকে আমরা পাই, $\frac{PN}{OP} = \sin\theta \Rightarrow \frac{y}{r} = \sin\theta \Rightarrow y = r\sin\theta$ ……… (i)

আবার, $\frac{ON}{OP} = \cos\theta \Rightarrow \frac{x}{r} = \cos\theta \Rightarrow x = r\cos\theta$ ……… (ii)

আবার, (i) নং এবং (ii) নং সমীকরণকে বর্গ করে যোগ করে পাই, $r^2 = x^2 + y^2$

$\therefore r = \sqrt{x^2+y^2}$ ……… (iii)

সমীকরণ (i) কে সমীকরণ (ii) দ্বারা ভাগ করে পাই, $\tan\theta = \frac{y}{x}$

$\therefore \theta = \tan^{-1}\frac{y}{x}$ ………… (iv)

(i) এবং (ii) সমীকরণদ্বয় ব্যবহার করে পোলার স্থানাঙ্ককে কার্তেসীয় স্থানাঙ্কে রূপান্তর করা যায়।

আবার, (iii) এবং (iv) সমীকরণদ্বয় ব্যবহার করে কার্তেসীয় স্থানাঙ্ককে পোলার স্থানাঙ্কে রূপান্তর করা যায়।

- θ এর মান অনেক সময় সমস্যার সৃষ্টি করে, তা দূর করার লক্ষ্যে নিম্নের চিত্রগুলো খেয়াল করতে হবে।



এখানে, $\theta = \theta'$



এখানে, $\theta = \pi - |\theta'|$



এখানে, $\theta = -\pi + \theta'$ বা $\pi + \theta'$



এখানে, $\theta = -\theta'$ বা $2\pi - \theta'$

$\tan^{-1}\frac{y}{x}$ = x অক্ষের সাথে উৎপন্ন সূক্ষ্ম কোণ θ = x অক্ষের ধনাত্মক দিকের সাথে উৎপন্ন ক্ষুদ্রতম কোণ। $x > 0, y > 0$ হলে,

অর্থাৎ, (x, y) বিন্দুর ক্ষেত্রে (১ম চতুর্ভাগে), $\theta = \tan^{-1}\left|\frac{y}{x}\right|$ [ধনাত্মক কোণ]

$(-x, y)$ বিন্দুর ক্ষেত্রে (২য় চতুর্ভাগে), $\theta = \pi - \tan^{-1}\left|\frac{y}{x}\right|$ [ধনাত্মক কোণ]

$(-x, -y)$ বিন্দুর ক্ষেত্রে (৩য় চতুর্ভাগে), $\theta = -\pi + \tan^{-1}\left|\frac{y}{x}\right|$ [ঋণাত্মক কোণ] অথবা, $\theta = \pi + \tan^{-1}\left|\frac{y}{x}\right|$ [ধনাত্মক কোণ]

$(x, -y)$ বিন্দুর ক্ষেত্রে (৪র্থ চতুর্ভাগে), $\theta = -\tan^{-1}\left|\frac{y}{x}\right|$ [ঋণাত্মক কোণ] অথবা, $\theta = 2\pi - \tan^{-1}\left|\frac{y}{x}\right|$ [ধনাত্মক কোণ]

- $A(x_1, y_1)$ এবং $B(x_2, y_2)$ বিন্দুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব, $AB = \sqrt{(x_1 - x_2)^2 + (y_1 - y_2)^2}$
- x অক্ষ হতে (x, y) বিন্দুর দূরত্ব $= |y|$ এবং y অক্ষ হতে (x, y) বিন্দুর দূরত্ব $= |x|$
- (r_1, θ_1) এবং (r_2, θ_2) বিন্দুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব, $\sqrt{r_1^2 + r_2^2 - 2r_1r_2\cos(\theta_1 - \theta_2)}$
- $A(x_1, y_1)$ এবং $B(x_2, y_2)$ বিন্দুদ্বয়ের সংযোজক সরলরেখাকে $C(x, y)$ বিন্দুটি $m_1 : m_2$ অনুপাতে অন্তর্বিভক্ত করলে, $x = \frac{m_1x_2 + m_2x_1}{m_1 + m_2}$ এবং $y = \frac{m_1y_2 + m_2y_1}{m_1 + m_2}$
- $A(x_1, y_1)$ এবং $B(x_2, y_2)$ বিন্দুদ্বয়ের সংযোজক সরলরেখাকে $C(x, y)$ বিন্দুটি $m_1 : m_2$ অনুপাতে বহির্বিভক্ত করলে, $x = \frac{m_1x_2 - m_2x_1}{m_1 - m_2}$ এবং $y = \frac{m_1y_2 - m_2y_1}{m_1 - m_2}$
- $A(x_1, y_1)$ এবং $B(x_2, y_2)$ বিন্দুদ্বয়ের সংযোজক সরলরেখার মধ্যবিন্দু $\left(\frac{x_1 + x_2}{2}, \frac{y_1 + y_2}{2}\right)$

- $A(x_1, y_1), B(x_2, y_2)$ এবং $C(x_3, y_3)$ বিন্দুত্রয় দ্বারা গঠিত ত্রিভুজের ভরকেন্দ্র $= \left(\frac{x_1+x_2+x_3}{3}, \frac{y_1+y_2+y_3}{3}\right)$

  ত্রিভুজের অন্তঃকেন্দ্র: $\left(\frac{ax_1+bx_2+cx_3}{a+b+c}, \frac{ay_1+by_2+cy_3}{a+b+c}\right)$ যেখানে a, b, c বাহুগুলোর দৈর্ঘ্য।



- $A(x_1, y_1), B(x_2, y_2)$ এবং $C(x_3, y_3)$ বিন্দুত্রয়ের সমন্বয়ে গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল-

$$\Delta = \frac{1}{2}\left|\begin{vmatrix} x_1 & y_1 \\ x_2 & y_2 \end{vmatrix} + \begin{vmatrix} x_2 & y_2 \\ x_3 & y_3 \end{vmatrix} + \begin{vmatrix} x_3 & y_3 \\ x_1 & y_1 \end{vmatrix}\right| \text{ বর্গএকক} = \frac{1}{2}\begin{vmatrix} x_1 & y_1 & 1 \\ x_2 & y_2 & 1 \\ x_3 & y_3 & 1 \end{vmatrix} \text{ বর্গএকক} = \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_1 \end{vmatrix} \text{ বর্গএকক}$$

- আয়তক্ষেত্র/সামন্তরিক/রম্বসের তিনটি শীর্ষ বিন্দুর স্থানাঙ্ক $(x_1, y_1), (x_2, y_2), (x_3, y_3)$ হলে এর চতুর্থ শীর্ষ বিন্দুর স্থানাঙ্ক হবে, $(x_1 + x_3 - x_2, \ y_1 + y_3 - y_2)$

টাইপভিত্তিক সমস্যা ও সমাধান

Type–01: স্থানাঙ্ক ব্যবস্থার রূপান্তর সম্পর্কিত সমস্যা

Concept

(i) কোনো বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক থেকে পোলার স্থানাঙ্কের রূপান্তরের ক্ষেত্রে: $r = \sqrt{x^2 + y^2}$

- ➢ $\theta = \tan^{-1}\left|\frac{y}{x}\right|$ [১ম চতুর্ভাগ]
- ➢ $\theta = \pi - \tan^{-1}\left|\frac{y}{x}\right|$ [২য় চতুর্ভাগ]
- ➢ $\theta = -\pi + \tan^{-1}\left|\frac{y}{x}\right|$ (ঋণাত্মক কোণ) অথবা, $\theta = \pi + \tan^{-1}\left|\frac{y}{x}\right|$ (ধনাত্মক কোণ) [৩য় চতুর্ভাগ]
- ➢ $\theta = -\tan^{-1}\left|\frac{y}{x}\right|$ (ঋণাত্মক কোণ) অথবা, $\theta = 2\pi - \tan^{-1}\left|\frac{y}{x}\right|$ (ধনাত্মক কোণ) [৪র্থ চতুর্ভাগ]

(ii) কোনো বিন্দুর পোলার স্থানাঙ্ক থেকে কার্তেসীয় স্থানাঙ্কে পরিবর্তনের ক্ষেত্রে: $x = r\cos\theta$; $y = r\sin\theta$

(iii) কার্তেসীয় সমীকরণকে পোলার সমীকরণে পরিবর্তনের ক্ষেত্রে:

- ➢ x এর জায়গায় $r\cos\theta$ এবং y এর জায়গায় $r\sin\theta$ বসাতে হবে।
- ➢ $x^2 + y^2$ এর জায়গায় r^2 বসাতে হবে।

(iv) পোলার সমীকরণকে কার্তেসীয় সমীকরণে পরিবর্তনের ক্ষেত্রে:

- ➢ r^2 এর জায়গায় $x^2 + y^2$ বসাতে হবে।
- ➢ $r\cos\theta$ ও $r\sin\theta$ এর জায়গায় যথাক্রমে x ও y বসাতে হবে।

Problems

Example-01: $(x + 5, 2y + 1) = (2y + 4, 3y)$ হলে, x এর মান কত? **[Agri. Guccho'20-21]**

Solⁿ: সমতা করে পাই, $2y + 1 = 3y \therefore y = 1$

আবার, $x + 5 = 2y + 4 \therefore x = 2y - 1 = 2 \times 1 - 1 = 1$

Example-02: $(x + y, -1)$ এবং $(3, x - y)$ ক্রমজোড় দুটি সমান হলে, (x, y) এর মান কত হবে- **[CU'20-21]**

Solⁿ: সমতা করে পাই,

$$\begin{array}{r} x + y = 3 \\ x - y = -1 \\ \hline \end{array}$$

$(+) \Rightarrow 2x = 2 \therefore x = 1$ এবং $(-) \Rightarrow 2y = 4 \therefore y = 2$ $\quad \therefore (x, y) = (1,2)$ **(Ans.)**

Example-03: একটি বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক $(-1, \sqrt{3})$ হলে, পোলার স্থানাঙ্ক কত? **[JU' 18-19, 11-12, JnU' 12-13]**

Solⁿ: $r = \sqrt{(-1)^2 + (\sqrt{3})^2} = 2$ এবং $\theta = \pi - \tan^{-1}\left|\frac{\sqrt{3}}{-1}\right| = \frac{2\pi}{3}$ $\therefore$ বিন্দুটির পোলার স্থানাঙ্ক $\left(2, \frac{2\pi}{3}\right)$ **(Ans.)**

Example-04: কোনো বিন্দুর পোলার স্থানাঙ্ক (c, π) হলে বিন্দুটির কার্তেসীয় স্থানাঙ্ক কত? **[DU'21-22]**

(a) $(-1, 0)$ (b) $(-c, 0)$ (c) $(c, -c)$ (d) $(-c, c)$

Sol^n: (b); $x = r\cos\theta = c\cos\pi = -c$

$y = r\sin\theta = c\sin\pi = 0$

$\therefore$ বিন্দুটি $(-c, 0)$



❖ **Shortcut:** $(-1, -\sqrt{3})$ বিন্দুর পোলার স্থানাঙ্ক কত হবে?

(a) $\left(2, -\frac{2\pi}{3}\right)$ (b) $\left(2, \frac{3\pi}{4}\right)$ (c) $\left(2, -\frac{\pi}{3}\right)$ (d) $\left(1, \frac{\pi}{3}\right)$

Sol^n: Step-01: xy তলে বিন্দুটি স্থাপন করলে দেখা যায় তা তৃতীয় চতুর্ভাগে।

Step-02: তৃতীয় চতুর্ভাগে $P(r, \theta)$ এর $\theta = -\frac{2\pi}{3}$ হবে প্রদত্ত $(-1, \sqrt{3})$ বিন্দুর জন্য, $[\because -\pi < \theta \leq \pi]$

Step:03: Option check দিয়ে দেখতে হবে কোন option, $\theta = -\frac{2\pi}{3}$ আছে এবং $r = \sqrt{(-1)^2 + (-\sqrt{3})^2} = 2$ আছে,

Step:04: Option (a) is correct.



আবার $\left(2, -\frac{2\pi}{3}\right)$ বিন্দুটির কার্তেসীয় স্থানাঙ্ক কত হবে?

(a) $(-1, -\sqrt{3})$ (b) $(-1, \sqrt{3})$ (c) $(1, -\sqrt{3})$ (d) $(0, -\sqrt{3})$

Sol^n: Step:01: xy তলে (r, θ) তথা প্রদত্ত বিন্দুটিকে স্থাপন করতে হবে।

Step:02: প্রদত্ত $\left(2, -\frac{2\pi}{3}\right)$ বিন্দুটি তাহলে তৃতীয় চতুর্ভাগ -এ অবস্থিত এবং সেক্ষেত্রে কার্তেসীয় বিন্দুর ভুজ $= -$ve এবং কোটি $= -$ve হবে।

Step:03: Option check দিয়ে দেখতে হবে কোন option ভুজ ও কোটি উভয়ই ঋণাত্মক আছে। $\therefore$ Option (a) is correct.



Example-05: পোলার সমীকরণ থেকে কার্তেসীয় সমীকরণে রূপান্তর কর: **[DU'18-19]**

(i) $r^2 = a^2\cos 2\theta$ (ii) $r = a\sin\theta$ (iii) $2r\sin^2\left(\frac{\theta}{2}\right) = 1$

Sol^n: (i) $r^2 = a^2\cos 2\theta \Rightarrow r^2 . r^2 = a^2 . r^2(\cos^2\theta - \sin^2\theta)$

$\Rightarrow (x^2 + y^2)^2 = a^2(x^2 - y^2)$ **(Ans.)**

(ii) $r = a\sin\theta \Rightarrow r^2 = a\,r\sin\theta \Rightarrow x^2 + y^2 = ay$ **(Ans.)**

(iii) $r(1 - \cos\theta) = 1 \Rightarrow r - r\cos\theta = 1 \Rightarrow r^2 = (1 + r\cos\theta)^2$

$\Rightarrow x^2 + y^2 = (1 + x)^2 \Rightarrow y^2 = 1 + 2x$ **(Ans.)**

Example-06: কার্তেসীয় সমীকরণকে পোলারে রূপান্তরিত কর- (i) $y^2 = 4(x + 1)$ এবং (ii) $x^2 - y^2 = a^2$

Sol^n: (i) $y^2 = 4x + 4 \Rightarrow x^2 + y^2 = x^2 + 2.x.2 + 2^2 \Rightarrow x^2 + y^2 = (x + 2)^2$

$\Rightarrow r^2 = (r\cos\theta + 2)^2 \therefore r = r\cos\theta + 2$ **(Ans.)**

(ii) $x^2 - y^2 = a^2 \Rightarrow r^2(\cos^2\theta - \sin^2\theta) = a^2 \therefore r^2\cos 2\theta = a^2$ **(Ans.)**

Example-07: কার্তেসীয় স্থানাঙ্ক $(-1, -\sqrt{3})$ হলে পোলার স্থানাঙ্ক কত? (যখন $r \geq 0$ এবং $\theta \in [0, 2\pi$ [এবং $\theta \in] -\pi, \pi]$

[IU'16-17] [Ans: a]

(a) $\left(2, 4\frac{\pi}{3}\right)$ অথবা $\left(2, -2\frac{\pi}{3}\right)$ (b) $\left(-2, 4\frac{\pi}{3}\right)$ অথবা $\left(2, -2\frac{\pi}{3}\right)$

(c) $\left(2, 3\frac{\pi}{4}\right)$ অথবা $\left(2, -\frac{\pi}{3}\right)$ (d) $\left(2, 4\frac{\pi}{3}\right)$ অথবা $\left(2, 2\frac{\pi}{3}\right)$

Type–02: দূরত্ব নির্ণয় সম্পর্কিত সমস্যা

Concept



- কার্তেসীয় তলে (x, y) বিন্দুর, x-অক্ষ থেকে দূরত্ব = |y| এবং y-অক্ষ থেকে দূরত্ব = |x|
- (x_1, y_1) ও (x_2, y_2) বিন্দুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব, $d = \sqrt{(x_1 - x_2)^2 + (y_1 - y_2)^2}$
- (r_1, θ_1) ও (r_2, θ_2) পোলার বিন্দুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $d = \sqrt{r_1^2 + r_2^2 - 2r_1r_2\cos(\theta_2 - \theta_1)}$

Problems

Example-08: P বিন্দুর ভুজ 4। x অক্ষ হতে p বিন্দুর দূরত্ব y অক্ষ হতে এর দূরত্বের দ্বিগুণ হলে, P বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

Sol^n: ধরি, $p(x,y)$ $\therefore$ x অক্ষ হতে P বিন্দুর দূরত্ব = |y| এবং y অক্ষ হতে P বিন্দুর দূরত্ব = |x|

শর্তমতে, $|y| = 2|x| \Rightarrow \pm y = 2|4| = 8 \therefore y = \pm 8 \therefore$ P বিন্দুর স্থানাঙ্ক হবে, (4,8) অথবা (4, −8) **(Ans.)**

Example-09: ABC সমবাহু ত্রিভুজ এবং a এর যে কোন মানের জন্য $B(\sqrt{3}+1, 3\sqrt{3})$ এবং $C(3\sqrt{3}+1, \sqrt{3})$ বিন্দু থেকে $A(a+1, a)$ বিন্দুর দুরত্ব সমান হয় তাহলে a =?

(a) $2\sqrt{3} \pm 3$ (b) $2\sqrt{3} \pm 2$ (c) $3\sqrt{2} \pm \sqrt{3}$ (d) $4 \pm \sqrt{3}$

Sol^n: (a); ABC সমবাহু ত্রিভুজ হলে, AB = BC = CA হবে, $\therefore AB^2 = BC^2 \Rightarrow (a+1-\sqrt{3}-1)^2 + (a-3\sqrt{3})^2$
$= (\sqrt{3}+1-3\sqrt{3}-1)^2 + (3\sqrt{3}-\sqrt{3})^2 \Rightarrow a^2 - 2\sqrt{3}a + 3 + a^2 - 6\sqrt{3}a + 27 = 12 + 12$
$\Rightarrow a^2 - 4\sqrt{3} + 3 = 0 \therefore a = \frac{4\sqrt{3} \pm \sqrt{48-12}}{2.1} = \frac{4\sqrt{3} \pm 6}{2} = 2\sqrt{3} \pm 3$ **(Ans.)**

❖ **Shortcut:** সমবাহু ত্রিভুজ এর ক্ষেত্রে: যে কোন শীর্ষ = {(অপর দুই শীর্ষের ভুজের গড় $\pm\sqrt{3}$ (অপর দুই শীর্ষের কোটির বিয়োগের গড়), (অপর দুই শীর্ষের কোটির গড় $\pm\sqrt{3}$ (অপর দুই শীর্ষের ভুজের বিয়োগের গড়)}

$\therefore A(a+1, a) = A\left\{\left(\frac{\sqrt{3}+1+3\sqrt{3}+1}{2} \pm \sqrt{3}\frac{(3\sqrt{3}-\sqrt{3})}{2}\right), \left(\frac{3\sqrt{3}+\sqrt{3}}{2} \pm \sqrt{3}\frac{(\sqrt{3}+1-3\sqrt{3}-1)}{2}\right)\right\}$

$\therefore a = \frac{3\sqrt{3}+\sqrt{3}}{2} \pm \sqrt{3}\frac{(\sqrt{3}+1-3\sqrt{3}-1)}{2} = 2\sqrt{3} \pm 3$ **(Ans.)**

Example-10: $(3, 90°), (3, 30°)$ বিন্দুদ্বয় পোল বিন্দুর সাথে যে ত্রিভুজ উৎপন্ন করবে?

(a) সমবাহু (b) সমকোণী (c) সমদ্বিবাহু (d) বিষমবহু

Sol^n: (a); চিত্র হতে, $OA = OB\ [r_1 = r_2 = 3]$

এবং $\angle AOB = 90° - 30° = 60°$

$\therefore \angle OBA = \angle OAB$

$= 60° [\because OA = OB]$

$\therefore \Delta AOB$ একটি সমবাহু ত্রিভুজ হবে।



Example-11: x অক্ষ থেকে (4,2) বিন্দুর দূরত্ব (6, 2) এবং (a, 2) এর মধ্যবর্তী দূরত্বের দ্বিগুণ হলে a =? [JU'16-17]

(a) 6 or 8 (b) 4 or 2 (c) 1 (d) $\frac{\sqrt{3}}{2}$

Sol^n: (সঠিক উত্তর নেই); x অক্ষ থেকে (4,2) বিন্দুর দূরত্ব = |2| = 2 এবং (6, 2) ও (a, 2) বিন্দুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $= \sqrt{(a-6)^2 + (2-2)^2}$

শর্তমতে, $2 = 2\sqrt{(a-6)^2} \Rightarrow 1 = (a-6)^2 \Rightarrow a = 6 \pm 1 = 7$ or 5

Note: Option-এ সঠিক উত্তর নেই।

Example-12: $(4,0),(8,0)$ এবং $(3,4)$ বিন্দুত্রয় দ্বারা গঠিত ত্রিভুজের জন্য তৃতীয় শীর্ষ হতে অপর বাহুর উপর অংকিত লম্বের দৈর্ঘ্য হবে-

(a) 8 (b) 4 (c) 3 (d) 2

Sol^n: (b); AB রেখা: $y = 0$

বা, x-অক্ষ।

$\therefore C(3,4)$ হতে AB এর উপর অংকিত লম্বের দৈর্ঘ্য

$= 4 = |c \text{ বিন্দুর কোটি}| = |4|$



Example-13: x অক্ষস্থ P বিন্দু থেকে (0, 2) এবং (6, 4) বিন্দু দুটি সমদূরবর্তী হলে P বিন্দুর স্থানাঙ্ক কত? **[RU' 09-10]**

Sol^n: ধরি, P বিন্দুর স্থানাঙ্ক (x, 0) [x অক্ষের উপর কোটি শূন্য]

$(x,0)$ ও $(0,2)$ বিন্দুর দূরত্ব $= \sqrt{x^2+4}$ এবং $(x,0)$ ও $(6,4)$ বিন্দুর দূরত্ব $= \sqrt{(x-6)^2+4^2}$

প্রশ্নমতে, $x^2+4 = x^2-12x+36+16 \Rightarrow 12x = 48 \Rightarrow x = 4 \therefore$ P বিন্দুর স্থানাঙ্ক (4, 0) **(Ans.)**

Example-14: 10 একক লম্ব একটি সরলরেখার একটি প্রান্তবিন্দু $(3,-2)$, অপর প্রান্তবিন্দুর ভুজ 11 হলে কোটি কত?

(a) −2 (b) 10 (c) 4 (d) −4

Sol^n: (c); $A(3,-2)$ এবং অপর প্রান্তবিন্দু $B(11,\alpha)$



$\therefore$ শর্তমতে, $\sqrt{(11-3)^2+(\alpha+2)^2} = 10 \Rightarrow 64+\alpha^2+4\alpha+4-100 = 0 \Rightarrow \alpha^2+4\alpha-32 = 0$

$\therefore \alpha = \frac{-4\pm\sqrt{16-4.1(-32)}}{2.1} = \frac{-4\pm12}{2} = -8 \text{ or } 4$

Example-15: x-অক্ষ এবং $(-5,-7)$ বিন্দু থেকে (4, a) বিন্দুটির দূরত্ব সমান হলে, a- এর মান কত? **[JU'18-19, 11-12, RU'17-18]**

Sol^n: $a^2 = (4+5)^2+(a+7)^2 \Rightarrow a^2 = 81+a^2+14a+49 \therefore a = -\frac{65}{7}$

Example-16: $x-3y-2 = 0$ রেখার ওপর অবস্থিত P বিন্দুটি (2, 3) এবং $(6,-5)$ হতে সমদূরবর্তী হলে P বিন্দুর স্থানাঙ্ক কত? **[DU'21-22]**

(a) (4, 14) (b) $(-10,4)$ (c) (14, 4) (d) $(4,-10)$

Sol^n: (c); $x-3y-2 = 0$

$\alpha-3\beta-2 = 0 \ldots\ldots\ldots (i)$

$PA^2 = PB^2 \Rightarrow (\alpha-6)^2+(\beta+5)^2$

$= (\alpha-2)^2+(\beta-3)^2$

$\Rightarrow -8\alpha+16\beta+48 = 0$

$\Rightarrow \alpha-2\beta-6 = 0 \ldots\ldots\ldots (ii)$

(i) ও (ii) নং সমাধান করে $P(14,4)$



Example-17: একটি সমবাহু ত্রিভুজের দুইটি শীর্ষবিন্দুর স্থানাঙ্ক $(0,-4)$ ও $(0,4)$; এর তৃতীয় শীর্ষবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।**[JU'10-11]**

Sol^n: Process-01: $BC = \sqrt{(4+4)^2} = 8, AB = BC$

$\Rightarrow \sqrt{x^2+(y+4)^2} = \sqrt{x^2+(y-4)^2}$

$\Rightarrow (y+4)^2-(y-4)^2 = 0 \Rightarrow y = 0$

$\therefore AB = BC \Rightarrow x^2+(0+4)^2 = 64$

$\Rightarrow x = \pm4\sqrt{3} \therefore A(\pm4\sqrt{3},0)$ **(Ans.)**

Process-02: $\therefore CD = \sqrt{AC^2-AD^2}$

$= \sqrt{8^2-4^2} = \pm4\sqrt{3}$

$\therefore$ তৃতীয় শীর্ষটি হবে, $(\pm4\sqrt{3},\ 0)$ **(Ans.)**



❖ **Shortcut:** তৃতীয় শীর্ষ $\equiv \left\{\left(\frac{0+0}{2}\pm\sqrt{3}\frac{(4-(-4))}{2}\right),\ \left(\frac{4-4}{2}\pm\sqrt{3}\left(\frac{0+0}{2}\right)\right)\right\} \equiv (\pm4\sqrt{3},\ 0)$ **(Ans.)**

Type–03: দুইটি বিন্দুর সংযোগ রেখাকে নির্দিষ্ট অনুপাতে বিভক্তিকরণ সম্পর্কিত সমস্যা

Concept

- (x_1, y_1) ও (x_2, y_2) এর সংযোজন রেখাংশকে $m_1 : m_2$ অনুপাতে অন্তর্বিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক,
$(x, y) = \left(\frac{m_1x_2+m_2x_1}{m_1+m_2}, \frac{m_1y_2+m_2y_1}{m_1+m_2}\right)$
$m_1 : m_2$ অনুপাতে বহির্বিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক, $(x, y) = \left(\frac{m_1x_2-m_2x_1}{m_1-m_2}, \frac{m_1y_2-m_2y_1}{m_1-m_2}\right)$
- উপরোক্ত বিভক্তিকরণ সূত্র ব্যবহার করতে হলে বিন্দু তিনটি একই সরলরেখায় অবস্থান তথা সমরেখ হতে হবে ধরা যাক, A, B, C বিন্দু তিনটি একই সরলরেখায় অবস্থিত তাহলে:

(i) 

(ii) $\Delta ABC = 0$ হবে

(iii) AB এর ঢাল = BC এর ঢাল অথবা AC এর ঢাল = BC এর ঢাল অর্থাৎ $m_{AB} = m_{BC} = m_{AC}$ হবে

[$A(x_1, y_1)$ ও $B(x_2, y_2)$ হলে AB এর ঢাল $m_{AB} = \frac{y_1-y_2}{x_1-x_2}$]

Problems

Example-18: $(t+1,1), (2t+1,3), (2t+2,2t)$ বিন্দুগুলো সমরেখ হলে $t =$?

(a) $2, \text{or} -\frac{1}{2}$ (b) $-2 \text{ or} \frac{1}{2}$ (c) $2 \text{ or} \frac{1}{2}$ (d) $-2 \text{ or} -\frac{1}{2}$

Sol^n: (a); প্রদত্ত বিন্দুত্রয় $A(t+1,1), B(2t+1,3)$ এবং $C(2t+2,2t)$ হলে:

শর্তমতে: $m_{AB} = m_{BC} \Rightarrow \frac{3-1}{2t+1-t-1} = \frac{2t-3}{2t+2-2t-1} \Rightarrow 2t^2 - 3t - 2 = 0 \therefore t = \frac{3\pm\sqrt{9-4.2(-2)}}{2.2} = \frac{3\pm5}{4} = 2 \text{ or} -\frac{1}{2}$ (Ans.)

Example-19: $(2,3)$ এবং $(5,6)$ বিন্দুদ্বয়ের সংযোজক রেখা $(7,8)$ বিন্দুতে যে অনুপাতে বিভক্ত হবে।

(a) 2: 5 (বহিঃস্থভাবে) (b) 2: 5 (অন্তস্থঃভাবে) (c) 5: 2 (বহিঃস্থভাবে) (d) None of these

Sol^n: (c);



Step-1: $m_{AB} = \frac{6-3}{5-2} = 1$ এবং $m_{BC} = \frac{8-6}{7-5} = 1 \therefore m_{AB} = m_{BC}$; অর্থাৎ প্রদত্ত বিন্দুত্রয় সমরেখ।

Step-2: বহির্বিভক্তকরণের সূত্রানুসারে পাই, $7 = \frac{m_1(5)-m_2(2)}{m_1-m_2} \Rightarrow 7m_1 - 5m_1 = 7m_2 - 2m_2$

$\Rightarrow 2m_1 = 5m_2 \therefore m_1 : m_2 = 5 : 2$ **(Ans.)**

Example-20: $(5,3)$ এবং $(13,11)$ বিন্দু দুটির সংযোগ রেখাকে $(6,8)$ বিন্দুটি যে অনুপাতে বিভক্ত করে?

(a) 1: 7 (b) 5: 3 (c) 2: 3 (d) None of these

Sol^n: Step-1: $A(5,3), B(13,11)$ এবং $C(6,8)$ হলে $m_{AB} = \frac{11-3}{13-5} = \frac{8}{8} = 1, m_{BC} = \frac{11-8}{13-6} = \frac{3}{7} \therefore m_{AB} \neq m_{BC}$ অর্থাৎ প্রদত্ত বিন্দুত্রয় সমরেখ নয়। ∴ Option (d) is correct.

- কোনো বিন্দু দুইটি বিন্দুর $[(x_1, y_1)$ এবং $(x_2, y_2)]$ সংযোজক রেখাংশকে কী অনুপাতে বিভক্ত করে তা নির্ণয়ের জন্য অনুপাত 1 ধরে নিতে হবে।



$x = \frac{kx_2+x_1}{k+1}; y = \frac{ky_2+y_1}{k+1}$ [এখান থেকে k এর মান নির্ণয় করতে হবে।]

k এর মান +ve হলে, k: 1 অনুপাতে অন্তর্বিভক্ত হয়।

k এর মান −ve হলে, k: 1 অনুপাতে বহির্বিভক্ত হয়।

সমস্যা: $(7,7)$ ও $(-5,-10)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাকে x অক্ষ যে অনুপাতে বিভক্ত করে তা নির্ণয় কর। অন্তর্বিভক্তকারী বিন্দুর ভুজ কত?

সনাতন পদ্ধতি: ধরি, x-অক্ষের উপরিস্থিত $P(x, 0)$ বিন্দুটি $(7, 7)$ ও $(-5,-10)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে $k:1$ অনুপাতে অন্তর্বিভক্ত করে।



$\therefore x = \frac{-5k+7}{k+1}$ ……… (i)

$0 = \frac{-10k+}{k+1} \Rightarrow -10k + 7 = 0 \Rightarrow k = \frac{7}{10}$

$\therefore k:1 = 7:10 \therefore (7,7)$ ও $(-5,-10)$

বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে x অক্ষরেখা 7:10 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

স্মার্ট পদ্ধতি: ACD ও BDE সদৃশ ত্রিভুজ হতে পাই,

$\frac{m}{n} = \frac{AC}{BE} = \frac{7}{10} \therefore m:n = 7:10$ **(Ans.)**

Shortcut

যেকোন লিখিত পরীক্ষায়ও নিয়মটি ব্যবহার করা যাবে।

- (x_1, y_1) ও (x_2, y_2) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাকে-
  - x-অক্ষ $\left|\frac{y_1}{y_2}\right|$ অনুপাতে বিভক্ত করে। [$\frac{y_1}{y_2}$ ধনাত্মক (+ve) হলে বহির্বিভক্ত এবং ঋণাত্মক (−ve) হলে অন্তর্বিভক্ত]
  - y-অক্ষ $\left|\frac{x_1}{x_2}\right|$ অনুপাতে বিভক্ত করে। [$\frac{x_1}{x_2}$ ধনাত্মক (+ve) হলে বহির্বিভক্ত এবং ঋণাত্মক (−ve) হলে অন্তর্বিভক্ত]
  - $ax + by + c = 0$ রেখাটি $\frac{|ax_1+by_1+c|}{|ax_2+by_2+c|}$ অনুপাতে বিভক্ত করে।

    [$\frac{ax_1+by_1+c}{ax_2+by_2+c}$ ধনাত্মক (+ve) হলে বহির্বিভক্ত এবং ঋণাত্মক (−ve) হলে অন্তর্বিভক্ত]

সমস্যা: $(3,2)$ এবং $(0,-1)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাকে $2x - 5y + 1 = 0$ রেখাটি যে অনুপাতে বিভক্ত করে তা নির্ণয় কর।

স্মার্ট পদ্ধতি (লিখিত ও **MCQ** পরীক্ষার জন্য):



এখানে, $AC = \frac{6-10+}{\sqrt{4+25}}$

$= \frac{-3}{\sqrt{29}}$ এবং $BE = \frac{0+5+1}{\sqrt{4+25}} = \frac{6}{\sqrt{29}}$

$\therefore$ সদৃশ ত্রিভুজ হতে পাই, $\frac{k}{1} = \frac{AC}{BE} = \frac{-3}{6} = \frac{-1}{2} \therefore k:1 = 1:2$

[অন্তর্বিভক্ত কারণ AC ও BE বিপরীত চিহ্নবিশিষ্ট]

Shortcut for MCQ

$k = \frac{L_1}{L_2} = \frac{-3}{6} = \frac{-1}{2}$; যেখানে, L_1 = ১ম বিন্দুটি প্রদত্ত সরলরেখায় বসিয়ে প্রাপ্ত মান। L_2 = ২য় বিন্দুটি প্রদত্ত সরলরেখায় বসিয়ে প্রাপ্ত মান।

Example-21: ABC ত্রিভুজের একটি বিন্দু $A(8, 2)$ এবং BC বাহুর মধ্যবিন্দু $D(5, 2)$ হলে ত্রিভুজটির ভরকেন্দ্রের স্থানাঙ্ক কোনটি? **[RU'19-20]**

Sol^n: $\underset{2:1}{\overline{A(8,2) \quad G(x,y) \quad D(5,2)}}$

$x = \frac{8\times1+5\times2}{2+1} = 6; y = \frac{2\times1+2\times2}{2+1} = 2 \therefore G(x,y) = (6,2)$

Example-22: যে বিন্দু $(1, 4)$ এবং $(9,-12)$ বিন্দু দুটির সংযোজক রেখাকে 5:3 অনুপাতে অন্তর্বিভক্ত এবং বহির্বিভক্ত করে তার স্থানাঙ্ক নির্ণয় কর। **[DU' 05-06, 14-15, JU' 18-19]**

Sol^n: অন্তর্বিভক্তকারী বিন্দু $\left(\frac{5\times9+3\times1}{5+3}, \frac{-60+34}{5+3}\right) = (6,-6)$

বহির্বিভক্তকারী বিন্দু $\left(\frac{5\times9-3\times1}{5-3}, \frac{-60-1}{5-3}\right) = (21,-36)$ **(Ans.)**

Example-23: $P(-2,3)$ ও $Q(4,-7)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে x- অক্ষ এবং y- অক্ষ যে অনুপাতে বিভক্ত করে তা নির্ণয় কর। [RU' 07-08, 09-10]

Solⁿ:



$0 = \frac{-7k+3}{k+1} \therefore k = \frac{3}{7} \therefore$ x- অক্ষ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে 3: 7 অনুপাতে অন্তর্বিভক্ত করে।



$0 = \frac{4k-2}{k+1} \therefore k = \frac{1}{2} \therefore$ y-অক্ষ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে 1: 2 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

❖ **Shortcut:** x-অক্ষ দ্বারা বিভক্তির অনুপাত, $\frac{m_1}{m_2} = \left|\frac{3}{-7}\right|$ [অনুপাত 3:7 (অন্তর্বিভক্ত)]

y-অক্ষ দ্বারা বিভক্তির অনুপাত, $\frac{m_1}{m_2} = \left|\frac{-2}{4}\right| = \frac{1}{2}$ [অনুপাত 1:2 অন্তর্বিভক্ত)]

Example-24: (4, 7), (0, 3) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাকে x-অক্ষ কোন অনুপাতে বিভক্ত করে? [JU'19-20]

Solⁿ: x অক্ষ দ্বারা বিভক্তির অনুপাত, $\frac{m_1}{m_2} = \frac{7}{3}$ [কোটিদ্বয়ের অনুপাত]

$\because \frac{m_1}{m_2}$ ধনাত্মক $\therefore$ এটা বহির্বিভক্তি নির্দেশ করে। $\therefore$ অনুপাত 7:3 (বহির্বিভক্ত)

Type–04: ত্রিভুজের বিভিন্ন বিন্দুর স্থানাঙ্ক নির্ণয়

Concept

- $A(x_1,y_1), B(x_2,y_2)$ এবং $C(x_3,y_3)$ বিন্দুদ্বারা গঠিত ABC ত্রিভুজের:
  (i) ভরকেন্দ্র $= \left(\frac{x_1+x_2+x_3}{3}, \frac{y_1+y_2+y_3}{3}\right)$
  (ii) অন্তঃকেন্দ্র $= \left(\frac{ax_1+bx_2+cx_3}{a+b+c}, \frac{ay_1+by_2+cy_3}{a+b+c}\right)$ সেখানে $BC = a, CA = b$ এবং $AB = c$
  (iii) লম্ববিন্দু/লম্বকেন্দ্রঃ ত্রিভুজের একটি শীর্ষ হতে বিপরীত বাহুগুলোর উপর অঙ্কিত লম্বগুলোর ছেদবিন্দুকে লম্ববিন্দু/লম্বকেন্দ্র বলে।
- লম্বকেন্দ্র বের করার ক্ষেত্রে ঢালের ধারণা $(m_1m_2 = -1)$ ব্যবহার করতে হবে।

Problems

Example-25. ΔABC ত্রিভুজের শীর্ষ তিনটি যথাক্রমে $A(5,0), B(-4,-3)$ & $C(1,12)$ । এর (i) ভরকেন্দ্র (ii) অন্তঃকেন্দ্র (iii) পরিকেন্দ্র এবং (iv) লম্বকেন্দ্রের স্থানাঙ্ক নির্ণয় কর। [SUST'11-12]



Solⁿ: (i) ভরকেন্দ্র, $x = \frac{5+1-4}{3} = \frac{2}{3}$; $y = \frac{0+12-3}{3} = 3 \therefore \left(\frac{2}{3}, 3\right)$ **(Ans.)**

(ii) অন্তঃকেন্দ্র, $x = \frac{5\sqrt{10}\times5+4\sqrt{10}\times(-4)+1\times3\sqrt{10}}{4\sqrt{10}+3\sqrt{10}+5\sqrt{10}} = \frac{25-16}{12} = 1$

$y = \frac{5\sqrt{10}\times0+3\sqrt{10}\times12+4\sqrt{10}\times(-3)}{4\sqrt{10}+3\sqrt{10}+5\sqrt{10}} = \frac{36-1}{12} = 2 \therefore (1,2)$ **(Ans.)**

(iii) পরিকেন্দ্র $P(x,y)$ হলে $\therefore AP = BP = CP \therefore AP^2 = BP^2 \Rightarrow (x-5)^2 + (y-0)^2 = (x+4)^2 + (y+3)^2$
$\Rightarrow x^2 - 10x + 25 + y^2 = x^2 + 8x + 16 + y^2 + 6y + 9 \Rightarrow 18x + 6y = 0 \Rightarrow 3x + y = 0 \ldots\ldots\ldots (i)$
আবার, $AP^2 = CP^2 \Rightarrow (x-5)^2 + (y-0)^2 = (x-1)^2 + (y-12)^2$
$\Rightarrow x^2 - 10x + 25 + y^2 = x^2 - 2x + 1 + y^2 - 24y + 144 \Rightarrow 8x - 24y + 120 = 0$
$\Rightarrow x - 3y + 15 = 0 \ldots\ldots\ldots (ii)$

(i) & (ii) সমাধান করে পাই, $x = \frac{3}{2}, y = -\frac{9}{2} \therefore$ পরিকেন্দ্র $P\left(\frac{3}{2}, -\frac{9}{2}\right)$



(iv) লম্ব বিন্দু: $m_{AD} \times m_{BC} = -1 \Rightarrow \frac{\beta-0}{\alpha-5} \times \frac{-3-12}{-4-1} = -1 \therefore \alpha + 3\beta = 5 \ldots\ldots\ldots (i)$
$m_{CF} \times m_{AB} = -1 \Rightarrow \frac{\beta-12}{\alpha-1} \times \frac{-3-0}{-4-5} = -1 \therefore 3\alpha + \beta = 15 \ldots\ldots\ldots (ii)$
(i) ও (ii) সমাধান করে পাই, $\alpha = 5,\ \beta = 0\ \therefore$ লম্ববিন্দু $O(5,0)$

Example-26: যদি কোন ত্রিভুজের লম্ববিন্দু ও ভরকেন্দ্রের স্থানাঙ্কযথাক্রমে $(3,5)$ ও $(3,3)$ হয়, তবে পরিকেন্দ্রের স্থানাঙ্ককত?

(a) $(0,4)$ (b) $(4,0)$ (c) $(2,1)$ (d) $(3,2)$

Sol^n^: (d); $3=\frac{2\times4+1\times3}{2+1}\Rightarrow x=3$ এবং $3=\frac{2\times k+1\times5}{2+1}\therefore k=2\therefore$ পরিকেন্দ্র $(3,2)$ **(Ans.)**



Note: ভরকেন্দ্র, লম্ববিন্দু ও পরিকেন্দ্র কে 2: 1 অনুপাতে অর্ন্তবিভক্ত করে।

Example-27: $(at_1^2,2at_1),(at_2^2,2at_2)$ এবং $(at_3^2,\ 2at_3)$ শীর্ষবিশিষ্ট ত্রিভুজের ভরকেন্দ্রটি x অক্ষের উপর অবস্থিত হলে:

(a) $t_1-t_2+t_3=0$ (b) $t_1+t_2=-t_3$ (c) $t_1+t_2=t_3$ (d) $t_1^2+t_2^2+t_3^2=0$

Sol^n^: (b); ভরকেন্দ্র $(\alpha,0)$ হলে: $0=\frac{2at_1+2at_2+2at_3}{3}\Rightarrow 2a(t_1+t_2+t_3)=0\ [\therefore a\neq0]\therefore t_1+t_2+t_3=0$ **(Ans.)**

Example-28: একটি ত্রিভুজের শীর্ষত্রয় যথাক্রমে (0, 0), (0, 3) ও (4, 0)। এর ভরকেন্দ্র ও অন্ত:কেন্দ্র নির্ণয় কর। **[BAU' 14-15]**

Sol^n^: ভরকেন্দ্র (x,y) হলে, $x=\frac{0+0+4}{3}=\frac{4}{3};\ y=\frac{0+3+0}{3}=1\ \therefore\left(\frac{4}{3},1\right)$

অন্ত:কেন্দ্র $=\left(\frac{0\times5+4\times0+3\times4}{3+4+5},\frac{0\times5+4\times3+3\times0}{3+4+5}\right)=(1,1)$ **(Ans.)**



Example-29: কোন ত্রিভুজের ভরকেন্দ্র (6, 4) এবং দুইটি শীর্ষবিন্দু যথাক্রমে (6, 1) এবং (2, 7) তৃতীয় শীর্ষবিন্দুর স্থানাঙ্ক হবে-

Sol^n^: ধরি, তৃতীয় শীর্ষবিন্দু $(x,y)\therefore\frac{x+6+2}{3}=6\Rightarrow x=10$ এবং $\frac{y+1+7}{3}=4\Rightarrow y=4\therefore$ তৃতীয় শীর্ষবিন্দু $(10,4)$ **(Ans.)**

Example-30: (0, 0), (4, 0) ও (0, 3) বিন্দু তিনটি দ্বারা গঠিত ত্রিভুজের পরিকেন্দ্র এবং পরিব্যাসার্ধ নির্ণয় কর।

Sol^n^: A, B, C বিন্দুত্রয় দিয়ে অতিক্রমকারী বৃত্তই পরিবৃত্ত। যেহেতু $\angle B=90^\circ$।

তাই বলা যায় ∠B অর্ধবৃত্তস্থ কোণ এবং AC বৃত্তটির ব্যাস।

$\therefore$ পরিবৃত্তের কেন্দ্র $\equiv\left(\frac{0+4}{2},\frac{3+0}{2}\right)\equiv\left(2,\frac{3}{2}\right)$ [অতিভুজের মধ্যবিন্দু]

$\therefore$ পরিব্যাসার্ধ $=\frac{1}{2}\times AC=\frac{1}{2}\times\sqrt{3^2+4^2}=\frac{5}{2}$ একক **(Ans.)**



- **Shortcut:** সমকোণী ত্রিভুজের পরিকেন্দ্র = অতিভুজের মধ্যবিন্দু এবং পরিব্যাসার্ধ হলো অতিভুজের দৈর্ঘ্যের অর্ধেক।

Type–05: ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় সম্পর্কিত সমস্যা

Concept

- $A(x_1,y_1),B(x_2,y_2)$ ও $C(x_3,y_3)$ বিন্দু তিনটি দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল,

$$\Delta=\frac{1}{2}\left|\begin{vmatrix}x_1&y_1\\x_2&y_2\end{vmatrix}+\begin{vmatrix}x_2&y_2\\x_3&y_3\end{vmatrix}+\begin{vmatrix}x_3&y_3\\x_1&y_1\end{vmatrix}\right|\text{ বর্গএকক}=\frac{1}{2}\begin{vmatrix}x_1&x_2&x_3&x_1\\y_1&y_2&y_3&y_1\end{vmatrix}=\frac{1}{2}\begin{vmatrix}x_1&y_1&1\\x_2&y_2&1\\x_3&y_3&1\end{vmatrix}\text{ বর্গ একক}$$

- একটি ত্রিভুজের ক্ষেত্রফল 0 হলে, ত্রিভুজের তিনটি বিন্দু সমরেখ হবে (বা আসলে কোন ত্রিভুজ গঠিত হবে না)

ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়ে টিসমিস পদ্ধতি

একটি ত্রিভুজের তিনটি শীর্ষবিন্দুর স্থানাঙ্ক (1, 3), (5, 1) ও (7, 8) ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর।

কার্যপ্রণালী

(a) যে কোন একটি বিন্দুকে টিসমিস করে (0, 0) বানাতে হবে।

(b) যে বিন্দুকে (0, 0) বানাবে, অপর বিন্দুদ্বয় হতে সেটি বিয়োগ করে নতুন দুটি বিন্দু পাওয়া যাবে।

$$\text{অর্থাৎ, }\begin{matrix}(1,3)&(5,1)&(7,8)\\\downarrow&\downarrow&\downarrow\\(0,0)&(4,-2)&(6,5)\end{matrix}$$

(0, 0) বিন্দুবাদে প্রাপ্ত বিন্দুদ্বয়: $(4,-2)(6,5)$

ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{1}{2}$(ভুল করে − করোনা ভুল)

↓ ↓ ↓ ↓

ভুজ$_1$ কোটি$_2$ কোটি$_1$ ভুজ$_2$

(4, −2) (6, 5)

∴ ক্ষেত্রফল = $\frac{1}{2}\{4\times5-(-2)\times6\}=\frac{1}{2}(20+12)=16$ বর্গ একক।

Problems

Example-31: একটি ত্রিভুজের ক্ষেত্রফল 5 যার দুটি কৌণিক শীর্ষবিন্দু $(2,1)$ এবং $(3,-2)$ এবং তৃতীয় কৌণিক বিন্দু $y=x+3$ রেখার উপর অবস্থিত। তৃতীয় কৌণিক বিন্দুর স্থানাঙ্ক কত?

(a) $\left(-\frac{3}{2},\frac{3}{2}\right)$ (b) $\left(\frac{3}{2},-\frac{3}{2}\right)$ (c) $\left(\frac{7}{2},-\frac{13}{2}\right)$ (d) $\left(\frac{1}{4},\frac{11}{4}\right)$

Sol^n: (a); যেহেতু ৩য় কৌণিক বিন্দু $y=x+3$ রেখার উপর অবস্থিত। তাই এর সহগগুলোর আকার হবে $(x,x+3)$।

$$\therefore 5=\frac{1}{2}\begin{vmatrix}x & x+3 & 1\\2 & 1 & 1\\3 & -2 & 1\end{vmatrix}=\frac{1}{2}|(4x-4)|=|2x-2|\therefore 2x-2=\pm5\therefore x=-\frac{3}{2},\frac{7}{2}\therefore y=\frac{3}{2},\frac{13}{2}$$

∴ ৩য় শীর্ষ $\left(-\frac{3}{2},\frac{3}{2}\right)$ or $\left(\frac{7}{2},\frac{13}{2}\right)$ **(Ans.)**

Example-32: একটি ত্রিভুজের শীর্ষ বিন্দুসমূহের পোলার স্থানাঙ্ক যথাক্রমে পোল বিন্দু, $\left(\sqrt{2},\frac{\pi}{4}\right),\left(2,\frac{\pi}{3}\right)$ হলে ত্রিভুজটির ক্ষেত্রফল বর্গ এককে হবে?

(a) $1+\sqrt{3}$ (b) $\frac{1+\sqrt{3}}{2}$ (c) $1-\sqrt{3}$ (d) $\frac{\sqrt{3}-1}{2}$

Sol^n: (d); $\Delta OAB=\frac{1}{2}(OA)(OB)\sin15°=\frac{1}{2}\times\sqrt{2}\times2\times\frac{\sqrt{3}-1}{2\sqrt{2}}=\frac{\sqrt{3}-1}{2}$ **(Ans.)**



$\left[\sin15°=\sin(45°-30°)=\sin45°\cos30°-\cos45°\sin30°=\frac{1}{\sqrt{2}}\frac{\sqrt{3}}{2}-\frac{1}{\sqrt{2}}\cdot\frac{1}{2}=\frac{\sqrt{3}-1}{2\sqrt{2}}\right]$

Example-33: OPQ ত্রিভুজের শীর্ষত্রয় $(0,0),(A\cos\beta,-A\sin\beta)$ এবং $(A\sin\alpha,A\cos\alpha)$ ক্ষেত্রফল বৃহত্তম হবে নিচের কোন শর্তে?

(a) $\alpha=\beta$ (b) $\alpha+\beta=0$ (c) $\alpha=\beta=\frac{1}{2}$ (d) $\alpha=2\beta$

Sol^n: (a); $\Delta OPQ=\frac{1}{2}\begin{vmatrix}0 & A\cos\beta & A\sin\alpha & 0\\0 & -A\sin\beta & A\cos\alpha & 0\end{vmatrix}$

$=\frac{1}{2}|A^2\cos\alpha\cos\beta+A^2\sin\alpha\sin\beta|=\frac{1}{2}A^2\cos(\alpha-\beta)$

∴ ক্ষেত্রফল বৃহত্তম হবে যদি $\cos(\alpha-\beta)=1$ হয় অর্থাৎ $\alpha=\beta$ হতে হবে।**(Ans.)**

Example-34: ABCD চর্তুভুজের শীর্ষ বিন্দুগুলো যথাক্রমে $(a,0),(-b,0)$ ও $(0,a)$ এবং $(0,-b)$: ΔACB এর ক্ষেত্রফল কত?

(a) $0.5(a-b)a$ (b) $0.5(b-a)b$ (c) $0.5(a+b)a$ (d) $0.5(a-b)c$

Sol^n: (c); $\Delta ACB=\frac{1}{2}\begin{vmatrix}a & 0 & -b & a\\0 & a & 0 & 0\end{vmatrix}=\frac{1}{2}|a^2+ab|=\frac{1}{2}(a+b)a$ **(Ans.)**

Example-35: $2x+3y+1=0, x=0,\ y=0$ রেখা তিনটি দ্বারা আবদ্ধ এলাকার ক্ষেত্রফল কত? **[JU'19-20]**

Sol^n:



$2x+3y+1=0\Rightarrow\frac{x}{-\frac{1}{2}}+\frac{y}{-\frac{1}{3}}=1$; $\Delta=\left(\frac{1}{2}\times\frac{1}{2}\times\frac{1}{3}\right)$ বর্গ একক $=\frac{1}{12}$ বর্গ একক।

Example-36: ABC ত্রিভুজের শীর্ষবিন্দুগুলি $A(-3,-2), B(-3,9)$ এবং $C(5,-8)$; ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর এবং এর সাহায্যে B হতে CA এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য নির্ণয় কর।

Sol^n: $A(-3,-2), B(-3,9)$ এবং $C(5,-8)$ শীর্ষবিন্দুবিশিষ্ট ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} -3 & -2 & 1 \\ -3 & 9 & 1 \\ 5 & -8 & 1 \end{vmatrix}$

$= \frac{1}{2}|-3(9+8)+2(-3-5)+1(24-45)|$

$= \frac{1}{2}|-51-16-21| = \frac{1}{2}|-88| = 44$ বর্গ একক



মনে করি, শীর্ষবিন্দু B হতে বিপরীত বাহু AC এর উপর অঙ্কিত লম্ব BD

তাহলে ত্রিভুজটির ক্ষেত্রফল $= \frac{1}{2}$ (AC × BD)

এখানে $AC^2 = (-3-5)^2 + (-2+8)^2 = 64 + 36 = 100 \Rightarrow AC = 10$

প্রথমাংশের ফল ব্যবহার করে, $\frac{1}{2}.10.BD = 44 \Rightarrow BD = \frac{44}{5} = 8\frac{4}{5}$ একক। **(Ans.)**

Example-37: $x = a, y = b, y = mx$ রেখা তিনটি যে ত্রিভুজ গঠন করে তার ক্ষেত্রফল কোনটি? **[CU'20-21]**

Sol^n: সরলরেখাত্রয়ের ছেদবিন্দুগুলো হলো, $(a,b), (a,ma), \left(\frac{b}{m}, b\right)$



ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} a & a & \frac{b}{m} & a \\ b & ma & b & b \end{vmatrix} = \frac{1}{2}\left\{\left(ma^2 + ab + \frac{b^2}{m}\right) - (ab + ab + ab)\right\}$

$= \frac{1}{2}\left\{\frac{m^2a^2+b^2-2abm}{m}\right\} = \frac{1}{2m}\{(ma)^2 - 2.ma.b + (b)^2\}$

$= \frac{1}{2m}(b-ma)^2 = \frac{1}{2m}(ma-b)^2$

Type–06: সামান্তরিকের চতুর্থ শীর্ষ এবং ক্ষেত্রফল নির্ণয়

Concept

- $A(x_1,y_1), B(x_2,y_2), C(x_3,y_3)$ ও $D(x_4,y_4)$ দ্বারা গঠিত চতুর্ভুজ ABCD এর ক্ষেত্রফল,

$\Delta = \frac{1}{2}\left|\begin{vmatrix} x_1 & y_1 \\ x_2 & y_2 \end{vmatrix} + \begin{vmatrix} x_2 & y_2 \\ x_3 & y_3 \end{vmatrix} + \begin{vmatrix} x_3 & y_3 \\ x_4 & y_4 \end{vmatrix} + \begin{vmatrix} x_4 & y_4 \\ x_1 & y_1 \end{vmatrix}\right| = \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & x_4 & x_1 \\ y_1 & y_2 & y_3 & y_4 & y_1 \end{vmatrix}$ বর্গ একক

- যেই চতুর্ভুজের বিপরীত বাহুগুলো পরস্পর সমান ও সমান্তরাল তাকে সামান্তরিক বলে। আয়ত, বর্গ, রম্বস এরা সবই সামান্তরিক। সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে। সামান্তরিকের তিনটি বিন্দু দেওয়া থাকলে এই concept এর মাধ্যমে চতুর্থ বিন্দু নির্ণয় করা যায়।



ছেদবিন্দুর স্থানাঙ্ক $\equiv \left(\frac{x_1+x_3}{2}, \frac{y_1+y_3}{2}\right) \equiv \left(\frac{x_2+x_4}{2}, \frac{y_2+y_4}{2}\right)$

$\therefore x_1 + x_3 = x_2 + x_4 \mid y_1 + y_3 = y_2 + y_4$

$\therefore x_4 = x_1 + x_3 - x_2 \mid y_4 = y_1 + y_3 - y_2$

Shortcut

নির্ণেয় শীর্ষের বিপরীত শীর্ষের স্থানাঙ্ক বিয়োগ করতে হবে।

- যদি বলা হয়, দুটি বিন্দুর মধ্যবিন্দুর স্থানাঙ্ক (5, 9) এবং বিন্দু দুটির একটির স্থানাঙ্ক (2, 4) হলে অপর বিন্দুর স্থানাঙ্ক কী হবে?

ধরি, অপর বিন্দুটির স্থানাঙ্ক (a, b)



$\therefore 5 = \frac{2+a}{2} \Rightarrow a = 8;\ 9 = \frac{4+b}{2} \Rightarrow b = 14$

∴ অপর বিন্দুটির স্থানাঙ্ক হবে (8, 14)

এবার চলো আমরা কম কম, বেশি বেশি **Theory** দিয়ে সমস্যাটি করে ফেলি।



হ্যাঁ এবার এই মজার জিনিসটি দিয়েই আয়তক্ষেত্র, সামান্তরিক, রম্বস ও বর্গক্ষেত্রের তিনটি শীর্ষবিন্দু দেওয়া থাকলে চতুর্থ শীর্ষবিন্দুর স্থানাঙ্ক বের করে ফেলবো নিমেষেই।

সমস্যা: কোন সামান্তরিকের একটি কর্ণের প্রান্তবিন্দুদ্বয় $(3,-4)$ এবং $(-6,5)$। তৃতীয় শীর্ষবিন্দুর স্থানাঙ্ক $(-2,-1)$ হলে চতুর্থ শীর্ষবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।





Problems

Example-38: যদি $(0,0), (a,-4), (4,b)$ এবং $(5,0)$ একটি রম্বসের শীর্ষবিন্দু হয়, তাহলে রম্বসের কর্ণ দুটির ছেদবিন্দু কত? [JU'19-20]



Sol^n: কর্ণদ্বয়ের ছেদবিন্দু: $\left(\frac{0+4}{2},\frac{0+b}{2}\right) \equiv \left(\frac{a+5}{2},-\frac{4}{2}\right) \therefore 4 = a+5 \therefore a=-1$

$\frac{B}{2} = -2 \therefore b = -4$

$\therefore$ কর্ণদ্বয়ের ছেদবিন্দু $(2,-2)$

Example-39: একটি আয়তক্ষেত্রের শীর্ষত্রয় যথাক্রমে $(3,2), (2,-1)$ এবং $(8,-3)$ । এর চতুর্থ শীর্ষ ও ক্ষেত্রফল নির্ণয় কর। [JU' 10-11, KU' 06-07]

Sol^n: চতুর্থ শীর্ষ $= (3+8-2,\ 2-3+1) = (9,0)$

ক্ষেত্রফল $= 2 \times \frac{1}{2}\{3(-1+3)+2(-3-2)+8(2+1)\} = (3\times 2)+2\times(-5)+24 = 20$ বর্গ একক। **(Ans.)**

Example-40: $(-2,3), (-3,-4), (5,-1)$ ও $(2,2)$ বিন্দু চারটি ক্রমান্বয়ে নিয়ে যে চতুর্ভুজ গঠিত হয় তার ক্ষেত্রফল নির্ণয় কর।

Sol^n: ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} -2 & -3 & 5 & 2 & -2 \\ 3 & -4 & -1 & 2 & 3 \end{vmatrix} = \frac{1}{2}|(8+3+10+6)-(-9-20-2-4)| = 31$ বর্গ একক **(Ans.)**

[উল্লেখ ত্রিভুজ এর ক্ষেত্রফল নির্ণয় এর ক্ষেত্রে বিন্দুত্রয়কে যে কোন ক্রমে নেয়া যাবে কিন্তু অন্যান্য বহুভুজের ক্ষেত্রে প্রশ্নে যে ক্রম উল্লেখ থাকবে তা দিয়েই করতে হবে]

Example-41: ABC ত্রিভুজের বাহুগুলির মধ্যবিন্দু $(1,2), (4,4)$ এবং $(2,8)$ হলে শীর্ষত্রয় ও ক্ষেত্রফল নির্ণয় কর।

Sol^n: $A(x_1,y_1), B(x_2,\ y_2)$ এবং $C(x_3,y_3)$ হলে, DFEB সামন্তরিকের চতুর্থ শীর্ষ $B(x_2,y_2)$ হবে:

$x_2 = 1+4-2 = 3, y_2 = 2+4-8 = -2 \therefore B(3,-2)$

আবার, EDFC সামান্তরিকে চতুর্থ শীর্ষ (x_3,y_3) এর জন্য:

$x_3 = 4+2-1 = 5$ এবং $y_3 = 4+8-2 = 10 \therefore C(5,10)$

অনুরূপভাবে EDAF সামান্তরিক হতে, $A(x_1,y_1) = A(-1,6)$

$\therefore$ শীর্ষত্রয় হবে: $A(-1,6), B(3,-2)$ এবং $C(5,10)$ **(Ans.)**



এখন, ক্ষেত্রফল $= \Delta\frac{1}{2}\left\|\begin{matrix} -1 & 6 & 1 \\ 3 & -2 & 1 \\ 5 & 10 & 1 \end{matrix}\right\|$

$= \frac{1}{2}|-1(-2-10)-6(3-5)+1(30+10)|$

$= \frac{1}{2}|12+12+40| = \frac{64}{2} = 32$ বর্গ একক।

❖ **Shortcut:** $\Delta ABC = 4 \times \Delta DEF \therefore DEF = \frac{1}{2}\left|\begin{vmatrix} 1 & 2 & 1 \\ 4 & 4 & 1 \\ 2 & 8 & 1 \end{vmatrix}\right| = \frac{1}{2}|1(4-8) - 2(4-2) + 1(32-8)|$

$= \frac{1}{2}|-4-4+24| = 8$ বর্গ একক। $\therefore \Delta ABC = 4 \times 8 = 32$ বর্গ একক। **(Ans.)**

Example-42: ABCD রম্বসের $A(1,2), C(5,6)$ এবং B শীর্ষ x অক্ষের উপর অবস্থিত। B ও D শীর্ষদ্বয়ের স্থানাঙ্কনির্ণয় কর।



Solⁿ: $AC = \sqrt{(5-1)^2 + (6-2)^2} = \sqrt{32}$; ABCD রম্বস বলে: $AB = BC = CD = DA$

$\therefore AB^2 = BC^2 \Rightarrow (x_1 - 1)^2 + (0-2)^2 = (x_1 - 5)^2 + (0-6)^2$

$\Rightarrow x_1^2 - 2x_1 + 1 + 4 = x_1^2 - 10x_1 + 25 + 36$

$\therefore x_1 = 7 \therefore B(x_1, 0) = B(7,0)$ **(Ans.)**

আবার, AC কর্ণের মধ্যবিন্দুটি হবে $0(3,4)$, যা BD কর্ণেরও মধ্যবিন্দু।

$\therefore 3 = \frac{x_2+7}{2} \therefore x_2 = -1$ এবং $4 = \frac{y_2+0}{2} \therefore y_2 = 8 \therefore D(x_2, y_2) = D(-1,8)$ **(Ans.)**

Example-43: চিত্রের আয়তক্ষেত্রের AB বাহুর দৈর্ঘ্য 3 একক এবং AD বাহুর দৈর্ঘ্য 2 একক হলে কর্ণদ্বয়ের ছেদবিন্দুর স্থানাঙ্ককত?

(a) $\left(\frac{7}{2}, 2\right)$ (b) $\left(\frac{5}{2}, 3\right)$ (c) $(3, 2)$ (d) $(6, 3)$

Solⁿ: (a); চিত্রানুসারে $B(2+3,1) = B(5,1)$

এবং $D(2, 1+2) = D(2,3)$ হবে,

$\therefore$ BD কর্ণের মধ্যবিন্দু তথা কর্ণদ্বয়ের ছেদবিন্দুটি

$\left(\frac{5+2}{2}, \frac{1+3}{2}\right) = \left(\frac{7}{2}, 2\right)$ হবে,



Type–07: সঞ্চারপথের সমীকরণ নির্ণয় সংক্রান্ত

Concept

বিন্দু দুই রকম হতে পারে- স্থির বিন্দু এবং চলমান বিন্দু। স্থির বিন্দুর স্থানাঙ্ক স্থির থাকে। আর চলমান বিন্দু কোনো শর্ত সাপেক্ষে move করতে থাকবে। এই চলমান বিন্দুর চলার পথকে mathematically প্রকাশ করলেই সঞ্চারপথ পাওয়া যায়। উদাহরণস্বরূপ- তোমাকে বলা হলো একটি চলমান বিন্দু $(0, 0)$ থেকে সর্বদা 5 একক দূরত্বে থাকে। সঞ্চারণপথ নির্ণয় কর। উত্তর হবে- $\sqrt{(x-0)^2 + (y-0)^2} = 5 \Rightarrow x^2 + y^2 = 5^2$, তাই সঞ্চারপথ নির্ণয় করতে বললে শর্ত বুঝে সমীকরণ নির্ণয় করবে।

Problems

Example-44: $(2, 0)$ এবং $(-4, 0)$ হতে সমদূরবর্তী এরূপ বিন্দু সমূহের সেট দ্বারা সৃষ্ট সঞ্চার পথের সমীকরণ নির্ণয় কর।

Solⁿ: মনে করি $P(x,y)$ সঞ্চারপথের উপর যেকোন বিন্দু

প্রশ্নমতে, $P(x,y)$ হতে $(2,0)$ বিন্দুর দূরত্ব $= P(x,y)$ হতে $(-4,0)$ বিন্দুর দূরত্ব,

$\Rightarrow \sqrt{(x-2)^2 + (y-0)^2} = \sqrt{(x+4)^2 + (y-0)^2}$

$\Rightarrow x^2 - 4x + 4 + y^2 = x^2 + 8x + 16 + y^2 \Rightarrow 12x + 12 = 0 \Rightarrow x + 1 = 0$ **(Ans.)**

Example-45: একটি সেটের বিন্দুসমূহ x অক্ষ থেকে দূরত্ব y অক্ষ থেকে দূরত্বের দ্বিগুণ। সঞ্চারপথের সমীকরণ নির্ণয় কর।

Solⁿ: মনে করি, বিন্দুটির স্থানাঙ্ক (x,y); প্রশ্নমতে, $|y| = 2|x| \therefore y = \pm 2x$ **(Ans.)**

Example-46: $(0,-1)$ বিন্দু এবং $y = 1$ সরলরেখা থেকে সমান দূরত্বের বিন্দুর সঞ্চারপথ কোনটি? **[GST'20-21]**

(a) $y^2 + 4x = 0$ (b) $y^2 - 4x = 0$ (c) $x^2 + 4y = 0$ (d) $x^2 - 4y = 0$

Solⁿ: (c); সঞ্চারপথের বিন্দু (x,y)।

এখন, $\sqrt{(x-0)^2 + (y+1)^2} = |y-1| \Rightarrow x^2 + y^2 + 2y + 1 = y^2 - 2y + 1 \Rightarrow x^2 + 4y = 0$

Example-47: x অক্ষ থেকে একটি সেটের বিন্দুসমূহের দূরত্ব সর্বদাই মূলবিন্দু থেকে এর দূরত্বের অর্ধেক। উক্ত সেট দ্বারা সৃষ্ট সঞ্চারপথের সমীকরণ নির্ণয় কর। **[JU' 09-10]**

Solⁿ: মনে করি, $P(x,y)$ সঞ্চারপথের উপর যেকোন বিন্দু x অক্ষ হতে $P(x,y)$ এর দূরত্ব $= |y|$

মূলবিন্দু হতে $P(x,y)$ এর দূরত্ব $= \sqrt{x^2 + y^2}$; প্রশ্নমতে, $|y| = \frac{1}{2}\sqrt{x^2 + y^2} \Rightarrow x^2 + y^2 = 4y^2 \Rightarrow x^2 = 3y^2$ **(Ans.)**

Type–08: পরামিতিক সমীকরণ সংক্রান্ত

Concept

সঞ্চারপথের কোন বিন্দুর x ও y চলককে তৃতীয় কোন চলক (t, θ ইত্যাদি) দ্বারা প্রকাশ করে যে সমীকরণ পাওয়া যায়, তাকে পরামিতিক সমীকরণ বলে। এক্ষেত্রে তৃতীয় চলককে বলা হয় পরামিতি।

একটি পরামিতিক স্থানাঙ্ক $(x, y) = (f(t), g(t))$ হলে [t হচ্ছে পরামিতি] $x = f(t)$ ও $y = g(t)$ ধরে যেকোনো একটি হতে t এর মান বের করে অন্যটিতে প্রতিস্থাপন করে t বর্জিত আকারে x ও y সম্বলিত সমীকরণ পাওয়া যাবে যা নির্ণেয় সঞ্চারপথ।

সরলরেখার পরামিতিক সমীকরণ: $x = at + b$; $y = ct + d$; লক্ষ করো, $y = ct + d \therefore t = \frac{y-d}{c}$

t এর মান $x = at + b$ তে বসালে, $x = a.\frac{y-d}{c} + b \Rightarrow cx = ay - ad + bc \therefore \boxed{cx - ay + (ad - bc) = 0}$

যা x ও y এর একঘাত সংবলিত সমীকরণ বা সরলরেখার সমীকরণ। ($ax + by + c = 0$ এর অনুরূপ)

Problems

Example-48: $(2t + 1, 3t - 1)$ বিন্দুর সঞ্চারপথ কী হবে যেখানে t পরিবর্তনশীল।

Solⁿ: $(x, y) = (2t + 1, 3t - 1) \therefore x = 2t + 1 \ldots\ldots$ (i); $y = 3t - 1 \ldots\ldots$ (ii)

এখন, (i) × 3 − (ii) × 2 ⇒ $\boxed{3x - 2y = 5}$ ইহাই নির্ণেয় সঞ্চারপথ।

Example-49. একটি চলমান বিন্দু P এর স্থানাঙ্ক $(t + 1,\ 2t + 3)$ যেখানে t পরিবর্তনশীল। P বিন্দুর সঞ্চারপথ নির্ণয় কর।

Solⁿ: মনে করি, $P(x, y)$; $x = t + 1 \cdots\cdots$ (i) এবং $y = 2t + 3 \cdots\cdots$ (ii)

এখন (i) × 2 − (ii) ⇒ $2x - y + 1 = 0$ **(Ans.)**

Example-50. একটি চলমান বিন্দু P এর স্থানাঙ্ক $(a\cos\theta, b\sin\theta)$ যেখানে θ পরিবর্তনশীল। P বিন্দুর সঞ্চারপথ নির্ণয় কর।

Solⁿ: মনে করি, $P(x, y)$; $x = a\cos\theta \Rightarrow \frac{x}{a} = \cos\theta \cdots\cdots$ (i) ; $y = b\sin\theta \Rightarrow \frac{y}{b} = \sin\theta \cdots\cdots$ (ii)

এখন, $(i)^2 + (ii)^2 \Rightarrow \frac{x^2}{a^2} + \frac{y^2}{b^2} = 1$ **(Ans.)**

Type–09: ঢাল নির্ণয় সংক্রান্ত

Concept

কোনো সরলরেখা (যা x –অক্ষের উপর লম্ব নয়) x -অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে সেই কোণের ত্রিকোণমিতিক ট্যানজেন্টের মানকে রেখাটির ঢাল বলে।

ঢালকে সাধারণত m দ্বারা সূচিত করা হয়। AB সরলরেখা x -অক্ষের ধনাত্মক দিকের সাথে $\theta(0° \le \theta < 180° ; \theta \ne 90°)$ কোণ উৎপন্ন করলে, তার ঢাল $m = \tan\theta$ । ভুজ এর প্রতি একক পরিবর্তনের সাথে সাথে কোটির পরিবর্তনের হারই ঢাল।

(i) (x_1, y_1) এবং (x_2, y_2) বিন্দুগামী সরলরেখার ঢাল, $m = \frac{(y_1 - y_2)}{(x_1 - x_2)} = \frac{(y_2 - y_1)}{(x_2 - x_1)} = \frac{\text{কোটিদ্বয়ের অন্তর}}{\text{ভুজদ্বয়ের অন্তর}}$

(ii) $ax + by + c = 0$ সরলরেখার ঢাল, $m = -\frac{a}{b} = -\frac{\text{x এর সহগ}}{\text{y এর সহগ}}$

Problems

Example-51: (6, 3) এবং (3, 2) বিন্দুদ্বয়ের সংযোগ সরলরেখার ঢাল নির্ণয় কর। [JU' 15-16]

Solⁿ: $\boxed{\text{সরলরেখার ঢাল} = \frac{\text{কোটিদ্বয়ের অন্তর}}{\text{ভুজদ্বয়ের অন্তর}}} \therefore m = \frac{3-2}{6-3} = \frac{1}{3}$ **(Ans.)**

Example-52: $(0, 2)$ এবং $(-2, 0)$ বিন্দুগামী সরলরেখা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে কী কোণ উৎপন্ন করে? [DU'22-23]

(a) 30°
(b) 45°
(c) 60°
(d) 120°

Solⁿ: (b); $(0, 2)$ এবং $(-2, 0)$ বিন্দুগামী সরলরেখার ঢাল, $\tan\theta = \frac{2-0}{0+2} = 1 = \tan 45° \therefore \theta = 45°$

Example-53: $A(-1,3)$ এবং $B(-2,1)$ বিন্দুগামী সরলরেখার উপরিস্থিত $P(a,a)$ বিন্দুর স্থানাঙ্ক কোনটি? **[GST'22-23]**

(a) $(5,5)$ (b) $(-5,-5)$ (c) $(4,4)$ (d) $(-4,-4)$

Sol^n: (b); $A(-1,3), B(-2,\ 1)$ বিন্দুগামী সরলরেখার উপরিস্থিত $P(a,\ a)$ বিন্দু

$\therefore$ AP এর ঢাল = AB এর ঢাল $\frac{a-3}{a+1} = \frac{3-1}{-1-(-2)} \Rightarrow \frac{a-3}{a+1} = \frac{2}{1} = 2$

$\Rightarrow a - 3 = 2a + 2 \Rightarrow -5 = a \therefore P(-5,-5)$

Example-54: $3x - 5y + 1 = 0$ সরলরেখাটির ঢাল নির্ণয় কর। **[JU'19-20]**

Sol^n: $\therefore$ $\boxed{\text{সরলরেখার ঢাল} = -\frac{x \text{ এর সহগ}}{y \text{ এর সহগ}}}$ $\therefore m = -\frac{3}{-5} = \frac{3}{5}$ **(Ans.)**

Example-55: যদি $\frac{3}{2}$ ঢালবিশিষ্ট একটি সরলরেখার সমীকরণ $ax + 3y - 7 = 0$ হয়, তবে 'a' এর মান কত?

Sol^n: $ax + 3y - 7 = 0$ রেখার ঢাল, $m = -\frac{a}{3} = \frac{3}{2} \Rightarrow \boxed{a = -\frac{9}{2}}$ **(Ans.)**

Example-56: $x - y + 4 = 0$ সরলরেখাটি y অক্ষের সাথে কত ডিগ্রি কোণ উৎপন্ন করে? **[DU' 18-19]**

Sol^n: x অক্ষের সাথে উৎপন্ন কোণ, $\theta_x = \tan^{-1}(\text{ঢাল})$

এখানে, ঢাল $= -\frac{1}{-1} = 1 \therefore \theta_x = \tan^{-1}(1) = 45°$

$\therefore$ y অক্ষের সাথে কোণ, $\theta_y = 90° - 45° = 45°$ **(Ans.)**

Example-57: $\left(\frac{a}{b},0\right), \left(0,\frac{b}{a}\right), (2,2)$ বিন্দুত্রয় সমরেখ হলে, $(a+b)$ এর মান নিচের কোনটি? **[CU'22-23]**

(a) $\sqrt{\frac{1}{2}ab}$ (b) $\frac{2}{\sqrt{ab}}$ (c) $\sqrt{\frac{5}{2}ab}$ (d) $\frac{5}{2\sqrt{ab}}$

Sol^n: (c); $A\left(\frac{a}{b},0\right), B\left(0,\frac{b}{a}\right), C(2,2)$ বিন্দুত্রয় সমরেখ হলে,



$m_{AC} = m_{AB} = m_{AB} = m_{BC}$ হবে

$\therefore \frac{\frac{b}{a}-0}{0-\frac{a}{b}} = \frac{2-0}{2-\frac{a}{b}} [\therefore m_{AB} = m_{AC}$ হতে$]$

$\Rightarrow \frac{b^2}{a^2} = \frac{2b}{2b-a} \Rightarrow -2b^2 + ab = 2a^2$

$\Rightarrow a^2 + b^2 = \frac{1}{2}ab \Rightarrow (a + b^2) = \frac{5}{2}ab \therefore a + b = \sqrt{\frac{5}{2}ab}$ **(Ans.)**

Example-58: একটি সরলরেখা $(1,-2)$ বিন্দুগামী ও অক্ষদ্বয় হতে সমান অংশ খন্ডিত করলে রেখাটির ঢাল হবে:

(a) 45° (b) 135° (c) 60° (d) 30°

Sol^n: (b); শর্তমতে, রেখাটির সমীকরণ: $\frac{x}{a} + \frac{y}{a} = 1 \Rightarrow x + y = a$ যা $(1,-2)$ বিন্দুগামী $\therefore a = -1$

$\therefore x + y = -1 \Rightarrow y = -x - 1$ যা $y = mx + c$ এর সাথে তুলনা করে বলা যায় নির্ণেয় ঢাল $= -1 \therefore$ ঢাল $= 135°$ **(Ans.)**

Example-59: $x = 3, x = 5, y = 4, y = 5$ রেখাগুলো দ্বারা উৎপন্ন বর্গের একটি কর্ণের ঢাল?

(a) 1 (b) 0 (c) 0.5 (d) −1.5

Sol^n: (c); কর্ণ AC এর ঢাল $= \frac{y_2 - y_1}{x_2 - x_1}$

$= \frac{5-4}{5-3} = \frac{1}{2} = 0.5$

কর্ণ BD এর ঢাল $= \frac{4-5}{5-3}$

$= \frac{-1}{2} = -0.5$



Example-60: $y = \frac{x}{|x|}; x > 0$ কিসের সমীকরণ? **[Ans: c]**

(a) বক্র রেখা (b) উপবৃত্ত (c) সরল রেখা (d) পরাবৃত্ত

Example-61: $a^2x + b^2y + c = 0$ (a, b, c ধ্রুবক) সমীকরণটির জ্যামিতিক পরিচয় হল: **[Ans: c]**

(a) বৃত্ত (b) পরাবৃত্ত (c) সরলরেখা (d) উপবৃত্ত

Type–10: বিভিন্ন শর্তের সাপেক্ষে সরলরেখার সমীকরণ নির্ণয়

Case-01: সরলরেখা যে কোন অক্ষের সমান্তরাল ও একটি নির্দিষ্ট বিন্দুগামী হলে

Concept

(i) y অক্ষের সমান্তরাল রেখার সমীকরণ, $\boxed{x = a}$

(ii) x অক্ষের সমান্তরাল রেখার সমীকরণ, $\boxed{y = b}$

Shortcut

মনে রাখবে, x অক্ষের সমান্তরাল সরলরেখার সমীকরণে কোন x থাকবে না আর y অক্ষের সমান্তরাল সরলরেখার সমীকরণে কোন y থাকবে না।

Problems

Example-62: একটি সরলরেখা x অক্ষের সমান্তরাল এবং তা (3, 4) বিন্দুগামী রেখার সমীকরণ নির্ণয় কর।

Sol^n: x-অক্ষের সমান্তরাল রেখার সাধারণ সমীকরণ, $y = b$ রেখাটি (3, 4) বিন্দুগামী হলে, $4 = b \therefore b = 4$

$\therefore$ সঞ্চারপথের সমীকরণ $y = 4$ **(Ans.)**

Example-63: y অক্ষের সমান্তরাল এবং (5, 1) বিন্দুগামী সরলরেখার সমীকরণ-

Sol^n: $x = 5$

❖ **Shortcut:** মনে রাখবে, যে অক্ষের সমান্তরাল ঐ চলকটি অনুপস্থিত থাকবে এবং বিন্দুটির অপর চলকের মানই হবে সরলরেখার সমীকরণ।

Example-64: y অক্ষের সমান্তরাল সরলরেখাটি বাছাই কর:

(a) $4y - 3 = 0$ (b) $4y - 3x = 0$ (c) $4y - 3x - 1 = 0$ (d) $4x - 3 = 0$

Sol^n: (d); y অক্ষের সমান্তরাল সরলরেখায় y থাকে না।

Case-02: ঢাল ও y অক্ষ থেকে খন্ডিতাংশ দেওয়া থাকলে

Concept

কোনো সরলরেখার ঢাল m এবং y অক্ষ থেকে কর্তিত অংশ c হলে সরলরেখাটির সমীকরণ ⇒ $\boxed{y = mx + c}$

Problems

Example-65: $y = mx + c$ সরলরেখাটির ক্ষেত্রে- [KU'19-20]

(i) রেখাটি মূলবিন্দুগামী (ii) m হলো রেখার ঢাল (iii) c হলো y-অক্ষের খন্ডিতাংশের দৈর্ঘ্য

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) ii, iii (c) i, iii (d) i, ii, iii

Sol^n: (b); মূলবিন্দুগামী রেখায় $c = 0$ হয়।

Example-66: নিচের কোন সমীকরণটি y অক্ষকে মূলবিন্দুর 5 একক নিচে ছেদ করে এবং x অক্ষের সাথে 60° কোণ উৎপন্ন করে? [RU'08-09]

(a) $4 = \frac{1}{\sqrt{3}x-5}$ (b) $4 = \frac{1}{\sqrt{3}x+5}$ (c) $y = \sqrt{3}x - 5$ (d) $y = \sqrt{3}x + 5$

Sol^n: (c); $y = mx + c$ হতে পাই,

$m = \tan 60° = \sqrt{3}, c = -5$

$\therefore y = \sqrt{3}x - 5$ **(Ans.)**



Case-03: বিন্দু ও ঢাল দেওয়া

Concept

(x_1, y_1) বিন্দুগামী একটি সরলরেখার ঢাল m হলে, সরলরেখাটির সমীকরণ $\Rightarrow \boxed{(y-y_1) = m(x-x_1)}$

Problems

Example-67: (5, 2) বিন্দুগামী এবং 3 ঢালবিশিষ্ট সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

Sol^n: $y-2 = 3(x-5) \Rightarrow 3x-y-13 = 0$ **(Ans.)**

Example-68: একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা $(3, -2)$ বিন্দুগামী এবং x অক্ষের ধনাত্মক দিকের সাথে 135° কোণ উৎপন্ন করে।

Sol^n: এখানে ঢাল, $m = \tan 135° = -1$

$\therefore (3, -2)$ বিন্দুগামী এবং -1 ঢালবিশিষ্ট সরলরেখার সমীকরণ, $y - y_1 = m(x - x_1)$

$\Rightarrow y-(-2) = -1(x-3) \Rightarrow x+y-1 = 0$ **(Ans.)**

Case-04: দুইটি নির্দিষ্ট বিন্দুগামী হলে

Concept

একটি সরলরেখা (x_1, y_1) এবং (x_2, y_2) বিন্দুগামী হলে সরলরেখাটির সমীকরণ $\Rightarrow \frac{y-y_1}{y_1-y_2} = \frac{x-x_1}{x_1-x_2}$

Problems

Example-69: $x = 2, x = 4, y = 4$ এবং $y = 6$ রেখা দ্বারা গঠিত বর্গক্ষেত্রের কর্ণদ্বয়ের সমীকরণ বের কর। **[DU' 19-20]**

Sol^n: বর্গের শীর্ষবিন্দুগুলো হলো-$A(2,4), B(4,4), C(4,6), D(2,6)$

$\therefore$ AC কর্ণের সমীকরণ: $\frac{x-2}{2-4} = \frac{y-4}{4-6} \Rightarrow x-y+2 = 0$ **(Ans.)**

BD কর্ণের সমীকরণ: $\frac{x-4}{4-2} = \frac{y-4}{4-6}$

$\Rightarrow x+y-8 = 0$ **(Ans.)**



Example-70: (3, 4) ও (5, 2) বিন্দুগামী রেখার সমীকরণ নির্ণয় কর।

Sol^n: $\frac{y-4}{4-2} = \frac{x-3}{3-5} \Rightarrow x+y-7 = 0$ **(Ans.)**

Example-71: $A(h, k)$ বিন্দুটি $6x - y = 1$ রেখার উপর অবস্থিত এবং $B(k, h)$ বিন্দুটি $2x - 5y = 5$ রেখার উপর অবস্থিত। AB সরলরেখাটির সমীকরণ হবে?

(a) $3x+5y-3 = 5$ (b) $x+y-6 = 0$ (c) $2x-5y+5 = 0$ (d) $2x-5y-5 = 0$

Sol^n: (b); $A(h, k)$ বিন্দুটি, $6x-y-1 = 0$ রেখাস্থ বলে, $6h-k-1 = 0 \ldots\ldots\ldots$ (i) এবং $B(k, h)$ বিন্দুটি,

$2x-5y-5 = 0$ রেখাস্থ বলে, $2k-5h-5 = 0 \ldots\ldots\ldots$ (ii)

(i) ও (ii) সমাধান করে, $h = 1$ এবং $k = 5 \therefore A(h,k) = (1,5)$ ও $B(k,h) = (5,1)$ হবে,

এবং AB রেখার সমীকরণ: $y-5 = \frac{5-1}{1-5}(x-1) \Rightarrow x+y-6 = 0$ **(Ans.)**

Case-05: উভয় অক্ষ থেকে খন্ডিতাংশ দেওয়া থাকলে

Concept

একটি সরলরেখার x অক্ষের খণ্ডিতাংশ a এবং y অক্ষের খণ্ডিতাংশ b হলে সরলরেখাটির সমীকরণ $\boxed{\frac{x}{a}+\frac{y}{b} = 1}$

সরলরেখাটির অক্ষদ্বয়ের মধ্যবর্তী খন্ডিতাংশ অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ গঠন করে তার ক্ষেত্রফল $= \frac{1}{2}|ab|$

Problems

Example-72: $3x - 2y + 6 = 0$ সরলরেখা দ্বারা x-অক্ষের খন্ডিতাংশ কত একক? **[JU'19-20]**

Sol^n: $3x-2y = -6 \Rightarrow \frac{x}{-2}+\frac{y}{3} = 1 \therefore$ x অক্ষর খন্ডিতাংশ 2 একক।

Example-73: x- অক্ষ এবং y-অক্ষ হতে কোন সরলরেখা দ্বারা খণ্ডিত অংশদ্বয়ের যোগফল 8 হলে রেখাটির সমীকরণ নিচের কোনটি? [JU'20-21]

(a) $5x + 3y = 15$ (b) $x + y = 8$ (c) $5x + 3y = 1$ (d) $5x + 3y = 8$

Sol^n: (a); $5x + 3y = 15 \Rightarrow \frac{x}{3} + \frac{y}{5} = 1 ; 3 + 5 = 8$ **(Ans.)**

Example-74: AB সরলরেখাটি $P(5,0)$ এবং $Q(0,-5)$ বিন্দু দুইটি দ্বারা সমত্রিখন্ডিত হয়। রেখাটি x-অক্ষের সাথে কত ডিগ্রী কোণ উৎপন্ন করেছে? [JU'19-20]

Sol^n: P, Q বিন্দুদ্বয় AB রেখার উপর অবস্থিত।

$\frac{x}{5} + \frac{y}{-5} = 1 \Rightarrow x - y = 5 \therefore y = x - 5 \therefore$ ঢাল, $\tan\theta = 1 \therefore \theta = 45°$ **(Ans.)**

Example-75: $x - y + \sqrt{3} = 0$ সমীকরণটির বৈশিষ্ট্য নিচের কোনটি? [JU'19-20]

(a) x-অক্ষের সাথে 60° কোণ উৎপন্ন করে (b) উভয় অক্ষের খন্ডিত অংশ সমান

(c) y-অক্ষের সাথে 30° কোণ উৎপন্ন করে (d) কোনোটিই নয়

Sol^n: (b); $x + \sqrt{3} = y \Rightarrow x - y = -\sqrt{3} \Rightarrow \frac{x}{-\sqrt{3}} + \frac{y}{\sqrt{3}} = 1 \therefore$ উভয় অক্ষের খন্ডিত অংশের মান $\sqrt{3}$ একক (সমান)।

ঢাল $= \tan\theta = 1 \Rightarrow \theta = 45° \therefore$ x অক্ষের সাথে 45° এবং y অক্ষের সাথে $(90° - 45°)$ বা 45° কোণ উৎপন্ন করে।

Example-76: একটি সরলরেখা অক্ষদ্বয় থেকে সমমানের যোগবোধক অংশ ছেদ করে এবং (3, 2) বিন্দুগামী। সরলরেখাটির সমীকরণ নির্ণয় কর।

Sol^n: ধরি, সরলরেখাটির সমীকরণ $\frac{x}{a} + \frac{y}{b} = 1$

এখানে, $a = b$ বলে $\frac{x}{a} + \frac{y}{a} = 1 \Rightarrow x + y = a$ যা $(3,2)$ বিন্দুগামী $\therefore 3 + 2 = a \therefore$ সরলরেখার সমীকরণ $x + y = 5$ **(Ans.)**

Example-77: $3x - 2y - 6 = 0$ রেখা দ্বারা অক্ষদ্বয়ের সাথে গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় কর।

Sol^n: এখানে $3x - 2y - 6 = 0$

$\Rightarrow 3x - 2y = 6 \Rightarrow \frac{x}{2} + \frac{y}{-3} = 1$

$\therefore$ ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2}|ab|$

$= \frac{1}{2}|2.(-3)| = 3$ বর্গ একক **(Ans.)**



Example-78: $y = 1 + \frac{1}{2+x}$ বক্ররেখা x-অক্ষকে A বিন্দুতে এবং y-অক্ষকে B বিন্দুতে ছেদ করলে AB সরলরেখার সমীকরণ নিচের কোনটি? [DU'22-23]

(a) $x + 2y + 3 = 0$ (b) $x + 2y - 3 = 0$ (c) $x - 2y + 3 = 0$ (d) $x - 2y - 3 = 0$

Sol^n: (c); $y = 1 + \frac{1}{2+x}$; x অক্ষের উপর $y = 0 \Rightarrow 0 = 1 + \frac{1}{2+x} \Rightarrow -1 = \frac{1}{2+x} \Rightarrow -1 = 2 + x \therefore x = -3 \therefore A(-3,0)$

আবার, y অক্ষের উপর $x = 0 \Rightarrow y = 1 + \frac{1}{2+0} = 1 + \frac{1}{2} = \frac{3}{2} \therefore B\left(0,\frac{3}{2}\right)$

$\therefore$ AB রেখার সমীকরণ, $\frac{x}{-3} + \frac{y}{\frac{3}{2}} = 1 \Rightarrow \frac{x}{-3} + \frac{2y}{3} = 1 \Rightarrow \frac{-x+2y}{3} = 1 \Rightarrow -x + 2y = 3 \therefore x - 2y + 3 = 0$

Example-79: মূলবিন্দু এবং $x + 3y - 12 = 0$ রেখার অক্ষ দুইটির মধ্যবর্তী খণ্ডিত অংশের ত্রিখণ্ডক বিন্দু দুইটির সংযোগ রেখা দুইটির সমীকরণ নির্ণয় কর।

Sol^n: $x + 3y - 12 = 0 \Rightarrow \frac{x}{12} + \frac{y}{4} = 1$ ……… (i)

$\therefore$ (i) নং রেখা x অক্ষকে $A(12,0)$ ও y অক্ষকে $B(0,4)$ বিন্দুতে ছেদ করে,

ধরি, P ও Q বিন্দু দুইটি AB কে সমান তিনভাগে বিভক্ত করে।

$\therefore$ চিত্র হতে পাই, সমত্রিখণ্ডক বিন্দু দুটির স্থানাঙ্ক $P\left(8,\frac{4}{3}\right)$ ও $Q\left(4,\frac{8}{3}\right)$

$\therefore$ OP রেখার সমীকরণ; $y = \frac{\frac{4}{3}}{8}x \Rightarrow x - 6y = 0$ **(Ans.)**

[$O(0,0)$ ও (x_1, y_1) বিন্দুদ্বয়ের সংযোজক রেখার সমীকরণ: $y = \frac{y_1}{x_1}x$]

OQ এর সমীকরণ, $y = \frac{\frac{8}{3}}{4}x \Rightarrow 2x - 3y = 0$ **(Ans.)**



Case-06: সরলরেখা একটি নির্দিষ্ট বিন্দুগামী হলে এবং উভয় অক্ষ থেকে খন্ডিতাংশ এর মধ্যে সম্পর্ক দেওয়া থাকলে-

Problems

Example-80: একটি সরলরেখা $(-2, -5)$ বিন্দু দিয়ে অতিক্রম করে এবং x ও y-অক্ষদ্বয়কে যথাক্রমে A ও B বিন্দুতে ছেদ করে, যখন $OA + 2.OB = 0$ এবং O মূল বিন্দু।

Sol^n: রেখাটি, $\frac{x}{OA} + \frac{y}{OB} = 1 \Rightarrow \frac{x}{-2.OB} + \frac{y}{OB} = 1 \Rightarrow -x + 2y = 2.OB$

ইহা $(-2, -5)$ বিন্দু দিয়ে যায় বলে, $-(-2) + 2(-5) = 2.OB \Rightarrow 2.OB = -8$

$\therefore$ রেখাটি: $-x + 2y = -8 \Rightarrow x - 2y - 8 = 0$ **(Ans.)**

Example-81: একটি সরলরেখা (α, β) বিন্দুগামী এবং x, y অক্ষের খণ্ডিত অংশকে এই বিন্দুতে সমদ্বিখণ্ডিত করে, সরলরেখার সমীকরণ?

(a) $\frac{x}{\alpha} + \frac{y}{\beta} = 1$ (b) $\frac{x}{\beta} + \frac{y}{\alpha} = 1$ (c) $\frac{x}{\alpha} + \frac{y}{\beta} = 2$ (d) None of these

Sol^n: (c); নির্ণেয় রেখার সমীকরণ: $\frac{x}{a} + \frac{y}{b} = 1 \dots\dots\dots (i)$

যা x ও y অক্ষকে $A(a, 0)$ ও $B(0, b)$ বিন্দুতে ছেদ করে

এবং প্রদত্ত শর্তমতে, $\alpha = \frac{a+0}{2}$ এবং $\beta = \frac{0+b}{2} \therefore a = 2\alpha$ এবং $b = 2\beta$

$\therefore$ (i) হতে পাই: $\frac{x}{2\alpha} + \frac{y}{2\beta} = 1 \Rightarrow \frac{x}{\alpha} + \frac{y}{\beta} = 2$ **(Ans.)**



Case-07: $\boxed{x\cos\alpha + y\sin\alpha = p}$ সূত্র সংক্রান্ত-

মূলবিন্দু থেকে একটি সরলরেখার উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য p এবং উক্ত লম্ব x-অক্ষের ধনাত্মক দিকের সাথে α কোণ তৈরি করলে সরলরেখাটির সমীকরণ:

$$x\cos\alpha + y\sin\alpha = p$$



Shortcut

উপরোক্ত সরলরেখা x ও y অক্ষদ্বয়ের সাথে Δ বর্গ একক ক্ষেত্রফলবিশিষ্ট ত্রিভুজ গঠন করলে এবং মূলবিন্দু থেকে সরলরেখাটির উপর অঙ্কিত লম্ব ধনাত্মক x-অক্ষের সাথে α কোণ উৎপন্ন করলে তার সমীকরণ: $x\cos\alpha + y\sin\alpha = \sqrt{\Delta\sin 2\alpha}$

জেনে রাখো

$x\cos\alpha + y\sin\alpha = P \Rightarrow \frac{x}{\frac{P}{\cos\alpha}} + \frac{y}{\frac{P}{\sin\alpha}} = 1 \therefore \Delta OAB = \frac{1}{2}OB \cdot OA = \frac{1}{2} \times \frac{P}{\cos\alpha} \times \frac{P}{\sin\alpha} \Rightarrow \Delta = \frac{P^2}{\sin 2\alpha} \therefore P = \sqrt{\Delta\sin 2\alpha}$

Problems

Example-82: একটি সরলরেখা অক্ষদ্বয়ের সাথে $\frac{50}{\sqrt{3}}$ বর্গ একক ক্ষেত্রফলবিশিষ্ট একটি ত্রিভুজ গঠন করে এবং মূলবিন্দু হতে রেখাটির উপর অঙ্কিত লম্ব x অক্ষের সাথে 30° কোণ উৎপন্ন করে। রেখাটির সমীকরণ কোনটি? **[RU'18-19]**

Sol^n: ধরি, রেখাটি হবে, $x\cos 30° + y\sin 30° = p$; আবার, $\frac{x}{a} + \frac{y}{b} = 1 \therefore a = \frac{2p}{\sqrt{3}}, b = 2p$

আবার, $\frac{1}{2}ab = \frac{50}{\sqrt{3}} \Rightarrow \frac{4p^2}{\sqrt{3}} = \frac{100}{\sqrt{3}} \Rightarrow p = 5 \therefore$ সমীকরণ: $\frac{\sqrt{3}}{2}x + \frac{1}{2}y = 5 \Rightarrow \sqrt{3}x + y = 10$

❖ **Shortcut:** $x\cos 30° + y\sin 30° = \sqrt{\frac{50}{\sqrt{3}}\sin(2 \times 30°)} \Rightarrow x \times \frac{\sqrt{3}}{2} + y.\frac{1}{2} = \sqrt{\frac{50}{\sqrt{3}} \times \frac{\sqrt{3}}{2}} = 5 \Rightarrow \sqrt{3}x + y = 10$

Example-83: একটি সরলরেখা মূলবিন্দু থেকে $y - x = 0$ রেখাকে 3 একক দূরত্বে লম্বভাবে ছেদ করে। রেখাটির সমীকরণ কোনটি? **[RU'22-23]**

(a) $x + y = 3\sqrt{2}$ (b) $x - y = 3$ (c) $2x + y = 3$ (d) কোনটিই নয়

Sol^n: (a); $y - x = 0 \Rightarrow y = x$ রেখার ঢাল $= \tan\alpha = 1 \therefore \alpha = 45°$

$\therefore$ নির্ণেয় রেখার সমীকরণ, $x\cos\alpha + y\sin\alpha = P$

$\Rightarrow x\cos 45° + y\sin 45° = 3 \Rightarrow \frac{x}{\sqrt{2}} + \frac{y}{\sqrt{2}} = 3$

$\therefore x + y = 3\sqrt{2}$ **(Ans.)**



Example-84: মূলবিন্দু থেকে $x\sin\alpha + y\cos\alpha = P$ রেখার উপর লম্ব অঙ্কিত হলো। এ লম্ব রেখাটি x-অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে তার মান কত? [BAU' 18-19]

(a) α (b) $\frac{\pi}{2} - \alpha$ (c) $\frac{\pi}{2} + \alpha$ (d) $\pi + \alpha$

Sol^n: (b); $x\sin\alpha + y\cos\alpha = P \therefore x\cos\left(\frac{\pi}{2} - \alpha\right) + y\sin\left(\frac{\pi}{2} - \alpha\right) = P \therefore$ নির্ণেয় কোণ $= \frac{\pi}{2} - \alpha$

Example-85: $4\sqrt{2}$ একক দৈর্ঘ্যের একটি সরলরেখা অক্ষদ্বয়ের সাথে একটি ত্রিভুজ তৈরি করে এবং মূলবিন্দু থেকে উক্ত রেখার উপর অংকিত লম্ব x অক্ষের সাথে 45° কোণ উৎপন্ন করে। ত্রিভুজটির ক্ষেত্রফল: [JU' 09-10]

(a) 4 বর্গ একক (b) 8 বর্গ একক (c) 16 বর্গ একক (d) 9 বর্গ একক



Sol^n: (b); AB রেখা: $x\cos\alpha + y\sin\alpha = p$

$\Rightarrow x\cos 45° + y\sin 45° = p\ [\because \alpha = 45°]$

$\Rightarrow \frac{x}{\sqrt{2}p} + \frac{y}{\sqrt{2}p} = 1$

$\therefore \Delta OAB = \frac{1}{2} \times OA \times OB = \frac{1}{2} \times \sqrt{2}p \times \sqrt{2}p = p^2 \ldots\ldots\ldots (i)$

আবার, $OA^2 + OB^2 = AB^2 \Rightarrow (\sqrt{2}p)^2 + (\sqrt{2}p)^2$

$= (4\sqrt{2})^2 \Rightarrow 4p^2 = 32 \therefore p^2 = 8 \ldots\ldots\ldots (ii)$

$\therefore$ (i) ও (ii) হতে, $\Delta =$ 8 বর্গ একক

Example-86: মূলবিন্দু থেকে কোন সরলরেখার উপর অংকিত লম্বের দৈর্ঘ্য 3 একক হলে সরল রেখাটির সমীকরণ হবে- [RU' 08-09] [Ans: b]

(a) $y = 3x$ (b) $x\cos\theta + y\sin\theta = 3$ (c) $x\cos\alpha + y\sin\alpha = 5$ (d) $x = 3y = 6$

Example-87: কোন সরলরেখার ঢাল -1 এবং মূলবিন্দু হতে উহার দূরত্ব 4 একক হলে সরলরেখাটির সমীকরণ হবে:

(a) $x + y \pm 4\sqrt{2} = 0$ (b) $x - y \pm 4\sqrt{2} = 0$ (c) $2x + y \pm 4\sqrt{2} = 0$ (d) $x + y \pm \sqrt{2} = 0$

Sol^n: (a); যেহেতু সরলরেখার ঢাল $= -1 \therefore$ মূলবিন্দু হতে উক্ত রেখার উপর অংকিত লম্ব x অক্ষের ধনাত্মক দিকের সাথে α_1 ও α_2 কোণ উৎপন্ন করলে $\alpha_1 = 45°$ এবং $\alpha_2 = 180° + 45° = 225°$ হবে।



$\therefore$ AB রেখার সমীকরণ: $x\cos 45° + y\sin 45° = 4$

$\Rightarrow x + y = 4\sqrt{2} \Rightarrow x + y - 4\sqrt{2} = 0 \ldots\ldots\ldots (i)$

এবং CD রেখার সমীকরণ:

$x\cos(180° + 45°) + y\sin(180° + 45°) = 4$

$\Rightarrow -x\cos 45° - y\sin 45° = 4$

$\Rightarrow -\frac{x}{\sqrt{2}} - \frac{y}{\sqrt{2}} = 4 \Rightarrow -x - y = 4\sqrt{2} \Rightarrow x + y + 4\sqrt{2} = 0 \ldots\ldots\ldots (ii)$

$\therefore$ প্রদত্ত শর্তে প্রযোজ্য রেখার সমীকরণ: $x + y \pm 4\sqrt{2} = 0$ **(Ans.)**

Case-08: $\frac{x-x_1}{\cos\theta} = \frac{y-y_1}{\sin\theta} = \pm r$ সূত্র সংক্রান্ত।

Concept

$A(x_1, y_1)$ বিন্দু থেকে x অক্ষের ধনাত্মক দিকের সাথে θ কোণ বরাবর r দূরত্বে অপর কোন বিন্দুর স্থানাঙ্ক (x, y) হলে, $\frac{x-x_1}{\cos\theta} = \frac{y-y_1}{\sin\theta} = \pm r$, যেখানে (x, y) বিন্দু হতে (x_1, y_1) বিন্দুর দূরত্ব $= r$, এক্ষেত্রে $m = \tan\theta$ এর মান দেওয়া থাকলে এটি ধনাত্মক হলে $\sin\theta$ এবং $\cos\theta$ এর চিহ্ন একই এবং $\tan\theta$ এর মান ঋণাত্মক হলে $\sin\theta$ এবং $\cos\theta$ এর চিহ্ন বিপরীত নিতে হবে।

Problems

Example-88: $(5, 7)$ বিন্দুগামী একটি সরলরেখার ঢাল $\frac{3}{4}$। এই রেখার উপর $(5, 7)$ বিন্দু হতে 15 একক দূরে অবস্থিত দুটি বিন্দুর স্থানাঙ্কনির্ণয় কর।



Sol^n: নির্ণেয় সরলরেখার ঢাল, $m = \tan\theta = \frac{3}{4} \therefore \sin\theta = \frac{3}{5}$ এবং $\cos\theta = \frac{4}{5}$

ধরি, নির্ণেয় বিন্দু $(x, y) \therefore \frac{y-5}{\cos\theta} = \frac{y-7}{\sin\theta} = \pm r \Rightarrow \frac{x-5}{\frac{4}{5}} = \frac{y-7}{\frac{3}{5}} = \pm 15$

$\therefore x = 17, -7$ এবং $y = 16, -2 \therefore (17, 16)$ অথবা $(-7, -2)$

Type–11: দুইটি সমীকরণ একই সরলরেখা নির্দেশ করার শর্ত

Concept

$a_1x + b_1y + c_1 = 0$ এবং $a_2x + b_2y + c_2 = 0$ সরলরেখাদ্বয় একই সরলরেখা নির্দেশ করলে, $\boxed{\frac{a_1}{a_2} = \frac{b_1}{b_2} = \frac{c_1}{c_2}}$

Problems

Example-89: যদি $2x - 3y + 5 = 0$ এবং $3x + ky + p = 0$ রেখাদ্বয় একই সরলরেখা নির্দেশ করে, k এবং p এর মান নির্ণয় কর। **[CU' 14-15, KU' 12-13]**

Sol^n^: $\frac{2}{3} = \frac{-3}{k} = \frac{5}{p} \therefore \frac{2}{3} = \frac{-3}{k} \Rightarrow k = \frac{-9}{2} = -\frac{9}{2}$ এবং $\frac{2}{3} = \frac{5}{p} \Rightarrow p = \frac{15}{2}$

Example-90: $3x + \sqrt{3}y + 2 = 0$ এবং $x\cos\alpha + y\sin\alpha = p$ একই সরলরেখা হলে α এবং p এর মান নির্ণয় কর। **[RU'19-20]**

Sol^n^: $3x + \sqrt{3}y + 2 = 0 \Rightarrow \frac{x}{\frac{-2}{3}} + \frac{y}{\frac{-2}{\sqrt{3}}} = 1 \ldots\ldots (i)$; $x\cos\alpha + y\sin\alpha = p \Rightarrow \frac{x}{\frac{p}{\cos\alpha}} + \frac{y}{\frac{p}{\sin\alpha}} = 1 \ldots\ldots (ii)$

$\frac{p}{\cos\alpha} = -\frac{2}{3} \Rightarrow \cos\alpha = -\frac{3p}{2} \ldots\ldots\ldots\ldots\ldots (iii)$; $\frac{p}{\sin\alpha} = -\frac{2}{\sqrt{3}} \Rightarrow \sin\alpha = \frac{\sqrt{3}p}{-2} \ldots\ldots\ldots\ldots (iv)$

$(iii)^2 + (iv)^2 \Rightarrow 1 = p^2\left(\frac{9}{4} + \frac{3}{4}\right) \Rightarrow 1 = p^2\left(\frac{12}{4}\right) \Rightarrow 1 = p^2 \times 3 \therefore p = \frac{1}{\sqrt{3}}$ **(Ans.)**

$(iv) \div (iii) \Rightarrow \tan\alpha = \frac{1}{\sqrt{3}} = \tan 30° = \tan(180° + 30°) \therefore \alpha = 210°$ **(Ans.)**

[$\because$ sin α, cos α উভয়ই ঋণাত্মক তাই α তৃতীয় চতুর্ভাগে আছে]

Type–12: তিনটি সরলরেখা সমবিন্দু হওয়া সম্পর্কিত সমস্যা

Concept

$a_1x + b_1y + c_1 = 0; a_2x + b_2y + c_2 = 0; a_3x + b_3y + c_3 = 0$ রেখাত্রয় সমবিন্দু হবে যদি, $\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix} = 0$ হয়।

Problems

Example-91: $2x + by + 4 = 0, 4x - y - 2b = 0$ এবং $3x + y - 1 = 0$ রেখা তিনটি সমবিন্দু হলে b এর মান নির্ণয় কর। **[DU' 14-15]**

Sol^n^: এক্ষেত্রে $\begin{vmatrix} 2 & b & 4 \\ 4 & -1 & -2b \\ 3 & 1 & -1 \end{vmatrix} = 0 \Rightarrow 2(1 + 2b) - b(-4 + 6b) + 4(4 + 3) = 0$

$\Rightarrow 6b^2 - 8b - 30 = 0 \therefore b = 3$ অথবা, $-\frac{5}{3}$ **(Ans.)**

Example-92: $x - 3y + 4 = 0, x - 6y + 5 = 0, x + ay + 2 = 0$ রেখাদ্বয় সমবিন্দুগামী হইলে তৃতীয় রেখার সাথে লম্ব এবং মূলবিন্দুগামী রেখার সমীকরণ কোনটি?

(a) $4x - 3y = 0$ (b) $3x - y = 0$ (c) $5x - y + 20 = 0$ (d) $4x^2 - 3y^2 = 25x$

Sol^n^: (b); $\begin{vmatrix} 1 & -3 & 4 \\ 1 & -6 & 5 \\ 1 & a & 2 \end{vmatrix} = 0 \Rightarrow |(-12 - 5a) + 3(2 - 5) + 4(a + 6) = 0 \therefore a = 3$

$\therefore x + 3y + 2 = 0$ রেখার উপর লম্ব রেখা: $3x - y + k = 0$ যা মূলবিন্দুগামী হবে, $\therefore k = 0 \therefore 3x - y = 0$ **(Ans.)**

Type–13: সমান্তরাল সরলরেখার সমীকরণ নির্ণয়

Concept

- দুটি সরলরেখা সমান্তরাল হবে যদি তাদের ঢাল সমান থাকে।
- কোনো সরলরেখার সমান্তরাল সরলরেখার সমীকরণ বের করতে বললে, x ও y উভয়ের সহগই একই রেখে নতুন ধ্রুবক যোগ করতে হবে। যেমন: $ax + by + c = 0$ এর সমান্তরাল সরলরেখার সমীকরণ $\boxed{ax + by + k = 0}$

Shortcut

- ➢ (x_1, y_1) বিন্দুগামী $ax + by + c = 0$ এর সমান্তরাল সরলরেখার সমীকরণ $\Rightarrow ax + by = ax_1 + by_1$ [এখানে x, y চলক; x_1, y_1 ধ্রুবক]
- ➢ (x_1, y_1) বিন্দুগামী এবং (x_2, y_2) এবং (x_3, y_3) এর সংযোগ সরলরেখার সমান্তরাল সরলরেখার সমীকরণ $\boxed{y - y_1 = \frac{y_2 - y_3}{x_2 - x_3}(x - x_1)}$

Example-93: α এর কোন মানের জন্য $(\alpha - 1)x + (\alpha + 1)y - 7 = 0$ রেখাটি $3x + 5y + 4 = 0$ রেখার সমান্তরাল হবে? [RU'08-09]

Solⁿ: সরলরেখাদ্বয় পরস্পর সমান্তরাল হলে, $-\frac{\alpha-1}{\alpha+1} = -\frac{3}{5} \Rightarrow 5\alpha - 5 = 3\alpha + 3 \Rightarrow 2\alpha = 8 \therefore \alpha = 4$ **(Ans.)**

Example-94: $2x + 3y - 6 = 0$ এবং $kx - 2y + 5 = 0$ পরস্পর সমান্তরাল হলে, k এর মান নির্ণয় কর?

Solⁿ: $\frac{2}{k} = \frac{3}{-2}; k = \frac{-4}{3} = -\frac{4}{3}$ **(Ans.)**

❖ **Shortcut:** [সমান্তরাল হবার শর্ত, x এর সহগের অনুপাত = y এর সহগের অনুপাত $\left(\frac{a_1}{a_2} = \frac{b_1}{b_2}\right)$]

Example-95: $3x + 4y + 5 = 0$ রেখার সমান্তরাল রেখার সমীকরণ নির্ণয় কর যা (1, 2) বিন্দুগামী। [JU' 18-19, RU' 09-10]

Solⁿ: মনে করি, রেখাটির সমীকরণ $3x + 4y + k = 0$ যা (1, 2) বিন্দুগামী।

$\therefore 3 \times 1 + 4 \times 2 + k = 0 \Rightarrow k = -11 \therefore 3x + 4y - 11 = 0$ **(Ans.)**

❖ **Shortcut:** নির্ণেয় সরলরেখার সমীকরণ, $3x + 4y = 3.1 + 4.2 \Rightarrow 3x + 4y - 11 = 0$ **(Ans.)**

Type–14: লম্ব রেখার সমীকরণ নির্ণয়

Concept

- ➢ দুটি সরলরেখার ঢাল m_1 ও m_2 হলে, রেখাদ্বয় পরস্পর লম্ব হবে যদি $m_1 . m_2 = -1$ হয়।
- ➢ কোনো সরলরেখার উপরে লম্বরেখার সমীকরণ বের করতে বললে, x ও y এর সহগদ্বয় interchange করবে এবং যেকোনো একটি সহগের চিহ্ন change করবে এবং একটি নতুন ধ্রুবক যোগ করবে। যেমন: $ax + by + c = 0$ এর উপর লম্ব রেখার সমীকরণ $\boxed{bx - ay + k = 0}$

Shortcut

- ➢ (x_1, y_1) বিন্দুগামী $ax + by + c = 0$ এর উপর লম্ব রেখার সমীকরণ $\boxed{bx - ay = bx_1 - ay_1}$ [এখানে x, y চলক; x_1, y_1 ধ্রুবক]
- ➢ (x_1, y_1) বিন্দুগামী এবং (x_2, y_2) এবং (x_3, y_3) বিন্দুদ্বয়ের সংযোগ রেখার লম্ব সরলরেখার সমীকরণ $\boxed{y - y_1 = -\frac{x_2 - x_3}{y_2 - y_3}(x - x_1)}$

Problems

Example-96: $2x - y + 7 = 0$ এবং $3x - ay - 5 = 0$ রেখা দুইটি লম্ব হলে 'a' এর মান কোনটি? [CU'20-21]

Solⁿ: $2x - y + 7 = 0 \Rightarrow y = 2x + 7 ; m_1 = 2$

$3x - ay - 5 = 0 \Rightarrow y = \frac{3}{a}x - \frac{5}{a} ; m_2 = \frac{3}{a}$; লম্ব হলে, $m_1 m_2 = -1 \Rightarrow \frac{6}{a} = -1 \therefore a = -6$

❖ **Shortcut:** মনে রাখবে, লম্ব হতে হলে, সরলরেখাদ্বয়ের x এর সহগদ্বয়ের গুণফল + y এর সহগদ্বয়ের গুণফল = 0 বা, $\boxed{a_1 a_2 + b_1 b_2 = 0}$ এখানে, $2 \times 3 + (-1) \times (-a) = 0 \Rightarrow a = -6$ **(Ans.)**

Example-97: $3x + 4y + 5 = 0$ রেখার উপর লম্ব রেখার সমীকরণ নির্ণয় কর যা (3, 4) বিন্দুগামী। [RU' 08-09]

Solⁿ: মনে করি, রেখাটির সমীকরণ $4x - 3y + k = 0$ যা (3, 4) বিন্দুগামী।

$\therefore 4 \times 3 - 3 \times 4 + k = 0 \Rightarrow k = 0 \therefore 4x - 3y = 0$ **(Ans.)**

Example-98: $(-3, 6)$ বিন্দু হতে $2x - y - 8 = 0$ সরলরেখার উপর অংকিত লম্বের পাদবিন্দুর স্থানাঙ্কও লম্ব দুরত্ব নির্ণয় কর।



Sol^n: লম্ব দূরত্ব $= \left|\frac{2(-3)-6-8}{\sqrt{2^2+(-1)^2}}\right| = \left|\frac{-20}{\sqrt{5}}\right| = 4\sqrt{5}$ **(Ans.)**

$(-3, 6)$ বিন্দুগামী এবং $2x - y - 8 = 0 \dots\dots\dots$ (i)

রেখার উপর লম্ব রেখা হবে: $x + 2y = -3 + 2 \times 6 \Rightarrow x + 2y - 9 = 0 \dots\dots\dots$ (ii)

$\therefore$ (i) ও (ii) সমাধান করে পাদবিন্দু হবে $= (5, 2)$ **(Ans.)**

$\therefore$ লম্ব দূরত্ব $= \sqrt{(-3\ -5)^2 + (6-2)^2} = \sqrt{80} = 4\sqrt{5}$ একক।

Example-99: ΔABC এর শীর্ষ বিন্দু $A(6, 2), B(-3, 8)$ এবং $C(-5, -3)$ হইলে A বিন্দু দিয়ে অতিক্রমকারী উচ্চতা নির্দেশক রেখার সমীকরণ হবে?



Sol^n: $A(6, 2)$ বিন্দুগামী এবং BC এর উপর লম্ব তথা উচ্চতা নির্দেশক রেখা, AD এর সমীকরণ:

$y - 2 = -\frac{-3-(-5)}{8-(-3)}(x - 6)$

$\Rightarrow y - 2 = -\frac{2}{11}(x - 6)$

$\therefore 2x + 11y - 34 = 0$ **(Ans.)**

Example-100: AB ও AC রেখা দুটির সমীকরণ যথাক্রমে $3x + 3y - 12 = 0$ ও $2x - y - 1 = 0$, AB রেখার উপর লম্ব AD রেখার সমীকরণ নির্ণয় কর।



Sol^n: $3x + 3y - 12 = 0 \dots\dots\dots$ (i); $2x - y - 1 = 0 \dots\dots\dots$ (ii)

(i) ও (ii) থেকে বজ্রগুণন হতে পাই, $\frac{x}{-3-12} = \frac{y}{-24+3} = \frac{1}{-3-6} \Rightarrow \frac{x}{-15} = \frac{y}{-21} = \frac{1}{-9} \therefore x = \frac{5}{3}, y = \frac{7}{3}$

$\therefore A \equiv \left(\frac{5}{3}, \frac{7}{3}\right)$; $m_{AB} = -1 \therefore m_{AD} = 1$ হবে,

$\therefore$ AD এর সমীকরণ, $y - \frac{7}{3} = 1\left(x - \frac{5}{3}\right)$

$\Rightarrow \frac{3y-7}{5} = \frac{3x-5}{3} \Rightarrow 3y - 7 = 3x - 5 \therefore 3x - 3y + 2 = 0$

Example-101: $4x + 7y = 11$ সরলরেখার উপর লম্ব এবং যাহা y অক্ষ রেখাকে 2 একক দূরত্বে ছেদ করে এরূপ সরলরেখার সমীকরণ হবে:

(a) $3x - 2y \pm 6 = 0$ (b) $7x - 4y \pm 8 = 0$ (c) $3x - 7y \pm 4 = 0$ (d) None to these

Sol^n: (b); নির্ণেয় রেখা: $\frac{x}{a} + \frac{y}{\pm 2} = 1 - - -$ (i) এবং এর ঢাল $= -\frac{\frac{1}{a}}{\frac{1}{\pm 2}} = \frac{\pm 2}{a}$ আবার, $4x + 7y = 11$ এর ঢাল $= -\frac{4}{7}$

শর্তমতে, $\left(-\frac{4}{7}\right)\left(\frac{\pm 2}{a}\right) = -1$ হবে $\Rightarrow a = \frac{\pm 8}{7} \therefore$ (i) হতে পাই, $\frac{x}{\frac{\pm 8}{7}} + \frac{y}{\pm 2} = 1 \Rightarrow 7x - 4y = \pm 8 \Rightarrow 7x - 4y \pm 8 = 0$ **(Ans.)**

Type–15: লম্ব-সমদ্বিখন্ডকের সমীকরণ নির্ণয় সংক্রান্ত সমস্যা

Concept

$A(x_1, y_1)$ ও $B(x_2, y_2)$ বিন্দুদ্বয়ের সংযোজক রেখার লম্বদ্বিখন্ডের সমীকরণ,

$$\boxed{(x_1 - x_2)x + (y_1 - y_2)y = \frac{1}{2}\left(x_1^2 + y_1^2 - x_2^2 - y_2^2\right)}$$

Problems

Example-102: $P(4, 11)$ ও $Q(-2, 2)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের লম্ব সমদ্বিখণ্ডক সরলরেখার সমীকরণ নির্ণয় কর।



Sol^n: PQ এর মধ্যবিন্দুর স্থানাঙ্ক $\left(\frac{4-2}{2}, \frac{11+2}{2}\right) = \left(1, \frac{13}{2}\right)$

PQ রেখার ঢাল $= \frac{11-2}{4-(-2)} = \frac{9}{6} = \frac{3}{2}$

$\therefore$ PQ রেখার উপর লম্ব রেখার ঢাল $= -\frac{2}{3}$ [যেহেতু $m_1 \times m_2 = -1$]

এখন, $\left(1, \frac{13}{2}\right)$ বিন্দুগামী এবং $-\frac{2}{3}$ ঢালবিশিষ্ট সরলরেখার সমীকরণ $y - \frac{13}{2} = -\frac{2}{3}(x - 1) \Rightarrow 4x + 6y - 43 = 0$ **(Ans.)**

❖ **Shortcut:** $P(4,11)$ ও $Q(-2,2)$ বিন্দুদ্বয়ের সংযোগ সরলরেখার লম্বসমদ্বিখন্ডকের সমীকরণ হবে

$$\overset{\substack{\text{ভুজের অন্তর}\\ \uparrow}}{(4+2)x} + \overset{\substack{\text{কোটির অন্তর}\\ \uparrow}}{(11-2)y} = \frac{1}{2}\,\overset{\substack{\text{প্রথম বিন্দুর}\\ \text{স্থানাঙ্কের বর্গ সমষ্টি}\\ \uparrow}}{(4^2+11^2} - \overset{\substack{\text{দ্বিতীয় বিন্দুর স্থানাঙ্ক}\\ \text{বর্গদ্বয় বিয়োগ করতে হবে}\\ \uparrow}}{\{(2)^2-(-2^2)\}}$$

$\Rightarrow 6x + 9y = \frac{1}{2}(129) \Rightarrow 12x + 18y - 129 = 0 \therefore 4x + 6y - 43 = 0$

Type–16: দুইটি সরলরেখার ছেদবিন্দুগামী সরলরেখার সমীকরণ সংক্রান্ত

Concept

এই সমস্যাগুলোতে দুইটি সরলরেখার সমীকরণ দেওয়া থাকে। তাদের ছেদবিন্দুগামী (এবং অপর একটি শর্তের সাপেক্ষে) সরলরেখার সমীকরণ বের করতে বলা হয়। এই সমস্যাগুলোর জন্য নিম্নলিখিত পদ্ধতিদ্বয় ব্যবহার করা যেতে পারে।

Process-01: ছেদবিন্দু নির্ণয় করে সমাধান:

এই পদ্ধতিতে প্রদত্ত সরলরেখাদ্বয়ের ছেদবিন্দু নির্ণয় করতে হয়। এরপর, ঐ ছেদবিন্দুগামী এবং অপর শর্তটি মেনে সরলরেখার সমীকরণই নির্ণেয় সরলরেখার সমীকরণ।

Process-02: ছেদবিন্দু নির্ণয় না করে সমাধান: এই পদ্ধতিতে আমরা পাশের সূত্রটি ব্যবহার করবো।

$L_1\,(x,y) = a_1x + b_1y + c_1 = 0$ এবং $L_2(x,y) = a_2x + b_2y + c_2 = 0$

সরলরেখাদ্বয়ের ছেদবিন্দুগামী সরলরেখার সমীকরণ, $a_1x + b_1y + c_1 + k(a_2x + b_2y + c_2) = 0$

বা, $L_1 + k.L_2 = 0$ [অথবা, $a_2x + b_2y + c_2 + k(a_1x + b_1y + c_1) = 0$ বা $L_2 + k.L_1 = 0$]

জেনে রাখো

$a_1x + b_1y + c_1 = 0$ এবং $a_2x + b_2y + c_2 = 0$ সরলরেখাদ্বয়ের ছেদবিন্দুগামী এবং (α,β) বিন্দুগামী সরলরেখার সমীকরণ, $\frac{a_1x+b_1y+c_1}{a_2x+b_2y+c_2} = \frac{a_1\alpha+b_1\beta+c_1}{a_2\alpha+b_2\beta+c_2}$ অর্থাৎ $\frac{\text{১ম সরলরেখা}}{\text{২য় সরলরেখা}} = \frac{\text{প্রদত্ত বিন্দুটি ১ম সরলরেখায় বসাও}}{\text{প্রদত্ত বিন্দুটি ২য় সরলরেখায় বসাও}}$

Problems

Example-103. এমন একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা $x + 2y - 5 = 0$ এবং $2x + 3y - 8 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী

(i) মূলবিন্দুগামী (ii) $(5, 7)$ বিন্দুগামী (iii) x অক্ষের সমান্তরাল (iv) y অক্ষের সমান্তরাল

(v) $3x + 4y + 5 = 0$ রেখার সমান্তরাল (vi) $3x + 4y + 5 = 0$ রেখার উপর লম্ব।

Sol^n: (i) Process-01: $x + 2y - 5 = 0$ এবং $2x + 3y - 8 = 0$ এর ছেদবিন্দু $(1, 2)$. তাহলে $(1, 2)$ এবং মূলবিন্দু $(0,$ গামী সরলরেখার সমীকরণ, $y = \frac{2}{1}x$ $\left[y = \frac{y_1}{x_1}x\right] \therefore y = 2x$

❖ **Shortcut:** নির্ণেয় সমীকরণ, $\frac{x+2y-}{2x+3y} = \frac{0+2.0-5}{2.0+3.0-8} = \frac{5}{8} \therefore y = 2x$

(i) Process-02: $x + 2y - 5 = 0$ এবং $2x + 3y - 8 = 0$ এর ছেদবিন্দুগামী রেখার সমীকরণ,

$x + 2y - 5 + k(2x + 3y - 8) = 0$ ……… (i)

(i) নং রেখাটি $O(0,0)$ বিন্দুগামী হলে পাই, $0 + 0 - 5 + k(0 + 0 - 8) = 0 \therefore k = -\frac{5}{8}$

k এর মান (i) -এ বসালে পাই, সমীকরণ $x + 2y - 5 - \frac{5}{8}(2x + 3y - 8) = 0 \therefore y = 2x$

(i) Process-02 এর বিকল্প:

(1) $\Rightarrow (1 + 2k)x + (2 + 3k)y + (-5 - 8k) = 0$ ……… (2)

(2) রেখাটি মূলবিন্দুগামী হলে $-5 - 8k = 0 \Rightarrow k = -\frac{5}{8}$ [$ax + by + c = 0$ রেখাটি মূলবিন্দুগামী হলে $c = 0$]

k এর মান (2) [বা (1)] নং সমীকরণে বসালে পাই, $\left\{1 + 2\left(-\frac{5}{8}\right)\right\}x + \left\{2 + 3\left(-\frac{5}{8}\right)\right\}y + 0 = 0 \therefore y = 2x$ (Ans.)

(ii) Process-01: $x+2y-5=0$ এবং $2x+3y-8=0$ এর ছেদবিন্দু (1, 2).
এখন, (1, 2) এবং (5, 7) বিন্দুগামী সরলরেখার সমীকরণ, $\frac{y-2}{2-7}=\frac{x-1}{1-5}\Rightarrow\frac{y-2}{-5}=\frac{x-1}{-4}$
$\Rightarrow -4y+8=-5x+5 \therefore 5x-4y+3=0$

❖ **Shortcut:** $\frac{x+2y-5}{2x+3y-8}=\frac{5+2.7-5}{2.5+3.7-8}=\frac{14}{23}\therefore 5x-4y+3=0$

(ii) Process-02: $x+2y-5=0$ এবং $2x+3y-8=0$ এর ছেদবিন্দুগামী রেখার সমীকরণ,
$x+2y-5+k(2x+3y-8)=0\ldots\ldots\ldots(1)$
(1) নং রেখাটি (5, 7) বিন্দুগামী হলে পাই, $5+2.7-5+k(2.5+3.7-8)=0\therefore k=-\frac{14}{23}$
k এর মান (1) এ বসালে পাই, $x+2y-5-\frac{14}{23}(2x+3y-8)=0\Rightarrow 5x-4y+3=0$

(iii) Process-01: $x+2y-5=0$ এবং $2x+3y-8=0$ এর ছেদবিন্দু (1, 2)
এখন, x অক্ষের সমান্তরাল এবং (1,2) বিন্দুগামী রেখার সমীকরণ $\therefore y=2$ **(Ans.)**

(iii) Process-02: $x+2y-5=0$ এবং $2x+3y-8=0$ এর ছেদবিন্দুগামী রেখার সমীকরণ,
$x+2y-5+k(2x+3y-8)=0\ldots\ldots\ldots(1)\Rightarrow(1+2k)x+(2+3k)y+(-5-8k)=0\ldots\ldots\ldots(2)$
(2) নং সমীকরণ x অক্ষের সমান্তরাল হলে, $1+2k=0\Rightarrow k=-\frac{1}{2}$ [x অক্ষের সমান্তরাল রেখার সমীকরণের x এর সহগ = 0]
এখন, (2) অথবা (1) নং সমীকরণে k এর মান বসালে পাই, $0.x+\left\{2+\left(-\frac{3}{2}\right)\right\}y+\left(-5+\frac{8}{2}\right)=0\therefore y=2$ **(Ans.)**

(iv) Process-01: $x+2y-5=0$ এবং $2x+3y-8=0$ এর ছেদবিন্দু (1, 2)
এখন, y অক্ষের সমান্তরাল এবং (1, 2) বিন্দুগামী রেখার সমীকরণ $x=1$ **(Ans.)**

(iv) Process-02: $x+2y-5=0$ এবং $2x+3y-8=0$ এর ছেদবিন্দুগামী রেখার সমীকরণ,
$x+2y-5+k(2x+3y-8)=0\ldots\ldots\ldots(1)\Rightarrow(1+2k)x+(2+3k)y+(-5-8k)=0\ldots\ldots\ldots(2)$
(2) নং সমীকরণ y অক্ষের সমান্তরাল হলে, $2+3k=0\therefore k=-\frac{2}{3}$
এখন, (2) [অথবা (1)] নং সমীকরণে k এর মান বসালে পাই, $\left\{1+2\left(-\frac{2}{3}\right)\right\}x+0.y+\left\{-5-8\left(-\frac{2}{3}\right)\right\}=0\therefore x=1$

(v) Process-01: $x+2y-5=0$ এবং $2x+3y-8=0$ এর ছেদবিন্দু (1, 2);
এখন, (1,2) বিন্দুগামী $3x+4y+5=0$ রেখার সমান্তরাল রেখার সমীকরণ,
$3x+4y=3.1+4.2\therefore 3x+4y=11$ **(Ans.)**

(v) Process-02: $x+2y-5=0$ এবং $2x+3y-8=0$ এর ছেদবিন্দুগামী রেখার সমীকরণ,
$x+2y-5+k(2x+3y-8)=0\ldots\ldots\ldots(1)\Rightarrow(1+2k)x+(2+3k)y+(-5-8k)=0\ldots\ldots\ldots(2)$
(2) নং এবং $3x+4y+5=0$ রেখা সমান্তরাল হলে, $\frac{1+2k}{3}=\frac{2+3k}{4}\Rightarrow 4+8k=6+9k\therefore k=-2$
k এর মান (2) নং [বা (1) নং] – এ বসিয়ে পাই, $[1+2(-2)]x+[2+3(-2)]y+\{-5-8(-2)\}=0$
$\Rightarrow -3x-4y+11=0\therefore 3x+4y=11$ **(Ans.)**

(vi) Process-01: $x+2y-5=0$ এবং $2x+3y-8=0$ এর ছেদবিন্দু (1,2).
এখন, (1,2) বিন্দুগামী এবং $3x+4y+5=0$ এর উপর লম্ব রেখার সমীকরণ,
$4x-3y=4.1-3.2\therefore 4x-3y+2=0$ **(Ans.)**

(vi) Process-02: $x+2y-5=0$ এবং $2x+3y-8=0$ এর ছেদবিন্দুগামী সরলরেখার সমীকরণ,
$x+2y-5+k(2x+3y-8)=0\ldots\ldots\ldots\ldots(1)$
$\Rightarrow(1+2k)x+(2+3k)y+(-5-8k)=0\ldots\ldots.(2)$
(2) নং রেখাটি $3x+4y+5=0$ এর লম্ব হলে,
$(1+2k).3+(2+3k).4=0\Rightarrow 3+6k+8+12k=0\Rightarrow 18k=-11\therefore k=-\frac{11}{18}$
k এর মান (2) [বা, (1) নং] নং সমীকরণে বসিয়ে পাই,
$\left\{1+2\left(-\frac{11}{18}\right)\right\}x+\left\{2+3\left(-\frac{11}{18}\right)\right\}y+\left\{-5-8\left(-\frac{11}{18}\right)\right\}=0$
$\therefore 4x-3y+2=0$ **(Ans.)**

Example-104: y-অক্ষের সমান্তরাল এবং $2x - 7y + 11 = 0$ ও $x + 3y - 8 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দু দিয়ে অতিক্রমকারী সরলরেখার সমীকরণ নিচের কোনটি? [DU'22-23]

(a) $13x - 23 = 0$ (b) $3x - 7 = 0$ (c) $7x - 3 = 0$ (d) $23x - 13 = 0$

Sol^n: (a); রেখাটি y অক্ষের সমান্তরাল ∴ সমীকরণ হবে $x = a$; এখন প্রদত্ত রেখাদ্বয়ের সমীকরণ

$2x - 7y + 11 = 0 \ldots\ldots\ldots (1)$

$x + 3y - 8 = 0 \ldots\ldots\ldots (2)$

$(1) \times 3 \Rightarrow 6x - 21y + 33 = 0$

$(2) \times 7 \Rightarrow 7x + 21y - 56 = 0$

$(+) \Rightarrow \quad 13x - 23 = 0$ ইহাই নির্ণেয় সরলরেখার সমীকরণ।

Example-105: $x - y - 6 = 0$ এবং $3x - 8y + 3 = 0$ রেখার ছেদবিন্দুগামী যা মূলবিন্দু দিয়ে যায়, এরূপ রেখার সমীকরণ হল – [CU'22-23]

(a) $x - y = 0$ (b) $3x - 8y = 0$ (c) $y = mx + c$ (d) $7x - 17y = 0$

Sol^n: (d); সমীকরণ ২টি সমাধান করে পাই, $x = \frac{51}{5}, y = \frac{21}{5}$

∴ নির্ণেয় মূলবিন্দুগামী রেখার সমীকরণ: $y = \frac{\frac{21}{5}}{\frac{51}{5}}x$ বা, $21x - 51y = 0$ বা, $7x - 17y = 0$

Example-106: k এর যে কোন মানের জন্য $(2k - 3)x + (3k - 2)y - 4k + 1 = 0$ রেখাটি একটি নির্দিষ্ট বিন্দু দিয়ে যায়, বিন্দুটির স্থানাঙ্ক নির্ণয় কর।

(a) $(-1, 2)$ (b) $(-1, -2)$ (c) $(1, -2)$ (d) $(1, 2)$

Sol^n: (a); $(2k - 3)x + (3k - 2)y - 4k + 1 = 0$

$\Rightarrow (-3x - 2y + 1) + k(2x + 3y - 4) = 0$

∴ k এর যে কোন মানের জন্য প্রদত্ত রেখাটি, $-3x - 2y + 1 = 0 \ldots\ldots\ldots (i)$

এবং $2x + 3y - 4 = 0 \ldots\ldots\ldots (ii)$

রেখাদ্বয়ের ছেদ বিন্দু দিয়ে যায়। ∴ (i) × 2 + (ii) × 3 হতে; $5y - 10 = 0 \Rightarrow y = 2$

∴ $-3x - 2 \times 2 + 1 = 0 \Rightarrow x = -1$ ∴ নির্ণেয় স্থানাঙ্ক $(-1, 2)$ **(Ans.)**

Type–17: একটি সরলরেখার লম্ব ও সমান্তরাল দিকে কোন বহিঃস্থ বিন্দু থেকে অপর একটি সরলরেখার দূরত্ব নির্ণয়

Concept

(1) সমান্তরাল দিকে: $AB[a_1x + b_1y + c_1 = 0]$ রেখার সমান্তরাল দিকে $P(x_1, y_1)$ বিন্দু হতে $CD[a_2x + b_2y + c_2 = 0]$ রেখার দূরত্ব (PE) নির্ণয় করতে হবে। ধাপগুলো নিম্নে বর্ণনা করা হলো:



(i) $P(x_1, y_1)$ বিন্দুগামী $AB[a_1x + b_1y + c_1 = 0]$ এর সমান্তরাল রেখার (PE রেখার) সমীকরণ নির্ণয় কর। যা হবে $\boxed{a_1x + b_1y = a_1x_1 + b_1y_1}$

(ii) PE এবং CD রেখার ছেদবিন্দু E নির্ণয় কর। [ধরি $E(x_2, y_2)$]

(iii) PE রেখাংশের দৈর্ঘ্যই নির্ণেয় দূরত্ব। $PE = \sqrt{(x_1 - x_2)^2 + (y_1 - y_2)^2}$

(2) লম্ব দিকে: $AB[a_1x + b_1y + c_1 = 0]$ রেখার লম্ব দিকে $P(x_1, y_1)$ বিন্দু থেকে $CD[a_2x + b_2y + c_2 = 0]$ রেখার দূরত্ব (PE) নির্ণয় করতে হবে। ধাপগুলো নিম্নে বর্ণনা করা হলো:



(i) $P(x_1, y_1)$ বিন্দুগামী $AB[a_1x + b_1y + c_1 = 0]$ এর লম্ব রেখার (PE রেখার) সমীকরণ নির্ণয় কর। যা হবে, $\boxed{b_1x - a_1y = b_1x_1 - a_1y_1}$

(ii) PE ও CD রেখার ছেদবিন্দু E নির্ণয় কর। [ধরি, $E(x_2, y_2)$]

(iii) PE রেখাংশের দৈর্ঘ্যই নির্ণেয় দূরত্ব $PE = \sqrt{(x_1 - x_2)^2 + (y_1 - y_2)^2}$

Problems

Example-107. $3x - 4y + 8 = 0$ রেখার সমান্তরাল দিকে $3x + y + 4 = 0$ রেখা হতে $(1, 2)$ বিন্দুর দূরত্ব নির্ণয় কর।

Sol^n: $3x - 4y + 8 = 0$ রেখার (AB রেখার) সমান্তরাল এবং $P(1, 2)$ বিন্দুগামী রেখার সমীকরণ, [PE রেখার সমীকরণ],

$3x - 4y = 3.1 - 4.2 \therefore \boxed{3x - 4y + 5 = 0} \ldots\ldots\ldots (i)$

CD $[3x + y + 4 = 0]$ এবং PE$[3x - 4y + 5 = 0]$ এর ছেদবিন্দু $E\left(-\frac{7}{5}, \frac{1}{5}\right)$

এখন, $PE = \sqrt{\left(1 + \frac{7}{5}\right)^2 + \left(2 - \frac{1}{5}\right)^2}$ $\boxed{\therefore PE = 3 \text{ একক}}$ **(Ans.)**



Example-108. $3x - 4y + 8 = 0$ রেখার লম্ব দিকে $3x + y + 4 = 0$ রেখা হতে $(1, 2)$ বিন্দুর দূরত্ব নির্ণয় কর।

Sol^n: $3x - 4y + 8 = 0$ রেখার (AB রেখার) উপর লম্ব এবং $P(1, 2)$ বিন্দুগামী রেখার সমীকরণ, [PE রেখার সমীকরণ],

$4x + 3y = 4.1 + 3.2 \therefore \boxed{4x + 3y = 10} \ldots\ldots\ldots (i)$

CD$[3x + y + 4 = 0]$ এবং PE$[4x + 3y = 10]$ এর ছেদবিন্দু $E\left(-\frac{22}{5}, \frac{46}{5}\right)$

এখন, $PE = \sqrt{\left(1 + \frac{22}{5}\right)^2 + \left(2 - \frac{46}{5}\right)^2}$ $\boxed{\therefore PE = 9 \text{ একক}}$ **(Ans.)**



Type–18: সরলরেখার সাপেক্ষে বিন্দুর অবস্থান নির্ণয়

Concept

(x_1, y_1) বিন্দুটি $ax + by + c = 0$ রেখার-

- ধনাত্মক পার্শ্বে অবস্থিত হবে যদি $ax_1 + by_1 + c > 0$ (+ve) হয়
- ঋণাত্মক পার্শ্বে অবস্থিত হবে যদি $ax_1 + by_1 + c < 0$ (−ve) হয়।

দুটি বিন্দু (x_1, y_1) এবং (x_2, y_2), $ax + by + c = 0$ রেখার

- একই পার্শ্বে অবস্থিত হবে যদি, $(ax_1 + by_1 + c)$ ও $(ax_2 + by_2 + c)$ এর উভয়ই একই চিহ্নবিশিষ্ট হয়।
- বিপরীত পার্শ্বে অবস্থিত হবে যদি $(ax_1 + by_1 + c)$ ও $(ax_2 + by_2 + c)$ বিপরীত চিহ্নবিশিষ্ট হয়।

Problems

Example-109: $3x + 4y + 5 = 0$ রেখার সাপেক্ষে $(1, 2)$ ও $(-3, -4)$ বিন্দু কীভাবে অবস্থিত?

Sol^n: $(1, 2)$ এর জন্য $3 \times 1 + 4 \times 2 + 5 = 16 > 0$ (+ve)

$(-3, -4)$ এর জন্য $3 \times (-3) + 4(-4) + 5 = -20 < 0$ (−ve)

যেহেতু বিপরীত চিহ্ন বিশিষ্ট সুতরাং বিন্দুদ্বয় সরলরেখাটির বিপরীত পাশে অবস্থিত।

Type–19: বহিঃস্থ বিন্দু হতে সরলরেখার লম্ব দূরত্ব সম্পর্কিত সমস্যা

Concept

(x_1, y_1) বিন্দু হতে $ax + by + c = 0$ সরলরেখার উপর লম্ব দূরত্ব, $d = \left|\frac{ax_1 + by_1 + c}{\sqrt{a^2 + b^2}}\right|$

Problems

Example-110: $(-2, 1)$ বিন্দু হতে $4x - 3y + 1 = 0$ সরলরেখার উপর অংকিত লম্বের দৈর্ঘ্য নির্ণয় কর। **[JU' 10-11]**

Sol^n: নির্ণেয় লম্বের দৈর্ঘ্য d হলে, $d = \left|\frac{4(-2) - 3.1 + 1}{\sqrt{4^2 + (-3)^2}}\right| = \left|\frac{-8-3+1}{\sqrt{16+9}}\right| = 2$ একক **(Ans.)**

Example-111: $(-2, 3)$ বিন্দু হতে $x - y = 5$ রেখার লম্ব দূরত্ব কত? **[JU'19-20]**

Sol^n: $d = \frac{|-2-3-5|}{\sqrt{1^2+1^2}} = \frac{10}{\sqrt{2}} = 5\sqrt{2}$ একক **(Ans.)**

Example-112: $4x + 3y = c$ এবং $12x - 5y = 2(c+3)$ রেখা দুইটি হতে মূলবিন্দু সমদূরবর্তী। c এর ধনাত্মক মান নির্ণয় কর। [RU' 08-09]

Solⁿ: $4x + 3y - c = 0$ হতে মূলবিন্দুর দূরত্ব $= \left|\frac{4.0+3.0-c}{\sqrt{4^2+3^2}}\right| = \left|\frac{-c}{5}\right|$

$12x - 5y - 2(c+3) = 0$ হতে মূলবিন্দুর দূরত্ব $= \left|\frac{-2(c+3)}{\sqrt{12^2+(-5)^2}}\right| = \left|\frac{-2(c+3)}{13}\right| \therefore \left|\frac{-c}{5}\right| = \left|\frac{-2(c+3)}{13}\right| \Rightarrow -\frac{c}{5} = \pm\frac{-2(c+3)}{13}$

(+) ধরে, $-\frac{c}{5} = \frac{-2(c+3)}{13} \Rightarrow c = 10$

(−) ধরে, $-\frac{c}{5} = -\frac{-2(c+3)}{13} \Rightarrow c = -\frac{30}{23}$ ∴ c এর ধনাত্মক মান = 10 **(Ans.)**

Example-113: $(0,-1)$ বিন্দু এবং $y = 1$ সরলরেখা থেকে সমান দূরত্বের বিন্দুর সঞ্চার পথ নির্ণয় কর। [GST'20-21]

Solⁿ: সঞ্চারপথের বিন্দু (x, y)।

$\sqrt{(x-0)^2 + (y+1)^2} = \frac{|y-1|}{\sqrt{1^2+0^2}} \Rightarrow x^2 + y^2 + 2y + 1 = y^2 - 2y + 1 \Rightarrow x^2 + 4y = 0$

Example-114: y অক্ষের উপরিস্থিত যে বিন্দুগুলো হতে $3y = 4x - 10$ রেখার উপর অংকিত লম্ব দূরত্ব 4 একক হয়, তবে তাদের স্থানাঙ্ক কত?

(a) $(0,10)$ এবং $\left(0,\frac{-10}{3}\right)$ (b) $(0,10)$ এবং $\left(0,\frac{10}{3}\right)$ (c) $(0,-10)$ এবং $\left(0,\frac{10}{3}\right)$ (d) $(10,0)$ এবং $\left(0,\frac{10}{3}\right)$

Solⁿ: (c) ধরি, বিন্দুর স্থানাঙ্ক $(0,b)$ এবং প্রদত্ত রেখা: $4x - 3y - 10 = 0$ ∴ প্রশ্নমতে, $\left|\frac{4(0)-3b-10}{\sqrt{16+9}}\right| = 4$

$\Rightarrow 3b + 10 = \pm 20 \therefore b = \frac{10}{3}, -10$ ∴ নির্ণেয় বিন্দুগুলোর স্থানাঙ্ক, $(0,-10)$ এবং $\left(0,\frac{10}{3}\right)$ **(Ans.)**

Type–20: সমান্তরাল রেখার মধ্যবর্তী দূরত্ব সম্পর্কিত সমস্যা

Concept

দুটি সমান্তরাল সরলরেখা $ax + by + c_1 = 0$ এবং $ax + by + c_2 = 0$ এর মধ্যবর্তী দূরত্ব, $d = \left|\frac{c_1-c_2}{\sqrt{a^2+b^2}}\right|$

Problems

Example-115: $y = x + 4$ হতে $y = x$ রেখার লম্ব দূরত্ব কত? [Agri. Guccho'20-21]

Solⁿ: $\left|\frac{c_1-c_2}{\sqrt{a^2+b^2}}\right| = \left|\frac{4-0}{\sqrt{1^2+1^2}}\right| = 2\sqrt{2}$ **(Ans.)**

Example-116: $3x - 2y = 1$ এবং $6x - 4y + 9 = 0$ সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব নির্ণয় কর।

Solⁿ: $3x - 2y - 1 = 0 \ldots.(i)$

$6x - 4y + 9 = 0 \Rightarrow 3x - 2y + \frac{9}{2} = 0 \ldots.(ii)$

Note: [x এবং y এর সহগ একই করে নিতে হবে]

(i) নং এবং (ii) নং এর মধ্যবর্তী দূরত্ব

$= \left|\frac{-1-\frac{9}{2}}{\sqrt{3^2+(-2)^2}}\right| = \frac{\left|-\frac{11}{2}\right|}{\sqrt{13}} = \frac{11}{2\sqrt{13}}$

Example-117: $2x + 6y + 4 = 0$ এবং $3x + 9y - 4 = 0$ সরলরেখাদ্বয়ের মধ্যবর্তী লম্বদূরত্ব কত একক? [RU'22-23]

(a) 8 (b) $\frac{\sqrt{10}}{3}$ (c) $\frac{10}{\sqrt{3}}$ (d) কোনটিই নয়

Solⁿ: (b); $2x + 6y + 4 = 0 \Rightarrow x + 3y + 2 = 0$ এবং $3x + 9y - 4 = 0 \Rightarrow x + 3y - \frac{4}{3} = 0$

∴ লম্ব দূরত্ব $= \frac{\left|2+\frac{4}{3}\right|}{\sqrt{1^2+3^2}} = \frac{\sqrt{10}}{3}$

Example-118: $3x + 4y + 5 = 0$ রেখার সমান্তরাল এবং তা থেকে 10 একক দূরবর্তী অপর রেখার সমীকরণ নির্ণয় কর।

Solⁿ: মনে করি, সরলরেখাটি $3x + 4y + k = 0 \therefore \left|\frac{k-5}{\sqrt{3^2+4^2}}\right| = 10 \Rightarrow \frac{k-5}{5} = \pm 10$

(+) নিয়ে $k = 55 \therefore 3x + 4y + 55 = 0$; (−) নিয়ে $k = -45 \therefore 3x + 4y - 45 = 0$

Example-119: α সূক্ষ্মকোণ হলে $x\cos\alpha + y\sin\alpha = 4$ এবং $4x + 3y = 5$ সমান্তরাল রেখাদ্বয়ের দূরত্ব কত? [RU' 09-10]

Solⁿ: $x\cos\alpha + y\sin\alpha - 4 = 0 \ldots\ldots\ldots(i)$ এবং $4x + 3y - 5 = 0 \ldots\ldots\ldots(ii)$

Note: যেহেতু এখানে সহগ ভিন্ন ভিন্ন সুতরাং মূলবিন্দুর সাপেক্ষে দূরত্ব হিসাব করতে হবে।

(i) নং এবং (ii) নং এর মধ্যবর্তী দূরত্ব $= \left|\frac{0\times\cos\alpha+0.\sin\alpha-}{\sqrt{\cos^2\alpha+\sin^2\alpha}} - \frac{4.0+3.0-5}{\sqrt{4^2+3^2}}\right| = |-4+1| = 3$ **(Ans.)**

Type–21: দুইটি রেখার মধ্যবর্তী কোণ নির্ণয় সম্পর্কিত সমস্যা

Concept

- দুইটি সরলরেখার ঢাল m_1 ও m_2 হলে তাদের মধ্যবর্তী কোণ যদি θ হয় তবে, $\boxed{\tan\theta = \pm\frac{m_1-m_2}{1+m_1m_2}}$
- $\tan\theta$ এর +ve মান নিয়ে রেখাদ্বয়ের মধ্যবর্তী সূক্ষ্মকোণ পাওয়া যায়।
- $\tan\theta$ এর −ve মান নিয়ে রেখাদ্বয়ের মধ্যবর্তী স্থূলকোণ পাওয়া যায়।

Problems

Example-120: $x + y = 1$ এবং $x = 0$ সরলরেখাদ্বয়ের মধ্যবর্তী কোণের পরিমাণ কত হবে? **[RU'19-20]**

Solⁿ: $y = -x + 1$

$m = -1$

$\Rightarrow \tan\theta = -1$

$\therefore \theta = 135^\circ$

∴ উৎপন্ন কোণ 135°

অথবা 45°.



Example-121: $y = 2$ এবং $2x - 2y + 3 = 0$ রেখাদ্বয়ের অন্তর্ভূক্ত কোণ কত? **[Agri. Guccho'20-21]**

Solⁿ: $y = 2, m_1 = 0\,; 2x - 2y + 3 = 0, m_2 = \frac{-2}{-2} = 1 \therefore \tan\theta = \pm\frac{m_1-m_2}{1+m_1m_2} = \pm\frac{0-1}{1+0\times1} \therefore \theta = 135^\circ, 45^\circ$

∴ অন্তর্গত কোণ সূক্ষ্মকোণ 45° এবং স্থূলকোণ 135°.

Example-122: $2x + 3y - 1 = 0$ ও $x - 2y + 3 = 0$ রেখা দুইটির অন্তর্ভুক্ত সূক্ষ্মকোণ নির্ণয় কর। **[DU' 18-19, 08-09, JU' 18-19]**

Solⁿ: $2x + 3y - 1 = 0$ রেখার ঢাল $= -\frac{2}{3}$; $x - 2y + 3 = 0$ রেখার ঢাল $= -\frac{1}{-2} = \frac{1}{2}$

এখানে, $m_1 = \frac{1}{2}, m_2 = -\frac{2}{3}$ [সর্বদা বড় ঢালকে m_1 ধরবে]

∴ রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত সূক্ষ্মকোণ, $\theta = \tan^{-1}\frac{m_1-m_2}{1+m_1m_2} = \tan^{-1}\frac{\frac{1}{2}-\left(-\frac{2}{3}\right)}{1+\frac{1}{2}\cdot\left(-\frac{2}{3}\right)} = \tan^{-1}\frac{7}{4}$ **(Ans)**

Note: [সূক্ষ্মকোণের জন্য '+' ধরা হয়েছে স্থূলকোণ হলে ' − ' ধরতে হবে]

Example-123: দুইটি সরলরেখা $(-1, 2)$ বিন্দু দিয়ে যায় এবং এরা $3x - y + 5 = 0$ রেখার সহিত 45° কোণ উৎপন্ন করে, রেখাদ্বয়ের সমীকরণ নির্ণয় কর।

Solⁿ: নির্ণেয় সরলরেখার সমীকরণ, $y - 2 = m(x + 1)$ এবং প্রদত্ত রেখার ঢাল $= 3$

$\therefore \tan 45^\circ = \pm\frac{m-3}{1+3m} \Rightarrow 3m + 1 = \pm(m - 3)$

(+) চিহ্ন নিয়ে, $3m + 1 = m - 3 \therefore m = -2$; (−) চিহ্ন নিয়ে, $3m + 1 = -m + 3 \therefore m = \frac{1}{2}$

রেখা, $y - 2 = -2(x + 1) \Rightarrow 2x + y = 0$ এবং $y - 2 = \frac{1}{2}(x + 1) \Rightarrow x - 2y + 5 = 0$ (Ans.)

Example-124: $px + qy + 12 = 0$ এবং $px + qy + 20 = 0$ রেখাদ্বয়ের অর্ন্তভুক্ত কোণ? **[RU' 10-11]**

(a) $\frac{\pi}{3}$ (b) $\frac{\pi}{2}$ (c) π (d) None of these

Solⁿ: **(d);** প্রদত্ত রেখাদ্বয় পরস্পর সমান্তরাল, ∴ মধ্যবর্তী কোণ $= 0^\circ$

Example-125: $3x + 4y = 10$ এবং $4x - 3y = 5$ রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ কত? **[Ru' 10-11]**

(a) $\frac{\pi}{3}$ (b) $\frac{\pi}{2}$ (c) π (d) None of these

Solⁿ: **(b);** প্রদত্ত রেখাদ্বয় পরস্পর লম্ব। ∴ অন্তর্ভুক্ত কোণ $= 90^\circ = \frac{\pi}{2}$

Example-126: $y = x - 6$ এবং $y = mx + 6$ সরলরেখার মাঝে কোণ 60° হলে m এর মান কত?

(a) $\frac{-1+\sqrt{3}}{1+\sqrt{3}}$ (b) $\frac{\sqrt{3}+1}{-\sqrt{3}+1}$ (c) $\frac{1-\sqrt{3}}{1+\sqrt{3}}$ (d) b & c both

Solⁿ: **(d);** এখানে $m_1 = 1$ এবং $m_2 = m \therefore \tan 60^\circ = \frac{m-1}{1+1.m} \Rightarrow \sqrt{3} + \sqrt{3}m - m + 1 = 0$

$\Rightarrow m(\sqrt{3} - 1) = -(\sqrt{3} + 1) \Rightarrow m = -\frac{\sqrt{3}+1}{\sqrt{3}-1} \Rightarrow m = \frac{\sqrt{3}+1}{-\sqrt{3}+1}$ যা option (b)

আবার $\tan 60^\circ = \frac{1-m}{1+1.m} \Rightarrow \sqrt{3} + \sqrt{3}m + m - 1 = 0 \Rightarrow m(\sqrt{3} + 1) = 1 - \sqrt{3} \therefore m = \frac{1-\sqrt{3}}{\sqrt{3}+1}$ যা option (c)

∴ Option (d) is correct.

Type–22: কোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ সম্পর্কিত সমস্যা

Concept

$a_1x + b_1y + c_1 = 0$ এবং $a_2x + b_2y + c_2 = 0$ রেখা দুটির অন্তর্গত কোণদ্বয়ের সমদ্বিখণ্ডকের সমীকরণ

$$\Rightarrow \frac{a_1x+b_1y+c_1}{\sqrt{a_1^2+b_1^2}} = \pm\frac{a_2x+b_2y+c_2}{\sqrt{a_2^2+b_2^2}}$$

- $a_1a_2 + b_1b_2 = 0$ হলে রেখাদ্বয় লম্ব।
- $a_1a_2 + b_1b_2 > 0$ (+ve) হলে, (+ve) নিয়ে স্থূলকোণ এবং −ve নিয়ে সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডক পাওয়া যায়।
- $a_1a_2 + b_1b_2 < 0$ (−ve) হলে, (−ve) নিয়ে স্থূলকোণ এবং +ve নিয়ে সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডক পাওয়া যায়।
- সমদ্বিখণ্ডদ্বয় সর্বদা পরস্পর লম্ব হবে।
- $f_1(x,y) = a_1x + b_1y + c_1$ এবং $f_2(x,y) = a_2x + b_2y + c_2$ হলে এবং (α,β) একটি নির্দিষ্ট বিন্দু হলে,
  $f_1(\alpha,\beta) = a_1\alpha + b_1\beta + c_1$ এবং $f_2(\alpha,\beta) = a_2\alpha + b_2\beta + c_2$

এখন, $f_1(\alpha,\beta) \times f_2(\alpha,\beta) > 0$ (+ve) হলে → (+ve) চিহ্ন নিলে প্রাপ্ত সমীকরণ (α,β) বিন্দুধারী কোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ এবং $f_1(\alpha,\beta) \times f_2(\alpha,\beta) < 0$ (−ve) হলে → (−ve) চিহ্ন নিলে প্রাপ্ত সমীকরণ (α,β) বিন্দুধারী কোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ।

- c_1 ও c_2 বিপরীত চিহ্নবিশিষ্ট হলে → (−ve) চিহ্ন নিলে প্রাপ্ত সমীকরণ মূলবিন্দুধারী কোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ।
  c_1 ও c_2 একই চিহ্নবিশিষ্ট হলে → (+ve) চিহ্ন নিলে প্রাপ্ত সমীকরণ মূলবিন্দুধারী কোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ।

Problems

Example-127: $3x - 4y - 2 = 0$ এবং $4x - 3y = -1$ রেখাদ্বয়ের মধ্যবর্তী সূক্ষ্মকোণ এবং স্থূলকোণের সমদ্বিখণ্ডক নির্ণয় কর।

Sol^n: $\frac{3x-4y-2}{5} = \pm\frac{4x-3y+1}{5} \Rightarrow 3x - 4y - 2 = \pm(4x - 3y + 1)$

এখানে, $a_1a_2 + b_1b_2 = 3.4 + (-4)(-3) = 24 > 0$

$\therefore$ সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডক হবে, $3x - 4y - 2 = -(4x - 3y + 1) \Rightarrow 7x - 7y - 1 = 0$

এবং স্থূলকোণের সমদ্বিখণ্ডক হবে, $3x - 4y - 2 = 4x - 3y + 1 \Rightarrow x + y + 3 = 0$ **(Ans.)**

Example-128: $y = 2x + 1$ ও $2y - x = 4$ রেখা দুইটির অন্তবর্তী কোণের সমদ্বিখণ্ডক y অক্ষকে P ও Q বিন্দুতে ছেদ করে। PQ এর দৈর্ঘ্য কত? [KU'13-14]

Sol^n: $y - 2x - 1 = 0$ ও $2y - x - 4 = 0$ রেখা দুইটির সমদ্বিখণ্ডকদ্বয় হচ্ছে,

$\frac{y-2x-1}{\sqrt{1^2+2^2}} = \pm\frac{2y-x-}{\sqrt{2^2+(-1)^2}} \therefore y + x - 3 = 0 \Rightarrow 3y - 3x - 5 = 0$

y-অক্ষের ছেদ বিন্দুদ্বয় হচ্ছে, $(0, 3)$ ও $\left(0,\frac{5}{3}\right)$; $PQ = 3 - \frac{5}{3} = \frac{4}{3}$ **(Ans.)**

Type–23: বিন্দুর অবস্থান নির্ণয় সংক্রান্ত সমস্যা

Concept

$P(x',y')$ বিন্দুটি $a_1x + b_1y + c_1 = 0$ ও $a_2x + b_2y + c_2 = 0$ রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত স্থূলকোণে বা সূক্ষ্মকোণে অবস্থিত হবে তখন যথাক্রমে $(a_1x' + b_1y' + c_1)(a_2x' + b_2y' + c_2)(a_1a_2 + b_1b_2) > 0$ অথবা, < 0 হয়।

Problems

Example-129: $P(1,1)$ বিন্দুটি $x - y + 3 = 0$ এবং $2x + y - 5 = 0$ রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোন কোণে অবস্থিত?

Sol^n: $\{(1) - (1) + 3\} \times \{(2 \times (1) + (1) - 5)\} \times \{(2 \times 1 + (1)(-1)\} = 3 \times (-2) \times (1) = -6 < 0$

$\therefore P(1,1)$ বিন্দুটি সূক্ষ্মকোণে অবস্থিত।

Type–24: প্রতিবিম্ব নির্ণয় সংক্রান্ত

Concept

প্রতিবিম্ব নির্ণয় সংক্রান্ত: যার সাপেক্ষে প্রতিবিম্ব নির্ণয় করতে হবে তাকে দর্পণ ধরে নিতে হবে।

(a) বিন্দুর সাপেক্ষে বিন্দু:

Problems

Example-130: $A(2,3)$ বিন্দুর সাপেক্ষে $B(5,6)$ বিন্দুর প্রতিবিম্ব নির্ণয় কর।



Solⁿ: $\because A(2,3)$ বিন্দুর সাপেক্ষে প্রতিবিম্ব নির্ণয় করতে হবে, তাই A কে দর্পণ চিন্তা করতে হবে।

A এর সাপেক্ষে B এর প্রতিবিম্ব অবশ্যই B' হবে এবং BB' সরলরেখার মধ্যবিন্দু $A(2,3)$ হবে।

মনে করি, $B'(\alpha,\beta) \therefore \frac{5+\alpha}{2} = 2 \therefore \alpha = -1$; $\frac{6+\beta}{2} = 3 \therefore \beta = 0 \therefore B' \equiv (-1,0)$

(b) সরলরেখার সাপেক্ষে বিন্দু:

Case-1: x অক্ষের সাপেক্ষে বিন্দু



$\because$ x অক্ষের সাপেক্ষে প্রতিবিম্ব নির্ণয় করতে হবে।

সুতরাং A বিন্দুর ভুজ পরিবর্তিত হবে না শুধুমাত্র কোটির চিহ্ন পরিবর্তিত হবে।

$P(\alpha,\beta)$ বিন্দুর x অক্ষের সাপেক্ষে প্রতিবিম্ব হবে $P'(\alpha,-\beta)$

Case-2: y অক্ষের সাপেক্ষে বিন্দু



$\because$ y অক্ষের সাপেক্ষে প্রতিবিম্ব নির্ণয় করতে হবে।

সুতরাং A বিন্দুর কোটি পরিবর্তিত হবে না শুধুমাত্র ভুজের চিহ্ন পরিবর্তিত হবে।

$P(\alpha,\beta)$ বিন্দুর y অক্ষের সাপেক্ষে প্রতিবিম্ব হবে $P'(-\alpha,\beta)$

Case-3: $y = x$ অক্ষের সাপেক্ষে বিন্দু



$\because y = x$ রেখার সাপেক্ষে $B(0,5)$ বিন্দুর প্রতিবিম্ব হলো $B'(5,0)$ এবং $A(2,3)$ বিন্দুর প্রতিবিম্ব $A'(3,2)$

$\therefore y = x$ রেখার সাপেক্ষে $P(\alpha,\beta)$ বিন্দুর প্রতিবিম্ব $P'(\beta,\alpha)$

Case-4: $ax + by + c = 0$ রেখার সাপেক্ষে বিন্দু

Problems

Example-131: $2x + 3y + 5 = 0$ রেখার সাপেক্ষে $P(2,5)$ বিন্দুর প্রতিবিম্ব নির্ণয় কর।



Solⁿ: প্রদত্ত রেখার সমীকরণ, $2x + 3y + 5 = 0$ .... (i)

$2x + 3y + 5 = 0$ এর লম্ব সরলরেখার সমীকরণ,

$3x - 2y + k = 0$ .... (ii)

(ii) নং রেখাটি $P(2,5)$ বিন্দু দিয়ে গেলে পাই,

$3.2 - 2.5 + k = 0 \therefore k = 4$

$\therefore$ (ii) রেখার (AP) সমীকরণ, $3x - 2y + 4 = 0$ ....(iii)

(i) এবং (iii) এর ছেদবিন্দু $A\left(-\frac{22}{13}, \frac{-7}{13}\right)$ [Calculator দিয়ে]

এখন, $P'(\alpha,\beta)$ এবং $P(2,5)$ এর মধ্যবিন্দু $A\left(-\frac{22}{13}, -\frac{7}{13}\right)$

$\frac{2+\alpha}{2} = -\frac{22}{13}$	$\frac{5+\beta}{2} = -\frac{7}{13}$
$\therefore \alpha = -\frac{70}{13}$	$\therefore \beta = -\frac{79}{13}$

$\therefore P'\left(-\frac{70}{13}, -\frac{79}{13}\right)$ ইহাই নির্ণেয় প্রতিবিম্বের স্থানাঙ্ক।

❖ **Shortcut:** $ax + by + c = 0$ রেখার সাপেক্ষে (α, β) এর প্রতিবিম্ব (x, y) হলে, $x = \alpha - \frac{2a(a\alpha+b\beta+c)}{a^2+b^2}$
$y = \beta - \frac{2b(a\alpha+b\beta+c)}{a^2+b^2}$ $\therefore$ $2x + 3y + 5 = 0$ রেখার সাপেক্ষে $(2, 5)$ এর প্রতিবিম্ব (x, y) হলে,
$x = 2 - \frac{2.2(2.2+3.5+5)}{2^2+3^2} = -\frac{70}{13}$; $y = 5 - \frac{2.3(2.2+3.5+5)}{2^2+3^2} = -\frac{79}{13}$ $\therefore (x, y) \equiv \left(-\frac{70}{13}, -\frac{79}{13}\right)$

(c) সরলরেখার সাপেক্ষে সরলরেখা:

Case-01: একটি রেখার লম্ব রেখার সাপেক্ষে ঐ রেখার প্রতিবিম্ব

Concept

একটি রেখার লম্ব রেখার সাপেক্ষে ঐ রেখাটির প্রতিবিম্ব রেখাটি নিজেই।

Problems

Example-132: $3x + 4y + 5 = 0$ রেখার সাপেক্ষে $4x - 3y + 7 = 0$ এর প্রতিবিম্ব নির্ণয় কর।

Sol^n: $3x + 4y + 5 = 0$ রেখার ঢাল, $m_1 = -\frac{3}{4}$ এবং $4x - 3y + 7 = 0$ রেখার ঢাল, $m_2 = -\frac{4}{-3} = \frac{4}{3}$

$\therefore m_1 m_2 = -1$ [$\therefore$ রেখাদ্বয় পরস্পরের উপর লম্ব]



যেহেতু রেখাদ্বয় পরস্পর লম্ব $\therefore$ P বিন্দুর বিম্ব হবে P′ আবার Q বিন্দুর বিম্ব হবে Q′ (যেখানে P, P′, Q, Q′ সকলেই $4x - 3y + 7 = 0$ রেখার উপর অবস্থিত)। এভাবে $4x - 3y + 7 = 0$ রেখার উপরস্থ প্রতিটি বিন্দুর বিম্ব ঐ রেখার উপরেই হবে। $\therefore$ $3x + 4y + 5 = 0$ রেখার সাপেক্ষে $4x - 3y + 7 = 0$ রেখার প্রতিবিম্ব $4x - 3y + 7 = 0$ রেখাটি নিজেই।

Case-02: কোন সরলরেখার সমান্তরাল সরলরেখার সাপেক্ষে ঐ সরলরেখার প্রতিবিম্ব

Example-133: $3x + 4y + 8 = 0$ রেখার সাপেক্ষে $3x + 4y + 5 = 0$ এর প্রতিবিম্ব নির্ণয় কর।

Sol^n: দর্পণ সরলরেখার সমীকরণ, $3x + 4y + 8 = 0 \dots\dots\dots (1)$

যে সকল রেখাটির প্রতিবিম্ব নির্ণয় করতে হবে তার সমীকরণ, $3x + 4y + 5 = 0 \dots\dots\dots (2)$

ধরি, প্রতিবিম্বের সমীকরণ, $3x + 4y + k = 0 \dots\dots\dots . (3)$



(1) ও (2) এর লম্ব দূরত্ব = (1) ও (3) এর লম্ব দূরত্ব

$\Rightarrow \frac{|5-8|}{\sqrt{3^2+4^2}} = \frac{|k-8|}{\sqrt{3^2+4^2}} \Rightarrow |k - 8| = 3 \Rightarrow k - 8 = \pm 3$

$\Rightarrow k = 8 \pm 3 \therefore k = 11, 5$

কিন্তু, $k \neq 5 \because k = 5$ হলে (1) ও (3) একই সমীকরণ হয়ে যাবে $\therefore k = 11$

$\therefore$ প্রতিবিম্বের (3) নং সমীকরণ $3x + 4y + 11 = 0$

❖ **Shortcut:**



(Ans.)

Case-03: কোন সরলরেখার অসমান্তরাল এবং লম্ব নয় এরূপ সরলরেখার সাপেক্ষে ঐ সরলরেখার প্রতিবিম্ব

Example-134: $7x + 13y - 87 = 0$ রেখার সাপেক্ষে $5x - 8y + 7 = 0$ এর প্রতিবিম্ব নির্ণয় কর।

Sol^n: $7x + 13y - 87 = 0$ এবং $5x - 8y + 7 = 0$ এর ছেদবিন্দু A(5,4)

এখন, $5x - 8y + 7 = 0$ এর উপরস্থ একটি বিন্দু B(13,9) [ঐ সমীকরণে $x = 13$ বসালে, $y = 9$]

এখন, AD এর লম্ব রেখার ঢাল $= \frac{13}{7}$

$\therefore$ BD রেখার সমীকরণ, $y - 9 = \frac{13}{7}(x - 13)$

$\Rightarrow 7y - 63 = 13x - 169 \therefore 13x - 7y - 106 = 0 \dots\dots\dots (iii)$

(i) ও (iii) এর ছেদবিন্দু $D\left(\frac{1987}{218}, \frac{389}{218}\right)$

$\therefore$ B′ বিন্দুর স্থানাঙ্ক $\left(\frac{570}{109}, \frac{-592}{109}\right)$ (রেখার সাপেক্ষে বিন্দুর প্রতিবিম্ব)



এখন, $A(5,4)$ এবং $B\left(\frac{570}{109},\frac{-592}{109}\right)$ রেখার সমীকরণ

$$\frac{y-4}{4+\frac{592}{109}}=\frac{x-5}{5-\frac{570}{109}}\Rightarrow\frac{y-5}{\frac{1028}{109}}=\frac{x-5}{-\frac{25}{109}}\Rightarrow-25(y-4)=1028(x-5)\Rightarrow-25y+100=1028x-5140$$

$\therefore 1028x+25y=5240$ **(Ans.)**

❖ **Shortcut:** $f(x,y)=ax+by+c=0$ এর সাপেক্ষে $g(x,y)=a_1x+b_1y+c_1=0$ এর প্রতিবিম্ব হবে,

$(a^2+b^2)\,g(x,y)-2(aa_1+bb_1)f(x,y)=0$

$f(x,y)=7x+13y-87=0$ এর সাপেক্ষে $g(x,y)=5x-8y+7=0$ এর প্রতিবিম্ব হবে,

$(7^2+13^2)(5x-8y+7)-2\{5.7+13.(-8)\}\,(7x+13y-87)=0\Rightarrow 1028x+25y=5240$ **(Ans.)**

Example-135: একটি আলোক রশ্মি $x-2y-3=0$ সরলরেখা বরাবর পাঠানো হয়, $3x-2y-5=0$ সরলরেখাতে আসার পর তা প্রতিফলিত হয়। প্রতিফলিত রশ্মি বরাবর সমীকরণ নির্ণয় কর।

Sol^n: AB এর সমীকরণ: $x-2y-3=0$ ……… (i) এবং CB এর সমীকরণ: $3x-2y-5=0$ ……… (ii)

$\therefore$ (i) – (ii) হতে পাই: $x=1, y=-1$

$\therefore$ BD এর সমীকরণ: $y+1=m(x-1)$ ……… (iii)

শর্তমতে, $\angle i=\angle r$ হবে, এখন (i) এর ঢাল $m_1=\frac{1}{2}$

এবং (ii) এর ঢাল $m_2=\frac{3}{2}\therefore\frac{\frac{3}{2}-\frac{1}{2}}{1+\frac{3}{2}\cdot\frac{1}{2}}=\frac{m-\frac{3}{2}}{1+\frac{3m}{2}}\Rightarrow\frac{2(3-1)}{4+3}=\frac{2m-3}{2+3m}\Rightarrow m=\frac{29}{2}$



$\therefore$ (iii) হতে নির্ণেয় সমীকরণ: $y+1=\frac{29}{2}(x-1)\Rightarrow 29x-2y-31=0$ **(Ans.)**

একত্রে সব গুরুত্বপূর্ণ সূত্র

01. **y-অক্ষের সমান্তরাল রেখা:** একটি সরলরেখা y-অক্ষের সমান্তরাল এবং x-অক্ষের ছেদক অংশ a হলে রেখাটির সমীকরণ $x=a$
02. **x-অক্ষের সমান্তরাল রেখা:** একটি সরলরেখা x-অক্ষের সমান্তরাল এবং y-অক্ষের ছেদক অংশ b, রেখাটির সমীকরণ $y=\ b$।
03. **ঢাল মূল রেখা:** একটি সরলরেখা মূলবিন্দুগামী এবং এর ঢাল m হলে রেখাটির সমীকরণ, $y=mx=\frac{y_1}{x_1}x$।
04. **ঢাল ছেদক রেখা:** একটি সরলরেখার ঢাল m এবং y-অক্ষের ছেদক অংশ c হলে সরলরেখাটির সমীকরণ হবে $y=mx+c$।
05. **ঢাল বিন্দুরেখা:** একটি সরলরেখার ঢাল m এবং রেখাটি (x_1,y_1) বিন্দুগামী হলে রেখাটির সমীকরণ হবে $y-y_1=m(x-x_1)$।
06. **অক্ষছেদকারী রেখা:** একটি সরলরেখার X এবং y-অক্ষের ছেদক অংশ যথাক্রমে a এবং b হলে রেখাটির সমীকরণ হবে $\frac{x}{a}+\frac{y}{b}=1$।
07. **দ্বিবিন্দু রেখার সমীকরণ:** A এবং B এর স্থানাঙ্ক $(x_1,y_1),(x_2,y_2)$ হলে AB রেখার সমীকরণ, $\frac{y-y_1}{y_1-y_2}=\frac{x-x_1}{x_1-x_2}$।
08. **লম্বকোণ রেখা:** মূলবিন্দু থেকে যে কোন রেখার উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য p এবং উক্ত লম্ব x-অক্ষের ধনাত্মক দিকের সাথে α কোণ তৈরি করলে, এরূপ রেখার সমীকরণ, $x\cos\alpha+y\sin\alpha=p$।
09. $A(x_1,y_1)$ বিন্দু থেকে x-অক্ষের ধনাত্মক দিকের সাথে আনত θ কোণ বরাবর r দূরত্বে অপর কোনো বিন্দুর স্থানাঙ্ক (x,y) হলে, $\frac{x-x_1}{\cos\theta}=\frac{y-y_1}{\sin\theta}=\pm r$
10. $a_1x+b_1y+c_1=0$ এবং $a_2x+b_2y+c_2=0$ সমীকরণদ্বয় একই সরলরেখা নির্দেশ করার শর্ত: $\frac{a_1}{a_2}=\frac{b_1}{b_2}=\frac{c_1}{c_2}$।
11. **দুটি রেখার অন্তর্ভুক্ত কোণ:** $\phi=\pm\tan^{-1}\frac{\tan\theta_1-\tan\theta_2}{1+\tan\ _1\tan\theta_2}=\pm\tan^{-1}\frac{m_1-m_2}{1+m_1m_2}=\pm\tan^{-1}\frac{a_1b_2-a_2b_1}{a_1a_2+b_1b_2}$।
    সাধারণভাবে কোণ নির্ণয় করতে বললে '+' চিহ্ন ব্যবহার করা হয় আর দুটি কোণের শর্ত বা শর্ত প্রতিপাদন বা রেখার সমীকরণ নির্ণয়ে ± use করা হয়।
12. দুটি রেখা পরস্পর লম্ব হলে, $m_1\times m_2=-1$ এবং দুটি রেখা পরস্পর সমান্তরাল হলে, $m_1=m_2\therefore\theta_1=\theta_2$।
13. $a_1x+b_1y+c_1=0, a_2x+b_2y+c_2=0, a_3x+b_3y+c_3=0$ সমবিন্দু হলে, $\begin{vmatrix}a_1 & b_1 & c_1\\a_2 & b_2 & c_2\\a_3 & b_3 & c_3\end{vmatrix}=0$ হবে।
14. **লম্বদূরত্ব:** $ax+by+c=0$ রেখা হতে $P\,(x_1,y_1)$ বিন্দুর দূরত্ব $d=\frac{|ax_1+by_1+c|}{\sqrt{a^2+b^2}}$।

15. সমান্তরাল রেখাদ্বয়ের দূরত্ব: AB||CD হলে রেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব, $d = \frac{|c_1 - c_2|}{\sqrt{a^2+b^2}}$।

16. কোণের সমদ্বিখণ্ডক: AB ও CD রেখার অন্তর্গত কোণদ্বয়ের সমদ্বিখণ্ডকের সমীকরণ হলো- $\frac{a_1x+b_1y+c_1}{\sqrt{a_1^2+b_1^2}} = \pm\frac{a_2x+b_2y+c_2}{\sqrt{a_2^2+b_2^2}}$।

17. $(a_1a_2 + b_1b_2) > 0$ হলে, ধনাত্মক (+ve) ধরে স্থূলকোণের সমদ্বিখণ্ডক; ঋণাত্মক (−ve) ধরে সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডক।

18. $(a_1a_2 + b_1b_2) < 0$ ধনাত্মক (+ve) ধরে সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডক; ঋণাত্মক (−ve) ধরে স্থূলকোণের সমদ্বিখণ্ডক।
[লক্ষণীয় সূত্র প্রয়োগ করার সময় c_1 ও c_2 এর চিহ্ন ধনাত্মক রাখতে হবে]

19. রেখার সাপেক্ষে বিন্দুর প্রতিবিম্ব: (x_1, y_1) বিন্দুর প্রতিবিম্ব
   - x-অক্ষের সাপেক্ষে $(x_1, -y_1)$
   - y-অক্ষের সাপেক্ষে $(-x_1, y_1)$
   - $y = x$ রেখার সাপেক্ষে প্রতিবিম্ব (y_1, x_1)
   - $ax + by + c = 0$ রেখার সাপেক্ষে প্রতিবিম্ব (x', y') হলে, $\frac{x'-x_1}{a} = \frac{y'-y_1}{b} = \frac{-2(ax_1+by_1+c)}{a^2+b^2}$

20. রেখার সাপেক্ষে রেখার প্রতিবিম্ব: $ax + by + c = 0$ রেখার প্রতিবিম্ব
   - x-অক্ষের সাপেক্ষে $ax - by + c = 0$
   - y-অক্ষের সাপেক্ষে $-ax + by + c = 0$

   [যে অক্ষের সাপেক্ষে বলবে তার বিপরীত অক্ষের চলকের চিহ্ন উল্টে দিলে প্রতিবিম্বের সমীকরণ পাওয়া যাবে]

21. রেখার সাপেক্ষে বিন্দুর অবস্থান:
   - (x_1, y_1) এবং (x_2, y_2) বিন্দুদ্বয় $ax + by + c = 0$ রেখার একই পার্শ্বে অবস্থিত হবে যদি $ax_1 + by_1 + c$ এবং $ax_2 + by_2 + c$ রাশিদ্বয় একই সমচিহ্নবিশিষ্ট হয়।
   - (x_1, y_1) এবং (x_2, y_2) বিন্দুদ্বয় $ax + by + c = 0$ রেখার বিপরীত পার্শ্বে অবস্থিত হবে যদি $ax_1 + by_1 + c$ এবং $ax_2 + by_2 + c$ রাশিদ্বয় বিপরীত চিহ্নবিশিষ্ট হয়।

গুরুত্বপূর্ণ প্র্যাক্টিস প্রবলেম

MCQ

01. একটি সামান্তরিকের একটি কর্ণের প্রান্তবিন্দুদ্বয়ের স্থানাঙ্ক $(3, -4), (-6, 5)$; এর ৩য় শীর্ষবিন্দু $(-2, -1)$ হলে ৪র্থ শীর্ষবিন্দু স্থানাঙ্ক–
(a) $(1, -2)$ (b) $(0, -2)$ (c) $(-1, 2)$ (d) $(-1, 1)$

02. $(-5, 7)$ ও $(3, -1)$ বিন্দুদ্বয়ের সংযোগকারী রেখাংশের লম্বসমদ্বিখণ্ডক রেখার সমীকরণ–
(a) $y - 3 = x + 1$ (b) $y + 1 = x - 3$ (c) $y + 3 = x - 1$ (d) $y - 1 = x + 3$

03. $4x - 2y + 7 = 0$ সরলরেখার উপর কোন বিন্দুটি $(2, 3)$ও $(-2, 4)$ বিন্দু দুটি থেকে সমদূরবর্তী?
(a) $\left(\frac{7}{2}, 0\right)$ (b) $\left(0, \frac{7}{2}\right)$ (c) $\left(0, \frac{1}{2}\right)$ (d) $(1, 1)$

04. $(2, 1)$ বিন্দু থেকে যে সেটের বিন্দুসমূহের দূরত্ব 4 একক সেই সেট নির্দেশিত সঞ্চারপথের সমীকরণ–
(a) $(x - 2)^2 + (y - 1)^2 = 4$ (b) $(x - 2)^2 + (y - 1)^2 = 4^2$
(c) $(x + 2)^2 + (y + 1)^2 = 4$ (d) $(x - 2)^2 + (y + 1)^2 = 4^2$

05. $3x + 7y = 21$ এবং $2ax - 3by + 6 = 0$ সমীকরণদ্বয় একই সরলরেখা নির্দেশ করলে a ও b এর মান হবে যথাক্রমে-
(a) $\frac{3}{7}$ ও $-\frac{2}{3}$ (b) $\frac{3}{7}$ ও $\frac{4}{3}$ (c) $-\frac{3}{7}$ ও $\frac{2}{3}$ (d) কোনটিই নয়

06. একটি ত্রিভুজের শীর্ষবিন্দুত্রয় $(ap^2, 2ap), (aq^2, 2aq), (ar^2, 2ar)$ এবং এর ভরকেন্দ্র x অক্ষের উপর অবস্থিত হলে-
(a) $p + q + r = 1$ (b) $p + q + r = 0$ (c) $pqr = 1$ (d) $pqr = 0$

07. $4x + 3y = c$ এবং $12x - 5y = c + 8$ রেখা দুইটি মূলবিন্দু থেকে সমদূরবর্তী হলে, c এর মান কত?
(a) 5 (b) 10 (c) 2.5 (d) None

08. A ও B দুটি বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে $(-2, 4)$ এবং $(4, -5)$, AB রেখা C পর্যন্ত বর্ধিত করা হল যেন $AB = 3BC$ হয়, C বিন্দু স্থানাঙ্ককত?
(a) $(7, -8)$ (b) $(6, -5)$ (c) $(6, -8)$ (d) $(9, -8)$

09. ΔABC এর ভরকেন্দ্র মূলবিন্দুতে এবং A ও B এর স্থানাঙ্ক যথাক্রমে $(4,-7)$ ও $(-2,5)$ হলে C এর স্থানাঙ্ক কত?
(a) $(-1,1)$ (b) $(-2,2)$ (c) $(3,4)$ (d) $(1,3)$

10. $ax+by+c=0, bx+cy+a=0, cx+ay+b=0$ রেখাত্রয় সমবিন্দুগামী হওয়ার শর্ত কোনটি?
(a) $a+b+c=0$ (b) $a-b+c=0$ (c) $a+b=c$ (d) $a=b=c$

11. x-অক্ষস্থ P বিন্দু থেকে (0,2) এবং (6,4) বিন্দু দুটি সমদূরবর্তী হলে P বিন্দুর স্থানাঙ্ক কত?
(a) $(2,0)$ (b) $(4,0)$ (c) $(5,0)$ (d) $(6,8)$

12. যদি $A(2,3), B(5,6)$ এবং $D(6,8)$, বিন্দু তিনটি ABCD রম্বসের শীর্ষ বিন্দু হয় তাহলে C এর স্থানাঙ্ক কত?
(a) $(8,11)$ (b) $(9,11)$ (c) $(9,12)$ (d) $(8,13)$

13. $(1,2),(-3,1),(-2,-3),(2,-2)$ বিন্দুগুলো দ্বারা গঠিত ক্ষেত্রটি হবে–
(a) আয়তক্ষেত্র (b) বর্গক্ষেত্র (c) ট্রাপিজিয়াম (d) সামান্তরিক

14. কোন বৃত্তের কেন্দ্র $(3,5)$ এবং তার একটি ব্যাসের একপ্রান্ত $(7,3)$ হলে অপর প্রান্তের স্থানাঙ্ক কত?
(a) $(3,2)$ (b) $(4,1)$ (c) $(-1,7)$ (d) $(2,5)$

15. ABCD সামান্তরিকের A, B, C বিন্দু তিনটির স্থানাঙ্কযথাক্রমে $(1,2),(3,4),(1,0)$ হলে সামান্তরিকের ক্ষেত্রফল কত?
(a) 2 বর্গ একক (b) 4 বর্গ একক (c) 6 বর্গ একক (d) কোনটিই নয়

16. y-অক্ষ ও $(7,2)$ বিন্দু হতে $(a,5)$ বিন্দুটির দূরত্ব সমান হলে a এর মান–
(a) 6 (b) $\frac{29}{7}$ (c) 17 (d) $\frac{20}{7}$

17. $(2,-4)$ ও $(-3,6)$ বিন্দুদ্বয় সংযোগ রেখাকে y-অক্ষরেখা যে অনুপাতে বিভক্ত করে তা হলো–
(a) $3:4$ (b) $2:3$ (c) $1:2$ (d) $4:3$

18. $(3,2)$ এবং $(6,8)$ বিন্দু দুটির সংযোগ রেখার সমদ্বিখন্ডন বিন্দুর স্থানাঙ্ক কোনটি?
(a) $\left(\frac{9}{2},6\right)$ (b) $\left(\frac{9}{2},5\right)$ (c) $\left(6,\frac{5}{2}\right)$ (d) $\left(5,\frac{5}{2}\right)$

19. $(P,P-2),(P+3,P)$ এবং $(P+2,P+2)$ বিন্দুগুলো দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল কোনটি?
(a) 4 বর্গ একক (b) 4P বর্গ একক (c) $4P^2$ বর্গ একক (d) সবগুলো

20. $3x+7y-2=0$ সরলরেখার উপর লম্ব এবং $(2,1)$ বিন্দুগামী সরলরেখার সমীকরণ–
(a) $3x+7y-13=0$ (b) $7x-3y-11=0$ (c) $7x+3y-17=0$ (d) $7x-3y-2=0$

21. $y=3x+7$ এবং $3y-x=8$ সরলরেখাদ্বয়ের অন্তর্ভুক্ত সূক্ষ্মকোণ–
(a) $\tan^{-1}(1)$ (b) $\tan^{-1}\left(\frac{1}{2}\right)$ (c) $\tan^{-1}\left(\frac{4}{3}\right)$ (d) $\tan^{-1}\left(\frac{3}{4}\right)$

22. $(2,5)$ এবং $(5,6)$ বিন্দুগামী সরলরেখা কোনটি?
(a) $x-3y+13=0$ (b) $3x-y+13=0$ (c) $3x-y-13=0$ (d) $x-3y-13=0$

23. $(4,-2)$ বিন্দু থেকে $5x+12y=3$ রেখার উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য–
(a) $-\frac{7}{13}$ (b) $\frac{8}{9}$ (c) $-\frac{8}{9}$ (d) $\frac{7}{13}$

24. $ax+y+c=0$ এবং $x+by-8=0$ রেখাদ্বয় পরস্পর লম্ব হলে নিম্নের কোনটি সঠিক?
(a) $c=8$ (b) $b=-a$ (c) $b=a$ (d) $b=-c$

25. একটি সরলরেখার অক্ষদ্বয়ের মধ্যবর্তী অংশ $(2,3)$ বিন্দুতে সমদ্বিখণ্ডিত হয়। সরলরেখাটির সমীকরণ–
(a) $2x+3y-12=0$ (b) $3x+2y-12=0$ (c) $2x+3y-6=0$ (d) $3x+2y-6=0$

26. $(1,-1)$ এবং $(2,4)$ বিন্দুদ্বয়ের সংযোজক সরলরেখার সমদ্বিখণ্ডকের সমীকরণ–
(a) $x+3y-6=0$ (b) $x+5y-9=0$ (c) $x-3y-6=0$ (d) $x-5y-6=0$

27. সরলরেখা $3x+4y-12=0$ দ্বারা অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিত অংশের দৈর্ঘ্য–
(a) 7 (b) 5 (c) 9 (d) 8

28. $(-5,7)$ ও $(-3,-1)$ বিন্দুদ্বয়ের সংযোগকারী রেখাংশের লম্বসমদ্বিখণ্ডক রেখার সমীকরণ কী?
(a) $x-4y+16=0$ (b) $y+3=x-3$ (c) $y+3=x-1$ (d) $y-3=x+3$

29. $x+y=3$ এবং $y-x=1$ সরলরেখাদ্বয়ের ছেদবিন্দুগামী x অক্ষের সমান্তরাল সরলরেখার সমীকরণ–
(a) $y=2$ (b) $2y=3$ (c) $x=1$ (d) $x+3=0$

30. দুইটি সরলরেখা $a_1x+b_1y+c_1=0$ ও $a_2x+b_2y+c_2=0$ পরস্পর লম্ব হওয়ার শর্ত কোনটি?
(a) $a_1a_2+b_1b_2=0$ (b) $\frac{a_1}{a_2}=\frac{b_1}{b_2}$ (c) $a_1a_2-b_1b_2=0$ (d) $a_1a_2=b_1b_2$

31. $2x-5y+10=0$ দ্বারা নির্দেশিত সরলরেখা এবং অক্ষদ্বয় দ্বারা বেষ্টিত ত্রিভুজের ক্ষেত্রফল কত বর্গ একক?
(a) 10 (b) 20 (c) 50 (d) 5

32. $(4,-5)$ বিন্দুগামী x অক্ষের উপর লম্ব সরলরেখার সমীকরণ–
(a) $y+5=0$ (b) $x-4=0$ (c) $y-5=0$ (d) $x+4=0$

33. $3x-4x-12=0$ রেখাটির অক্ষদ্বয় হতে খণ্ডিত অংশের পরিমাণ যথাক্রমে–
(a) $-3,-4$ (b) $4,-3$ (c) $-4,-3$ (d) $-3,4$

34. $(5,7)$ এবং $(2,4)$ দুইটি বিন্দু দিয়ে অতিক্রমকারী সরলরেখার ঢাল হবে–
(a) 1 (b) 5 (c) 7 (d) 11

35. $2x+3y+c=0$ রেখার সহিত 45° কোণে ছেদকারী রেখার সমীকরণ হলো–
(a) $x+5y+6=0$ (b) $x+y+7=0$ (c) $5x+y+7=0$ (d) $2x+2y+7=0$

36. $4x-3y=5$ এবং $8x-6y=40$ রেখাদ্বয়ের ছেদ বিন্দু–
(a) $(2,1)$ (b) $(1,-1)$ (c) $(5,0)$ (d) কোনটিই নয়

37. $y=2$ এবং $y+x-3=0$ রেখাদ্বয়ের মধ্যবর্তী সূক্ষ্মকোণ–
(a) 90° (b) 45° (c) 60° (d) 0°

38. $5x+12y=2$ এবং $5x+12y+29=0$ রেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব–
(a) $\frac{31}{13}$ একক (b) $\frac{27}{13}$ একক (c) $\frac{31}{15}$ একক (d) $\frac{27}{14}$ একক

39. কোন সরলরেখার ঢাল -1 এবং মূলবিন্দু হতে উহার দূরত্ব 4 একক হলে সরলরেখাটির সমীকরণ হবে–
(a) $x+y\pm4\sqrt{2}=0$ (b) $x-y\pm4\sqrt{2}=0$ (c) $2x+y\pm4\sqrt{2}=0$ (d) $x+y\pm\sqrt{2}=0$

40. একটি সরলরেখা মূল বিন্দু দিয়ে অতিক্রম করে এবং x অক্ষের সাথে 120° কোণ উৎপন্ন করে। উহার সমীকরণ কোনটি?
(a) $x-\frac{1}{\sqrt{3}}y=0$ (b) $y+\sqrt{3}x=0$ (c) $x+\sqrt{3}y=0$ (d) $x-\sqrt{3}y=0$

41. $2x-5y=1$ ও $5x+5y=3$ রেখাদ্বয় কোন চতুর্ভাগে ছেদ করবে?
(a) I (b) II (c) III (d) IV

42. $x-y\sqrt{3}=7$ এবং $x\sqrt{3}-y=5$ রেখাদ্বয়ের অন্তর্গত কোণ কত?
(a) 30° (b) 45° (c) 60° (d) 12°

43. $y=3x+3$ রেখাটি x -অক্ষকে ছেদ করে কোন বিন্দুতে?
(a) $(3,0)$ (b) $(1,0)$ (c) $(-1,0)$ (d) $(-3,0)$

44. সরলরেখার সমীকরণ কোনটি যে y অক্ষকে 8 একক দূরে ছেদ করে এবং x অক্ষের সাথে 45° হেলানো অবস্থায় আছে।
(a) $x+y+8=0$ (b) $x-y+8=0$ (c) $y=8$ (d) $x=8$

45. $5x^2-11x-12=0$ সমীকরণে x এর মান কত?
(a) $\pm\frac{2}{3}$ (b) $\frac{4}{3}$ (c) $-\frac{4}{3}$ (d) $-\frac{4}{5}$

46. $2y-x=6$ রেখাটির দ্বারা y অক্ষের ছেদাংশ কত?
(a) 6 (b) 7 (c) 3 (d) 4

47. $a_1x+b_1y+c_1=0$ ও $a_2x+b_2y+c_2=0$ রেখা পরস্পর সমান্তরাল হবে–
(a) $a_1b_2=a_2b_1$ (b) $a_1b_1=a_2b_2$ (c) $b_1c_1=b_2c_2$ (d) $a_1c_1=a_2c_2$

48. $(2,-1),(a+1,a-3)$ ও $(a+2,a)$ বিন্দু তিনটি সমরেখ হলে a এর মান–
(a) 4 (b) 2 (c) $\frac{1}{4}$ (d) $\frac{1}{2}$

49. যে বিন্দু $(1,4)$ এবং $(9,-12)$ বিন্দুদ্বয়ের সংযোগকারী রেখাংশকে অন্তঃস্থভাবে 3 : 5 অনুপাতে বিভক্ত করে তার স্থানাঙ্ক
(a) $(4,-2)$ (b) $(2,-4)$ (c) $(-4,2)$ (d) $(4,2)$

50. $y=2x+1$ ও $2y-x=4$ রেখা দুইটির অন্তবর্তী কোণের সমদ্বিখণ্ডক y অক্ষকে P ও Q বিন্দুতে ছেদ করে। PQ এর দৈর্ঘ্য কত?
(a) 4 (b) 2 (c) $\frac{4}{3}$ (d) $\frac{2}{3}$

51. কোনো ত্রিভুজের শীর্ষবিন্দুসমূহ $(-1,-2), (2,5)$ এবং $(3,10)$ হলে তার ক্ষেত্রফল–
(a) 10 sq. units (b) 15 sq. units (c) 4 sq. units (d) 18 sq. units

52. $(3,-1)$ এবং $(5,2)$ বিন্দুদ্বয়ের সংযোগকারী সরলরেখাকে $3:4$ অনুপাতে বহিঃস্থভাবে বিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক–
(a) $\left(\frac{17}{3},3\right)$ (b) $\left(\frac{27}{7},\frac{2}{7}\right)$ (c) $\left(\frac{27}{4},\frac{4}{3}\right)$ (d) None

53. $5x+4y=20$ রেখা, x-অক্ষ ও y-অক্ষ দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল–
(a) 10 বর্গ একক (b) 12 বর্গ একক (c) 9 বর্গ একক (d) 8 বর্গ একক

54. ABC ত্রিভুজের শীর্ষবিন্দুত্রয় $A(3,x), B(3,9), C(-5,-8)$ এবং $\Delta ABC = 44$ হলে $x=$?
(a) -4 (b) 3 (c) -2 (d) 6

55. একটি সমবাহু ত্রিভুজের দুটি শীর্ষবিন্দুর স্থানাঙ্ক $(0,-4)$ ও $(0,4)$; এর ৩য় শীর্ষবিন্দুর স্থানাঙ্ক–
(a) $(4\sqrt{3},0)$ (b) $(4,0)$ (c) $(2\sqrt{3},0)$ (d) None

56. ABCD চতুর্ভুজের শীর্ষবিন্দুগুলো যথাক্রমে $(a,0), (-b,0), (0,a), (0,-b)$; Δ ACB এর ক্ষেত্রফল–
(a) $0.5(a-b)a$ (b) $0.5(b-a)b$ (c) $(a+b)a$ (d) None

57. $3x-4y=12, 4x-3y+6=0$ এবং $5x+12y=27$ দ্বারা গঠিত ত্রিভুজের অন্তঃকেন্দ্রের স্থানাঙ্ককত?
(a) $\left(\frac{25}{68},-\frac{3}{98}\right)$ (b) $\left(\frac{45}{98},-\frac{6}{68}\right)$ (c) $\left(\frac{25}{98},-\frac{9}{98}\right)$ (d) $\left(\frac{45}{98},\frac{3}{68}\right)$

58. একটি সরলরেখা (α,β) বিন্দুগামী এবং X, Y অক্ষের কর্তিত অংশ এই বিন্দুতে সমদ্বিখণ্ডিত হয়। সরলরেখার সমীকরণ-
(a) $\frac{x}{\alpha}+\frac{y}{\beta}=1$ (b) $\frac{x}{\beta}+\frac{y}{\alpha}=1$ (c) $\frac{x}{\alpha}+\frac{y}{\beta}=2$ (d) None

59. কোন সামান্তরিকের কর্ণদ্বয় $x+3y=4$ এবং $6x-2y=-7$ হলে, সামান্তরিকটি-
(a) রম্বস (b) সামান্তরিক (c) আয়ত (d) ট্রাপিজিয়াম

60. মূলবিন্দু হতে $12x+5y=7$ রেখার লম্ব দূরত্ব কত?
(a) $\frac{7}{13}$ (b) $\frac{12}{13}$ (c) $\frac{5}{13}$ (d) $\frac{1}{13}$

61. y-অক্ষের উপর লম্ব রেখার ঢাল কত?
(a) 1 (b) 0 (c) অসীম (d) অসংজ্ঞায়িত

62. অক্ষদ্বয়ের সাথে সমান সমান কোণ উৎপন্নকারী সরলরেখাসমূহের ঢাল কত?
(a) 1 (b) -1 (c) ± 1 (d) $\pm\frac{1}{\sqrt{2}}$

63. y-অক্ষের সাপেক্ষে $(-1,-3)$ বিন্দুর প্রতিবিম্ব কত?
(a) $(1,3)$ (b) $(1,-3)$ (c) $(-1,3)$ (d) কোনটিই নয়

64. $(4, 7)$ বিন্দুগামী এবং y অক্ষের সমান্তরাল সরলরেখাটির সমীকরণ-
(a) $y=4$ (b) $x=7$ (c) $x=4$ (d) $y=7$

65. $(1, 2)$ বিন্দু হইতে $x-\sqrt{3}y+4=0$ রেখার ওপর লম্ব অঙ্কন করা হলো। মূলবিন্দু হতে ঐ লম্বের দূরত্ব কত?
(a) $\frac{1+\sqrt{3}}{3}$ (b) $\frac{2+\sqrt{3}}{2}$ (c) $\frac{2+\sqrt{3}}{3}$ (d) $\frac{1+\sqrt{3}}{5}$

66. $(-1,3)$ এবং $(4,-2)$ বিন্দুগামী রেখার অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিতাংশের দৈর্ঘ্য কত?
(a) $2\sqrt{3}$ (b) $3\sqrt{2}$ (c) 2 (d) $2\sqrt{2}$

67. A ও B দুইটি স্থির বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে $(3,4)$ ও $(3,6)$, AB বাহুর উপর অংকিত সমবাহু ত্রিভুজ ABC এর C বিন্দুটি AB রেখার সাপেক্ষে, মূলবিন্দুর বিপরীত পাশে অবস্থিত হলে C বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর। **[RU'06-07]**
(a) $(3+\sqrt{3},5)$ (b) $(3+2\sqrt{3};5)$ (c) $(2+\sqrt{3},5)$ (d) $(3+\sqrt{3},3)$

68. $(2\sqrt{3},90°), (2,120°)$ এবং $(2,60°)$ বিন্দুত্রয় যে ত্রিভুজের শীর্ষবিন্দু হবে-
(a) সমবাহু (b) সমদ্বিবাহু (c) সমকোণী (d) কোনটিই নয়

69. $(5,6)$ বিন্দু হতে 4 একক দূরত্বে অবস্থিত বিন্দুর কোটি 6 হলে ভুজ কত? **[CU'20-21]**

70. P বিন্দুর কোটি -6; x অক্ষ হতে P বিন্দুর দূরত্ব y অক্ষ হতে এর দূরত্বের অর্ধেক হলে, P বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

71. $(x,y), (x',y')$ ও $(x-x',y-y')$ বিন্দুগুলো সমরেখ হলে-
(a) $xy=x'y'$ (b) $x'y=xy'$ (c) $\frac{x}{x'}=\frac{y'}{x'}$ (d) $x(x-x')=y(y-y)$

Written

72. $r = 6\cos\theta - 2\sin\theta$ কে কার্তেসীয় সমীকরণে প্রকাশ কর।
73. $y^2 = 2 - 2x$ কে পোলার সমীকরণে প্রকাশ কর।
74. কোন বিন্দুর পোলার স্থানাঙ্ক $\left(\sqrt{2}, -\frac{\pi}{4}\right)$ হলে, কার্তেসীয় স্থানাঙ্ক কত?
75. x অক্ষ ও $(-5,-7)$ থেকে $(4,k)$ বিন্দুর দূরত্ব সমান হলে, k এর মান নির্ণয় কর।
76. $(3,-2)$ ও $(2,-3)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাকে x অক্ষ ও y অক্ষ কি অনুপাতে বিভক্ত করে?
77. a এর মান কত হলে, $(a, 2-2a)$, $(1-a, 2a)$ এবং $(-4-a, 6-2a)$ বিন্দু তিনটি একই সরলরেখায় অবস্থিত হবে?
78. t এর যে কোন মানের জন্য p বিন্দুর স্থানাঙ্ক $(t+3,\ t-1)$ । p বিন্দুর সঞ্চারপথ নির্ণয় কর।
79. $3x - 4y + 9 = 0$ রেখাটির অক্ষ দুইটির খণ্ডিতাংশ নির্ণয় কর।
80. কোন সরলরেখার অক্ষ দুইটির মধ্যবর্তী খণ্ডিতাংশ $(4,-2)$ বিন্দুতে সমদ্বিখণ্ডিত হয়, তবে তার সমীকরণ নির্ণয় কর।
81. $3x + 4y + 5 = 0$ রেখার সমান্তরাল এবং $(3,4)$ বিন্দু থেকে 10 একক দূরবর্তী রেখার সমীকরণ নির্ণয় কর।
82. k এর মান কত হলে $5x + 4y - 1 = 0$ এবং $2x + ky - 7 = 0$ রেখা ২টি সমান্তরাল হবে?
83. $(-2,5)$ এবং $(1,-5)$ বিন্দুদ্বয়কে y অক্ষ যে অনুপাতে বিভক্ত করে তা নির্ণয় কর।
84. কোন সঞ্চারপথের সমীকরণটি $(a,0)$ ও $(-a,0)$ বিন্দুদ্বয় হতে সমদূরবর্তী?
85. a এর মান কত হলে $2x - y + 3 = 0$ এবং $3x + ay - 2 = 0$ রেখা দুইটি পরস্পর লম্ব হবে?
86. $P(2,5)$ এবং $Q(-1,3)$ বিন্দুদ্বয় $3x - 2y + 7 = 0$ রেখার কোন পাশে অবস্থিত?
87. একটি সরলরেখার অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিত অংশ $(6,2)$ বিন্দুতে 2:3 অনুপাতে অন্তর্বিভক্ত হয়, সরলরেখাটির সমীকরণ নির্ণয় কর।
88. $3x + \sqrt{3}y + 2 = 0$ ও $x\cos\alpha + y\sin\alpha = p$ একই সরলরেখা নির্দেশ করলে α ও p এর মান নির্ণয় কর।
89. $3x - 4y - 7 = 0$ এবং $4x - 3y - 8 = 0$ রেখাদ্বয়ের মধ্যবর্তী সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ নির্ণয় কর।

প্র্যাক্টিস প্রবলেমের সমাধান

MCQ



01. **Sol^n: (c);** $x = 3 - 6 - (-2) = -1$
    $y = -4 + 5 - (-1) = 2$
02. **Sol^n: (a);** $(-5,7)$ ও $(3,-1)$ এর মধ্যবিন্দু $(-1,3)$
    $(-5,7)$ ও $(3,-1)$ বিন্দুদ্বয়ের সংযোগকারী রেখাংশের ঢাল $m_1 = \frac{-8}{8} = -1$
    ∴ লম্বসমদ্বিখণ্ডক রেখার ঢাল $m_2 = 1$ ∴ লম্বসমদ্বিখণ্ডক রেখার সমীকরণ $y - 3 = 1(x+1) \Rightarrow y - 3 = x + 1$
03. **Sol^n: (b);** একমাত্র এই বিন্দুটি সমীকরণ সিদ্ধ করে।
04. **Ans:** (b) $(x-2)^2 + (y-1)^2 = 4^2$
05. **Sol^n: (c);** $\frac{3}{2a} = \frac{7}{-3b} = \frac{-21}{6}; a = -\frac{3}{7}$ এবং $b = \frac{2}{3}$
06. **Sol^n: (b);** ভরকেন্দ্র x অক্ষের উপর হলে এর কোটি $= 0$
    $\therefore \frac{2ap+2aq+2ar}{3} = 0 \Rightarrow 2a(p+q+r) = 0 \therefore p+q+r = 0$
07. **Sol^n: (a);** $\frac{|c|}{\sqrt{4^2+3^2}} = \frac{|c+8|}{\sqrt{12^2+(-5)^2}} \Rightarrow \frac{c}{5} = \frac{c+8}{13}$ বা, $13c = 5c + 40; c = 5$
08. **Sol^n: (c);** $AC = AB + BC = 3BC + BC \therefore \frac{AC}{BC} = \frac{4}{1} \therefore$ এর স্থানাঙ্ক $= \left(\frac{4\times4+2\times1}{4-1}, \frac{-4\times5-4\times1}{4-1}\right) = (6,-8)$
09. **Sol^n: (b);** $4 - 2 + x = 0$ or, $x = -2$; $-7 + 5 + y = 0$ or, $y = 2$
10. **Ans:** (a) $a + b + c = 0$
11. **Sol^n: (b);** $P(x,0)$, $x^2 + 2^2 = (x-6)^2 + 4^2; \Rightarrow x = 4 \therefore P(4,0)$
12. **Sol^n: (b);** $x = 5 + 6 - 2 = 9; y = 6 + 8 - 3 = 11; C(9,11)$

13. **Ans: (b)** বর্গক্ষেত্র

14. **Ans: (c);** $\frac{x+7}{2}=3 \Rightarrow x=-1, \frac{y+3}{2}=5 \Rightarrow y=7; (-1,7)$

15. **Sol^n: (b);** $\Delta ABC=\frac{1}{2}\begin{vmatrix}1 & 3 & 1 & 1\\ 2 & 4 & 0 & 2\end{vmatrix}=2.$ বর্গ একক; ABCD এর ক্ষেত্রফল $=2\times\Delta ABC=4$ বর্গ একক

16. **Sol^n: (b);** $|a|=\sqrt{(a-7^2)+3^2} \Rightarrow 14a=58 \Rightarrow a=\frac{29}{7}$

17. **Sol^n: (b);** অনুপাত $=\left|\frac{2}{-3}\right| \therefore 2:3$ অনুপাতে অন্ত:র্বিভক্ত করে

18. **Sol^n: (b);** $x=\frac{3+6}{2}=\frac{9}{2}; y=\frac{2+8}{2}=5$

19. **Sol^n: (a);** $\Delta=\frac{1}{2}\begin{vmatrix}P & P-2\\ P+3 & P\\ P+2 & P+2\\ P & P-2\end{vmatrix}$

$=\frac{1}{2}(P^2+P^2+5P+6+P^2-4-P^2-P+6-P^2-2P-P^2-2P)=\frac{1}{2}\times(8)=4$ বর্গ একক

20. **Sol^n: (b);** $3x+7y-2=0$ রেখার লম্বরেখার সমীকরণ: $7x-3y+k=0$ ইহা $(2,1)$ বিন্দুগামী।

$\therefore 7(2)-3(1)+k=0 \Rightarrow k=-11 \therefore$ নির্ণেয় সমীকরণ: $7x-3y-11=0$

21. **Sol^n: (c);** $m_1=3, m_2=\frac{1}{3} \therefore \theta=\tan^{-1}\frac{m_1-m_2}{1+m_1m_2}=\tan^{-1}\frac{\frac{8}{3}}{2}=\tan^{-1}\frac{4}{3}$

22. **Ans: (a)** $x-3y+13=0$

23. **Sol^n: (d);** লম্বের দৈর্ঘ্য $=\left|\frac{ax+by+c}{\sqrt{a^2+b^2}}\right|=\left|\frac{5\times4+12(-2)-3}{\sqrt{5^2+12^2}}\right|=\left|-\frac{7}{13}\right|=\frac{7}{13}$

24. **Sol^n: (b);** $a+b=0 \Rightarrow a=-b \Rightarrow b=-a$

25. **Sol^n: (b);**

ΔABC ও ΔEFC সদৃশ। $\therefore BC=4$

ΔABC ও ΔAGE সদৃশ। $\therefore AB=6$

$\therefore$ A ও C সংযোগকারী রেখার সমীকরণ:

$\frac{x-0}{0-4}=\frac{y-6}{6-0} \Rightarrow 3x+2y-12=0$



Alternative:

$\frac{x}{a}+\frac{y}{b}=1, \therefore \frac{a+0}{2}=2 \Rightarrow a=4$

$\therefore \frac{0+b}{2}=3 \Rightarrow b=6$

$\therefore \frac{x}{4}+\frac{y}{6}=1 \Rightarrow 3x+2y-12=0$

26. **Sol^n: (b);** $(1,1)$ এবং $(2,4)$ বিন্দু সংযোগকারী রেখার ঢাল $=\frac{4+1}{2-1}=5$

$\therefore$ এর লম্ব রেখার ঢাল $=-\frac{1}{5} \therefore$ লম্ব রেখার সমীকরণ: $y=-\frac{1}{5}x+c$

যেহেতু $\left(\frac{2+1}{2},\frac{4-1}{2}\right)=\left(\frac{3}{2},\frac{3}{2}\right)$ বিন্দু দিয়ে যায়

$\therefore \frac{3}{2}=-\frac{1}{5}\times\frac{3}{2}+c \therefore c=\frac{18}{10}=\frac{9}{5} \;\therefore y=-\frac{1}{5}x+\frac{9}{5} \Rightarrow x+5y-9=0$

27. **Sol^n: (b);** $3x+4y-12=0$; $x=0$ বসিয়ে $y=3$; $y=0$ বসিয়ে $x=4 \therefore$ খণ্ডিত অংশের দৈর্ঘ্য $=\sqrt{3^2+4^2}=5$

28. **Sol^n: (a);** $(-5,7)$ আর $(-3,-1)$ এর মধ্যবিন্দুর স্থানাঙ্ক $\left(\frac{-5-3}{2},\frac{7-1}{2}\right)=(-4,3)$

ধরি, নির্ণেয় সমীকরণ, $y=mx+c$

এখন, $(-5,7)$ আর $(-3,-1)$ এর সংযোগকারী রেখার ঢাল $=\frac{7+1}{-5+3}=-4 \therefore$ এর লম্ব রেখার ঢাল $=\frac{1}{4}$

আবার রেখাটি $(-4,3)$ বিন্দু দিয়ে যাবে।

$\therefore 3=\frac{1}{4}\times(-4)+c \Rightarrow c=4 \therefore$ নির্ণেয় সমীকরণ $y=\frac{x}{4}+4 \Rightarrow x-4y+16=0$

29. **Sol^n: (a);** $x+y=3 \ldots\ldots(1); y-x=1; (1),(2)$ solve করে $x=1, y=2$

x-অক্ষের সমান্তরাল রেখার সমীকরণ $y=2$

30. **Sol^n: (a);** প্রথম সরলরেখার ঢাল $=-\frac{a_1}{b_1}$; দ্বিতীয় সরলরেখার ঢাল $=-\frac{a_2}{b_2}$।

প্রশ্নমতে, রেখাদ্বয় পরস্পর লম্ব। $\therefore \left(-\frac{a_1}{b_1}\right)\left(-\frac{a_2}{b_2}\right)=-1$

$\therefore a_1a_2=-b_1b_2 \therefore a_1a_2+b_1b_2=0$

31. **Sol^n: (d);** $2x - 5y + 10 = 0$
$\Rightarrow 2x - 5y = -10 \Rightarrow -\frac{x}{5} + \frac{y}{2} = 1$
ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 0 & 0 & -5 & 0 \\ 0 & 2 & 0 & 0 \end{vmatrix} = 5$



32. **Sol^n: (b);** $x = a$; (4,5) বিন্দু দিয়ে যায় বলে, $x = 4 \therefore x - 4 = 0$

33. **Sol^n: (b);** $3x - 4x - 12 = 0 \Rightarrow 3x - 4y = 12 \Rightarrow \frac{x}{4} + \frac{y}{-3} = 0 \therefore$ খণ্ডিত অংশ $4, -3$

34. **Ans:** (a) 1

35. **Ans:** (c) $5x + y + 7 = 0$

36. **Sol^n: (d);** যেহেতু দুটি সমান্তরাল তাই তাদের ছেদ বিন্দু নেই।

37. **Sol^n: (b);** $y = 2$ রেখার ঢাল, $m_1 = 0; x + y - 3$ রেখার ঢাল, $m_2 = 1$
$\therefore \tan\theta = \frac{m_1 - m_2}{1 + m_1 m_2} = 1 \therefore \theta = 45°$

38. **Sol^n: (a);** $5x + 12y = 2$ এবং $5x + 12y + 29 = 0 \therefore$ রেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $= \left|\frac{29\ \ (-2)}{\sqrt{5^2 + 1\ ^2}}\right| = \left|\frac{31}{13}\right| = \frac{31}{13}$

39. **Ans:** (a) $x + y \pm 4\sqrt{2} = 0$

40. **Sol^n: (b);** $y = mx \Rightarrow m = \tan 120° = -\sqrt{3} \Rightarrow y = -\sqrt{3}x \Rightarrow y + \sqrt{3}x = 0$

41. **Sol^n: (a);** $2x - 5y = 1 \quad 5x + 5y = 3 \Rightarrow 7x = 4$
$\therefore x = \frac{4}{7} = 5y \Rightarrow \frac{1}{7\times5} = y = \frac{1}{35} \therefore (x, y) = \left(\frac{4}{7}, \frac{1}{35}\right)$ যা প্রথম চতুর্ভাগে।

42. **Sol^n: (a);** $\phi = \tan^{-1}\left(\frac{\sqrt{3} - \frac{1}{\sqrt{3}}}{1 + \sqrt{3}\times\frac{1}{\sqrt{3}}}\right) = \tan^{-1}\left(\frac{1}{\sqrt{3}}\right) = 30°$

43. **Ans:** (c) $(-1, 0)$

44. **Ans:** (b) $x - y + 8 = 0$

45. **Ans:** (d) $-\frac{4}{5}$

46. **Ans:** (c) 3

47. **Ans:** (a) $a_1b_2 = a_2b_1$

48. **Sol^n: (d);** $(2, -1), (a + 1, a - 3)$ ও $(a + 2, a)$ বিন্দুত্রয় সমরেখ।
$\therefore \frac{(a+1)-2}{(a-3)-(-1)} = \frac{(a+2)-(a+1)}{a-(a-3)} \Rightarrow \frac{a-1}{a-2} = \frac{1}{3} \Rightarrow 3a - 3 = a - 2 \Rightarrow 2a = 1 \Rightarrow a = \frac{1}{2}$

49. **Sol^n: (a);** $\left(\frac{3.9+5.1}{3+5}, \frac{3.(-12)+5.4}{3+5}\right) = (4, -2)$

50. **Sol^n: (c);** $y = 2x + 1$ ও $2y - x = 4$ রেখা দুইটির সমদ্বিখণ্ডকদ্বয় হচ্ছে, $\frac{y-2x-1}{\sqrt{1^2+2^2}} = \pm\frac{2y-x-4}{\sqrt{2^2+(-1)^2}}$
$\therefore y + x - 3 = 0$ & $3y - 3x - 5 = 0$
y-অক্ষের ছেদ বিন্দুদ্বয় হচ্ছে, $(0, 3)$ ও $\left(0, \frac{5}{3}\right)$ $PQ = 3 - \frac{5}{3} = \frac{4}{3}$

51. **Sol^n: (c);** $\Delta = \frac{1}{2}\begin{vmatrix} -1 & -2 & 1 \\ 2 & 5 & 1 \\ 3 & 10 & 1 \end{vmatrix} = \frac{1}{2}[-1(5 - 10) + 2(2 - 3) + 1(20 - 15)] = \frac{1}{2}[5 - 2 + 5] = 4$

52. **Sol^n: (d);** বহিঃস্থভাবে বিভক্ত করায়, $x = \frac{4\times3-5\times3}{3-4} = 3$; $y = \frac{4\times(-1)-2\times3}{3-4} = 10$

53. **Ans: (a);** $\frac{x}{4} + \frac{y}{5} = 1$; x অক্ষের ছেদবিন্দু (4,0) ও y অক্ষের ছেদবিন্দু= (0,5) ∴ক্ষেত্রফল= $\frac{1}{2} \times 4 \times 5 = 10$ বর্গ একক

54. **Sol^n: (c);** $44 = \frac{1}{2}\begin{vmatrix} 3 & x & 1 \\ 3 & 9 & 1 \\ -5 & -8 & 1 \end{vmatrix}$
$\Rightarrow 88 = 3(9 + 8) + x(-5 - 3) + 1(-24 + 45) \Rightarrow 88 = 51 - 8x + 21 \Rightarrow x = -2$

55. **Sol^n: (a);** $BC = \sqrt{(4 + 4)^2} = 8$
$AB = BC \Rightarrow \sqrt{x^2 + (y + 4)^2} = \sqrt{x^2 + (y - 4)^2} \Rightarrow (y + 4)^2 - (y - 4)^2 = 0 \Rightarrow y = 0$
$\therefore A(4\sqrt{3}, 0) \therefore AB = BC \Rightarrow x^2 + (0 + 4)^2 = 64 \Rightarrow x = 4\sqrt{3}$

56. **Sol^n: (d);** $\Delta ACB = \frac{1}{2}\begin{vmatrix} a & 0 & -b & a \\ 0 & a & 0 & 0 \end{vmatrix} = \frac{1}{2}[a^2 + ab]$

57. **Sol^n: (c);** একমাত্র এই বিন্দু থেকেই তিন বাহুর দূরত্ব সমান।

58. **Sol^n: (c);** $\frac{x}{a} + \frac{y}{b} = 1$ [ধরি]

X ও Y অক্ষের কর্তিত অংশ এর মধ্যবিন্দু $\left(\frac{a}{2}, \frac{b}{2}\right) \therefore (\alpha, \beta) = \left(\frac{a}{2}, \frac{b}{2}\right) \Rightarrow a = 2\alpha, b = 2\beta \therefore \frac{x}{\alpha} + \frac{y}{\beta} = 2$

59. **Sol^n: (a);** $m_1m_2 = \left(-\frac{1}{3}\right)\left(\frac{6}{2}\right) = -1 \therefore$ লম্ব। সুতরাং এটি একটি রম্বস।

60. **Sol^n: (a);** $d = \left|\frac{12(0)+5(0)-7}{\sqrt{12^2+5^2}}\right| = \frac{7}{13}$

61. **Ans: (b) 0**

62. **Ans: (c) ± 1**

63. **Ans: (b) $(1, -3)$**

64. **Ans: (c) $x = 4$**

65. **Sol^n: (b);** $x - \sqrt{3y} + 4 = 0$ রেখার লম্বরেখা

$\sqrt{3}x + y + k = 0 \dots\dots\dots$ (i) যা $(1, 2)$ বিন্দুগামী $\therefore \sqrt{3} + 2 + k = 0 \therefore k = -(2 + \sqrt{3})$

$\therefore$ লম্বরেখা $\sqrt{3}x + y - (2 + \sqrt{3}) = 0$ $\therefore$ মূলবিন্দু থেকে এর দূরত্ব, $d = \left|\frac{0+0-(2+\sqrt{3})}{\sqrt{1+3}}\right| = \frac{2+\sqrt{3}}{2}$

66. **Sol^n: (d);** সরলরেখার সমীকরণ $\frac{x}{a} + \frac{y}{b} = 1 \dots\dots\dots$ (i)

(i) নং $(-1, 3)$ এবং $(4, -2)$ বিন্দুগামী।

$\therefore \frac{-1}{a} + \frac{3}{b} = 1 \dots\dots\dots$ (ii) এবং $\frac{4}{a} + \frac{-2}{b} = 1 \dots\dots\dots$ (iii)

সমাধান করে, $a = 2, b = 2$

$\therefore$ অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিতাংশ $= \sqrt{(a-0)^2 + (b-0)^2} = \sqrt{2^2 + 2^2} = 2\sqrt{2}$



67. **Sol^n: (a);** ABC সমবাহু ত্রিভুজ,

$\therefore AB = BC = CA,$

এবং $AB = (6 - 4) = 2$

এখন $CD \perp AB$ হলে, $AD = BD = \frac{2}{2}$

$\therefore \angle ADC = 90°$

$\therefore CD = \sqrt{AC^2 - AD^2} = \frac{1}{\sqrt{2^2-1^2}} = \sqrt{3}$

$\therefore C(x, y)$ হবে $C(3 + \sqrt{3}, 4 + 1) = C(3 + \sqrt{3}, 5)$



নোট: AB রেখার সাপেক্ষে, মূলবিন্দুর একই পার্শ্বে অবস্থিত হলে C বিন্দুর স্থানাঙ্ক হত: $C(3 - \sqrt{3}, 4 + 1) = c(3 - \sqrt{3}, 5)$

❖ **Shortcut:** $C(x, y) = C\left\{\frac{3+3}{2} \pm \sqrt{3}\left(\frac{6-4}{2}\right), \left(\frac{6+4}{2} \pm \sqrt{3}\left(\frac{3-3}{2}\right)\right)\right\} = C(3 \pm \sqrt{3}, 5)$

AB রেখার সাপেক্ষে মূলবিন্দুর বিপরীত পাশে অবস্থিত হলে, $C(3 + \sqrt{3},\ 5)$, আর একই পাশে অবস্থিত হলে $C(3 - \sqrt{3}, 5)$ হবে।

68. **Sol^n:** (a); $A(2\sqrt{3}, 90°), B(2, 120°)$ এবং $C(2, 60°)$ হলে,

$AB = \sqrt{r_1^2 + r_2^2 - 2r_1r_2\cos(\theta_1 - \theta_2)}$

$= \sqrt{\left(2\sqrt{3}\right)^2 + 2^2 - 2.2\sqrt{3}.2\cos(120° - 90°)} = \sqrt{16 + 12} = 2$

$AC = \sqrt{\left(2\sqrt{3}\right)^2 + 2^2 - 2.2\sqrt{3}.2\cos(90° - 60°)} = \sqrt{4} = 2$

$BC = \sqrt{2^2 + 2^2 - 2.2.2\cos(120° - 60°)} = \sqrt{4} = 2 \therefore AB = AC = BC \therefore$ সমবাহু ত্রিভুজ হবে। **(Ans.)**

69. **Sol^n:** মনে করি, বিন্দুটির ভুজ x।

প্রশ্নমতে, $\sqrt{(5-x)^2+(6-6)^2}=4 \Rightarrow (5-x)^2=16$

$\Rightarrow 5-x=\pm4 \Rightarrow x=5\pm4 \therefore x=9$ অথবা 1 **(Ans.)**

70. **Sol^n:** ধরি, P বিন্দুর স্থানাঙ্ক $(x,-6) \therefore$ x অক্ষ হতে P বিন্দুর দূরত্ব $|-6|=6$

y-অক্ষ হতে P বিন্দুর দূরত্ব $=|x|$প্রশ্নমতে, $6=\frac{1}{2}|x| \Rightarrow |x|=12 \Rightarrow x=\pm12$

$\therefore$ P বিন্দুর স্থানাঙ্ক $(12,-6)$ বা $(-12,-6)$ **(Ans.)**

71. **Sol^n: (b);** $A(x,y), B(x',y')$ এবং $C(x-x',y-y')$ হলে: $m_{AB}=m_{BC}$ হবে

$\therefore$ যেহেতু বিন্দুগুলো সমরেখ, $\frac{y'-y}{x'-x}=\frac{y-y'-y'}{x-x'-x'} \Rightarrow \frac{y'-y}{x'-x}=\frac{y-2y'}{x-2x'}$

$\Rightarrow x'y-2x'y'-xy+2xy'=xy'-xy-2x'y'+2x'y \Rightarrow xy'=x'y$ **(Ans.)**

Written

72. **Sol^n:** এখন, $r=6\cos\theta-2\sin\theta \Rightarrow r^2=6r\cos\theta-2r\sin\theta$

$\Rightarrow x^2+y^2=6x-2y \therefore x^2+y^2-6x+2y=0$

73. **Sol^n:** এখন, $y^2=1-2x \Rightarrow x^2+y^2=1-2x+x^2 \Rightarrow x^2+y^2=(1-x)^2$

$\Rightarrow r^2=(1-r\cos\theta)^2 \Rightarrow r=1-r\cos\theta$

$\Rightarrow r+r\cos\theta=1 \therefore r(1+\cos\theta)=1$

74. **Sol^n:** ধরি, কার্তেসীয় স্থানাঙ্ক (x,y)

$\therefore x=r\cos\theta=\sqrt{2}\cos\left(-\frac{\pi}{4}\right)=1 \;\Big|\; y=r\sin\theta=\sqrt{2}\sin\left(-\frac{\pi}{4}\right)=-1 \therefore$ বিন্দুটি হল $(1,-1)$

75. **Sol^n:** x-অক্ষ থেকে $(4,k)$ বিন্দুটির দূরত্ব $=|k|$ আবার, $(-5,-7)$ থেকে $(4,k)$এর দূরত্ব

$=\sqrt{(-5-4)^2+(-7-k)^2}$

$=\sqrt{81+49+14k+k^2}=\sqrt{130+14k+k^2}$

শর্তানুসারে, $\sqrt{130+14k+k^2}=|k| \Rightarrow k^2+14k+130k=k^2$

$\Rightarrow 14k+130=0 \Rightarrow k=-\frac{65}{7}$ **(Ans)**

76. **Sol^n:** x-অক্ষরেখা $\left|\frac{y_1}{y_2}\right|=\left|\frac{-2}{-3}\right|=\frac{2}{3}=2:3$ অনুপাতে বিভক্ত করে। y-অক্ষরেখা $\left|\frac{x_1}{x_2}\right|=\left|\frac{3}{2}\right|=3:2$ অনুপাতে বিভক্ত করে।

77. **Sol^n:** বিন্দু তিনটি একই সরলরেখায় অবস্থিত হলে, তাদের দ্বারা গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল শূন্য হবে।

অর্থাৎ $\frac{1}{2}\{a(2a-6+2a)+(1-a)(6-2a-2+2a)+(-4-a)(2-2a-2a)\}=0$

$\Rightarrow 8a^2+4a-4=0 \Rightarrow 2a^2+a-1=0$

$\Rightarrow 2a^2+2a-a-1=0 \Rightarrow (2a-1)(a+1)=0 \therefore a=-1,\frac{1}{2}$

অথবা, ১ম ও ২য় বিন্দুর ঢাল = ২য় ও ৩য় বিন্দুর ঢাল

$\Rightarrow \frac{2a-2+2a}{1-a-a}=\frac{6-2a-2a}{-4-a-1+a} \Rightarrow \frac{4a-2}{1-2a}=\frac{6-4a}{-5}$

$\Rightarrow -20a+10=6-4a-12a+8a^2$

$\Rightarrow 8a^2+4a-4=0 \Rightarrow 2a^2+a-1=0 \therefore a=-1,\frac{1}{2}$

78. **Sol^n:** মনে করি, বিন্দুটি (x,y); $x=t+3,\ y=t-1$;

t প্রতিস্থাপন করে পাই, $x-y=4$

79. **Sol^n:** $3x-4y+9=0 \Rightarrow 3x-4y=-9 \Rightarrow \frac{3x}{-9}-\frac{4y}{-9}=1 \Rightarrow \frac{x}{-3}+\frac{y}{\frac{9}{4}}=1$

$\therefore$ x-অক্ষ হতে খন্ডিত অংশ $=-3$; y-অক্ষ হতে খন্ডিত অংশ $=\frac{9}{4}$

80. **Sol^n:** এখানে মধ্যবিন্দু $(4,-2)$ $\therefore \frac{a}{2}=4$; $\frac{b}{2}=-2$
$\Rightarrow a=8 \Rightarrow b=-4$
$\therefore$ সরলরেখার সমীকরণ $\frac{x}{8}+\frac{y}{-4}=1$
$\Rightarrow x-2y-8=0$



81. **Sol^n:** মনে করি, রেখাটি $3x+4y+k=0$
$\left|\frac{3.3+4.4+k}{\sqrt{3^2+4^2}}\right|=10 \Rightarrow \frac{25+k}{5}=\pm10$; (+) নিয়ে পাঠ, $k=25$; (−) নিয়ে পাঠ, $k=-75$
$\therefore 3x+4y+25=0$; $3x+4y-75=0$

82. **Sol^n:** এখন, $5x+4y-1=0 \Rightarrow 4y=-5x+1 \therefore y=-\frac{5}{4}x+\frac{1}{4}$ $\therefore$ ঢাল $=m=-\frac{5}{4}$
আবার, $2x+ky-7=0 \Rightarrow ky=-2x+7 \therefore y=-\frac{2}{k}x+\frac{7}{k}$ এখন, $-\frac{2}{k}=-\frac{5}{4} \therefore k=\frac{8}{5}$

83. **Sol^n:** $(-2,5)\ \underset{k:1}{\overset{(0,y)}{\bullet\!\!\rule[0.5ex]{6em}{0.4pt}\!\!\bullet}}\ (1,-5)$; $0=\frac{k-2}{k+1} \therefore k=2:1$ অনুপাতে অন্তর্বিভক্ত হবে।

84. **Sol^n:** $\sqrt{(x-a)^2+y^2}=\sqrt{(x+a)^2+y^2}$
$\Rightarrow (x+a)^2-(x-a)^2=0 \Rightarrow 4ax=0 \therefore x=0$

85. **Sol^n:** $m_1=-\frac{2}{-1}=2$; $m_2=-\frac{3}{a}$; $m_1\times m_2=-1 \Rightarrow 2\times\frac{-3}{a}=-1 \therefore a=6$

86 **Sol^n:** $f(x,y)\equiv 3x-2y+7=0$; $f(2,5)\equiv 3(2)-2(5)+7=3>0$
$f(-1,3)\equiv 3(-1)-2(3)+7=-2<0$ ∴বিপরীত পার্শ্বে অবস্থিত।

87. **Sol^n:** মনে করি, রেখাটির সমীকরণ: $\frac{x}{a}+\frac{y}{b}=1$ ……… (i)
রেখাটি x অক্ষকে $A(a,0)$ ও y অক্ষকে $B(0,b)$ বিন্দুতে ছেদ করে।
এখন, AB রেখাটি $C(6,2)$ বিন্দুতে $2:3$ অনুপাতে অন্তর্বিভক্ত হয়।
$\therefore 6=\frac{2\times0+3\times a}{2+3}=\frac{3a}{5} \Rightarrow 3a=30 \therefore a=10$
আবার, $2=\frac{2\times b+3\times0}{2+3} \Rightarrow 2b=10$
$\therefore b=5$ $\therefore$ নির্ণেয় সমীকরণ: $\frac{x}{10}+\frac{y}{5}=1$



88. **Sol^n:** $3x+\sqrt{3}y+2=0$ …… (i) ; $x\cos\alpha+y\sin\alpha=p$ …. (ii)
(i) ও (ii) একই রেখা নির্দেশ করলে, $\frac{3}{\cos\alpha}=\frac{\sqrt{3}}{\sin\alpha}=\frac{2}{-p}$
$\therefore \cos\alpha=\frac{-3}{2}, \sin\alpha=\frac{-\sqrt{3}\,P}{2}$
$\therefore \cos^2\alpha+\sin^2\alpha=\frac{9p^2}{4}+\frac{3p^2}{4}=3p^2 \Rightarrow p=\pm\frac{1}{\sqrt{3}}$
$p=\frac{1}{\sqrt{3}}$ হলে $\cos\alpha=\frac{-\sqrt{3}}{2}$, $\sin\alpha=\frac{-1}{2}$ $\therefore$ ৩য় চতুর্ভাগে বলে $\alpha=210°$

89 **Sol^n:** $3x-4y-7=0$ ……… (i); $4x-3y-8=0$ ……… … (ii)
$\therefore a_1a_2+b_1b_2=12+12=24>0$
$\therefore$ সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ: $\frac{3x-4y-7}{\sqrt{9+16}}=-\frac{4x-3y-8}{\sqrt{16+9}}$
$\Rightarrow 4x-3y-8+3x-4y-7=0 \Rightarrow 7x-7y-15=0$

> আমি মানে অতি ক্ষুদ্র, আমরা মানে মহাসমুদ্র!
>
> Ryunosuke Satoro

অধ্যায় ০৪

বৃত্ত

গুরুত্বপূর্ণ প্রাথমিক আলোচনা

বৃত্ত: একটি স্থির বিন্দু হতে যে সব বিন্দুর দূরত্ব সমান তাদের সেটকে বৃত্ত বলে। স্থির বিন্দুকে বৃত্তটির কেন্দ্র এবং স্থির দূরত্বকে ইহার ব্যাসার্ধ বলা হয়। মনে রাখতে হবে, বৃত্ত বলতে কেবল পরিধির উপরে বিন্দুগুলোকেই বুঝায়।

- বৃত্ত হওয়ার শর্ত: $ax^2 + by^2 + 2hxy + 2gx + 2fy + c = 0$
  সমীকরণটি বৃত্ত হবে যখন:
  - $\Delta \neq 0$
  - $a = b \neq 0$ অর্থাৎ x^2 এবং y^2 এর সহগ একই হবে।
  - $h = 0$ অর্থাৎ xy যুক্ত কোন পদ থাকবে না।
  - $g^2 + f^2 - c \geq 0$ হতে হবে। অর্থাৎ, $r \geq 0$ হতে হবে।

$$\Delta = \begin{vmatrix} a & h & g \\ h & b & f \\ g & f & c \end{vmatrix}$$
$$= abc + 2fgh - af^2 - bg^2 - ch^2$$

কোন বৃত্তের-

- কেন্দ্র (h, k) এবং ব্যাসার্ধ r হলে, বৃত্তের সমীকরণ, $(x - h)^2 + (y - k)^2 = r^2$
- কেন্দ্র মূলবিন্দুতে (0, 0) এবং ব্যাসার্ধ r হলে, বৃত্তের সমীকরণ $x^2 + y^2 = r^2$
- $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ হলো বৃত্তের সাধারণ সমীকরণ যার কেন্দ্র $(-g, -f)$ এবং ব্যাসার্ধ $= \sqrt{g^2 + f^2 - c}$
- (x_1, y_1) ও (x_2, y_2) কোন বৃত্তের একটি ব্যাসের দুইটি প্রান্তবিন্দু হলে বৃত্তের সমীকরণ
  $(x - x_1)(x - x_2) + (y - y_1)(y - y_2) = 0$

টাইপভিত্তিক সমস্যা ও সমাধান

Type–01: বৃত্তের সমীকরণ নির্দেশ করার শর্ত

Concept

বৃত্তের সমীকরণ হতে হলে x^2, y^2 এর সহগ সমান হতে হবে কিন্তু 0 হতে পারবে না এবং xy এর সহগ শূন্য হতে হবে অর্থাৎ xy সম্বলিত পদ থাকা যাবে না।

Problems

Example-01: $(x + y - 3)^2 + (ky - 5)(x + 3) = 0$ সমীকরণটি বৃত্ত নির্দেশ করলে k এর মান কত?

[Argi Guccho'20-21, DU' 08-09, 00-01]

(a) −2 (b) 2 (c) −1 (d) 1

Sol^n: (a); $(x + y - 3)^2 + (ky - 5)(x + 3) = 0$

$\Rightarrow 2xy + kxy = 0 \Rightarrow xy(k + 2) = 0$ হবে।$\therefore k + 2 = 0 \therefore k = -2$

[$\therefore$ xy সম্বলিত পদ থাকবে না এবং x^2 ও y^2 এর সহগ সমান হতে হবে $\therefore$ x ও y এর সাথে যুক্ত পদ গুলো আমরা বাদ দিয়ে হিসাব করবো: MCQ এর জন্য।]

Example-02: $ax^2+by^2=c$ সমীকরণটি একটি বৃত্তকে নির্দেশ করবে যদি- **[Ans: c]**

(a) $c=10$ (b) $c=1$ (c) $\frac{a}{b}=1$ (d) $a\neq b$

Example-03: $x^2+y^2=0$ কিসের সমীকরণ? **[Ans: c]**

(a) সরলরেখার সমীকরণ (b) বৃত্তের সমীকরণ (c) বিন্দু বৃত্তের সমীকরণ (d) উপবৃত্তের সমীকরণ

Type–02: বৃত্তের কেন্দ্র, ব্যাসার্ধ, খণ্ডিত অংশ নির্ণয়

Concept

বৃত্তের সমীকরণ যেভাবেই দেওয়া থাকুক না কেন, তা আদর্শ রূপ নিয়েই সব সূত্রের প্রয়োগ করতে হবে। যেমন, $2x^2+2y^2+6x+4y-12=0$ আকারে সমীকরণ দেওয়া থাকলে $x^2+y^2+3x+2y-6=0$ আকারে নিয়ে সূত্রের প্রয়োগ করতে হবে অন্যথায় ভুল উত্তর আসবে।

Problems

Example-04: $3x^2+3y^2-36x+12y-27=0$ বৃত্তের কেন্দ্র, ব্যাসার্ধ, ব্যাস, x-অক্ষ হতে খণ্ডিত অংশ এবং y-অক্ষ হতে খণ্ডিত অংশ নির্ণয় কর। **[DU' 18-19, JU' 18-19, 11-12, 10-11, CU' 18-19]**

Sol^n^: প্রদত্ত বৃত্ত, $3x^2+3y^2-36x+12y-27=0$

$\Rightarrow x^2+y^2-12x+4y-9=0$

কেন্দ্র $(6,-2)$, ব্যাসার্ধ $=\sqrt{36+4+9}=7 \therefore$ ব্যাস $=2.7=14$

x-অক্ষ হতে খণ্ডিত অংশ $=2\sqrt{(-6)^2+9}=6\sqrt{5}$; y-অক্ষ হতে খণ্ডিত অংশ $=2\sqrt{2^2+9}=2\sqrt{13}$ **(Ans.)**

❖ **Shortcut:** $x^2+y^2+2gx+2fy+c=0$ বৃত্তের কেন্দ্র $\left(\frac{x \text{ এর সহগ}}{-2},\frac{y \text{ এর সহগ}}{-2}\right)$ বা, $\left(\frac{2g}{-2},\frac{2f}{-2}\right)$ বা, $(-g,-f)$ ব্যাসার্ধ $=\sqrt{g^2+f^2-c}$; (i) x অক্ষের খণ্ডিতাংশ $=2\sqrt{g^2-c}$ (ii) y অক্ষের খণ্ডিতাংশ $=2\sqrt{f^2-c}$

Example-05: $x^2+y^2-gx=0$ বৃত্ত দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গ একক? **[JU'22-23]**

(a) $\frac{1}{8}\pi g^2$ (b) $\frac{1}{4}\pi g^2$ (c) $\frac{1}{2}\pi g^2$ (d) πg^2

Sol^n^: (b); $x^2+y^2-gx=0 \Rightarrow x^2-2x.\frac{g}{2}+\left(\frac{g}{2}\right)^2+y^2-\left(\frac{g}{2}\right)^2=0 \Rightarrow \left(x-\frac{g}{2}\right)^2+y^2-\left(\frac{g}{2}\right)^2=0$

$\therefore \left(x-\frac{g}{2}\right)^2+y^2=\left(\frac{g}{2}\right)^2 \therefore$ কেন্দ্র $\left(\frac{g}{2},0\right)$, ব্যাসার্ধ, $r=\frac{g}{2} \therefore$ ক্ষেত্রফল $=\pi r^2=\pi\left(\frac{g}{2}\right)^2=\frac{1}{4}\pi g^2$

Example-06: $x^2+y^2-5x=0$ ও $x^2+y^2+3x=0$ বৃত্তদ্বয়ের কেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব কত? **[JU'22-23]**

(a) 1 (b) 2 (c) 3 (d) 4

Sol^n^: (d); $x^2+y^2-5x=0$ এর কেন্দ্র $\equiv\left(\frac{5}{2},0\right)$

$x^2+y^2+3x=0$ এর কেন্দ্র $\equiv\left(-\frac{3}{2},0\right)$

$\therefore$ কেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $=\frac{5}{2}-\left(-\frac{3}{2}\right)=\left(\frac{5}{2}+\frac{3}{2}\right)=4$ একক।

Example-07: $x^2+y^2-2x+4y+6=0$ বৃত্তের কেন্দ্র কত?

(a) $(1,-2)$ (b) $(-1,-2)$ (c) $(1,\ 2)$ (d) None of these

Sol^n^: (d); প্রদত্ত বৃত্তের সমীকরণ হতে, $r=\sqrt{g^2+f^2-c}=\sqrt{1^2+(-2)^2-6}=\sqrt{-1}$

অর্থাৎ, প্রদত্ত বৃত্তটি বাস্তব বৃত্ত নয়, $\therefore$ Option (d) is Correct.

Example-08: 2 একক বাহুবিশিষ্ট OABC একটি বর্গ, OA ও OC কে অক্ষ ধরে অঙ্কিত পরিবৃত্তের ব্যাসার্ধ-

(a) $\sqrt{2}$ (b) $2\sqrt{2}$ (c) 2 (d) $4\sqrt{2}$

Sol^n^: (a);



$\therefore$ নির্ণেয় ব্যাসার্ধ $=\frac{1}{2}\sqrt{(2-0)^2+(2-0)^2}=\frac{1}{2}\times2\sqrt{2}=\sqrt{2}$

Example-09: $ax^2 + 2bxy - 2y^2 + 8x + 12y + 6 = 0$ একটি বৃত্ত নির্দেশ করলে এর ব্যাসার্ধ কত?

(a) 2 (b) 3 (c) 5 (d) 4

Sol^n: (d); $b = 0$ এবং $a = -2$ হবে $\therefore x^2 + y^2 - 4x - 6y - 3 = 0$ $\therefore$ ব্যাসার্ধ $= \sqrt{g^2 + f^2 - c} = \sqrt{2^2 + 3^2 + 3} = 4$

Example-10: বৃত্ত $x^2 + y^2 - 2ky - 4 = 0$ এর একটি ব্যাসের সমীকরণ $2x - 3y + 1 = 0$ হলে k এর মান =?

(a) $\frac{1}{3}$ (b) $\frac{1}{2}$ (c) 2 (d) −1

Sol^n: (a); প্রদত্ত বৃত্তের কেন্দ্র $(0, k)$ যা $2x - 3y + 1 = 0$ রেখার উপরস্থ $\therefore 2 \times 0 - 3 \times k + 1 = 0$ $\therefore k = \frac{1}{3}$

Example-11: যে বৃত্তটি (1,1) বিন্দু দিয়ে যায় এবং যার দুটি ব্যাসের সমীকরণ $x - y = 1, x + y = 3$ তার ব্যাসার্ধ হল–

(a) 2 (b) 1 (c) 3 (d) 4

Sol^n: (b);



$$\left.\begin{aligned} x - y &= 1 \ldots\ldots\ldots (i) \\ x + y &= 3 \ldots\ldots\ldots (ii) \end{aligned}\right\}$$ এর ছেদবিন্দু (2,1)

$\therefore$ (2,1) কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাসার্ধ $= \sqrt{(2-1)^2 + (1-1)^2} = 1$

Type–03: বৃত্তের পরামিতিক সমীকরণ থেকে কার্তেসীয় সমীকরণ নির্ণয়

Concept

- বৃত্তের পরামিতিক সমীকরণ, $x = h + r\cos\theta$; $y = k + r\sin\theta$ [θ পরামিতিক]
- বৃত্তের পরামিতিক সমীকরণ থেকে কার্তেসীয় সমীকরণ, $(x - h)^2 + (y - k)^2 = (r\cos\theta)^2 + (r\sin\theta)^2 = r^2$ যেখানে, কেন্দ্র $C \equiv (h, k)$ এবং ব্যাসার্ধ = r

Problems

Example-12: একটি বৃত্তের পরামিতিক স্থানাঙ্ক, $x = 2 + 3\cos\theta$ এবং $y = -3 + 3\sin\theta$। বৃত্তের সমীকরণ, কেন্দ্র ও ব্যাসার্ধ নির্ণয় কর। [JnU'15-16]

Sol^n: $x = 2 + 3\cos\theta \Rightarrow (x - 2) = 3\cos\theta \ldots\ldots\ldots (i)$; $y = -3 + 3\sin\theta \Rightarrow (y + 3) = 3\sin\theta \ldots\ldots\ldots (ii)$

এখন, $(i)^2 + (ii)^2 \Rightarrow (x - 2)^2 + (y + 3)^2 = (3\cos\theta)^2 + (3\sin\theta)^2 = 3^2$

$\therefore (x - 2)^2 + (y + 3)^2 = 3^2$; একটি বৃত্ত যার কেন্দ্র, $C \equiv (2, -3)$, ব্যাসার্ধ = 3 একক **(Ans.)**

Example-13: $x = a\cos\theta + b\sin\theta, y = a\sin\theta - b\cos\theta$ কোন কনিকের সমীকরণ? [DU'20-21; CU'22-23]

Sol^n: $x = a\cos\theta + b\sin\theta$; $y = a\sin\theta - b\cos\theta$; $x^2 + y^2 = (a\cos\theta + b\sin\theta)^2 + (a\sin\theta - b\cos\theta)^2$

$= a^2\cos^2\theta + b^2\sin^2\theta + a^2\sin^2\theta + b^2\cos^2\theta + 2ab\ \sin\theta\cos\theta - 2ab\ \sin\theta\cos\theta$

$= a^2(\sin^2\theta + \cos^2\theta) + b^2(\sin^2\theta + \cos^2\theta) = a^2 + b^2 \Rightarrow x^2 + y^2 = a^2 + b^2 \rightarrow$ বৃত্ত

Type–04: শর্ত সাপেক্ষে বৃত্তের সমীকরণ নির্ণয়

- এই টাইপের Math খুবই diversified। তাই Case বুঝে সমস্যার সমাধান করতে হবে।

Case-01: কেন্দ্র ও ব্যাসার্ধ দেওয়া থাকলে

Concept

বৃত্তের কেন্দ্র (h, k) এবং ব্যাসার্ধ = r হলে বৃত্তের সমীকরণ $(x - h)^2 + (y - k)^2 = r^2$

Problems

Example-14: বৃত্তের কেন্দ্র (3, 4) ও ব্যাসার্ধ 5 হলে বৃত্তের সমীকরণ নির্ণয় কর।

Solⁿ: $(x-3)^2+(y-4)^2=5^2$ **(Ans.)**

Case-02: কেন্দ্র (h, k) দেওয়া থাকলে এবং বৃত্ত একটি নির্দিষ্ট (x_1, y_1) বিন্দুগামী হলে

Concept

এক্ষেত্রে বৃত্তের সমীকরণ, $(x-h)^2+(y-k)^2=(x_1-h)^2+(y_1-k)^2$

Problems

Example-15: বৃত্তের কেন্দ্র (3, 4) ও বৃত্তটি (1, 2) বিন্দুগামী। বৃত্তের সমীকরণ নির্ণয় কর। **[DU'03-04, JU'10-11]**

Solⁿ: $(x-3)^2+(y-4)^2=(1-3)^2+(2-4)^2 \Rightarrow (x-3)^2+(y-4)^2=8$ **(Ans.)**

Example-16: $x^2+y^2+4x+6y-12=0$ বৃত্তের কেন্দ্র দিয়ে গমনকারী বৃত্তের কেন্দ্র (4, 5) হলে, তার সমীকরণ কোনটি? **[RU'22-23]**

(a) $x^2+y^2+8x+10y+59=0$
(b) $x^2+y^2-8x-10y+59=0$
(c) $x^2+y^2-8x-10y-59=0$
(d) $x^2+y^2+8x+10y-59=0$

Solⁿ: (c); $x^2+y^2+4x+6y-12=0$ বৃত্তের কেন্দ্র $\equiv\left(\frac{4}{-2},\frac{6}{-2}\right)\equiv(-2,-3)$



∴ নির্ণেয় বৃত্তের ব্যাসার্ধ $=\sqrt{(-2-4)^2+(-3-5)^2}=10$

∴ নির্ণেয় বৃত্তের সমীকরণ, $(x-4)^2+(y-5)^2=10^2$

$\Rightarrow x^2+y^2-8x-10y+16+25-100=0$

$\therefore x^2+y^2-8x-10y-59=0$

Case-03: ব্যাসের প্রান্তবিন্দু দেওয়া থাকলে

Concept

ধরি, একটি বৃত্তের একটি ব্যাসের প্রান্তবিন্দুদ্বয় (x_1, y_1) এবং (x_2, y_2)।

তাহলে চিত্রানুযায়ী $\angle C=90^\circ$ হবে। [অর্ধবৃত্তস্থ কোণ]



$\therefore m_{AC}\times m_{BC}=-1 \Rightarrow \frac{y-y_1}{x-x_1}\times\frac{y-y_2}{x-x_2}=-1$

$\therefore \boxed{(x-x_1)(x-x_2)+(y-y_1)(y-y_2)=0}$ এটিই নির্ণেয় বৃত্তের সমীকরণ।

Problems

Example-17: (2, −3), (−6, 3) বিন্দুদ্বয়ের সংযোজক রেখাকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ নির্ণয় কর। **[JU'09-10]**

Solⁿ: $(x-2)(x+6)+(y+3)(y-3)=0 \Rightarrow x^2+y^2+4x-21=0$ **(Ans.)**

Example-18: $4\sqrt{2}$ বাহুবিশিষ্ট একটি বর্গের একটি শীর্ষবিন্দু মূলবিন্দুতে এবং বিপরীত শীর্ষবিন্দু x অক্ষের উপর অবস্থিত। বর্গের কর্ণকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ কী হবে?

Solⁿ:



বাহু, $a=4\sqrt{2}$;

কর্ণ $=a\sqrt{2}=4\sqrt{2}\times\sqrt{2}=8$; ব্যাসের প্রান্তবিন্দু (0, 0) এবং (±8, 0)

বৃত্তের সমীকরণ: $(x-0)(x\pm8)+(y-0)(y-0)=0 \therefore x^2+y^2\pm8x=0$ **(Ans.)**

Example-19: (0, −1) এবং (2,3) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তটি x-অক্ষ থেকে যে পরিমাণ অংশ ছেদ করে হবে-

(a) 4　(b) 2　(c) 3　(d) $3\sqrt{2}$

Sol^n: (a); বৃত্তটি হবে: $x(x-2)+(y+1)(y-3)=0$

$\Rightarrow x^2+y^2-2x-2y-3=0 \therefore$ x অক্ষ থেকে ছেদক অংশ $= 2\sqrt{g^2-c} = 2\sqrt{1^2+3} = 4$ **(Ans.)**

Example-20: $(x+4)(x-12)+(y-3)(y+1)=0$ বৃত্তের কেন্দ্র কত?

(a) (2, 4)　(b) (4, 1)　(c) (−4, −1)　(d) (1, 4)

Sol^n: (b); $(x-x_1)(x-x_2)+(y-y_1).(y-y_2)=0$

বৃত্তের সাথে তুলনা করে পাই কেন্দ্র $\equiv \left(\frac{x_1+x_2}{2}, \frac{y_1+y_2}{2}\right) = \left(\frac{-4+12}{2}, \frac{3-1}{2}\right) = (4,1).$

Case-04: বৃত্তের কেন্দ্র দেওয়া থাকলে এবং বৃত্ত একটি নির্দিষ্ট অক্ষকে স্পর্শ করলে

Concept

(i) x -অক্ষকে স্পর্শ করলে-



r = |k| [বৃত্তের কেন্দ্রের কোটির পরমমান বৃত্তের ব্যাসার্ধের সমান]

বৃত্তের সমীকরণ, $(x-h)^2+(y-k)^2=k^2$

x অক্ষের স্পর্শবিন্দু (h, 0)

(ii) y-অক্ষকে স্পর্শ করলে-



r = |h| [বৃত্তের কেন্দ্রের ভুজের পরমমান বৃত্তের ব্যাসার্ধের সমান]

বৃত্তের সমীকরণ, $(x-h)^2+(y-k)^2=h^2$

y-অক্ষের স্পর্শবিন্দু (0, k)

Problems

Example-21: বৃত্তের কেন্দ্র (3, 4) এবং তা x অক্ষকে স্পর্শ করে। বৃত্তের সমীকরণ নির্ণয় কর। [DU'11-12, JU'18-19]

Sol^n: $(x-3)^2+(y-4)^2=4^2$ **(Ans.)** [বিঃ দ্রঃ x অক্ষকে স্পর্শ করলে কেন্দ্রের কোটির পরমমান হবে বৃত্তের ব্যাসার্ধের সমান]

Example-22: k এর কোন মানের জন্য $x^2+y^2+kx+2y+25=0$ বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করে?

(a) 5　(b) −5　(c) 10　(d) None of these

Sol^n: (c); x অক্ষকে স্পর্শ করবে যদি, $2\sqrt{g^2-c}=0$ হয়

$\Rightarrow \sqrt{\left(-\frac{k}{2}\right)^2-25}=0 \Rightarrow \frac{k^2}{4}=25 \Rightarrow k^2=100 \Rightarrow k=\pm 10 \therefore k=+10$ **(Ans.)**

Case-05: যেকোন একটি অক্ষকে একটি নির্দিষ্ট বিন্দুতে স্পর্শ করলে এবং একটি নির্দিষ্ট বিন্দুগামী হলে

Concept

Case-4 এর অনুরূপ।

Problems

Example-23: (3, −1) বিন্দুগামী বৃত্ত x অক্ষকে (2, 0) বিন্দুতে স্পর্শ করে। বৃত্তের সমীকরণ নির্ণয় কর। [RU'10-11]

Sol^n: কেন্দ্র (2, k) বৃত্তের সমীকরণ, $(x-2)^2+(y-k)^2=k^2$

$x=3, y=-1$ হলে, $(3-2)^2+(-1-k)^2=k^2 \Rightarrow k=-1 \therefore$ বৃত্তের সমীকরণ, $(x-2)^2+(y+1)^2=1^2$ (Ans.)

Case-06: বৃত্ত উভয় অক্ষকে স্পর্শ করলে এবং একটি নির্দিষ্ট বিন্দুগামী হলে

Concept

বৃত্ত উভয় অক্ষকে স্পর্শ করলে-

(i) $r = |h| = |k|$ [বৃত্তের কেন্দ্রের ভুজ এবং কোটি উভয়ই ব্যাসার্ধের সমান]

বৃত্তের সমীকরণ, $(x-h)^2 + (y-h)^2 = h^2$

x অক্ষের স্পর্শবিন্দু $(h, 0)$, y অক্ষের স্পর্শবিন্দু $(0, h)$



Problems

Example-24: $x^2 + y^2 + 8x + 2ky + c = 0$ বৃত্তটি উভয় অক্ষকে স্পর্শ করলে k এবং c এর মান কত? **[RU'20-21]**

Sol^n: $g = 4, f = k$; বৃত্তটি উভয় অক্ষকে স্পর্শ করলে $\therefore c = f^2 = g^2 \Rightarrow c = k^2 = 4^2 \therefore k = \pm 4$ এবং $c = 16$ **(Ans.)**

Example-25: বৃত্ত x ও y উভয় অক্ষকে স্পর্শ করে এবং $(6, 3)$ বিন্দুগামী হলে বৃত্তের সমীকরণ নির্ণয় কর। **[JU' 09-10]**

Sol^n: উভয় অক্ষকে স্পর্শ করলে কেন্দ্রের ভুজ = কেন্দ্রের কোটি = বৃত্তের ব্যাসার্ধ

$\therefore (x-h)^2 + (y-h)^2 = h^2$; বৃত্তটি $(6, 3)$ বিন্দুগামী হলে, $(6-h)^2 + (3-h)^2 = h^2$

$\Rightarrow h = 15, 3$ $\therefore$ বৃত্তের সমীকরণ, $(x-3)^2 + (y-3)^2 = 3^2$; $(x-15)^2 + (y-15)^2 = 15^2$ **(Ans.)**

Example-26: একটি বৃত্ত অক্ষদ্বয়কে স্পর্শ করে যায় কেন্দ্র তৃতীয় চতুর্ভাগে এ অবস্থিত। বৃত্তটির ব্যাসার্ধ $\sqrt{2}$ হলে বৃত্তটির সমীকরণ হবে–

(a) $x^2 + y^2 + 2\sqrt{2}x + 2\sqrt{2}y + 2 = 0$ (b) $x^2 + y^2 + \sqrt{2}y + \sqrt{2}x + 2 = 0$

(c) $x^2 + y^2 - 2\sqrt{2}x - 2\sqrt{2}y + 2 = 0$ (d) $x^2 + y^2 + 2\sqrt{2}y + 2 = 0$

Sol^n: (a); চিত্র হতে নির্ণেয় বৃত্তটি হবে, $(x+\sqrt{2})^2 + (y+\sqrt{2})^2$

$= (\sqrt{2})^2 \Rightarrow x^2 + y^2 + 2\sqrt{2}x + 2\sqrt{2}y + 2 = 0$ **(Ans.)**



Example-27: $(5, 0)$ এবং $(0, 5)$ বিন্দুতে অক্ষদ্বয়কে স্পর্শকারী বৃত্তের সমীকরণ–

(a) $x^2 + y^2 + 10x - 10y - 25 = 0$ (b) $x^2 + y^2 + 10x + 10y + 25 = 0$

(c) $x^2 + y^2 - 10x + 10y + 25 = 0$ (d) $x^2 + y^2 - 10x - 10y + 25 = 0$

Sol^n: (d); $x^2 + y^2 - 10x - 10y + 25 = 0$

Process-01:



প্রদত্ত বিন্দুদ্বয় হতে যে কোন 1টি বিন্দু দ্বারা Option test (সিদ্ধ হবে) করলে Option (d) is correct.

Process-02: চিত্র হতে নির্ণেয় বৃত্তের কেন্দ্র $(5,5)$ এবং ব্যাসার্ধ $= 5$

$\therefore$ নির্ণেয় বৃত্ত: $(x-5)^2 + (y-5)^2 = 5^2 \Rightarrow x^2 + y^2 - 10x - 10y + 25 = 0$

Case-07: বৃত্ত উভয় অক্ষকে স্পর্শ করে এবং কোন অক্ষের সমান্তরাল রেখাকে স্পর্শ করে

Concept

এক্ষেত্রে চিত্র এঁকে সমাধান করতে হবে।

Problems

Example-28: একটি বৃত্ত $x = 0, y = 0, x = a$ এবং $y = a$ সমীকরণগুলিকে স্পর্শ করে। বৃত্তটির সমীকরণ- **[RU'19-20]**

Sol^n:



$\therefore$ বৃত্তটির সমীকরণ $\left(x - \frac{a}{2}\right)^2 + \left(y - \frac{a}{2}\right)^2 = \left(\frac{a}{2}\right)^2 \Rightarrow x^2 + y^2 - ax - ay + \frac{a^2}{4} = 0$

$\therefore 4(x^2 + y^2) - 4a(x+y) + a^2 = 0$ **(Ans.)**

Example-29: $x = 0, y = 0, x = a$ রেখা তিনটিকে স্পর্শ করে এরূপ বৃত্তের সমীকরণ নির্ণয় কর।



Solⁿ: ∴ নির্ণেয় বৃত্তের কেন্দ্র $\left(\frac{a}{2}, \pm\frac{a}{2}\right)$

এবং ব্যাসার্ধ $= \frac{a}{2}$ হবে।

∴ নির্ণেয় বৃত্ত $\left(x - \frac{a}{2}\right)^2 + \left(y \pm \frac{a}{2}\right)^2 = \left(\frac{a}{2}\right)^2$

$\Rightarrow x^2 + y^2 - ax \pm ay + \frac{a^2}{4} = 0$

Case-08: বৃত্তের কেন্দ্র দেওয়া থাকলে এবং বৃত্ত যে কোন রেখাকে স্পর্শ করলে

Concept

বৃত্তের কেন্দ্র থেকে স্পর্শকের লম্ব দূরত্ব বৃত্তের ব্যাসার্ধের সমান।

Problems

Example-30: $3x + 4y - 5 = 0$ রেখাটি (3, 4) কেন্দ্রবিশিষ্ট বৃত্তকে স্পর্শ করে। বৃত্তের সমীকরণ নির্ণয় কর। [CU'07-08]

Solⁿ: $(x-3)^2 + (y-4)^2 = r^2$; $r = \left|\frac{3\times3+4\times4-5}{\sqrt{3^2+4^2}}\right| = \frac{20}{5} = 4$ ∴ $(x-3)^2 + (y-4)^2 = 4^2$ (Ans.)

Case-09: বৃত্ত একটি অক্ষকে স্পর্শ করলে এবং অপর অক্ষকে ছেদ করলে

Concept

এক্ষেত্রে চিত্র এঁকে সমাধান করলে অনেক সহজে করা যাবে।

Problems

Example-31: বৃত্ত x অক্ষকে (4, 0) বিন্দুতে স্পর্শ করে এবং y অক্ষ থেকে 6 একক দীর্ঘ জ্যা খণ্ডিত করে। বৃত্তের সমীকরণ নির্ণয় কর।

Solⁿ:



কেন্দ্র (4, 5) ; ব্যাসার্ধ $= \sqrt{4^2 + 3^2} = 5$ একক এরূপ দুটি বৃত্ত পাওয়া যাবে।

∴ $(x-4)^2 + (y \pm 5)^2 = 5^2$ (Ans.)

Case-10: বৃত্ত উভয় অক্ষকে ছেদ করলে এবং মূলবিন্দুগামী হলে

Concept

Case-09 এর অনুরূপ

Problems

Example-32: মূলবিন্দুগামী একটি বৃত্ত দুই অক্ষকে ছেদ করে এবং x ও y অক্ষের ধনাত্মক দিক হতে যথাক্রমে 3 ও 5 একক অংশ ছেদ করে। বৃত্তটির সমীকরণ বের কর।

Solⁿ:



$OP = \frac{3}{2}; CP = OQ = \frac{5}{2}$ ∴ কেন্দ্র $\left(\frac{3}{2}, \frac{5}{2}\right)$; ব্যাসার্ধ, $OC = \sqrt{\left(\frac{3}{2}\right)^2 + \left(\frac{5}{2}\right)^2} = \sqrt{\frac{17}{2}}$ একক

∴ বৃত্তের সমীকরণ: $\left(x - \frac{3}{2}\right)^2 + \left(y - \frac{5}{2}\right)^2 = \frac{17}{2} \Rightarrow x^2 - 3x + \frac{9}{4} + y^2 - 5y + \frac{25}{4} = \frac{17}{2} \Rightarrow x^2 + y^2 - 3x - 5y = 0$ (Ans)

Note: মূলবিন্দুগামী বৃত্তের আদর্শ সমীকরণে $c = 0$ হয়।]

বিকল্প: B বিন্দুর স্থানাঙ্ক $(3, 0)$; A বিন্দুর স্থানাঙ্ক $(0, 5)$; A ও B একটি ব্যাসের প্রান্তবিন্দুদ্বয়

$\therefore$ বৃত্তের সমীকরণ: $x(x-3) + y(y-5) = 0 \therefore x^2 + y^2 - 3x - 5y = 0$

- **Shortcut:** মূলবিন্দুগামী একটি বৃত্ত ধনাত্মক x ও y অক্ষ হতে যথাক্রমে 'm' ও 'n' অংশ খণ্ডন করলে বৃত্তটির সমীকরণ $\boxed{x^2 + y^2 - mx - ny = 0}$ ঋণাত্মক x ও y অক্ষ হলে উক্ত সমীকরণের m ও n এর ঋণাত্মক মান বসাতে হবে।

Case-11: বৃত্ত তিনটি নিৰ্দিষ্ট বিন্দুগামী হলে

Concept

Process-01: $A(x_1, y_1), B(x_2, y_2)$ এবং $C(x_3, y_3)$ বিন্দুগামী বৃত্তের সমীকরণ নির্ণয়ের জন্য,

(i) ধরি, বৃত্তের সমীকরণ, $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0 \ldots\ldots\ldots (1)$

(ii) (1) নং বৃত্তটি A, B, C বিন্দুগুলো দিয়ে যায় তাই বিন্দুগুলো দ্বারা সিদ্ধ করলে g, f এবং c যুক্ত 3 টি সমীকরণ পাওয়া যাবে।

(iii) উক্ত সমীকরণগুলো সমাধান করলে g, f, c এর মান নির্ণয় করা যাবে।

(iv) g, f এবং c এর মান (1) নং সমীকরণে বসালে বৃত্তের সমীকরণ পাওয়া যাবে।

Process-02: $(x_1, y_1), (x_2, y_2), (x_3, y_3)$ বিন্দুত্রয় দিয়ে যায় এরূপ বৃত্তের সমীকরণ হবে:

$$\frac{(x-x_1)(x-x_2)+(y-y_1)(y-y_2)}{(x-x_1)(y_1-y_2)-(y-y_1)(x_1-x_2)} = \frac{(x_3-x_1)(x_3-x_2)+(y_3-y_1)(y_3-y_2)}{(x_3-x_1)(y_1-y_2)-(y_3-y_1)(x_1-x_2)}$$

Problems

Example-33: $(2, 1), (10, 1), (2, -5)$ বিন্দুগামী বৃত্তের সমীকরণ নির্ণয় কর।

Sol^n: Process-1: মনে করি, বৃত্তের সমীকরণ, $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0 \ldots\ldots\ldots (i)$

(i) বৃত্তটি (2, 1) বিন্দুগামী হলে, $2^2 + 1^2 + 2.g.2 + 2.f.1 + c = 0 \therefore 4g + 2f + c = -5 \ldots\ldots\ldots (ii)$

(i) বৃত্তটি (10, 1) বিন্দুগামী হলে, $10^2 + 1^2 + 2.g.10 + 2.f.1 + c = 0 \therefore 20g + 2f + c = -101 \ldots\ldots\ldots (iii)$

(i) বৃত্তটি (2, −5) বিন্দুগামী হলে, $2^2 + (-5)^2 + 2.g.(2) + 2.f.(-5) + c = 0 \therefore 4g - 10f + c = -29 \ldots\ldots\ldots (iv)$

(ii), (iii) ও (iv) সমাধান করে পাই, $g = -6, f = 2, c = 15 \therefore$ বৃত্তটির সমীকরণ ((i) হতে), $x^2 + y^2 - 12x + 4y + 15 = 0$ **(Ans.)**

Process-2: $\frac{(x-2)(x-10)+(y-1)(y-1)}{(x-2)(1-1)-(y-1)(2-10)} = \frac{(2-2)(2-1)+(-5-1)(-5-1)}{(2-2)(1-1)-(-5-1)(2-10)} \Rightarrow x^2 + y^2 - 12x + 4y + 15 = 0$ **(Ans.)**

Case-12: বৃত্তের কেন্দ্র কোনো নির্দিষ্ট রেখার উপর এবং বৃত্তটি দুইটি নির্দিষ্ট বিন্দু দিয়ে অতিক্রম করলে

Concept

এক্ষেত্রে বৃত্তের সমীকরণ, $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ ধরে সমাধান করতে হবে। [Example দ্রষ্টব্য]

Problems

Example-34: $2x - y = 3$ রেখার উপর কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্ত $(3, -2)$ ও $(-2, 0)$ বিন্দু দুইটি দিয়ে অতিক্রম করে। বৃত্তটির সমীকরণ নির্ণয় কর। **[CU' 13-14]**

Sol^n: মনে করি, বৃত্তের সমীকরণ $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0 \ldots\ldots\ldots (i)$



(i) নং বৃত্তটি $(-2, 0)$ বিন্দুগামী $\therefore 4 + 0 - 4g + 0 + c = 0$

$\therefore 4g - c = 4 \ldots\ldots\ldots (ii)$

(i) নং বৃত্তটি $(3, -2)$ বিন্দুগামী $\therefore 9 + 4 + 6g - 4f + c = 0$

$\therefore 6g - 4f + c = -13 \ldots\ldots\ldots (iii)$

বৃত্তটির কেন্দ্র $(-g, -f)$, $2x - y = 3$ এর উপর অবস্থিত $\therefore -2g + f = 3 \ldots\ldots\ldots (iv)$

(ii), (iii), (iv) সমাধান করে পাই, $g = \frac{3}{2}, f = 6, c = 2$

$\therefore$ বৃত্তের সমীকরণ, $x^2 + y^2 + 2.\frac{3}{2}x + 2.6.y + 2 = 0 \therefore x^2 + y^2 + 3x + 12y + 2 = 0$ **(Ans.)**

Case-13: কোনো নির্দিষ্ট অক্ষের উপর কেন্দ্রবিশিষ্ট বৃত্ত দুইটি নির্দিষ্ট বিন্দু দিয়ে অতিক্রম করলে

Concept

- $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ বৃত্তের কেন্দ্র x-অক্ষের উপর থাকলে $f = 0$
- $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ বৃত্তের কেন্দ্র y-অক্ষের উপর থাকলে $g = 0$
- বৃত্ত মূলবিন্দুগামী হলে, $c = 0$

Problems

Example-35: $(3, 1)$ এবং $(-4, 1)$ বিন্দু দিয়ে যায় এরূপ বৃত্তের কেন্দ্র y-অক্ষের উপর অবস্থিত। বৃত্তটির সমীকরণ নির্ণয় কর। [JU'19-20]

Solⁿ: মনে করি, বৃত্তটির সমীকরণ, $x^2 + y^2 + 2fy + c = 0$ ……… (i)

[y অক্ষের উপর কেন্দ্র থাকায় $g = 0$]

(i) বৃত্তটি (3, 1) বিন্দুগামী। $\therefore 3^2 + 1^2 + 2.f.1 + c = 0 \Rightarrow 2f + c = -10$ ……… (ii)

আবার, (i) বৃত্তটি $(-4, 1)$ বিন্দুগামী। $\therefore (-4)^2 + 1^2 + 2.f(1) + c = 0 \Rightarrow 2f + c = -17$ ……… (iii)

(ii) ও (iii) একত্রে সত্য হওয়া অসম্ভব কারণ তাহলে -10 এবং -17 সমান হয়ে যাবে।

∴ এরকম কোন বৃত্ত আঁকা অসম্ভব। ∴ প্রশ্নের শর্ত পূরণ করবে এরূপ কোন বৃত্তের অস্তিত্ব নেই।

Example-36: y-অক্ষের উপর কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্ত মূলবিন্দু এবং (p, q) বিন্দু দিয়ে অতিক্রম করে। বৃত্তটির সমীকরণ নির্ণয় কর।

Solⁿ: ধরি, বৃত্তটির সমীকরণ, $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ …… (i)

(i) বৃত্তটির কেন্দ্র y-অক্ষের উপর অবস্থিত। $\therefore g = 0$

বৃত্তটি মূলবিন্দু (0,0) ও (p, q) বিন্দুগামী। $\therefore 0 + 0 + c = 0 \Rightarrow c = 0$ এবং $p^2 + q^2 + 2qf + 0 = 0 \Rightarrow f = -\frac{p^2+q^2}{2q}$

(i) এ g, f ও c এর মান বসিয়ে পাই, $x^2 + y^2 + 2\left(-\frac{p^2+q^2}{2q}\right)y = 0 \therefore q(x^2 + y^2) = (p^2 + q^2)y$ **(Ans.)**

Type–05: বৃত্তের ব্যাসের একটি প্রান্তবিন্দু দেওয়া থাকলে অপর প্রান্তবিন্দু নির্ণয়

Concept

$x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ বৃত্তের কেন্দ্র $\equiv (-g, -f)$।

বৃত্তের একটি ব্যাসের প্রান্তবিন্দু (x_1, y_1) হলে, অপর প্রান্তবিন্দু $(x_2, y_2) \equiv (-2g - x_1, -2f - y_1)$

$\frac{x_1+x_2}{2} = -g \therefore \boxed{x_2 = -2g - x_1}$

$\frac{y_1+y_2}{2} = -f \therefore \boxed{y_2 = -2f - y_1}$



Problems

Example-37: দেখাও যে, A(1, 1) বিন্দুটি $x^2 + y^2 + 4x + 6y - 12 = 0$ বৃত্তের উপর অবস্থিত। A বিন্দুগামী ব্যাসের অপর প্রান্তবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

Solⁿ: ধরি, $f(x, y) \equiv x^2 + y^2 + 4x + 6y - 12 = 0$

$\therefore f(1, 1) = 1^2 + 1^2 + 4.1 + 6.1 - 12 = 1 + 1 + 4 + 6 - 12 = 0$

∴ A(1, 1) বিন্দুটি প্রদত্ত বৃত্তের উপর অবস্থিত। ২য় অংশ: প্রদত্ত বৃত্তের কেন্দ্র $= \left(\frac{4}{-2}, \frac{6}{-2}\right) = (-2, -3)$

ধরি, A(1, 1) বিন্দুগামী ব্যাসের অপর প্রান্তবিন্দু $B(\alpha, \beta)$. $\therefore \frac{1+\alpha}{2} = -2 \Rightarrow 1 + \alpha = -4$

$\Rightarrow \alpha = -5$ এবং $\frac{1+\beta}{2} = -3 \Rightarrow 1 + \beta = -6 \Rightarrow \beta = -7 \therefore$ ব্যাসের অপর প্রান্তবিন্দুর স্থানাঙ্ক $(-5, -7)$ **(Ans.)**

Type–06: পরিবৃত্ত সংক্রান্ত

Concept

একটি বর্গের কর্ণকে ব্যাস ধরে বৃত্ত আঁকলে উক্ত বৃত্তটি ঐ বর্গের পরিবৃত্ত হবে।

ত্রিভুজের সাইন সূত্রানুযায়ী, $\frac{a}{\sin A} = \frac{b}{\sin B} = \frac{c}{\sin C} = 2R$ যেখানে, R = ত্রিভুজের পরিব্যাসার্ধ



Problems

Example-38: b বাহুবিশিষ্ট OABC একটি বর্গ। OA ও OC কে অক্ষ ধরে বর্গটির পরিবৃত্তের সমীকরণ নির্ণয় কর।

Solⁿ:



$(x-0)(x-b)+(y-0)(y-b)=0 \Rightarrow x^2+y^2=b(x+y)$

Example-39: $x^2+y^2-4x+6y-3=0$ বৃত্তে অন্তর্লিখিত সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় কর।

Solⁿ:



কেন্দ্র = $(-g,-f)=(2,-3)$ ব্যাসার্ধ, $r=\sqrt{(-2)^2+(3)^2-(-3)}=4$ একক

সমবাহু ত্রিভুজের প্রত্যেক কোণ, $\alpha = 60°$; সাইন সূত্র হতে $\frac{a}{\sin\alpha}=2r \Rightarrow a=2\times4\sin60°=8\frac{\sqrt{3}}{2}=4\sqrt{3}$ একক

ক্ষেত্রফল $=\frac{\sqrt{3}}{4}a^2=\frac{\sqrt{3}}{4}.(4\sqrt{3})^2=12\sqrt{3}$ বর্গ একক **(Ans.)**

Type–07: ছেদবিন্দুগামী বৃত্ত সংক্রান্ত

Concept

A.R. Khalifa এর নিয়মানুযায়ী-

- $x^2+y^2+2gx+2fy+c=0$ বৃত্ত এবং $ax+by+c=0$ সরলরেখার ছেদবিন্দুগামী বৃত্তের সমীকরণ:
  $(x^2+y^2+2gx+2fy+c)+k\,(ax+by+c)=0$
- দুইটি বৃত্তের ছেদবিন্দুগামী বৃত্তের সমীকরণ বললে, আগে সাধারণ জ্যা (x^2 ও y^2 এর সহগদ্বয়কে 1 রেখে বৃত্তদ্বয়ের সমীকরণ বিয়োগ করলে সাধারণ জ্যায়ের সমীকরণ পাওয়া যাবে।) এর সমীকরণ বের করে নিতে হবে। এরপর (i) নং নিয়ম apply করলে সমস্যা সমাধান সহজ হয়। অথবা, $\boxed{\text{১ম বৃত্তের সমীকরণ} + k\,(\text{২য় বৃত্তের সমীকরণ}) = 0}$ দ্বারাও সমস্যা সমাধান করা যায়।

Problems

Example-40: $x^2+y^2-2x-4y-4=0$ বৃত্ত ও $2x+3y+1=0$ রেখার ছেদবিন্দুগামী বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা মূলবিন্দুগামী।

Solⁿ: $x^2+y^2-2x-4y-4+k\,(2x+3y+1)=0$ যা, (0, 0) বিন্দুগামী।

$\therefore -4+k=0 \therefore k=4 \therefore$ বৃত্তের সমীকরণ, $x^2+y^2+6x+8y=0$ **(Ans.)**

Example-41: নিচের কোন বৃত্তটি $x^2+y^2=2ax$ এবং $x^2+y^2=2by$ বৃত্তদ্বয়ের ছেদবিন্দু দিয়ে যায় এবং যার কেন্দ্র $bx-ay=2ab$ রেখার উপর অবস্থিত? **[RU'22-23]**

(a) $x^2+y^2+3ax+by=0$
(b) $x^2+y^2-3ax+by=0$
(c) $x^2+y^2-3ax-by=0$
(d) $x^2+y^2+3ax-by=0$

Solⁿ: (b); $x^2+y^2=2ax$ ……… (i) এবং $x^2+y^2=2by$ এখন, (i) − (ii) $\Rightarrow 2ax-2by=0 \therefore ax-by=0$

এখন, নির্ণেয় বৃত্ত: $x^2+y^2-2ax+k(ax-by)=0 \Rightarrow x^2+y^2+(ak-2a)x-bky=0$ ……… (iii)

$\therefore$ কেন্দ্র $\equiv\left(-\frac{ak-2a}{2},\frac{bk}{2}\right)\equiv\left(\frac{2a-ak}{2},\frac{bk}{2}\right)$ বিন্দুটি $bx-ay=2ab$ এর উপর অবস্থিত। $\therefore b\cdot\frac{2a-ak}{2}-a\cdot\frac{bk}{2}=2ab$

$\Rightarrow 2ab-abk-abk-4ab=0 \Rightarrow k=-1$

$k=-1$, (iii) এ বসিয়ে, $x^2+y^2+(-a-2a)x+by=0 \therefore x^2+y^2-3ax+by=0$ **(Ans.)**

Example-42: $x^2+y^2=1$ বৃত্তের $x+y-1=0$ সরলরেখা দ্বারা খণ্ডিত জ্যা-কে ব্যাস ধরে অংকিত বৃত্তের সমীকরণ নির্ণয় ক [RU'19-20]



Solⁿ: মনে করি, নির্ণেয় বৃত্তের সমীকরণ, $x^2+y^2-1+k(x+y-1)=0$ ……… (i)

$\Rightarrow x^2+y^2+kx+ky-k-1=0$ ……… (ii)

(ii) বৃত্তের কেন্দ্র $\left(-\frac{k}{2},-\frac{k}{2}\right)$, $x+y-1=0$ রেখার উপর অবস্থিত।

$\therefore -\frac{k}{2}-\frac{k}{2}-1=0 \therefore k=-1$

(i) -এ k এর মান বসালে পাই, বৃত্তের সমীকরণ, $x^2+y^2-1+(-1)(x+y-1)=0$

$\Rightarrow x^2+y^2-1-x-y+1=0 \therefore x^2+y^2-x-y=0$ **(Ans.)**

বিকল্প: 

; $x^2+y^2=1$ ……… (i); $x+y-1=0$; $y=1-x$ ……… (ii)

(i) ও (ii) সমাধান করে পাই,

$(x)^2+(1-x)^2=1 \Rightarrow x^2+x^2-2x+1=1 \Rightarrow 2x^2-2x=0 \Rightarrow 2x(x-1)=0 \Rightarrow x=0,1$

এখন, $x=0$ হলে, $y=1$ এবং $x=1$ হলে, $y=0 \therefore A\equiv(0,1);\ B\equiv(1,0)$ [ব্যাসের প্রান্তবিন্দু]

$\therefore$ বৃত্তের সমীকরণ, $(x-0)(x-1)+(y-1)(y-0)=0 \Rightarrow x^2-x+y^2-y=0 \Rightarrow x^2+y^2-x-y=0$ (Ans.)

Type–08: সরলরেখা বৃত্তকে স্পর্শ করে সম্পর্কিত

Concept

কোনো বৃত্তের ব্যাসার্ধ r এবং কেন্দ্র থেকে কোনো সরলরেখার লম্ব দূরত্ব d হলে-

➤ 

$r<d$ হলে, রেখাটি বাহিরে অবস্থিত।

➤ 

$r=d$ হলে, রেখাটি বৃত্তের স্পর্শক।

➤ 

$r>d$ হলে, রেখাটি বৃত্তকে ছেদ করেছে।

Problems

Example-43: (4, 3) কেন্দ্রবিশিষ্ট এবং $5x-12y+3=0$ সরলরেখাকে স্পর্শ করে এমন বৃত্তের সমীকরণ নির্ণয় কর। [DU'19-20]

Solⁿ: $r=\left|\frac{5(4)-12(3)+3}{\sqrt{5^2+12^2}}\right|=\left|\frac{-13}{13}\right|=1 \therefore (x-4)^2+(y-3)^2=1^2 \Rightarrow x^2+y^2-8x-6y+24=0$ (Ans.)

Example-44: $3x+4y=k$ রেখাটি $x^2+y^2=10x$ বৃত্তকে স্পর্শ করে। k -এর মান কত? [DU'21-22; CU'20-21]

(a) 8, −30 (b) −8, 30 (c) −10, 40 (d) 10, −40

সমাধান: (c); $x^2+y^2-10x=0$ বৃত্তটির কেন্দ্র $\left(\frac{-10}{-2},0\right)=(5,0)$ এবং ব্যাসার্ধ, $r=5$

কেন্দ্র হতে রেখাটির লম্ব দূরত্ব = বৃত্তের ব্যাসার্ধ $\Rightarrow \frac{|3\cdot5+4\cdot0-k|}{\sqrt{3^2+4^2}}=5 \Rightarrow |-k+15|=25$

$\Rightarrow -k+15=\pm25 \Rightarrow k=15\pm25 \therefore k=40,-10$

Example-45: c এর মান কত হলে $4x + 3y + c = 0$ সরলরেখা $x^2 + y^2 - 6x + 4y - 12 = 0$ বৃত্তের স্পর্শক হবে? **[RU' 09-10]**

Sol^n: প্রদত্ত বৃত্তের কেন্দ্র $(3, -2)$ ও ব্যাসার্ধ = 5 একক $\therefore \left|\frac{4.3+3(-2)+c}{5}\right| = 5 \Rightarrow c = \pm 25 - 6 = -31, 19$ **(Ans.)**

Example-46: $lx + my = 1$ রেখাটি $x^2 + y^2 - 2ax = 0$ বৃত্তকে স্পর্শ করবে যদি-

(a) $a^2m^2 - 2al = 1$ (b) $a^2m^2 + 2al = 1$ (c) $a^2m^2 - al = 0$ (d) a & b উভয়ই

Sol^n: (b); $x^2 + y^2 - 2ax = 0$ বৃত্তের কেন্দ্র $(a, 0)$ এবং ব্যাসার্ধ = a

$\therefore lx + my - 1 = 0$ রেখা, প্রদত্ত বৃত্তের স্পর্শক হলে, $\left|\frac{la+m\cdot 0-1}{\sqrt{l^2+m^2}}\right| = a \Rightarrow (a \cdot l - 1)^2 = a^2(l^2 + m^2) \Rightarrow a^2m^2 + 2al = 1$

Type–09: কোন রেখার উপর লম্ব, সমান্তরাল বা অন্য কোন শর্তযুক্ত বৃত্তের স্পর্শকের সমীকরণ নির্ণয়

Concept

(i) প্রথমে লম্ব/ সমান্তরাল রেখার সমীকরণ লিখতে হবে (বা অন্য শর্তযুক্ত সমীকরণ লিখতে হবে)

(ii) এরপর কেন্দ্র থেকে উক্ত রেখার লম্ব দুরত্ব = বৃত্তের ব্যাসার্ধ শর্ত ব্যবহার করে প্রয়োজনীয় ইচ্ছামূলক ধ্রুবকের মান নির্ণয় করলে স্পর্শকের সমীকরণ পাওয়া যাবে।

Problems

Example-47: $x^2 + y^2 - 2x - 4y - 4 = 0$ বৃত্তে অঙ্কিত যে সকল স্পর্শক $3x - 4y + 5 = 0$ রেখার উপর লম্ব এবং সমান্তরাল তাদের সমীকরণ নির্ণয় কর।

Sol^n: $x^2 + y^2 - 2x - 4y - 4 = 0$; $C(-g, -f) \equiv (1, 2)$ $\therefore r = \sqrt{(-1)^2 + (-2)^2 + 4} = 3$

$3x - 4y + 5 = 0$ রেখার উপর লম্ব রেখার সমীকরণ: $4x + 3y + k = 0$ ……… (i)

$C(1, 2)$ থেকে (i) নং রেখার দূরত্ব $\frac{|4.1+3.2+k|}{\sqrt{4^2+3^2}} = 3 \Rightarrow 10 + k = \pm 15 \therefore k = \pm 15 - 10$; $k = 5, -25$

$\therefore$ স্পর্শক: $4x + 3y + 5 = 0$ **(Ans.)** ; $4x + 3y - 25 = 0$ **(Ans.)**

আবার, $3x - 4y + 5 = 0$ রেখার সমান্তরাল রেখার সমীকরণ, $3x - 4y + k = 0$ …………… (ii)

$C(1, 2)$ থেকে (ii) নং রেখার লম্ব দূরত্ব, $\frac{|3.1-4.2+k|}{\sqrt{3^2+(-4)^2}} = 3 \Rightarrow |k - 5| = 15 \Rightarrow k - 5 = \pm 15$

$\Rightarrow k = 5 \pm 15 \therefore k = 20, -10 \therefore$ স্পর্শকদ্বয়ের সমীকরণ: $3x - 4y + 20 = 0; 3x - 4y - 10 = 0$ **(Ans.)**

Example-48: $x - 3y = c$ রেখাটি $x^2 + y^2 - 6x + 8y + 15 = 0$ এর স্পর্শক হলে স্পর্শকটি কর্তৃক x অক্ষের খণ্ডিত অংশ কত একক হবে?

Sol^n: বৃত্তের কেন্দ্র $(3, -4)$ ও ব্যাসার্ধ = $\sqrt{3^2 + (-4)^2 - 15} = \sqrt{10}$ একক

এখন, স্পর্শকের সমীকরণ, $\frac{x}{c} - \frac{3y}{c} = 1 \therefore$ স্পর্শকটির x অক্ষের খণ্ডিতাংশ = c

বৃত্তের কেন্দ্র হতে স্পর্শকের লম্ব দূরত্ব = ব্যাসার্ধ $\Rightarrow \left|\frac{3+12-c}{\sqrt{1^2+(-3)^2}}\right| = \sqrt{10} \Rightarrow c - 15 = \pm 10 \therefore c = 25, 5$ **(Ans.)**

Example-49: $x^2 + y^2 = 9$ বৃত্তের স্পর্শক x-অক্ষের সাথে 45° কোণ উৎপন্ন করে, স্পর্শকের সমীকরণ কোনটি? **[RU'22-23]**

(a) $x + y \pm 3\sqrt{2} = 0$ (b) $x - y \pm 3\sqrt{2} = 0$ (c) $x + y \pm 2\sqrt{3} = 0$ (d) $x - y \pm 2\sqrt{3} = 0$

Sol^n: (b); 

ঢাল, $m = \tan 45° = 1$; সরলরেখাটির সমীকরণ হবে, $y = x + c \therefore x - y + c = 0$

আমরা জানি, বৃত্তের কেন্দ্র হতে স্পর্শকের লম্ব দূরত্ব বৃত্তের ব্যাসার্ধের সমান।

$\therefore \frac{|c|}{\sqrt{1^2+1^2}} = 3 \Rightarrow |c| = 3\sqrt{2} \Rightarrow c = \pm 3\sqrt{2}$ $\therefore$স্পর্শকের সমীকরণ $x - y \pm 3\sqrt{2} = 0$

Example-50: $x^2 + y^2 + 4x - 8y + 2 = 0$ বৃত্তের স্পর্শক অক্ষদ্বয় হতে একই চিহ্নবিশিষ্ট সমমানের অংশ ছেদ করে। স্পর্শকের সমীকরণ বের কর।

Solⁿ: $x^2 + y^2 + 4x - 8y + 2 = 0$

$C \equiv (-g, -f) \equiv (-2, 4)$; $r = \sqrt{2^2 + (-4)^2 - 2} = 3\sqrt{2}$

ধরি, স্পর্শকের সমীকরণ: $\frac{x}{a} + \frac{y}{b} = 1$ $[a = b]$

$\Rightarrow x + y = a \dots\dots\dots (i)$

$(-2, 4)$ হতে (i) রেখার লম্ব দূরত্ব

$\frac{|-2+4-a|}{\sqrt{1^2+1^2}} = 3\sqrt{2} \Rightarrow 2 - a = \pm 6$

$\Rightarrow a = 2 \mp 6 = -4, 8$

[Ans: $x + y = 8,\ x + y + 4 = 0$]

Example-51: বৃত্ত $x^2 + y^2 + 4x - 8y + 2 = 0$ এর স্পর্শকগুলোর সমীকরণ বের কর যারা অক্ষদ্বয়কে সমান ও বিপরীত চিহ্নে ছেদ করে।

Solⁿ: ধরি, $\frac{x}{a} - \frac{y}{a} = 1$ স্পর্শকের সমীকরণ বা, $x - y - a = 0$

$x^2 + y^2 + 4x - 8y + 2 = 0 \Rightarrow (x + 2)^2 + (y - 4)^2 = 2^2 + 4^2 - 2 = 18$

$\Rightarrow (x + 2)^2 + (y - 4)^2 = (3\sqrt{2})^2$

$\therefore$ কেন্দ্র $(-2, 4)$ ও ব্যাসার্ধ $3\sqrt{2}$ একক $\therefore \left|\frac{-2-4-a}{\sqrt{1^2+1^2}}\right| = 3\sqrt{2}$

$\Rightarrow |a + 6| = 6 \Rightarrow (a + 6) = \pm 6 \therefore a = 0, -12$

$\therefore$ স্পর্শকের সমীকরণ হলো, $x - y = 0$ ও $x - y + 12 = 0$ (Ans.)

Type–10: বৃত্তের জ্যা-এর দৈর্ঘ্য/সমীকরণ নির্ণয় সংক্রান্ত

Case-1: বৃত্তের জ্যা-এর সমীকরণ দেওয়া থাকলে জ্যা-এর দৈর্ঘ্য নির্ণয়

Concept



$x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$

বৃত্তের কেন্দ্র $C(-g, -f)$ এবং ব্যাসার্ধ, $r = \sqrt{g^2 + f^2 - c}$

বৃত্তের কেন্দ্র C থেকে জ্যা-এর লম্ব দূরত্ব, $CD = l = \frac{|-ag-bf+c_1|}{\sqrt{a^2+b^2}}$

এখন, $AD = \sqrt{r^2 - l^2}$ তাহলে জ্যা-এর দৈর্ঘ্য, $\boxed{AB = 2AD = 2\sqrt{r^2 - l^2}}$

Problems

Example-52: $y = x + 2$ সরলরেখাটি $x^2 + y^2 = 16$ বৃত্তে যে জ্যা উৎপন্ন করে সেটির দৈর্ঘ্য নির্ণয় কর। [JU'22-23]

Solⁿ:



$x^2 + y^2 = 16$

$\Rightarrow x^2 + (x + 2)^2 = 16 \Rightarrow 2x^2 + 4x + 4 = 16$

$\Rightarrow x^2 + 2x - 6 = 0 \therefore x = -1 \pm \sqrt{7}$

$\therefore$ দৈর্ঘ্য $= \sqrt{(2\sqrt{7})^2 + (2\sqrt{7})^2} = 2\sqrt{14}$ একক।

বিকল্প: $x^2 + y^2 = 16$ বৃত্তের কেন্দ্র $C(0, 0)$ এবং ব্যাসার্ধ, $r = 4$ একক।

জ্যা-এর কেন্দ্র $C(0, 0)$ হতে AB $[x - y + 2 = 0]$ এর লম্ব দূরত্ব, $l = \left|\frac{0-0+2}{\sqrt{2}}\right| = \sqrt{2}$ একক

$\therefore$ AB জ্যা-এর দৈর্ঘ্য $= 2\sqrt{r^2 - l^2} = 2\sqrt{4^2 - (\sqrt{2})^2}$ $\therefore s = 2\sqrt{14}$ একক।

Case-2: জ্যা-এর দ্বারা কেন্দ্রে উৎপন্ন কোণ দেওয়া থাকলে জ্যা-এর দৈর্ঘ্য ও সমীকরণ নির্ণয়

Concept

দৈর্ঘ্য নির্ণয়: এখানে, AB জ্যা-এর দৈর্ঘ্য $= l$ [ধরি] বৃত্তের ব্যাসার্ধ $= r$

AB জ্যা-টি বৃত্তের কেন্দ্রে θ কোণ উৎপন্ন করে। তাহলে, $\cos\theta = \frac{r^2+r^2-l^2}{2.r.r}$ [ত্রিভুজের cosine Law] এখান থেকে l নির্ণয় করা যাবে।





$\Rightarrow \frac{l}{2} = r\sin\frac{\theta}{2} \therefore \boxed{l = 2r\sin\frac{\theta}{2}}$

সমীকরণ নির্ণয়: সমীকরণ নির্ণয়ের জন্য কেন্দ্রে উৎপন্ন কোণের সাথে অপর একটি শর্ত জানা থাকা লাগবে।

[Example দেখলে বিষয়টি পরিষ্কার হবে]

Problems

Example-53: $\sqrt{3}$ একক দৈর্ঘ্যের একটি জ্যা বৃত্তের কেন্দ্রে $\frac{\pi}{3}$ কোণ উৎপন্ন করলে বৃত্তের ক্ষেত্রফল কত বর্গ একক? [GST'20-21]

Sol^n:



$\cos\frac{\pi}{3} = \frac{a^2+a^2-b^2}{2a^2} \Rightarrow \frac{1}{2} = \frac{2a^2-(\sqrt{3})^2}{2a^2}$

$\Rightarrow a^2 = 2a^2 - 3 \Rightarrow a^2 = 3 \Rightarrow a = \sqrt{3} \therefore$ ক্ষেত্রফল $= \pi a^2 = \pi(\sqrt{3})^2 = 3\pi$ বর্গ একক

Example-54: $(x-3)^2+(y-2)^2 = 25$ বৃত্তের একটি জ্যা কেন্দ্রে $\frac{\pi}{2}$ কোণ তৈরি করে। জ্যা-টির দৈর্ঘ্য কত একক? [GST'22-23]

(a) $5\sqrt{3}$ (b) $\frac{5\sqrt{3}}{2}$ (c) $5\sqrt{2}$ (d) $7\sqrt{3}$

Sol^n: (c);



$(x-3)^2+(y-2)^2 = 25 = 5^2$; বৃত্তের কেন্দ্র $C(3,\ 2)$ এবং ব্যাসার্ধ, $r = 5$

এখানে কেন্দ্রে উৎপন্ন কোণ $\angle ACB = \frac{\pi}{2} \therefore \Delta ABC$ সমকোণী এবং বৃত্তের ব্যাসার্ধ $5 =$ একক

$\therefore AB^2 = AC^2 + BC^2 = 5^2 + 5^2 = 2 \times 5^2 \therefore AB = 5\sqrt{2}$ একক।

Example-55: একটি বৃত্তের সমীকরণ হল $2x^2 + 2y^2 = 25, 5$ একক দৈর্ঘ্য বিশিষ্ট একটি জ্যা বৃত্তের কেন্দ্রে কত রেডিয়ান কোণ তৈরি করবে? [SUST'05-06]

(a) $\frac{\pi}{6}$ (b) $\frac{\pi}{4}$ (c) $\frac{\pi}{3}$ (d) $\frac{\pi}{2}$

Sol^n: (d); $l = 2r\sin\frac{\theta}{2} \Rightarrow 5 = 2\frac{\sqrt{5}}{2}\sin\frac{\theta}{2} \Rightarrow \sin\frac{\theta}{2} = \frac{1}{\sqrt{2}} = \sin\frac{\pi}{4} \therefore \frac{\theta}{2} = \frac{\pi}{4} \Rightarrow \theta = \frac{\pi}{2}$ (Ans.)

বিকল্প: $l = 2r\sin\frac{\theta}{2} \therefore \theta = 2\sin^{-1}\frac{l}{2r}$

$\Rightarrow$ উৎপন্ন কোণ $= 2\sin^{-1}\frac{\text{জ্যা-এর দৈর্ঘ্য}}{\text{বৃত্তের ব্যাস}} = 2\sin^{-1}\left(\frac{5}{2\left(\frac{5}{\sqrt{2}}\right)}\right) = 2\left(\frac{\pi}{4}\right) = \frac{\pi}{2}$ (Ans.)

Example-56: $x^2 + y^2 - 6x - 4y + 9 = 0$ বৃত্তের উপরস্থ $(1, 2)$ বিন্দুগামী একটি জ্যা বৃত্তের কেন্দ্রে $120°$ কোণ উৎপন্ন করে। জ্যা-টির দৈর্ঘ্য ও সমীকরণ নির্ণয় কর।

Sol^n: $x^2 + y^2 - 6x - 4y + 9 = 0$ বৃত্তের কেন্দ্র $C\,(3, 2)$ এবং ব্যাসার্ধ, $r = \sqrt{(-3)^2 + (-2)^2 - 9} = 2$ একক।

কেন্দ্রে $\theta = 120°$ কোণ উৎপন্নকারী জ্যা-এর দৈর্ঘ্য, $l = 2r\sin\frac{\theta}{2} = 2 \times 2\sin\left(\frac{120°}{2}\right) = 2 \times 2 \times \frac{\sqrt{3}}{2} \therefore l = 2\sqrt{3}$ একক।

এখন, CB রেখার ঢাল, $m_{CB} = \frac{2-2}{3-1} = 0 = m_1$ (ধরি) ; AB (বা A′B) রেখার ঢাল $= m_2$ (ধরি)

AB (বা A′B) ও CB এর মধ্যবর্তী কোণ, $\theta_1 = 30°$

$[\because AC = CB = r \therefore \angle CAB = \angle CBA = \frac{180°-120°}{2} = 30°]$

এখন, $\tan\theta_1 = \pm\frac{m_1 - m_2}{1 + m_1 m_2} \Rightarrow \tan 30° = \pm\frac{0 - m_2}{1 + 0.m_2} \therefore m_2 = \pm\frac{1}{\sqrt{3}}$

$\therefore$ AB (A′B) রেখার সমীকরণ, $y - 2 = \pm\frac{1}{\sqrt{3}}(x - 1)$ **(Ans.)**



Type–11: বৃত্তের কোন জ্যা-এর মধ্যবিন্দু দেওয়া থাকলে তা থেকে জ্যা-এর সমীকরণ নির্ণয়

Concept

- বৃত্তের সমীকরণ $S = x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ হলে এবং এর উপরস্থ একটি বিন্দু (x_1, y_1) হলে উক্ত বিন্দুতে স্পর্শকের সমীকরণ, $T = xx_1 + yy_1 + 2g\frac{x+x_1}{2} + 2f\frac{y+y_1}{2} + c = 0$
- বৃত্তের সমীকরণে (x_1, y_1) বসালে পাই, $S_1 = x_1^2 + y_1^2 + 2gx_1 + 2fy_1 + c = 0$, এখন, একটি বৃত্তের AB জ্যা-এর মধ্য বিন্দু $C\,(x_1, y_1)$ হলে উক্ত জ্যা-এর সমীকরণ $\boxed{T = S_1}$





Problems

Example-57: $x^2 + y^2 = 144$ বৃত্তের যে জ্যা-এর মধ্যবিন্দু $(4,\ -6)$ এর সমীকরণ নির্ণয় কর।

Sol^n: বৃত্তের কেন্দ্র $(0, 0)$ ও $(4, -6)$ বিন্দুগামী রেখার ঢাল $= -\frac{3}{2}$

$\therefore$ জ্যা-এর সমীকরণ, $y + 6 = \frac{2}{3}(x - 4) \Rightarrow 2x - 3y - 26 = 0$ **(Ans.)**

❖ **Shortcut:** $x^2 + y^2 = 144$ এর জ্যা-এর মধ্যবিন্দু $(4, -6)$ হলে জ্যা-এর সমীকরণ $\boxed{T = S_1}$

$x.4 + y(-6) - 144 = 4^2 + (-6)^2 - 144 \Rightarrow 4x - 6y = 52 \therefore 2x - 3y - 26 = 0$

Type–12: বৃত্তের সাপেক্ষে বিন্দুর অবস্থান

Concept

কোনো বৃত্তের সমীকরণ, $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ এর ব্যাসার্ধ r ও কেন্দ্র $C(-g, -f)$ হলে, কোন বিন্দু $P(x_1, y_1)$ এর অবস্থান-

- বৃত্তের বাইরে যখন $CP > r$ বা, $x_1^2 + y_1^2 + 2gx_1 + 2fy_1 + c > 0$



- বৃত্তের উপরে যখন $CP = r$ বা, $x_1^2 + y_1^2 + 2gx_1 + 2fy_1 + c = 0$



- বৃত্তের ভিতরে যখন $CP < r$ বা, $x_1^2 + y_1^2 + 2gx_1 + 2fy_1 + c < 0$



Problems

Example-58: (3, 5) বিন্দুটি $2x^2 + 2y^2 + 3x + 5y - 4 = 0$ বৃত্তের উপরে, ভেতরে না বাহিরে অবস্থিত? **[KU'16-17]**

Sol^n: $2.3^2 + 2.5^2 + 3.3 + 5.5 - 4 = 98 > 0$ ∴ বৃত্তের বাহিরে অবস্থিত। **(Ans.)**

Example-59: কোনো শর্ত সাপেক্ষে $(-1, 2)$ বিন্দুটি, $x^2 + y^2 - 2x + 2y + c = 0$ বৃত্তের ভিতরে অবস্থান করবে? **[SUST'15-16]**

(a) $c = 11$ (b) $c = 0$ (c) $c = -11$ (d) $c < -11$

Sol^n: (d); ভিতরে অবস্থান করলে, $\sqrt{(-1)^2 + 2^2 - 2(-1) + 2(2) + c} < 0$

$\Rightarrow \sqrt{1 + 4 + 2 + 4 + c} < 0 \Rightarrow \sqrt{11 + c} < 0 \Rightarrow 11 + c < 0 \therefore c < -11$ **(Ans.)**

Type–13: বৃত্তের উপরিস্থিত বিন্দুতে স্পর্শকের সমীকরণ নির্ণয়

Concept

$x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ বৃত্তের (x_1, y_1) বিন্দুতে অঙ্কিত স্পর্শকের সমীকরণ,

$xx_1 + yy_1 + 2g\left(\frac{x+x_1}{2}\right) + 2f\left(\frac{y+y_1}{2}\right) + c = 0$

$xx_1 + yy_1 + g(x + x_1) + f(y + y_1) + c = 0$

সব ধরনের কনিক-এর জন্য এই সূত্রটি প্রযোজ্য।



Shortcut

[x^2 এর পরিবর্তে xx_1, y^2 এর পরিবর্তে yy_1 , x এর পরিবর্তে $\frac{x+x_1}{2}$, y এর পরিবর্তে $\frac{y+y_1}{2}$ বসাতে হবে] [সমীকরণে xy থাকলে (i.e. −conics) এর পরিবর্তে $\frac{xy_1+yx_1}{2}$ বসাতে হবে]

Problems

Example-60: $x^2 + y^2 = 25$ বৃত্তের (3, 4) বিন্দুতে অঙ্কিত স্পর্শকের সমীকরণ কত?

Sol^n: (3, 4) বিন্দুটি বৃত্তের উপরস্থ একটি বিন্দু। সুতরাং (3, 4) বিন্দুতে বৃত্তের স্পর্শকের সমীকরণ: $x.3 + y.4 = 25$

$\therefore 3x + 4y = 25$ **(Ans.)**

Example-61: $x^2 + y^2 + 3x - 5y + 2 = 0$ বৃত্তের উপরস্থ (1, 2) বিন্দুতে অঙ্কিত স্পর্শকের সমীকরণ কোনটি? **[JU'22-23]**

(a) $x - 5y + 3 = 0$ (b) $5x - 2y - 3 = 0$ (c) $5x - y - 3 = 0$ (d) $2x - 5y + 3 = 0$

Sol^n: (c); $x^2 + y^2 + 3x - 5y + 2 = 0$ বৃত্তে, কেন্দ্র $\left(-\frac{3}{2}, \frac{5}{2}\right)$, ব্যাসার্ধ $= \sqrt{\frac{9}{4} + \frac{25}{4} - 2} = \sqrt{\frac{34-8}{4}} = \sqrt{\frac{26}{4}} = \sqrt{\frac{13}{2}}$

$\therefore$ (1, 2) বিন্দুতে অভিলম্ব, $\frac{y-2}{x-1} = \frac{2-\frac{5}{2}}{1+\frac{3}{2}} \Rightarrow \frac{y-2}{x-1} = \frac{\frac{4-5}{2}}{\frac{2+3}{2}} \Rightarrow \frac{y-2}{x-1} = \frac{-1}{5} \Rightarrow 5y - 10 = 1 - x \therefore x + 5y - 11 = 0$

$\therefore$ (1, 2) বিন্দুতে স্পর্শক, $5x - y + k = 0$ ∴ (1,2) গামী হবে স্পর্শক। $\therefore 5.1 - 2 + k = 0 \therefore k = -3$

$\therefore$ স্পর্শকের সমীকরণ, $5x - y - 3 = 0$

Example-62: $x^2 + y^2 = 20$ বৃত্তের 2 ভুজ বিশিষ্ট বিন্দুতে স্পর্শকের সমীকরণ নির্ণয় কর।

Sol^n: $x^2 + y^2 - 20 = 0$ বৃত্তের উপরিস্থিত বিন্দুটি $\equiv (2, \beta)$ হলে $\therefore 4 + \beta^2 - 20 = 0 \therefore \beta = \pm 4$ ∴ বিন্দুটি $\equiv (2, \pm 4)$

$\therefore$ নির্ণেয় স্পর্শক $\equiv x(2) + y(\pm 4) - 20 = 0 \Rightarrow x \pm 2y - 10 = 0$ **(Ans.)**

Type–14: বৃত্তের বহিঃস্থ বিন্দু হতে অংকিত স্পর্শকের সমীকরণ ও দৈর্ঘ্য নির্ণয় সংক্রান্ত

Concept

দৈর্ঘ্য নির্ণয়:

- বৃত্তের বহিঃস্থ (x_1, y_1) বিন্দু হতে $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ বৃত্তের উপর অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য $= \sqrt{x_1^2 + y_1^2 + 2gx_1 + 2fy_1 + c}$
- আদর্শ রূপে দেয়া না থাকলে অবশ্যই আদর্শ রূপে এনে সূত্র প্রয়োগ করতে হবে। [অর্থাৎ x^2 এবং y^2 এর সহগ 1 বানাতে হবে।]

সমীকরণ নির্ণয়:

- ➢ বহিঃস্থ বিন্দুগামী m ঢালবিশিষ্ট রেখার সমীকরণ লিখতে হবে। বহিঃস্থ বিন্দু (x_1, y_1) হলে স্পর্শকের সমীকরণ $[y - y_1 = m(x - x_1)]$
- ➢ রেখাটি স্পর্শক হবে যদি বৃত্তের কেন্দ্র থেকে রেখার লম্ব দূরত্ব = বৃত্তের ব্যাসার্ধ হয়। [একটি Example দেখলে Clear হবে]

Problems

Example-63: বৃত্তের কেন্দ্র (1, 2) মূলবিন্দু থেকে বৃত্তটির উপর অঙ্কিত একটি স্পর্শকের দৈর্ঘ্য 2 একক হলে- [JU'19-20]

(a) বৃত্ত y-অক্ষকে স্পর্শ করে (b) ব্যাসার্ধ = 1.5 (c) ব্যাসার্ধ = 2 (d) বৃত্ত x-অক্ষকে স্পর্শ করে

Sol^n: (a); মূলবিন্দু হতে বৃত্তটির উপর অঙ্কিত স্পর্শক এর দৈর্ঘ্য, $d = \sqrt{x_1^2 + y_1^2 + 2gx_1 + 2fy_1 + c}$

$\Rightarrow 2 = \sqrt{0+0+0+0+c} \therefore c = 4; f = -2 \therefore f^2 - c = 4 - 4 = 0 \therefore c = f^2 \therefore$ y-অক্ষকে স্পর্শ করে।

Example-64: $3x^2 + 3y^2 + 6x + 9y + 12 = 0$ বৃত্তে (1, 1) বিন্দু হতে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য নির্ণয় কর। [RU' 09-10]

Sol^n: $3x^2 + 3y^2 + 6x + 9y + 12 = 0 \Rightarrow x^2 + y^2 + 2x + 3y + 4 = 0$

$\therefore$ স্পর্শকের দৈর্ঘ্য $= \sqrt{1^2 + 1^2 + 2(1) + 3(1) + 4} = \sqrt{11}$ একক **(Ans.)**

Example-65: মূলবিন্দু থেকে (1, 2) কেন্দ্রবিশিষ্ট বৃত্তের উপর অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য 2 একক। বৃত্তটির সমীকরণ কোনটি? [RU' 09-10]

Sol^n: $r^2 + 2^2 = \left(\sqrt{1^2 + 2^2}\right)^2 \Rightarrow r^2 = 1 \Rightarrow r = 1$

$\therefore$ সমীকরণ, $(x-1)^2 + (y-2)^2 = 1$

$\Rightarrow x^2 + y^2 - 2x - 4y + 4 = 0$ **(Ans.)**



বিকল্প: ধরি, বৃত্তের সমীকরণ, $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$

প্রশ্নমতে, $2 = \sqrt{0 + c} \Rightarrow c = 2^2 = 4$

$g = -1, f = -2 \therefore$ বৃত্তের সমীকরণ $x^2 + y^2 - 2x - 4y + 4 = 0$ **(Ans.)**

Example-66: $(-4, 3)$ বিন্দু হতে $x^2 + y^2 - 4x - 6y - 12 = 0$ বৃত্তের অঙ্কিত স্পর্শকের সমীকরণ ও দৈর্ঘ্য নির্ণয় কর।

Sol^n: প্রদত্ত বৃত্তের কেন্দ্র (2, 3) এবং ব্যাসার্ধ = 5 একক

$(-4, 3)$ বিন্দুগামী যে কোন সরলরেখার সমীকরণ, $y - 3 = m(x + 4) \Rightarrow mx - y + 4m + 3 = 0 \ldots\ldots\ldots\ldots (i)$

(i) রেখাটি প্রদত্ত বৃত্তের স্পর্শক হলে, $\frac{2m-3+4m+3}{\sqrt{m^2+1}} = \pm 5 \Rightarrow 36m^2 = 25(m^2+1) \Rightarrow 11m^2 = 25 \Rightarrow m^2 = \frac{25}{11} \Rightarrow m = \pm\frac{5}{\sqrt{11}}$

$\therefore$ নির্ণেয় স্পর্শকের সমীকরণ, $y - 3 = \pm\frac{5}{\sqrt{11}}(x + 4)$

$\therefore$ স্পর্শকের দৈর্ঘ্য $= \sqrt{(-4)^2 + 3^2 - 4(-4) - 6(3) - 12} = \sqrt{11}$ একক **(Ans.)**

Type–15: কোন বহিঃস্থ বিন্দু হতে অঙ্কিত স্পর্শকদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ নির্ণয় সংক্রান্ত

Concept

$x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$; বৃত্তের কেন্দ্র $C(-g, -f)$ এবং বৃত্তের ব্যাসার্ধ, $r = \sqrt{g^2 + f^2 - c} \therefore CA = CB = r$

ΔACP সমকোণী $[\angle CAP = 90°]$



এখন, $\angle APC = \theta$ হলে, $\angle APB = 2\theta = P(x_1, y_1)$ বিন্দু থেকে অঙ্কিত বৃত্তের স্পর্শকদ্বয়ের মধ্যবর্তী কোণ, $\tan\theta = \frac{CA}{PA} \therefore \theta = \tan^{-1}\frac{CA}{PA}$

যেখানে, $PA = PB = \sqrt{x_1^2 + y_1^2 + 2gx_1 + 2fy_1 + c} =$ বৃত্তের বহিঃস্থ বিন্দু হতে অঙ্কিত বৃত্তের স্পর্শকের দৈর্ঘ্য।

তাহলে, স্পর্শকদ্বয়ের মধ্যবর্তী কোণ

$$= 2\theta = 2\tan^{-1}\frac{CA}{PA} = 2\tan^{-1}\left(\frac{\sqrt{g^2+f^2-c}}{\sqrt{x_1^2+y_1^2+2gx_1+2fy_1+c}}\right) = 2\tan^{-1}\left(\frac{r}{\sqrt{S_1}}\right)$$

Problems

Example-67: $(-5,4)$ হতে $x^2+y^2-2x-4y+1=0$ বৃত্তের উপর অঙ্কিত স্পর্শকদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ নির্ণয় কর।

Sol^n: বৃত্তের ব্যাসার্ধ, $r=\sqrt{(-1)^2+(-2)^2-1}=2$ একক

বহিঃস্থ $(-5,4)$ বিন্দু থেকে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য $=\sqrt{S_1}=\sqrt{(-5)^2+4^2-2(-5)-4(4)+1}=6$ একক

$\therefore$ স্পর্শকদ্বয়ের মধ্যবর্তী কোণ $=2\tan^{-1}\frac{r}{\sqrt{S_1}}=2\tan^{-1}\frac{2}{6}=2\tan^{-1}\left(\frac{1}{3}\right)$ **(Ans.)**

Type–16: স্পর্শ জ্যা সংক্রান্ত

Concept



স্পর্শ জ্যা: কোনো বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু হতে বৃত্তের উপর যে দুইটি স্পর্শক অঙ্কন করা যায় সেই দুইটি স্পর্শকের বিন্দুদ্বয়ের সংযোগ রেখাকে স্পর্শ জ্যা বলে। চিত্রে, AB স্পর্শ জ্যা। বৃত্তের সমীকরণ $x^2+y^2+2gx+2fy+c=0$ এবং বহিঃস্থ বিন্দুর স্থানাঙ্ক $P(x_1,y_1)$ হলে, স্পর্শ জ্যা-এর সমীকরণ $\boxed{xx_1+yy_1+g(x+x_1)+f(y+y_1)+c=0}$

বা, $\boxed{T=0}$

প্রমাণ: বৃত্তের সমীকরণ, $x^2+y^2+2gx+2fy+c=0$

বৃত্তের বহিঃস্থ বিন্দু $P(x_1,y_1)$ হতে বৃত্তের উপর অঙ্কিত দুইটি স্পর্শক বৃত্তকে যথাক্রমে $A(x',y')$ এবং $B(x'',y'')$ বিন্দুতে স্পর্শ করে [ধরি]। তাহলে, AB স্পর্শ জ্যা।

এখন, $A(x',y')$ বিন্দুতে বৃত্তের স্পর্শকের সমীকরণ, $xx'+yy'+g(x+x')+f(y+y')+c=0$ ……… (i)

আবার, $B(x'',y'')$ বিন্দুতে বৃত্তের স্পর্শকের সমীকরণ, $xx''+yy''+g(x+x'')+f(y+y'')+c=0$ ……… (ii)

(i) ও (ii) নং রেখাটি (x_1,y_1) বিন্দুগামী $\therefore x_1x'+y_1y'+g(x_1+x')+f(y_1+y')+c=0$ ……… (iii)

এবং $x_1x''+y_1y''+g(x_1+x'')+f(y_1+y'')+c=0$ ……… (iv)

(iii) এর (x',y') [অথবা (iv) এর (x'',y'')] এর পরিবর্তে (x,y) বসালে পাই, $x_1x+y_1y+g(x_1+x)+f(y_1+y)+c=0$

বা, $xx_1+yy_1+g(x+x_1)+f(y+y_1)+c=0$ ……… (v)

(v) নং সমীকরণটি একটি সরলরেখার সমীকরণ (x ও y একঘাত) যা $A(x',y')$ এবং $B(x'',y'')$ দুইটি বিন্দু দিয়েই সিদ্ধ হয়। [(iii) ও (iv) সমীকরণ দ্রষ্টব্য] $\therefore$ (v) নং সমীকরণই AB স্পর্শ জ্যা-এর সমীকরণ।

$\therefore$ স্পর্শ জ্যা-এর সমীকরণ, $xx_1+yy_1+g(x+x_1)+f(y+y_1)+c=0$ বা, $\boxed{T=0}$

Problems

Example-68: $(-5,4)$ হতে $x^2+y^2-2x-4y+1=0$ বৃত্তের উপর অঙ্কিত স্পর্শ জ্যা-এর সমীকরণ ও দৈর্ঘ্য নির্ণয় কর।



Sol^n: AB স্পর্শ জ্যা-এর সমীকরণ, $x(-5)+y(4)-2\left(\frac{x-5}{2}\right)-4\left(\frac{(y+4)}{2}\right)+1=0$

$\Rightarrow -5x+4y-x+5-2y-8+1=0 \therefore 3x-y+1=0$ **(Ans.)**

AB স্পর্শ জ্যা-এর দৈর্ঘ্য নির্ণয়: $x^2+y^2-2x-4y+1=0$

বৃত্তের কেন্দ্র $C(1,2)$ এবং ব্যাসার্ধ, $r=\sqrt{(-1)^2+(-2)^2-1}=2$ একক

এখন, $C(1,2)$ হতে AB এর লম্ব দূরত্ব, $CD=\frac{|3.1-2+1|}{\sqrt{3^2+(-1)^2}}=\frac{\sqrt{2}}{\sqrt{5}}$ একক

$\therefore$ স্পর্শ জ্যা-এর দৈর্ঘ্য $AB=2AD=2\sqrt{r^2-l^2}=2\sqrt{4-\frac{2}{5}}=\frac{6\sqrt{10}}{5}$ একক

Type–17: কোন সরলরেখা সাপেক্ষে কোন বৃত্তের প্রতিবিম্ব নির্ণয়

Concept

(i) প্রথমে প্রদত্ত রেখার সাপেক্ষে প্রদত্ত বৃত্তের কেন্দ্রের প্রতিবিম্ব বের করতে হবে।

(ii) নির্ণেয় প্রতিবিম্ব বিন্দুকে কেন্দ্র এবং প্রদত্ত বৃত্তের সমান ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তই নির্ণেয় বৃত্ত।

Problems

Example-69: $4x = 6y - 2$ রেখার সাপেক্ষে $3x^2 + 3y^2 + 6x - 24y - 57 = 0$ বৃত্তের প্রতিবিম্বের সমীকরণ নির্ণয় কর।

Sol^n: প্রথমে বৃত্তের কেন্দ্র ও ব্যাসার্ধ বের করি এরপর কেন্দ্র থেকে প্রদত্ত রেখার উপর লম্ব রেখার সমীকরণ বের করি। এই দুই রেখার ছেদবিন্দুকে মধ্যবিন্দু ধরে অপর প্রান্তবিন্দু নির্ণয় করি।

$3x^2 + 3y^2 + 6x - 24y - 67 = 0$

$\Rightarrow x^2 + y^2 + 2x - 8y - 19 = 0$

$C(-1, 4)$; $r = \sqrt{1^2 + (-4)^2 - (-19)} = 6$

$4x - 6y + 2 = 0 \Rightarrow 2x - 3y + 1 = 0 \dots\dots(i)$

এই রেখার উপর লম্ব রেখার সমীকরণ: $3x + 2y + k = 0$

যা কেন্দ্র (–1, 4) বিন্দুগামী

$\therefore 3(-1) + 2.4 + k = 0$

$k = -5 \quad \therefore 3x + 2y - 5 = 0 \dots\dots\dots(ii)$

(i) ও (ii) solve করে, $(x, y) \equiv (1,1)$

ধরি, প্রতিবিম্বের কেন্দ্র (α, β)

$\frac{-1+\alpha}{2} = 1 \Rightarrow \alpha = 3$; $\frac{4+\beta}{2} = 1$

$\Rightarrow \beta = -2$

$\therefore$ প্রতিবিম্ব বৃত্তের সমীকরণ,

$(x - 3)^2 + (y + 2)^2 = 36$ **(Ans.)**



Example-70: X অক্ষ, Y অক্ষ এবং $y = x$ রেখার সাপেক্ষে $x^2 + y^2 - 4x + 6y + 4 = 0$ বৃত্তের প্রতিবিম্বের সমীকরণ নির্ণয় কর।

Sol^n: X অক্ষের সাপেক্ষে প্রতিবিম্ব (y এর পরিবর্তে –y বসাতে হবে): $x^2 + y^2 - 4x - 6y + 4 = 0$

Y অক্ষের সাপেক্ষে প্রতিবিম্ব (x এর পরিবর্তে –x বসাতে হবে): $x^2 + y^2 + 4x + 6y + 4 = 0$

$y = x$ রেখার সাপেক্ষে প্রতিবিম্ব (x ও y এর স্থান পরিবর্তন করতে হবে): $x^2 + y^2 + 6x - 4y + 4 = 0$

Type–18: দুটি বৃত্ত পরস্পরকে স্পর্শ বা ছেদ করা সংক্রান্ত সমস্যা

Concept

দুইটি বৃত্তের কেন্দ্র C_1 ও C_2 এবং ব্যাসার্ধ r_1 ও r_2 হলে:

- ছেদও করবে না, স্পর্শও করবে না।
  - (a) $C_1C_2 > r_1 + r_2$
  - (b) সাধারণ স্পর্শক হবে 4 টি
  - (c) $S_1 - S_2 = 0$ মৌলিক অক্ষ নির্দেশ করে। (মৌলিক অক্ষ হলো এমন একটি সরলরেখা যার উপরস্থ যেকোন বিন্দু হতে বৃত্তদ্বয়ের উপরে অঙ্কিত স্পর্শকদ্বয়ের দৈর্ঘ্য সমান।)
  - (d) C_1C_2 কে $r_1 : r_2$ অনুপাতে অন্তর্বিভক্ত করলে তীর্যক সাধারণ স্পর্শকদ্বয়ের ছেদবিন্দু (T_2) পাওয়া যায়।
  - (e) C_1C_2 কে $r_1 : r_2$ অনুপাতে বহির্বিভক্ত করলে সরল সাধারণ স্পর্শকদ্বয়ের ছেদবিন্দু (T_1) পাওয়া যায়।



- বহিঃস্থভাবে স্পর্শ করলে:
  - (a) $C_1C_2 = r_1 + r_2$ হবে
  - (b) $S_1 - S_2 = 0$ করলে স্পর্শবিন্দুতে সাধারণ স্পর্শকের সমীকরণ পাওয়া যায়।
  - (c) সাধারণ স্পর্শকের সংখ্যা 3 টি (মৌলিক অক্ষই স্পর্শবিন্দুতে সাধারণ স্পর্শকে রূপান্তরিত হয়)
  - (d) C_1C_2 কে $r_1 : r_2$ অনুপাতে অন্তর্বিভক্তকারী বিন্দুই স্পর্শ বিন্দুর স্থানাঙ্ক।



- বৃত্তদুটি পরস্পরকে ছেদ করলে:
  (a) $r_1 \sim r_2 < C_1C_2 < r_1 + r_2$
  (b) সাধারণ স্পর্শক হবে 2 টি
  (c) $S_1 - S_2 = 0$ সাধারণ জ্যা-এর সমীকরণ নির্দেশ করে। (মৌলিক অক্ষই সাধারণ জ্যা-তে রূপান্তরিত হয়)
  (d) C_1C_2 কে $r_1 : r_2$ অনুপাতে বহির্বিভক্ত করলে সরল সাধারণ স্পর্শকদ্বয়ের ছেদবিন্দু (T_1) পাওয়া যায়। (যদি সরল সাধারণ স্পর্শকদ্বয় অসমান্তরাল হয় বা $r_1 \neq r_2$ হয়)





- অন্তঃস্থভাবে স্পর্শ করলে:
  (a) $C_1C_2 = r_1 \sim r_2$
  (b) সাধারণ স্পর্শক হবে 1 টি
  (c) $S_1 - S_2 = 0$ স্পর্শবিন্দুতে সাধারণ স্পর্শকের সমীকরণ নির্দেশ করে। (মৌলিক অক্ষই স্পর্শবিন্দুতে সাধারণ স্পর্শকে রূপান্তরিত হয়)
  (d) C_1C_2 কে $r_1 : r_2$ অনুপাতে বহির্বিভক্তকারী বিন্দুই স্পর্শবিন্দুর স্থানাঙ্ক।



- একটি বৃত্ত আর একটি বৃত্তের অভ্যন্তরে থাকলে: (অন্তঃস্পর্শ করে না এমন)
  (a) $C_1C_2 < r_1 \sim r_2$
  (b) সাধারণ স্পর্শক নেই।
  (c) $S_1 - S_2 = 0$ মৌলিক অক্ষ নির্দেশ করে।



Problems

Example-71: $x^2 + y^2 - 2x + 4y - 31 = 0$ ও $x^2 + y^2 + 4x - 4y + 7 = 0$ বৃত্তদ্বয় পরস্পরকে কীভাবে স্পর্শ করে? স্পর্শবিন্দু নির্ণয় কর। **[DU'15-16]**

Solⁿ: এখানে, $C_1(1,-2)$; $r_1 = \sqrt{1+4+31} = 6$ একক এবং $C_2(-2,2)$; $r_2 = \sqrt{4+4-7} = 1$ একক
$C_1C_2 = \sqrt{(1+2)^2 + (-2-2)^2} = 5 = r_1 - r_2$ $\therefore$ অন্তঃস্থভাবে স্পর্শ করে।
$\therefore$ স্পর্শবিন্দু $\left(\frac{6(-2)-1.1}{6-1}, \frac{6.2-1(-2)}{6-1}\right) = \left(-\frac{13}{5}, \frac{14}{5}\right)$ **(Ans.)**

Example-72: $x^2 + y^2 - 2y = 0$ ও $x^2 + y^2 - 6x - 18 = 0$ বৃত্তদ্বয় পরস্পরকে অন্তঃস্পর্শ করলে স্পর্শবিন্দু নির্ণয় কর।
(a) $\left(-\frac{3}{5}, \frac{9}{5}\right)$ (b) $\left(\frac{3}{5}, \frac{9}{5}\right)$ (c) $\left(-\frac{3}{5}, -\frac{9}{5}\right)$ (d) $\left(\frac{3}{5}, -\frac{9}{5}\right)$

Solⁿ: (a);



এখানে, $C_1 \equiv (0,1), r_1 = \sqrt{0+1^2-0} = 1$ এবং $C_2 \equiv (3,-3), r_2 = \sqrt{3^2+3^2+18} = 6$
$\therefore C_1(0,1)$ ও $C_2(3,-3)$ এর সংযোজক রেখাকে $A(\alpha,\beta)$ বিন্দুটি $1:6$ অনুপাতে বহির্বিভক্ত করে,
$\therefore \alpha = \frac{1\times(3)-6\times(0)}{1-6}, \beta = \frac{1\times(-3)-6\times(1)}{1-6} \therefore \left(\frac{-3}{5}, \frac{9}{5}\right)$ **(Ans.)**

Example-73: $(x+2)^2 + y^2 = b^2$ এবং $(x-1)^2 + y^2 = a^2$ বৃত্তদ্বয় বহিঃস্থভাবে স্পর্শ করার শর্ত:
(a) $b - a = 3$ (b) $a + b = 3$ (c) $a^2 + b^2 = 3$ (d) $a + b = 1$

Solⁿ: (b); এখানে, $c_1 \equiv (-2,0), r_1 = b$ এবং $c_2 \equiv (1,0), r_2 = a \therefore c_1c_2 = r_1 + r_2$ হতে পাই,
$\Rightarrow \sqrt{(1+2)^2 + (0-0)^2} = a + b \therefore a + b = 3$ **(Ans.)**

Example-74: $(x-2)^2+(y-3)^2=16$ এবং $(x-2)^2+(y-10)^2=9$ বৃত্তদ্বয়ের স্পর্শবিন্দুর স্থানাঙ্ক কত? [DU'16-17]

(a) $(2,3)$ (b) $(16,9)$ (c) $(2,10)$ (d) $(2,7)$



Sol^n: (d); Process-01: Option বিন্দুগুলি দ্বারা সিদ্ধ করে, (d) Option পাওয়া যায়,

Process-02: $C_1(2,3), r_1=4$

$C_2(2,10), r_2=3$

$\therefore C_1C_2=|10-3|=7=r_1+r_2$

$h=2$ হবে এবং $k=\frac{4\times10+3(3)}{3+4}=\frac{49}{7}$

$\therefore$ নির্ণেয় স্পর্শবিন্দু, $(h,k)\equiv(2,7)$ **(Ans.)**

Example-75: $x^2+y^2=9$ বৃত্তকে বহিঃস্থভাবে স্পর্শ করে এরূপ বৃত্তের কেন্দ্রের স্থানাঙ্ক (3,4) হলে, বৃত্তটির সমীকরণ কোনটি? [RU'22-23]

(a) $x^2+y^2+6x+8y+21=0$ (b) $x^2+y^2+6x+8y-21=0$
(c) $x^2+y^2+6x-8y-21=0$ (d) $x^2+y^2-6x-8y+21=0$

Sol^n: (d); কেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $=\sqrt{(3-0)^2+(4-0)^2}=5$ একক

প্রশ্নমতে, $3+r=5\Rightarrow3+\sqrt{3^2+4^2-c}=5\Rightarrow25-c=4\Rightarrow c=21$

বৃত্তের সমীকরণ, $x^2+y^2-6x-8y+21=0$

Example-76: $x^2+y^2+4x-10y+k=0$, $x^2+y^2-2x-2y-7=0$ বৃত্তদ্বয় পরস্পরকে বহিঃস্থভাবে স্পর্শ করলে k এর মান কত?

(a) 18 (b) 20 (c) 27 (d) 25



Sol^n: (d); বহিঃস্থভাবে স্পর্শ করলে: $c_1c_2=r_1+r_2\ \ldots\ldots\ldots$ (i)

$x^2+y^2+4x-10y+k=0$ এর $c_1(-2,5), r_1=\sqrt{4+25-k}=\sqrt{29-k}$

$\therefore x^2+y^2-2x-2y-7=0$ এর $c_2\ (1,1)$ এবং $r_2=\sqrt{1+1+7}=3$

$\therefore$ (i) নং হতে পাই, $\sqrt{(1+2)^2+(1-5)^2}=\sqrt{29-k}+3\Rightarrow4=29-k\therefore k=25$ **(Ans.)**

Type–19: সাধারণ জ্যা-এর সমীকরণ নির্ণয়

Concept

দুটি বৃত্তের সমীকরণ দেওয়া থাকলে একটি থেকে অপরটি বিয়োগ করলেই সাধারণ জ্যা-এর সমীকরণ পাওয়া যায় (যদি তারা পরস্পরকে ছেদ করে থাকে)। এই ক্ষেত্রে বৃত্তদ্বয়ের সমীকরণদ্বয়কে আর্দশ রূপে নিয়ে (x^2 ও y^2 এর সহগ 1 রেখে) বিয়োগ করতে হবে।

Problems

Example-77: $x^2+y^2-2x+3y-18=0$ ও $x^2+y^2-5x+6y-15=0$ বৃত্তদ্বয়ের সাধারণ জ্যা এর সমীকরণ নির্ণয় কর। [JU' 09-10, RU' 13-14, 07-08]

Sol^n: $x^2+y^2-2x+3y-18=0\cdots\cdots\cdots$ (i) ; $x^2+y^2-5x+6y-15=0\cdots\cdots\cdots\cdots$ (ii)

এখন, (i) − (ii) $\Rightarrow3x-3y-3=0\ \Rightarrow x-y-1=0$ **(Ans.)**

Type–20: বৃত্তের পোলার সমীকরণ সম্পর্কিত

Concept

$x=r\cos\theta, y=r\sin\theta$ এবং $x^2+y^2=r^2$ বৃত্তের পোলার সমীকরণ $r^2+2r\,(g\cos\theta+f\sin\theta)+c=0$

Problems

Example-78. পোলার স্থানাঙ্কে $r^2 - 2r\sin\theta = 3$ একটি বৃত্তের সমীকরণ। বৃত্তটির ব্যাসার্ধ হবে- **[DU'20-21]**

Sol^n: $r^2 - 2r\sin\theta = 3 \Rightarrow x^2 + y^2 - 2y - 3 = 0 \therefore g = 0, f = -1, c = -3$

$\therefore r = \sqrt{g^2 + f^2 - c} = \sqrt{0 + 1 - (-3)} = 2$ একক

Example-79. পোলার স্থানাঙ্কে $\left(5, \frac{\pi}{4}\right)$ কেন্দ্র ও 2 ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের সমীকরণ কোনটি?

Sol^n: $\left(x - 5\cos\frac{\pi}{4}\right)^2 + \left(y - 5\sin\frac{\pi}{4}\right)^2 = 2^2 \Rightarrow x^2 + y^2 + 25 - 5\sqrt{2}x - 5\sqrt{2}y = 4$

$\Rightarrow r^2 - 5\sqrt{2}r(\cos\theta + \sin\theta) + 21 = 0$

Example-80: $r = a\sin\theta$ বৃত্তটির কেন্দ্র ও ব্যাসার্ধ কত?

(a) $(a, 0), a$
(b) $(0, 0), 2$
(c) $\left(0, \frac{a}{2}\right), \frac{a}{2}$
(d) $\left(\frac{a}{2}, 0\right), \frac{a}{2}$

Sol^n: (c); $r = a\sin\theta \Rightarrow r^2 = ar\sin\theta \Rightarrow x^2 + y^2 = ay \Rightarrow (x - 0)^2 + \left(y - \frac{a}{2}\right)^2 = \left(\frac{a}{2}\right)^2 \therefore$ কেন্দ্র $\left(0, \frac{a}{2}\right)$ এবং ব্যাসার্ধ $\frac{a}{2}$

Example-81: $x^2 + y^2 - 4x + 5y + 9 = 0$ বৃত্তের পোলার সমীকরণ কোনটি? **[RU'22-23]**

(a) $r^2 + r(5\sin\theta + 4\cos\theta) + 9 = 0$
(b) $r^2 + r(5\sin\theta - 4\cos\theta) + 9 = 0$
(c) $r^2 - r(5\sin\theta + 4\cos\theta) + 9 = 0$
(d) $r^2 - r(5\sin\theta - 4\cos\theta) + 9 = 0$

Sol^n: (b); $x^2 + y^2 - 4x + 5y + 9 = 0 \Rightarrow r^2 - 4r\cos\theta + 5r\sin\theta + 9 = 0$

$\Rightarrow r^2 + r(5\sin\theta - 4\cos\theta) + 9 = 0$ **(Ans.)**

Example-82: পোলার স্থানাংকে $r^2 - 2r\sin\theta = 3$ একটি বৃত্তের সমীকরণ। বৃত্তটির ব্যাসার্ধ হবে? **[DU'20-21]**

(a) 2
(b) 1
(c) 4
(d) 3

Sol^n: (a); $r^2 - 2r\sin\theta = 3 \Rightarrow x^2 + y^2 - 2y - 3 = 0 \therefore$ কেন্দ্র $\equiv (0, 1), r = \sqrt{0 + 1^2 + 3} = 2$ **(Ans.)**

Example-83: $r = 8\cos\theta + 6\sin\theta$ কনিক দ্বারা x-অক্ষের খণ্ডিত অংশের দৈর্ঘ্য কত একক? **[GST'22-23]**

(a) 8
(b) 6
(c) 4
(d) 3

Sol^n: (a); $r = 8\cos\theta + 6\sin\theta \Rightarrow r^2 = 8r\cos\theta + 6r\sin\theta$

$\Rightarrow x^2 + y^2 = 8x + 6y \Rightarrow x^2 + y^2 - 8x - 6y = 0$

এখানে, $g = -4, f = -3, c = 0$

$\therefore$ x অক্ষের খণ্ডিতাংশ $= 2\sqrt{g^2 - c} = 2\sqrt{(-4)^2 - 0} = 2\sqrt{4^2 - 0} = 8$ একক।

Type–21: চিত্র সংক্রান্ত

Problems

Example-84: 154 বর্গ একক ক্ষেত্রফল বিশিষ্ট বৃত্তের ব্যাসদ্বয় $2x - 3y = 5$ এবং $3x - 4y = 7$ হলে, বৃত্তের সমীকরণ হবে-

(a) $x^2 + y^2 + 2x - 2y = 62$
(b) $x^2 + y^2 + 2x - 2y = 47$
(c) $x^2 + y^2 - 2x + 2y = 47$
(d) $x^2 + y^2 - 2x + 2y = 62$

Sol^n: (c); $2x - 3y - 5 = 0 \ldots\ldots\ldots$ (i) এবং $3x - 4y - 7 = 0 \ldots\ldots\ldots$ (ii)

ব্যাসদ্বয়ের ছেদবিন্দুটিই হবে বৃত্তের কেন্দ্র,



(i) ও (ii) সমাধান করে পাই, $c \equiv (1, -1)$

অপর শর্তে: $\pi r^2 = 154 \Rightarrow r^2 = \frac{154 \times 7}{22} = 49 \therefore r = 7$ [$\pi \approx \frac{22}{7}$ ধরে]

$\therefore$ নির্ণেয় বৃত্তটি হবে, $(x - 1)^2 + (y + 1)^2 = 7^2 \Rightarrow x^2 + y^2 - 2x + 2y = 47$ **(Ans.)**

Example-85: r এর মান কত হলে r ব্যাসার্ধ বিশিষ্ট শুধুমাত্র একটি বৃত্ত পাওয়া যাবে যা, (6, 7) ও (12, 13) বিন্দু দিয়ে অতিক্রম করে।

Sol^n: অর্থাৎ চিত্র হতে দেখা যায় (6, 7) ও (12, 13) বিন্দুগামী অসংখ্য বৃত্ত পাওয়া সম্ভব। তাহলে ১টি মাত্র বৃত্তের ক্ষেত্রে অবশ্যই বিন্দু ২টি ব্যাসের প্রান্তবিন্দু হবে।





$\therefore \sqrt{(12-6)^2+(13-7)^2} = \sqrt{72} = 6\sqrt{2} \therefore r = \frac{6\sqrt{2}}{2} = 3\sqrt{2}$ **(Ans.)**

Example-86: এরূপ একটি বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা মূলবিন্দু দিয়ে অতিক্রম করে $x + 3y = 20$ রেখাকে স্পর্শ করে এবং যার একটি ব্যাসের সমীকরণ $y = 3x$



Sol^n: $y = 3x$ ……… (i) এর ঢাল $m_1 = 3$

$x + 3y = 20$ ……… (ii) এর ঢাল $m_2 = -\frac{1}{3}$

$\therefore m_1 \times m_2 = (3)\left(-\frac{1}{3}\right) = -1$

∴ (i) ও (ii) নং রেখা পরস্পর লম্ব।

অর্থাৎ, প্রদত্ত ব্যাস ও স্পর্শক পরস্পর লম্ব।

∴ এদের ছেদবিন্দু (2, 6) হবে ব্যাসের একটি প্রান্তবিন্দু। আবার নির্ণেয় বৃত্তটি এবং ব্যাসটি উভয়েই মূলবিন্দুগামী। ∴ ব্যাসের অপর প্রান্তবিন্দু O(0, 0) হবে।

∴ নির্ণেয় বৃত্তটি হবে, $(x-0)(x-2)+(y-0)(y-6)=0 \Rightarrow x^2+y^2-2x-6y=0$ **(Ans.)**

Example-87: $x^2+y^2+2x+3y+1=0$ এবং $x^2+y^2+4x+3y+2=0$ বৃত্তদ্বয়ের সাধারণ জ্যা কে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ নির্ণয় কর। [RU'19-20]

Sol^n: Process-01: $C \equiv \left(-1, -\frac{3}{2}\right)$ ও $r_1 = \sqrt{1+\frac{9}{4}-1} = \frac{3}{2}$

এখন বৃত্তদ্বয়ের সাধারণ জ্যা: $s_1 - s_2 = 0 \Rightarrow 2x - 4x + 3y - 3y + 1 - 2 = 0$



$\Rightarrow 2x + 1 = 0$ এর উপর লম্ব রেখা: $2y + k = 0$ যা, $\left(-1, -\frac{3}{2}\right)$ বিন্দুগামী $\therefore 2\left(-\frac{3}{2}\right) + k = 0 \therefore k = 3$

∴ লম্ব রেখাটি $y = -\frac{3}{2} \therefore 2x + 1 = 0 \Rightarrow x = -\frac{1}{2}$ ∴ নির্ণেয় বৃত্তের কেন্দ্র $D\left(-\frac{1}{2}, -\frac{3}{2}\right)$ হবে।

আবার, $CD = \frac{|2(-1)+1|}{\sqrt{2^2+0^2}} = \frac{1}{2}$ এবং $CA = r_1 = \frac{3}{2}$

∴ নির্ণেয় বৃত্তের ব্যাসার্ধ $\equiv AD = \sqrt{CA^2 - CD^2} = \sqrt{\left(\frac{3}{2}\right)^2 - \left(\frac{1}{2}\right)^2} = \sqrt{\frac{9}{4} - \frac{1}{4}} = \sqrt{2}$

∴ নির্ণেয় বৃত্ত: $\left(x + \frac{1}{2}\right)^2 + \left(y + \frac{3}{2}\right)^2 = (\sqrt{2})^2$ **(Ans.)**

Example-88: $x^2 + y^2 + 6x - 8y - 11 = 0$ বৃত্তে অন্তর্লিখিত সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল-

(a) $27\sqrt{3}$ বর্গ একক (b) $27\sqrt{2}$ বর্গ একক (c) $3\sqrt{3}$ বর্গ একক (d) $3\sqrt{2}$ বর্গ একক

Solⁿ: (a); ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}a^2$ ……… (i)

এখন, $\frac{a}{\sin A} = 2R \Rightarrow a = 2 \times 6 \times \sin 60° = 12 \times \frac{\sqrt{3}}{2} = 6\sqrt{3}$

$[C \equiv (-3, 4) \therefore R = \sqrt{(-3)^2 + 4^2 + 11} = \sqrt{9 + 16 + 11} = \sqrt{6^2} = 6]$

$\therefore$ (i) হতে পাই, ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4} = (6\sqrt{3})^2 = 27\sqrt{3}$ বর্গ একক।



Example-89: কোন বৃত্তের দুটি স্পর্শকের সমীকরণ: $2x - 4y - 9 = 0$ এবং $6x - 12y + 7 = 0$ হলে, বৃত্তের ব্যাসার্ধ কত? **[BUET'12-13]**

(a) $\frac{\sqrt{3}}{5}$ (b) $\frac{17}{3\sqrt{5}}$ (c) $\frac{17}{5\sqrt{3}}$ (d) $\frac{17}{6\sqrt{5}}$

Solⁿ: (d);



স্পর্শকদ্বয় সমান্তরাল

$= \left|\frac{\frac{7}{3}-|-9|}{\sqrt{4+16}}\right| = \frac{34}{3\sqrt{20}} = \frac{17}{3\sqrt{5}}$ যা বৃত্তের ব্যাস।∴ নির্ণেয় ব্যাসার্ধ $= \frac{17}{6\sqrt{5}}$ **(Ans.)**

Example-90: নিচের কোন সরলরেখাটি $x^2 + y^2 - 6x + 2y = 0$ বৃত্তকে সমান দুইভাগে বিভক্ত করে? **[SUST'13-14]**

(a) $x - 2y = 0$ (b) $3x + y = 0$ (c) $x + 3y = 0$ (d) $x - 3y = 0$

Solⁿ: (c);



প্রদত্ত বৃত্তের কেন্দ্র $(3, -1)$ ∴ নির্ণেয় রেখা: $y = \frac{-1}{3}x \Rightarrow x + 3y = 0$ **(Ans.)**

Example-91: x-অক্ষ থেকে $x^2 + y^2 + 4x + 6y = 12$ বৃত্তের উপর সর্বাধিক দূরত্বে অঙ্কিত স্পর্শকের স্পর্শবিন্দুর স্থানাঙ্ক কোনটি? **[SUST'16-17]**

(a) $(-2, -8)$ (b) $(-7, -3)$ (c) $(-2, 2)$ (d) $(3, -3)$

Solⁿ: (a); Process-01: চিত্র থেকে বলা যায় Option (a) correct হবে।

কেন্দ্র $(-2, -3)$

∴ স্পর্শবিন্দুতে x স্থানাঙ্ক একই হবে

এবং $r = \sqrt{2^2 + 3^2 + 12} = 5$

∴ স্পর্শবিন্দু $(-2, -3 - 5)$ $(-2, -8)$

x-অক্ষের উপরস্থ বিন্দু হতে বৃত্তের সর্বাধিক দূরবর্তী বিন্দু।





Example-92: $(-4, -3)$ বিন্দু থেকে $x^2 + y^2 - 8x - 6y + 9 = 0$ বৃত্তের উপরিস্থিত কোনো বিন্দুর সর্বনিম্ন দূরত্ব কত একক? **[SUST'16-17]**

(a) 2 (b) 4 (c) 6 (d) 8

Solⁿ: (c); $C \equiv (4, 3)$,

$r = \sqrt{4^2 + 3^2 - 9} = 4$

$\therefore CA = \sqrt{(4+4)^2 + (3+3)^2} = \sqrt{64 + 36} = 10$

$\therefore BC = 4 \therefore AB = 10 - 4 = 6$

∴ নির্ণেয় সর্বনিম্ন দূরত্ব হবে = 6 একক।



Note: $A(-4, -3)$ হতে বৃত্তের উপরিস্থিত বিন্দুর সর্বোচ্চ দূরত্ব $= 6 + d = 6 + 8 = 14$ হবে।

একত্রে সব গুরুত্বপূর্ণ সূত্র

01. বৃত্তের কেন্দ্র (0,0) এবং ব্যাসার্ধ r হলে, বৃত্তের সমীকরণ: $x^2 + y^2 = r^2$

02. কেন্দ্র (h, k) এবং ব্যাসার্ধ r হলে, $(x - h)^2 + (y - k)^2 = r^2$

03. বৃত্তের সাধারণ সমীকরণ: $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ এখানে, কেন্দ্র $(-g, -f)$; ব্যাসার্ধ $r = \sqrt{g^2 + f^2 - c}$
সূত্র- (i): বৃত্তের X অক্ষে ছেদিত অংশ $= 2\sqrt{g^2 - c}$
সূত্র- (ii): বৃত্তের Y অক্ষে ছেদিত অংশ $= 2\sqrt{f^2 - c}$

04. বৃত্তটি X অক্ষকে স্পর্শ করলে $c = g^2$ এবং বৃত্তটি Y অক্ষকে স্পর্শ করলে $c = f^2$ হবে।

05. (x_1, y_1) ও (x_2, y_2) বিন্দু দুইটির সংযোগ সরলরেখাকে ব্যাস ধরে আঁকা বৃত্তের সমীকরণ:
$(x - x_1)(x - x_2) + (y - y_1)(y - y_2) = 0$

06. (x_1, y_1) বিন্দুটি বৃত্তের বাইরে, উপরে বা ভিতরে অবস্থান করবে যদি: $x_1^2 + y_1^2 + 2gx_1 + 2fy_1 + c$ যথাক্রমে $>= ও < 0$ হয়।

07. C_1 ও C_2 কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাসার্ধ যথাক্রমে r_1 ও r_2 হলে,
(a) অন্তঃস্পর্শের ক্ষেত্রে, $C_1C_2 = r_1 - r_2 \ (r_1 > r_2)$
(b) বহিঃস্পর্শের ক্ষেত্রে, $C_1C_2 = r_1 + r_2$

08. $y = mx + c$ সরলরেখাটি $x^2 + y^2 = a^2$ বৃত্তকে স্পর্শ করার শর্ত: $c = \pm a\sqrt{1 + m^2}$

09. $x^2 + y^2 = a^2$ বৃত্তের উপরিস্থিত (x_1, y_1) বিন্দুতে স্পর্শকের সমীকরণ, $xx_1 + yy_1 = a^2$।

10. $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ বৃত্তের উপরিস্থিত (x_1, y_1) বিন্দুতে স্পর্শকের সমীকরণ:
$xx_1 + yy_1 + 2g\left(\frac{x+x_1}{2}\right) + 2f\left(\frac{y+y_1}{2}\right) + c = 0$

11. $lx + my + n = 0$ রেখা $(x - h)^2 + (y - k)^2 = r^2$ বৃত্তকে স্পর্শ করলে $\left|\frac{lh+mk+n}{\sqrt{l^2+m^2}}\right| = r$, ছেদ করলে, $\left|\frac{lh+mk+n}{\sqrt{l^2+m^2}}\right| < r$

12. (x_1, y_1) বিন্দু থেকে $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ বৃত্তের অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য $= \sqrt{x_1^2 + y_1^2 + 2gx_1 + 2fy_1 + c}$

13. (x_1, y_1) বিন্দু থেকে $x^2 + y^2 = r^2$ বৃত্তে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য $= \sqrt{x_1^2 + y_1^2 - r^2}$

14.

দুইটি বৃত্তের পারস্পরিক অবস্থান	সাধারণ স্পর্শক গণনা
(i) বৃত্ত দুটি পরস্পরকে বহঃস্থভাবে স্পর্শ করে।  $C_1C_2 = r_1 + r_2$	(i) বৃত্ত দুটি বহিঃস্থভাবে স্পর্শ করলে স্পর্শক তিনটি 
(ii) বৃত্ত দুটি পরস্পরকে অন্তঃস্থভাবে স্পর্শ করে।  $C_1C_2 = r_1 \sim r_2$	(ii) বৃত্ত দুটি অন্তঃস্থভাবে স্পর্শ করলে স্পর্শক একটি 
(iii) বৃত্ত দুটি পরস্পরকে ছেদ করলে, 	(iii) বৃত্ত দুটি পরস্পরকে ছেদ করলে স্পর্শক দুটি

$C_1C_2 < (r_1 \sim r_2)$

(iv) বৃত্ত দুটি পরস্পরকে ছেদ করে না, স্পর্শও করে না।



$C_1C_2 > (r_1 + r_2)$

(v) একটি বৃত্ত অপর একটি বৃত্তের অভ্যন্তরে অবস্থিত।



$C_1C_2 + r_2 < r_1 \therefore C_1C_2 < (r_1 \sim r_2)$



(iv) বৃত্ত দুটি পরস্পরকে স্পর্শও করে না, ছেদও করে না।

স্পর্শক চারটি



(v) একটি বৃত্তের ভিতরে অপর বৃত্ত স্পর্শক নাই।



গুরুত্বপূর্ণ প্র্যাকটিস প্রবলেম

MCQ

01. (0,9) বিন্দুটি, (−1, −4) কেন্দ্র ও 6 একক ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের-
(a) অন্তঃস্থ (b) বহিঃস্থ (c) উপরিস্থ (d) কোনটিই নয়

02. যদি A ও B বৃত্তের পরিধি যথাক্রমে 15.614 একক এবং 6.28 একক হয় তাহলে তাদের ব্যাসার্ধের পার্থক্য কত?
(a) 5.23 একক (b) 3.0 একক (c) 1.5 একক (d) 0.5 একক

03. $x^2 + y^2 - 6x - 8y - 75 = 0$ বৃত্তের কেন্দ্রের স্থানাঙ্ক কত?
(a) (3, 4) (b) (3, 0) (c) (2, 4) (d) (4, 3)

04. একটি বৃত্ত (1, 0) বিন্দুতে X-অক্ষকে স্পর্শ করে এবং বৃত্তটির অপর বিন্দু (2, 3) দিয়ে অতিক্রম করে। বৃত্তের ব্যাসের দৈর্ঘ্য কত?
(a) 2 (b) $\sqrt{10}$ (c) $\frac{10}{3}$ (d) None

05. k এর মান কত হলে, $3x + 4y = k$ রেখাটি $x^2 + y^2 = 10x$ বৃত্তকে স্পর্শ করবে?
(a) 40 (b) −10 (c) A, B উভয়ই (d) কোনটিই নয়

06. যদি (1, 2) কেন্দ্র বিশিষ্ট একটি বৃত্ত X-অক্ষকে স্পর্শ করে তবে তা Y-অক্ষকে স্পর্শ করে না। বৃত্তটি Y-অক্ষ থেকে কি পরিমাণ অংশ ছেদ করবে?
(a) $2\sqrt{3}$ (b) $3\sqrt{2}$ (c) $\sqrt{2}$ (d) $\sqrt{3}$

07. নিম্নের কোন বিন্দুটি (−1, 0) কেন্দ্র ও 10 একক ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের উপরে অবস্থিত নয়?
(a) (7, 6) (b) $(-2, 3\sqrt{11})$ (c) (−1, −10) (d) (−5, 7)

08. $x^2 + y^2 - 4x + 6y + 2 = 0$ বৃত্তটির ব্যাসার্ধ কত?
(a) $\sqrt{11}$ (b) 2 (c) $\sqrt{2}$ (d) 1

09. (1, 3) বিন্দু হতে $3x^2 + 3y^2 = 18$ বৃত্তে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য–
(a) $\frac{\sqrt{10}}{2}$ (b) $\sqrt{\frac{11}{2}}$ (c) 4 (d) 2

10. একটি বৃত্ত X ও Y-অক্ষ রেখাকে ধনাত্মক দিকে মূলবিন্দু O হতে 5 একক দূরত্বে A ও B বিন্দুতে স্পর্শ করে; OACB বর্গক্ষেত্রের ক্ষেত্রফল–
(a) 24 (b) 25 (c) 50 (d) কোনটিই নয়

11. একটি বৃত্ত মূলবিন্দু O দিয়ে যায় এবং X ও Y-অক্ষ দুটির ধনাত্মক দিক হতে যথাক্রমে A ও B বিন্দুতে 8 ও 4 অংশ ছেদ করে। OAB ত্রিভুজের ক্ষেত্রফল–
(a) 5.5 (b) 16 (c) 3.5 (d) 8.0

12. যে বৃত্তটির কেন্দ্র Y-অক্ষের উপর অবস্থিত তার সমীকরণ-
(a) $x^2 + y^2 - 6y - 16 = 0$ (b) $x^2 + y^2 - x + y = 0$
(c) $x^2 + y^2 - x + 1 = 0$ (d) $x^2 + y^2 - x - 1 = 0$

13. $(-3, -2)$ কেন্দ্রবিশিষ্ট এবং Y-অক্ষকে স্পর্শ করে বৃত্তটির ব্যাসার্ধ–
(a) -3 (b) -2 (c) 3 (d) 2

14. $x^2 + y^2 - 10x + 6y + 14 = 0$ বৃত্তের ব্যাসের সমীকরণ
(a) $4x + 7y = 0$ (b) $x + 7y = 0$ (c) $4x + y + 1 = 0$ (d) $4x + 7y + 1 = 0$

15. $4x^2 + 4y^2 = 3$ সমীকরণটি কিসের?
(a) পরাবৃত্ত (b) বৃত্ত (c) উপবৃত্ত (d) সরলরেখা

16. একটি বৃত্ত X -অক্ষকে $(0, 0)$ বিন্দুতে স্পর্শ করে এবং $(-1,3)$ বিন্দু দিয়ে যায়। বৃত্তটির সমীকরণ কত?
(a) $x^2 + y^2 - 10 = 0$ (b) $x^2 + y^2 = \frac{10}{3}$ (c) $x^2 + y^2 = \frac{10y}{3}$ (d) $x^2 + y^2 = \frac{10x}{3}$

17. $x^2 + y^2 + 2gx + c = 0$ বৃত্তের কেন্দ্র কোথায় অবস্থিত?
(a) X-অক্ষের উপর (b) Y-অক্ষের উপর (c) মূল বিন্দুতে (d) কোনটিই নহে

18. যে বৃত্তের কেন্দ্র মূলবিন্দুতে এবং যে বৃত্ত $2x + \sqrt{5}y - 1 = 0$ রেখাকে স্পর্শ করে তার সমীকরণ হবে-
(a) $9x^2 + 9y^2 = 1$ (b) $x^2 + y^2 = 0$ (c) $x^2 + y^2 = 9$ (d) $x^2 = y^2 = 1$

19. $2x + 3y - 5 = 0$ রেখাটি $(3, 4)$ কেন্দ্রবিশিষ্ট বৃত্তের স্পর্শক। বৃত্তটি Y অক্ষের যে অংশ ছেদ করে তার পরিমাণ কত?
(a) -3 (b) 2 (c) 4 (d) -1

20. বৃত্ত $x^2 + y^2 - 2kx - 4 = 0$ এর একটি ব্যাসের সমীকরণ $2x - 3y + 1 = 0$ হলে k এর মান–
(a) $\frac{1}{3}$ (b) $\frac{-1}{2}$ (c) 2 (d) -1

21. $3x + y = 14$ এবং $2x + 5y = 18$ রেখাদুটির ছেদ বিন্দুগামী বৃত্তের কেন্দ্রবিন্দু $(1, 2)$ হলে বৃত্তটির ব্যাসার্ধ কত?
(a) 3 (b) 6 (c) 14 (d) 18

22. নিচের কোনটি বৃত্তের সমীকরণ?
(a) $x^2 + y^2 + 2gx = C$ (b) $x^2 + y^2 - 2gx + C = 0$ (c) $x^2 + y^2 = 0$ (d) সবকটি

23. একটি বৃত্তের সমীকরণ নির্ণয় কর যার কেন্দ্রের স্থানাঙ্ক $(2,3)$ এবং $x + y - 2 = 0$ রেখাটি বৃত্তকে স্পর্শ করে।
(a) $2(x^2 + y^2) - 8x - 12y + 17 = 0$ (b) $2(x^2 + y^2) - 6x - 10y + 15 = 0$
(c) $2(x^2 + y^2) - 4x - 8y + 11 = 0$ (d) $2(x^2 + y^2) - 2x - 6y + 7 = 0$

24. নিচের কোন সমীকরণ দ্বারা নির্দেশিত বৃত্তের স্পর্শক X অক্ষ?
(a) $x^2 + y^2 - 10x - 6y + 9 = 0$ (b) $x^2 + y^2 + 10x + 6y + 25 = 0$
(c) $x^2 + y^2 + 6x + 10y + 25 = 0$ (d) $x^2 + y^2 + 6x + 8y + 25 = 0$

25. $(8, -8)$ ও $(-5, 5)$ বিন্দুদ্বয়ের সংযোজক রেখাকে ব্যাস ধরে অঙ্কিত বৃত্তের সমীকরণ–
(a) $x^2 + y^2 - 3x + 3y + 80 = 0$ (b) $x^2 + y^2 - 3x + 3y - 80 = 0$
(c) $x^2 + y^2 + 3x - 3y - 80 = 0$ (d) $x^2 + y^2 - 3x - 3y + 80 = 0$

26. $x^2 + y^2 - 5x = 0$ ও $x^2 + y^2 + 3x = 0$ বৃত্তদ্বয়ের কেন্দ্রের দূরত্ব–
(a) 4 units (b) 1 unit (c) $\sqrt{34}$ units (d) 2 units

27. বৃত্তটি $x^2 + y^2 - 8x - 3y + c = 0$; Y অক্ষকে স্পর্শ করলে $c = ?$
(a) 16 (b) 2.25 (c) 4 (d) -16

28. $(5, 0)$ এবং $(0, 5)$ বিন্দুতে অক্ষরেখাদ্বয়কে স্পর্শকারী বৃত্তের সমীকরণ:
(a) $x^2 + y^2 + 10x - 10y - 25 = 0$ (b) $x^2 + y^2 + 10x + 10y + 25 = 0$
(c) $x^2 + y^2 - 10x + 10y + 25 = 0$ (d) $x^2 + y^2 - 10x - 10y + 25 = 0$

29. $x^2+y^2-24x+10y=0$ বৃত্তের ব্যাসার্ধ–
(a) 7
(b) 5
(c) 13
(d) 12

30. $x^2+y^2-6x-4y+c=0$ বৃত্তটি Y অক্ষকে স্পর্শ করে, c এর মান কত?
(a) 11
(b) 7
(c) 5
(d) 4

31. $x^2+y^2-6y+5=0$ বৃত্তে $x=2$ সরলরেখাটি-
(a) জ্যা
(b) ব্যাস
(c) স্পর্শক
(d) কোনটিই নয়

32. $(1,-3)$ কেন্দ্র বিশিষ্ট বৃত্ত X অক্ষকে $(5,0)$ বিন্দুতে স্পর্শ করলে বৃত্তটির পরিধি হবে—
(a) 5π
(b) 8π
(c) 10π
(d) 15π

33. বৃত্তের কেন্দ্র $(2,3)$ ব্যাসার্ধ 6 একক। যে জ্যা এর মধ্যবিন্দু $(2,0)$ তার দৈর্ঘ্য–
(a) $2\sqrt{3}$
(b) $4\sqrt{3}$
(c) $6\sqrt{3}$
(d) $8\sqrt{3}$

34. $x^2+y^2=a^2-2ab+b^2$ বৃত্তটির ব্যাসার্ধ—
(a) $a-b$
(b) $b-a$
(c) $|a-b|$
(d) $\pm(a-b)$

35. $x^2+y^2-3x+10y-15=0$ বৃত্তের $(4,-11)$ বিন্দুতে স্পর্শকের সমীকরণ—
(a) $5x-42y-152=0$
(b) $5x+12y-152=0$
(c) $5x-12y-152=0$
(d) $12x-5y+152=0$

36. $2x^2+2y^2+3x-4y+\frac{9}{8}=0$ বৃত্তটি স্পর্শ করে-
(a) X-অক্ষ
(b) Y-অক্ষ
(c) both
(d) None

37. $y=3x-c$ রেখাটি $x^2+y^2-4x+2y+1=0$ বৃত্তের স্পর্শক হলে $c=?$
(a) $7+2\sqrt{10}$
(b) $7-2\sqrt{10}$
(c) $2\sqrt{10}$
(d) a & b

38. X-অক্ষের সাপেক্ষে $x^2+y^2+2gx+2fy+c=0$ বৃত্তের প্রতিবিম্বের সমীকরণ–
(a) $x^2+y^2-2gx-2fy=0$
(b) $x^2+y^2+2gx-2fy+c=0$
(c) $x^2+y^2+2gx-2fy=0$
(d) $x^2+y^2-2gx+2fy+c=0$

39. $(x+2)^2+y^2=b^2$ এবং $(x-1)^2+y^2=a^2$ বৃত্তদ্বয় বহিঃস্থভাবে স্পর্শ করার শর্ত-
(a) $b-a=3$
(b) $a^2+b^2=3$
(c) $a+b=3$
(d) $a+b=1$

40. $x=0,\ y=0, x=a$ স্পর্শকারী বৃত্তের সমীকরণ কোনটি?
(a) $x^2+y^2-ax+ay+\frac{1}{4}a^2=0$
(b) $x^2+y^2-ax\pm ay+\frac{a^2}{4}=0$
(c) $x^2+y^2\pm ax+ay+\frac{1}{4}a^2=0$
(d) $x^2+y^2+ax+ay+\frac{1}{2}a^2=0$

41. $x^2+y^2-10x+12y+48=0$ বৃত্তটির X-অক্ষ থেকে কর্তিত অংশ =?
(a) $8\sqrt{13}$
(b) $\sqrt{13}$
(c) $4\sqrt{3}$
(d) ছেদ করে না

42. $x^2+y^2-2x+4y-1=0$ এবং $2x^2+2y^2+4ax+8y+3=0$ হলে এককেন্দ্রিক হতে, $a=?$
(a) -1
(b) 1
(c) 2
(d) 3

43. 1 একক ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তে অন্তর্লিখিত একটি সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য–
(a) $\frac{3}{2}$
(b) $\frac{\sqrt{3}}{2}$
(c) $\sqrt{3}$
(d) 1

44. দুটি বৃত্ত পরস্পরকে বহিঃস্থভাবে স্পর্শ করলে তাদের কয়টি স্পর্শক বিদ্যমান?
(a) 1
(b) 2
(c) 3
(d) 4

45. $y=mx+c$ রেখাটি $x^2+y^2=a^2$ বৃত্তটিকে স্পর্শ করার শর্ত কী?
(a) $c=a\sqrt{1+m^2}$
(b) $c=-a\sqrt{1+m^2}$
(c) $c=\pm a\sqrt{1+m^2}$
(d) সব কয়টি

46. $x^2+y^2-4x-6y+4=0$ বৃত্তটি X-অক্ষ স্পর্শ করে। স্পর্শ বিন্দুর স্থানাঙ্ক–
(a) $(2,0)$
(b) $(3,0)$
(c) $(6,6)$
(d) $(4,1)$

47. OA এবং OB মূলবিন্দু হতে $x^2+y^2+2gx+2fy+c=0$ বৃত্তের স্পর্শক এবং কেন্দ্র C হলে OACB চতুর্ভুজের ক্ষেত্রফল কোনটি?
(a) $\frac{1}{2}\sqrt{g^2+f^2-c}$
(b) $\sqrt{c(g^2+f^2-c)}$
(c) $\frac{1}{4}\sqrt{g^2+f^2-c}$
(d) $\sqrt{g^2+f^2-c}.\sqrt{g^2+f^2}$

48. $x + y = 1$ রেখাটি $x^2 + y^2 - 2ax = 0$ বৃত্তকে স্পর্শ করার শর্ত
(a) $a^2 - 2a = 1$ (b) $a^2 + 2a = -1$ (c) $a^2 + 2a = 1$ (d) $a^2 - 2a = -1$

49. $ax^2 + by^2 = 1$ সমীকরণটি a ও b এর কোন মানের জন্য জ্যামিতিতে বৃত্ত নির্দেশ করে? [CU'16-17]
(a) $a, b \neq 1$ (b) $a = b > 0$ (c) $a = b$ (d) $a = b < 0$

50. $x^2 + y^2 - 4 = 0$ বৃত্তের বাইরে অবস্থিত বিন্দুটির নাম? [IU'16-17]
(a) $(2, 1)$ (b) $(1, 3)$ (c) $(2, 3)$ (d) $(2, 5)$ (e) সবগুলো

Written

51. দেখাও যে, $lx + my = 1$ রেখাটি $x^2 + y^2 - 2ax = 0$ বৃত্তকে স্পর্শ করবে যদি $a^2m^2 + 2al = 1$ হয়।
52. একটি বৃত্তের সমীকরণ নির্ণয় কর যার কেন্দ্র $(2, -3)$ এবং ব্যাসার্ধ 5 একক।
53. $(3, 0)$ এবং $(-4, 1)$ বিন্দু দিয়ে যায় এরূপ একটি বৃত্তের কেন্দ্র Y-অক্ষের উপর অবস্থিত। বৃত্তটির সমীকরণ নির্ণয় কর।
54. এমন বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা x-অক্ষকে $(4, 0)$ বিন্দুতে স্পর্শ করে এবং যার দ্বারা y-অক্ষের ছেদাংশের পরিমাপ 6 একক। দেখাও যে, এরূপ দুইটি বৃত্ত পাওয়া যাবে।
55. $x^2 + y^2 = r^2$ বৃত্তে অংকিত স্পর্শক দুইটি লম্বভাবে ছেদ করলে ছেদবিন্দুর সঞ্চারপথের সমীকরণ নির্ণয় কর।
56. k এর মান কত হলে, $3x + 4y = k$ রেখাটি $x^2 + y^2 = 10x$ বৃত্তকে স্পর্শ করবে?
57. একটি বৃত্ত $(1, 2)$ ও $(3, 2)$ বিন্দু দিয়ে যায় এবং x-অক্ষকে স্পর্শ করে। তার সমীকরণ নির্ণয় কর।
58. $(4, 3)$ কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা $x^2 + y^2 = 4$ বৃত্তকে বহিঃস্থভাবে স্পর্শ করে।
59. পোলগামী বৃত্তের পোলার সমীকরণ নির্ণয় কর যার কেন্দ্র $(4, 45°)$.
60. মূলবিন্দু হতে $(1, 2)$ কেন্দ্রবিশিষ্ট বৃত্তে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য 2 একক; বৃত্তটির সমীকরণ নির্ণয় কর।
61. এরূপ বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা Y-অক্ষকে $(0, -3)$ বিন্দুতে স্পর্শ করে এবং Y-অক্ষ হতে যার কেন্দ্রের দূরত্ব 4 একক।
62. একটি বৃত্তের কেন্দ্র $(3, 4)$ এবং এর অন্তর্লিখিত বর্গের ক্ষেত্রফলের মান 18 বর্গ একক। বৃত্তের সমীকরণ নির্ণয় কর।
63. $3x + 2y + k = 0$ রেখাটি $x^2 + y^2 = 81$ বৃত্তকে স্পর্শ করলে a এর মান কত?
64. $x^2 + y^2 - by = 0$ বৃত্ত এর সমীকরণ পোলার স্থানাঙ্কের মাধ্যমে প্রকাশ কর।

গুরুত্বপূর্ণ প্র্যাক্টিস প্রবলেম

MCQ

01. **Solⁿ: (b);** দূরত্ব $= \sqrt{(0+1)^2 + (9+4)^2} = 13.03 > r$
02. **Solⁿ: (c);** $r_A = \frac{15.614}{2\times\pi} = 2.48, r_B = \frac{6.28}{2\times\pi} = 0.99, r_A - r_B = 1.5$
03. **Solⁿ: (a);** $x^2 + y^2 + 2(-3)x + 2(-4)y - 75 = 0$ কেন্দ্র $(-g, -f) = (3, 4)$
04. **Solⁿ: (c);** $g = -1, c = g^2 = 1$, passes through $(2, 3)$
$\therefore 2^2 + 3^2 - 2\times 2 + 2.f.3 + 1 = 0 \Rightarrow f = -\frac{5}{3} \therefore$ ব্যাস $= 2 \times \frac{5}{3} = \frac{10}{3}$
05. **Solⁿ: (c);** $\frac{3.5+4.0-k}{\sqrt{3^2+4^2}} = \pm 5 \Rightarrow k = 15 \pm 25 = 40, -10$
06. **Solⁿ: (a);** y-অক্ষ হতে কর্তিত অংশ $= 2\sqrt{f^2 - c}$
X-অক্ষকে স্পর্শ করে বলে, $c = g^2 \therefore$ ছেদাংশ $= 2\sqrt{f^2 - g^2} = 2\sqrt{2^2 - 1^2} = 2\sqrt{3}$
07. **Solⁿ: (d);** $(-5, 7)$ বিন্দু হতে $(-1, 0)$ বিন্দুর দূরত্ব 10 নয় বলে $(-5, 7)$ বিন্দু বৃত্তের উপরে অবস্থিত নয়।
08. **Solⁿ: (a);** ব্যাসার্ধ $= \sqrt{g^2 + f^2 - c} = \sqrt{11}$

09. Sol^n: (d); $3x^2+3y^2=18 \Rightarrow x^2+y^2-6=0 \therefore$ দৈর্ঘ্য $=\sqrt{1^2+3^2-6}=\sqrt{10-6}=2$

10. Sol^n: (b); OABC একটি বর্গ যার প্রতিবাহুর দৈর্ঘ্য $=5$

$\therefore$ ক্ষেত্রফল $=25$



11. Sol^n: (b); $\Delta=\frac{1}{2}\times$ ভূমি $\times$ উচ্চতা $=\frac{1}{2}\times 8\times 4=16$

অথবা, $\Delta=\frac{1}{2}\times 8\times 4=16$



12. Sol^n: (a); কেন্দ্র Y-অক্ষের উপর হলে $g=0$

13. Sol^n: (c); বৃত্ত Y-অক্ষকে স্পর্শ করলে বৃত্তের ব্যাসার্ধ = |কেন্দ্রের ভুজ| $\therefore$ ব্যাসার্ধ $=|-3|=3$

14. Sol^n: (d); $x^2+y^2-10x+6y+14=0$ বৃত্তের কেন্দ্র $(5,-3)$ যেহেতু ব্যাস কেন্দ্র দিয়ে যায় তাই কেন্দ্রটি অপশনের যে রেখাটিকে সিদ্ধ করে সেটিই ব্যাসের সমীকরণ হবে। $4\times 5+7\times(-3)+1=0$

15. Ans: (b) বৃত্ত

16. Sol^n: (c); যেহেতু X-অক্ষকে $(0,0)$ বিন্দুতে স্পর্শ করে, সেহেতু কেন্দ্রের স্থানাঙ্ক $=(0,a)$ এবং ব্যাসার্ধ $=a$

$\therefore$ বৃত্তের সমীকরণ: $(x-0)^2+(y-a)^2=a^2 \Rightarrow x^2+y^2-2ay=0$; $(-1,3)$ বসিয়ে $a=\frac{10}{6}$

$\therefore$ বৃত্তের সমীকরণ: $x^2+y^2=\frac{10y}{3}$

17. Sol^n: (a); যেহেতু এখানে, $f=0$ সেহেতু ইহা X অক্ষের উপর অবস্থিত।

18. Sol^n: (a); $(x-0)^2+(y-0)^2=r^2; \frac{|0+0-1|}{\sqrt{5+4}}=r \Rightarrow r=\frac{1}{\sqrt{9}}, x^2+y^2=\frac{1}{9} \Rightarrow 9x^2+9y^2=1$

19. Sol^n: (c); বৃত্তটির ব্যাসার্ধ $=\frac{|6+12-5|}{\sqrt{2^2+3^2}}=\sqrt{13}$; বৃত্তের সমীকরণ: $(x-3)^2+(y-4)^2=13$

$\Rightarrow x^2-6x+9+y^2-8y+16=13 \Rightarrow x^2+y^2-6x-8y+12=0$

$\therefore$ Y-অক্ষের ছেদাংশ $=2\sqrt{f^2-c}=4$

20. Sol^n: (b); বৃত্তটির কেন্দ্র $2x-3y+1=0$ সমীকরণকে সিদ্ধ করে। কেন্দ্র $=(k,0) \therefore k=-\frac{1}{2}$

21. Sol^n: (a); ছেদবিন্দু (4,2); ব্যাসার্ধ $=\sqrt{(4-1)^2+(2-2)^2}=3$

22. Ans: (d) সবকটি।

23. Sol^n: (a); ব্যাসার্ধ $=\frac{2+3-2}{\sqrt{1^2+1^2}}=\frac{3}{\sqrt{2}}$

$\therefore$ বৃত্তটিঃ $(x-2)^2+(y-3)^2=\frac{9}{2} \Rightarrow x^2+y^2-4x-6y+4+9=\frac{9}{2} \Rightarrow 2(x^2+y^2)-8x-12y+17=0$

24. Sol^n: (b); এক্ষেত্রে $2\sqrt{g^2-c}=0$ সুতরাং, X-অক্ষ এ বৃত্তটির স্পর্শক।

25. Sol^n: (b); নির্ণেয় বৃত্তের সমীকরণঃ $(x-8)(x+5)+(y+8)(y-5)=0 \Rightarrow x^2-3x-40+y^2+3y-40=0$

$\therefore x^2+y^2-3x+3y-80=0$

26. Sol^n: (a); বৃত্তের কেন্দ্রের স্থানাংক $(-f,-g) \therefore x^2+y^2-5x=0$ বৃত্তের কেন্দ্র $\left(\frac{5}{2},0\right)$

$\therefore x^2+y^2+3x=0$ বৃত্তের কেন্দ্র $\left(\frac{-3}{2},0\right) \therefore$ বৃত্তের দূরত্ব $=\sqrt{\left(\frac{5}{2}+\frac{3}{2}\right)^2}=4$ units

27. Sol^n: (b); Y-অক্ষকে স্পর্শ করলে, $\sqrt{f^2-c}=0$; $f^2=c \therefore c=\left(-\frac{3}{2}\right)^2=2.25$

28. Sol^n: (d);



চিত্র থেকে কেন্দ্রের স্থানাঙ্ক (5,5); ব্যাসার্ধ $=5$

$\therefore$ সমীকরণ: $(x-5)^2+(y-5)^2=25 \Rightarrow x^2+y^2-10x-10y+25=0$

29. **Sol^n: (c);** বৃত্তের ব্যাসার্ধ, $= \sqrt{f^2 + g^2 - c} = \sqrt{12^2 + 5^2 - 0} = 13$

30. **Sol^n: (d);** Y অক্ষকে স্পর্শ করলে Y অক্ষের ছেদাংশ, $2\sqrt{f^2 - c} = 0 \Rightarrow c = f^2 = 4$

31. **Sol^n: (c);** কেন্দ্র $(0, 3)$; $r = 2$; $\left|\frac{0-2}{\sqrt{1}}\right| = 2$

32. **Sol^n: (c);** $r = \sqrt{(1-5)^2 + (-3-0)^2} = 5 \therefore$ পরিধি $= 2\pi.5 = 10\pi$

33. **Sol^n: (c);** $d = \sqrt{(2-2)^2 + (3-0)^2} = 3 \therefore$ দৈর্ঘ্য $= 2\sqrt{6^2 - 3^2} = 6\sqrt{3}$

34. **Sol^n: (c);** $x^2 + y^2 = (a-b)^2$; $r = |a-b|$

35. **Sol^n: (c);** $x.4 + y.(-11) - 3.\left(\frac{x+4}{2}\right) + 10$
$\left(\frac{y-11}{2}\right) - 15 = 0 \Rightarrow 5x - 12y - 152 = 0$

36. **Sol^n: (a);** $2x^2 + 2y^2 + 3x - 4y + \frac{9}{8} = 0 \Rightarrow x^2 + y^2 + \frac{3}{2}x - 2y + \frac{9}{16} = 0$
এখানে, $g = \frac{3}{4} \Rightarrow g^2 = \frac{9}{16} = c$ $\therefore$ x অক্ষকে স্পর্শ করে।

37. **Sol^n: (d);** $y = 3x - c \Rightarrow y - 3x + c = 0$; $x^2 + y^2 - 4x + 2y + 1 = 0$
কেন্দ্র $(2, -1)$ এবং ব্যাসার্ধ $\sqrt{2^2 + 1^2 - 1} = 2 \therefore \frac{|-1-3.2+c|}{\sqrt{1^2+3^2}} = 2 \Rightarrow |c - 7| = 2\sqrt{10} \Rightarrow c = 7 \pm 2\sqrt{10}$

38. **Sol^n: (b);** X অক্ষের সাপেক্ষে বৃত্তের প্রতিবিম্বের ক্ষেত্রে $y = -y$ বসিয়ে প্রাপ্ত সমীকরণ।

39. **Sol^n: (c);** প্রথম বৃত্তের কেন্দ্র $(-2, 0)$; দ্বিতীয় বৃত্তের কেন্দ্র $(1, 0)$
বহিঃস্থভাবে স্পর্শ করার শর্ত, $\sqrt{(-2-1)^2 + 0^2} = a + b$ $\therefore a + b = 3$

40. **Sol^n: (b);** $\therefore$ বৃত্তের কেন্দ্র $\left(\frac{a}{2}, \pm\frac{a}{2}\right)$ ও ব্যাসার্ধ $= \frac{a}{2}$
$\therefore \left(x - \frac{a}{2}\right)^2 + \left(y \pm \frac{a}{2}\right)^2 = \left(\frac{a}{2}\right)^2$
$\Rightarrow x^2 - ax + \frac{a^2}{4} + y^2 \pm ay + \frac{a^2}{4} = \frac{a^2}{4}$
$\Rightarrow x^2 + y^2 - ax \pm ay + \frac{a^2}{4} = 0$



41 **Sol^n: (d);** $2\sqrt{5^2 - 48} \rightarrow$ complex. $\therefore$ছেদ করেনা।

42. **Sol^n: (a);** $2x^2 + 2y^2 + 4ax + 8y + 3 = 0 \Rightarrow x^2 + y^2 + 2ax + 4y + \frac{3}{2} = 0$ $\therefore -a = 1 \Rightarrow a = -1$

43. **Sol^n: (c);** $\frac{a}{\sin 60°} = 2R \Rightarrow a = \sqrt{3}$ $[R = 1]$

44. **Sol^n: (c);**  $\therefore$ সাধারণ স্পর্শক $= 3$টি

45. **Ans:** (d) সব কয়টি

46. **Ans:** (a) $(2, 0)$

47. **Sol^n: (b);** বৃত্তের সমীকরণ: $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$
$AC =$ ব্যাসার্ধ $= \sqrt{g^2 + f^2 - c}$
$OA =$ স্পর্শকের দৈঘ্য $= \sqrt{0 + c} = \sqrt{c}$
$\therefore \Delta OAC = \frac{1}{2} \times OA \times AC = \frac{1}{2}\sqrt{c(g^2 + f^2 - c)}$ $[\because AC \perp OA]$
$\therefore$ OACB চতুর্ভুজের ক্ষেত্রফল $= 2 \times \Delta OAC = \sqrt{c(g^2 + f^2 - c)}$



48. **Sol^n: (c);** বৃত্তের কেন্দ্র $(a, 0)$ ও ব্যাসার্ধ $= a$
রেখাটি $x + y - 1 = 0 \therefore \frac{|a+0-1|}{\sqrt{1^2+1^2}} = a \Rightarrow (a-1)^2 = a^2 \times 2 \Rightarrow a^2 - 2a + 1 = 2a^2 \Rightarrow a^2 + 2a = 1$

49. **Ans:** (c) $a = b$

50. **Ans:** (e) সবগুলো

Written

51. **Sol^n:** $x^2 + y^2 - 2ax = 0$ বৃত্তের কেন্দ্র $(a, 0)$ এবং ব্যাসার্ধ $= \sqrt{a^2} = a$ একক

বৃত্তের কেন্দ্র $(a, 0)$ থেকে $lx + my = 1$ অর্থাৎ $lx + my - 1 = 0$ রেখার লম্ব দূরত্ব $= \frac{|la-1|}{\sqrt{l^2+m^2}}$

রেখাটি প্রদত্ত বৃত্তকে স্পর্শ করলে কেন্দ্র থেকে রেখার দূরত্ব ব্যাসার্ধের সমান হবে। $\therefore \frac{|la-1|}{\sqrt{l^2+m^2}} = a$

$\Rightarrow |la - 1|^2 = a^2(l^2 + m^2)$ [বর্গ করে] $\Rightarrow (la - 1)^2 = a^2l^2 + a^2m^2$

$\Rightarrow l^2a^2 - 2la + 1 = a^2l^2 + a^2m^2 \therefore a^2m^2 + 2al = 1$**(Showed)**

52. **Sol^n:** আমরা জানি, কেন্দ্র (h, k) এবং r ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের সমীকরণ $(x - h)^2 + (y - k)^2 = r^2$

অতএব নির্ণেয় বৃত্তের সমীকরণ, $(x - 2)^2 + (y + 3)^2 = (5)^2 \Rightarrow x^2 + y^2 - 4x + 6y - 12 = 0$



53. **Sol^n:** মনে করি, বৃত্তের সমীকরণ $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$

বৃত্তের কেন্দ্র Y-অক্ষের উপর অবস্থান করে বলে $g = 0$

$\therefore$ আমরা পাই, $x^2 + y^2 + 2fy + c = 0$

বৃত্তটি (3,0) এবং (−4,1) বিন্দু দিয়ে যায় $\therefore 9 + c = 0 \ldots\ldots$ (i)

এবং $16 + 1 + 2f + c = 0 \ldots\ldots$ (ii)

(i) থেকে $c = -9$

(ii) এ c এর মান বসিয়ে $17 + 2f - 9 = 0 \Rightarrow 2f = -8 \Rightarrow f = -4$

$\therefore$ নির্ণেয় সমীকরণ, $x^2 + y^2 - 8y - 9 = 0$



54. **Sol^n:** মনে করি, বৃত্তের সমীকরণ: $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0 \ldots\ldots$ (i)

বৃত্তটি X-অক্ষকে (4,0) বিন্দুতে স্পর্শ করে। সুতরাং আমরা পাই, $g^2 = c \ldots\ldots$ (ii)

এবং $16 + 8g + c = 0$ [$x = 4$ এবং $y = 0$ বসিয়ে]

$\Rightarrow 16 + 8g + g^2 = 0$ [(ii) থেকে]

$\Rightarrow (g + 4)^2 = 0, \therefore g = -4$ এবং $c = g^2 = (-4)^2 = 16$

যেহেতু Y-অক্ষের ছেদাংশের পরিমাণ = 6 একক $\therefore 2\sqrt{f^2 - c} = 6 \Rightarrow \sqrt{f^2 - c} = 3$

$\Rightarrow f^2 - c = 9$ [বর্গ করে] $\Rightarrow f^2 - 16 = 9$ বা, $f^2 = 25 \therefore f = \pm 5$

f এর দুইটি মান X-অক্ষের দুই পার্শ্বে দুইটি বৃত্ত নির্দেশ করে।

অতএব বৃত্ত দুইটির সমীকরণ, $x^2 + y^2 - 8x \pm 10y + 16 = 0$



55. **Sol^n:** আমরা জানি, $x^2 + y^2 = r^2$ বৃত্তে অঙ্কিত স্পর্শকের সমীকরণ: $y = mx \pm r\sqrt{1 + m^2}$, যখন m = স্পর্শকের ঢাল

$\Rightarrow (y - mx)^2 = r^2(1 + m^2) \Rightarrow (x^2 - r^2)m^2 - 2xym + (y^2 - r^2) = 0$

যা m এর একটি দ্বিঘাত সমীকরণ।

ধরি, মূল দুইটি m_1, m_2. সুতরাং স্পর্শক দুইটি লম্বভাবে ছেদ করলে $m_1 \times m_2 = -1 \Rightarrow \frac{y^2-r^2}{x^2-r^2} = -1$, যেহেতু $\alpha\beta = \frac{c}{a}$

$\Rightarrow y^2 - r^2 = -x^2 + r^2 \Rightarrow x^2 + y^2 = 2r^2$, যা নির্ণেয় সঞ্চারপথের সমীকরণ।

56. **Sol^n:** প্রদত্ত বৃত্ত $x^2 + y^2 = 10x$

$\Rightarrow (x^2 - 10x + 25) + y^2 = 25 \Rightarrow (x - 5)^2 + y^2 = (5)^2$ এর কেন্দ্র (5,0) এবং ব্যাসার্ধ = 5 একক

$3x + 4y = k \Rightarrow 3x + 4y - k = 0$ রেখাটি বৃত্তকে স্পর্শ করলে বৃত্তের কেন্দ্র (5,0) থেকে রেখাটির উপর অঙ্কিত লম্ব দৈর্ঘ্য বৃত্তের ব্যাসার্ধের সমান হবে। অর্থাৎ $\left|\frac{3.5+4.0-k}{\sqrt{9+16}}\right| = 5 \Rightarrow \frac{15-k}{5} = \pm 5 \Rightarrow 15 - k = \pm 25$

(+) নিয়ে, $15 - k = 25 \Rightarrow k = -10$. (−) নিয়ে, $15 - k = -25 \Rightarrow k = 40$

$\therefore$ নির্ণেয় k এর মান 40 অথবা −10.



57. **Sol^n:** খলিফার নিয়মানুসারে $(1, 2)$ ও $(3, 2)$ বিন্দুগামী বৃত্তের সমীকরণ,
$(x-1)(x-3)+(y-2)(y-2)+k\{(x-1)(2-2)-(y-2)(1-3)\}=0$
$\Rightarrow x^2-4x+3+y^2-4y+4+k\{(x-1).0-(y-2)(-2)\}=0$
$\Rightarrow x^2+y^2-4x+(-4+2k)y+7-4k=0 \ldots\ldots\ldots$ (i)
(i) বৃত্তটিকে $x^2+y^2+2gx+2fy+c=0$ বৃত্তের সঙ্গে তুলনা করে পাই, $g=-2, f=k-2$ ও $c=7-4k$
বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করে বলে, $g^2=c \Rightarrow (-2)^2=7-4k \Rightarrow 4k=7-4 \therefore k=\frac{3}{4}$
k এর মান (i) এ বসিয়ে পাই, $x^2+y^2-4x+\left(-4+2\times\frac{3}{4}\right)y+7-4\times\frac{3}{4}=0$
$\Rightarrow x^2+y^2-4x+\frac{-8+3}{2}y+4=0 \therefore 2x^2+2y^2-8x-5y+8=0$; ইহাই নির্ণেয় বৃত্তের সমীকরণ।
দুইটি বৃত্ত পরস্পরকে স্পর্শ করার শর্ত: মনে করি, C_1 ও C_2 কেন্দ্রবিশিষ্ট দুইটি বৃত্তের ব্যাসার্ধ যথাক্রমে r_1 ও r_2।





58. **Sol^n:** প্রদত্ত বৃত্ত $x^2+y^2=4 \ldots\ldots$ (i) $\therefore$ (i) বৃত্তটির কেন্দ্র $A(0,0)$ এবং ব্যাসার্ধ $r_1=2$ একক
মনে করি, নির্ণেয় বৃত্তটির কেন্দ্র $B(4,3)$ এবং ব্যাসার্ধ r_2 বৃত্তদ্বয় পরস্পরকে বহিঃস্থভাবে স্পর্শ করে।
$\therefore r_1+r_2=AB \Rightarrow 2+r_2=\sqrt{4^2+3^2}=5 \Rightarrow r_2=3$ একক
$\therefore$ নির্ণেয় বৃত্তের সমীকরণ, $(x-4)^2+(y-3)^2=3^2 \Rightarrow x^2-8x+16+y^2-6y+9=9$
$\therefore x^2+y^2-8x-6y+16=0$ **(Ans.)**



59. **Sol^n:** মনে করি, বৃত্তের ব্যাসার্ধ a. তাহলে বৃত্তের পোলার সমীকরণ, $a^2=r^2+4^2-2\,r.4\cos(\theta-45°) \ldots\ldots\ldots$ (i)
(i) বৃত্তটি পোল $(0, 0°)$ বিন্দুগামী বলে, $a^2=0^2+16-8.0.\cos(0°-45°) \Rightarrow a=4$
$\therefore$ নির্ণেয় সমীকরণ, $16=r^2+16-8r\cos(\theta-45°) \Rightarrow r^2=8r\cos(\theta-45°)$

60. **Sol^n:** মনে করি, $(1, 2)$ কেন্দ্রবিশিষ্ট বৃত্তের সমীকরণ, $x^2+y^2-2x-4y+c=0 \ldots\ldots\ldots$ (i)
মূলবিন্দু হতে (i) বৃত্তের স্পর্শকের দৈর্ঘ্য $=\sqrt{c}$
প্রশ্নমতে, $\sqrt{c}=2 \Rightarrow c=4 \therefore$ নির্ণেয় বৃত্তের সমীকরণ, $x^2+y^2-2x-4y+4=0$

61. **Sol^n:** বৃত্তটি Y-অক্ষকে $(0,-3)$ বিন্দুতে স্পর্শ করে।
মনে করি, বৃত্তের কেন্দ্র $(h,-3)$



Y-অক্ষ হতে কেন্দ্রের দূরত্ব, $|h|=4 \therefore h=\pm4 \therefore$ বৃত্তের কেন্দ্র $(\pm4,-3)$, ব্যাসার্ধ $=|h|=4$ একক
$\therefore$ নির্ণেয় বৃত্তের সমীকরণ, $(x\pm4)^2+(y+3)^2=4^2 \Rightarrow x^2+y^2\pm8x+6y+9=0$

62. **Sol^n:** বর্গের বাহুর দৈর্ঘ্য a একক হলে, কর্ণ $=\sqrt{2}a$ এবং ক্ষেত্রফল $=a^2$
এখানে, $a^2=18 \Rightarrow a=3\sqrt{2}$ একক $\therefore$ বৃত্তের ব্যাসার্ধ, $r=\frac{\sqrt{2}a}{2}=\frac{3\sqrt{2}}{\sqrt{2}}=3$ একক
$\therefore$ বৃত্তের সমীকরণ: $(x-3)^2+(y-4)^2=3^2 \Rightarrow x^2+y^2-6x-8y+16=0$ **(Ans.)**

63. **Sol^n:** $3x+2y+k=0 \Rightarrow y=\frac{-3}{2}x-\frac{k}{2}$
আবার, $x^2+y^2=9^2$; শর্তানুসারে, $-\frac{k}{2}=\pm9\sqrt{1+\left(\frac{-3}{2}\right)^2} \Rightarrow k=\pm18\sqrt{\frac{11}{4}} \Rightarrow k=\pm9\sqrt{11}$ **(Ans.)**

64. **Sol^n:** $x^2+y^2-by=0 \Rightarrow r^2-br\sin\theta=0 \therefore r=b\sin\theta$

> হৃদয়কে অনুসরণ করো, কিন্তু মস্তিষ্ক সাথে রাখো!
>
> Alfred Adler

অধ্যায় ০৭

সংযুক্ত কোণের ত্রিকোণমিতিক অনুপাত

গুরুত্বপূর্ণ প্রাথমিক আলোচনা

সংযুক্ত কোণ (Associated Angle): ত্রিকোণমিতিতে যেকোনো পূর্ণসংখ্যা n এর জন্য $\left\{n \times \left(\frac{\pi}{2}\right) \pm \theta\right\}$ বা $(n \times 90° \pm \theta)$ আকারের কোণ হল সংযুক্ত কোণ।

- $(-\theta)$ আকারের সংযুক্ত কোণের ত্রিকোণমিতিক অনুপাত:

$\sin(-\theta) = -\sin\theta$	$\text{cosec}(-\theta) = -\text{cosec}\,\theta$
$\cos(-\theta) = \cos\theta$	$\sec(-\theta) = \sec\theta$
$\tan(-\theta) = -\tan\theta$	$\cot(-\theta) = -\cot\theta$

- $\left\{n \times \left(\frac{\pi}{2}\right) \pm \theta\right\}$ বা $(n \times 90° \pm \theta)$ আকারের সংযুক্ত কোণের ত্রিকোণমিতিক অনুপাত:

$\left\{n \times \left(\frac{\pi}{2}\right) \pm \theta\right\}$ বা $(n \times 90° \pm \theta)$ আকারের সংযুক্ত কোণের ক্ষেত্রে, n এর মানের উপর অনুপাত এবং Quadrant এর উপর চিহ্ন নির্ভর করে।

(i) n বিজোড় হলে, [90° এর বিজোড় গুণিতকের জন্য]

ত্রিকোণমিতিক অনুপাত	ব্যাখ্যা
sine ⇌ cosine	sin পরিবর্তীত হয়ে cos এবং cos পরিবর্তীত হয়ে sin -এ পরিণত হবে।
tangent ⇌ cotangent	tan পরিবর্তীত হয়ে cot এবং cot পরিবর্তীত হয়ে tan -এ পরিণত হবে।
secant ⇌ cosecant	sec পরিবর্তীত হয়ে cosec এবং cosec পরিবর্তীত হয়ে sec -এ পরিণত হবে।

জেনে রাখো

এভাবে, 90° এর বিজোড় গুণিতকের জন্য একটি ত্রিকোণমিতিক অনুপাত পরিবর্তীত হয়ে অন্য একটি ত্রিকোণমিতিক অনুপাতে রূপান্তরিত হয়। এই দুইটি ত্রিকোণমিতিক অনুপাতকে বলা হয় পরস্পরের cofunction (কোফাংশন)। যেমন: sin এর cofunction cos এবং cos এর cofunction sin. tan এর cofunction cot এবং cot এর cofunction tan. আবার sec এর cofunction cosec এবং cosec এর cofunction sec.



(ii) n জোড় হলে, [90° এর জোড় গুণিতকের জন্য] ত্রিকোণমিতিক অনুপাতগুলোর কোনো পরিবর্তন হয় না

চিহ্ন: ত্রিকোণমিতিক অনুপাতের চিহ্ন নির্ণয়ের ক্ষেত্রে ১ম চতুর্ভাগে সবগুলো অনুপাত ধনাত্মক। ২য় চতুর্ভাগে শুধুমাত্র sine বা cosecant ধনাত্মক আর বাকিগুলো ঋণাত্মক। একইভাবে ৩য় চতুর্ভাগে শুধুমাত্র tangent বা cotangent এবং ৪র্থ চতুর্ভাগে শুধুমাত্র cosine বা secant ধনাত্মক।

মনে রাখার সুবিধার জন্য,

